যদিও ভক্তিমার্গাঞ্জিত জীবারুভূতি বাস্তবিক কর্মাধীন নহে, তথাপি কর্মী ও জ্ঞানীর চক্ষে অন্য প্রকারে দৃষ্ট হয় না। কর্ম্মকাগুপ্রিয় মানব মহাশয় তীর্থপাদাশ্রিত ভক্তকে নিজপ্রেণীস্থ জ্ঞানে প্রান্ত হইয়া কর্ম্মকলাধীন জ্ঞান করেন। আবার জ্ঞানা-বলম্বী তাঁহার প্রম-ময় পাণ্ডিত্যের সহায় হইয়া নিজ বিশাসভরে ভক্তের কর্মাধীনত্ব-শৃঙ্খল পরাইয়া দেন। স্কৃতরাং ভক্তিমার্গাশ্রিত জনের বিচার-ব্যতীত অন্য জ্ঞানী, কর্মী বা যথেচ্ছাচারীর বিচারে ভক্তেরও কর্ম্মকলাধীনত্ব আছে। কিন্তু প্রকৃত-প্রস্তাবে ভক্তিক্রেরেও কর্ম্মকলাধীনত্ব আছে। কিন্তু প্রকৃত-প্রস্তাবে ভক্তিক্রেরেও কর্ম্মকলাধীনত্ব জাছে। উপরি-উক্ত মার্গত্রেরে অসংখ্য গ্রন্থরাজি, ঋষি-চরিত্র ও ইতিহাসপুঞ্জ তাঁহাদের সম্বন্ধীয় বিচার-বিষয়ে স্কুধীবর্গকে সাহায্য করিবে, সন্দেহ নাই।

কর্ম্মান্তের বিধান-সমূহ যাঁহারা স্থিরবিশ্বাসে ধীরচিত্তে অনুমোদন করিয়াছেন, তাঁহারা উপনিষৎ-কথিত জ্ঞানশাস্ত্রের বা ভক্তিশাস্ত্রের প্রমাণ উপলব্ধি করিতে স্বভাবতঃ উদাসীন। সে-জন্ম আমাদের বর্ত্তমান নিবন্ধটা কর্মপ্রিয় ব্যক্তিগণের রুচির উপযোগী করিয়া লিখিত হইল। প্রকৃতির অন্তর্ভুক্ত কর্মরাজ্য ও তাহার যুক্তিবিতানই আমাদের বর্ত্তমান নিবন্ধে আবদ্ধ থাকিবে। স্থৃতরাং এই অধ্যায় প্রকৃতিজনকাণ্ড'-নামে উদাহত হইলে পরবর্ত্তী নিবন্ধকে 'হরিজনকাণ্ড'-নামে অভিহিত করা আবশ্যক। সেখানেই আমরা কর্মাতীত জ্ঞানি-সম্প্রদায়ের ও হরিজনগণের কথা বলিব। প্রাকৃতজন-সমূহ জ্ঞান ও ভক্তি-শাস্ত্রের মর্য্যাদাকারী শাস্ত্রসমূহকে একেবারে ত্যাগ করেন না, সেজন্য তত্তৎ গ্রন্থের প্রমাণ ও প্রাকৃত যুক্তিসমূহ এখানে স্থান পাইলে তাদৃশ দোবের বিষয় হইবে না।

'ব্রাক্ষাণ' বলিয়া যাঁহাদের সমাজে একবার মাত্র খ্যাতি লাভ ঘটিয়াছে, তাঁহাদের বংশ-পরম্পরা ব্রাহ্মণ, ইহাই প্রতিপন্ন হয়। সত্য, ত্রেতা, স্বাপর যুগত্রয়ে যাঁহারা একবার কোনপ্রকারে 'ব্রাহ্মণ' সংজ্ঞা লাভ করিয়াছেন, তাঁহাদের অধস্তনগণ বিংশতি ধর্ম্মশাস্ত্র ও সামাজিক ব্যবহারের সাহায্য লাভ করিয়া ব্রাহ্মণ-সংজ্ঞা রক্ষা ও ব্রা**ন্স**ণের অধিকার-সমূহ পাইতে প্রার্থী হইয়াছেন। এতৎ-সম্বন্ধে কএকটা কথা এই যে, পূৰ্ববকালে বাহ্মণ-জীবনে দশটা সংস্কার প্রচলিত ছিল। তন্মধ্যে গর্ভাধান-নামক সংস্কার—যাহা প্রকৃতপ্রস্তাবে শোক্র-বিচারপর ছিল, তাহা কাল-প্রভাবে বিপর্য্যয় ও বিকৃতি লাভ করিয়াছে। দেবলের মতে,—প্রত্যেক গর্ভের পূর্বের আধান সংস্কার করিবার পরিবর্ত্তে একবার মাত্র সংস্কার করিলেই সকল গর্ভ-সংস্কার জানিতে হইবে। দেবল বলেন,—

সক্তচ সংস্কৃত। নারী সর্ববগর্ভেধু সংস্কৃতা।

বঙ্গদেশে স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয়ও একবার মাত্র এই সংস্কারের পক্ষপাতী হইয়াছেন। কিন্তু এই সংস্কার প্রবল থাকিলে শোক্র- বিচারের প্রমাণ অধিক হইত। মহাভারত বনপর্বের ১৮০ অধ্যায়ে ৩১ ও ৩২ শ্লোক,—

জাতিরত্র মহাসর্প মন্তব্যত্বে মহামতে।
সঙ্করাৎ সর্ব্ববর্ণানাং তৃপ্পরীক্ষ্যেতি মে মতিঃ॥
সর্ব্বে সর্ব্বাহ্রপত্যানি জনয়স্তি সদা নরাঃ।
বাবৈয়ুথুনমুখো জন্ম মরণক সমং নুণামু॥

যুধিষ্ঠির নহুষকে বলিলেন,—হে মহামতে মহাসর্প. মনুয়াত্বে সকল বর্ণের মধ্যে সাঙ্কর্য্যবশতঃ ব্যক্তিবিশেষের জাতি নিরূপণ করা তুম্পরীক্ষ্য, ইহাই আমার বিশাস।

যেহেতু সকল বর্ণের মানবগণ সকল বর্ণের স্ত্রীতেই সন্তান উৎপন্ন করিতে সমর্থ। মানবগণের বাক্য, মৈথুন, জন্ম ও মরণ সকল বর্ণেরই একই প্রকার।

কোন ব্যক্তি ব্রাহ্মণ, ক্ষত্রিয়াদির প্রবস্ঞাত কি না, তাহা নিরপণ করা বিশেষ চুর্ঘট। তাহার বাক্য বিশাদ না করিলে জাতি পরীক্ষার অন্য কোন উপায় নাই। ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া অভাবধি যে-সকল ব্রাহ্মণাদি বংশ-পরম্পরা বিশুদ্ধভাবে উৎপন্ন হইয়াছেন প্রকাশ, তাঁহাদের প্রত্যেকের প্রকৃষ্ট প্রমাণব্যতীত এইরূপ জাতির নিঃসন্দেহে সত্যতা নিরূপিত হইতে পারে না। শ্রীমহাভারতের টিকাকার শ্রীনীলকণ্ঠ এই শ্লোকের টীকায় একটি শ্রুতিবচন উদ্ধার করিয়াছেন,—

ন চৈতদ্বিলো ব্রাহ্মণাঃ স্মো বয়মব্রাহ্মণা বেতি॥

আমরা জানি না, আমরা কি ব্রাহ্মণ, অথবা অব্রাহ্মণ। এই প্রকার সত্যপ্রিয় ঋষিগণের চিত্তে সংশয় উপস্থিত হইয়াছিল।

যাঁহারা বাক্ষণবংশে জন্মগ্রহণ করিয়া বিপ্রোচিত যোগ্যতা-রক্ষণে অসমর্থ, তাঁহাদের বা তাঁহাদের অধস্তন সন্তানবর্গের ব্রাক্ষণত্ব কি পরিমাণে সিদ্ধ, তাহা বিচার্য্য। অপকর্ম-দ্বারা শোক্র-বিচারের অধিকার ও শক্তি থর্কবি হয়, আর পাপকর্ম-দ্বারা পাতকাদি ও পাতিত্যাদি ঘটে।

ধর্মশাস্ত্রকার বিষ্ণু (৯৩ অধ্যায় ৭—১৩ শ্লোক) এবং মানব-ধর্মশাস্ত্র (৪র্থ অধ্যায় ১৯২, ১৯৫—২০০ শ্লোক) বলেন,—

> ন বার্য্যপি প্রযচ্ছেত্র বৈড়ালব্রতিকে দিজে। ন বকত্রতিকে বিপ্রে নাবেদবিদি ধর্ম্মবিং॥ ধর্ম্মধ্বজী সদালুকশ্ছাদ্মিকো লোকদস্তকঃ। বৈড়ালব্রতিকো জেয়ো হিংস্র সর্বাভিসন্ধিকঃ॥ অধোদৃষ্টিনৈ ক্বিতিকঃ স্বার্থগাধনতৎপরঃ। শঠোমিথ্যাবিনীতশ্চ বক্ত্রতপরো দ্বিজঃ॥ যে বকব্রতিনো বিপ্রা যে চ মার্জারলিঙ্গিনঃ। তে পতন্তান্ধতামিস্ত্রে তেন পাপেন কর্মণা॥ ন ধর্ম্মস্থাপদেশেন পাপং রুত্বা ব্রতং চরেৎ। ব্ৰতেন পাপং প্ৰচ্ছান্ত কুৰ্বন্ স্ত্ৰীশূদ্ৰদন্তনম্॥ প্রেত্যেহ চেদৃশো বিপ্রো গৃহতে ব্রহ্মবাদিভিঃ। ছদ্মনাচরিতং যচ্চ তবৈ রক্ষাংসি গচ্ছতি॥ অলিঙ্গী লিঙ্গিবেষণ যো বৃত্তিমুপজীবতি। স লিঙ্গিনাং হরত্যেনস্তির্য্যগ্যোনৌ প্রজায়তে॥

ধার্ম্মিক মানব বৈড়ালব্রতিক ব্রাহ্মণ-সন্তানকে একবিন্দু জলও দিবেন না। পাপিষ্ঠ বকব্রতিক ব্রাহ্মণ-সন্তানকে এবং বেদান-ভিজ্ঞ-নামধারী ব্রাহ্মণ-সন্তানকেও একবিন্দু জল দিবেন না।

ধর্মধ্বজী (লোকসমক্ষে ধার্ম্মিক সাজিয়া স্বতঃ পরতঃ ধার্ম্মিকতা প্রকাশকারী), সর্ব্বদা পরধনাভিলাষী, কপট, লোক-বঞ্চক, হিংস্র এবং সর্ব্বনিন্দুককে 'বৈড়ালব্রতিক' বিপ্র বলিয়া জানিবে।

আপনার বিনীতভাবপ্রদর্শনকল্পে সর্বদা অধোদৃষ্টি, নিষ্ঠুর, কপটবিনয়ী ব্রাহ্মণ—বকব্রতিক।

যাহারা বক্রতী বা বিড়াল্রতী, তাহারা তৎপাপফলে অন্ধতামিশ্র-নরকে গমন করে।

স্ত্রী-শৃদ্রগণের মোহনের জন্ম নিজামুষ্ঠিত পাপের প্রায়শ্চিত্ত গোপন-পূর্বক ব্রতরূপে আচরণ করিয়া নিজের ধর্ম-প্রবৃত্তির পরিচয় দেয়।

ইহ ও পরলোকে ব্রহ্মবাদিগণ ইহাদের নিন্দা করেন। কপটতাচরণে যে ব্রত অনুষ্ঠিত হয়, তাহা রাক্ষসাধীন।

চিহ্নধারণের অন্প্রযোগী হইয়া তত্তচ্চিহ্ন-গ্রহণ-পূর্ব্বক তত্তব্ধৃত্তি-বারা জীবিকার্জ্জন করিলে বর্ণাশ্রমের পাপসমূহ তাহাকে আশ্রয় করে এবং তৎপাপে তির্য্যগ্রোনি লাভ করে।

ধর্মাস্ত্রকার বিষ্ণু (৮২ অধ্যায় ৩—২৯ সংখ্যা ) আরও বলেন.—

হীনাধিকাঙ্গান্ বিবৰ্জ্জয়েৎ, বিকৰ্মস্থাংশ্চ, বৈড়ালব্ৰতিকান্, রুথালিঙ্গিনঃ,

নক্ষত্রজীবিনঃ, দেবলকাংশ্চ, চিকিৎসকান, অনুচাপুলান্, তৎপুলান্, বহুবাজিনঃ, গ্রাম্যাজিনঃ, শূজ্যাজিনঃ, অবাজ্যবাজিনঃ, বাত্যান্, তদ্বাজিনঃ, পর্বকারান্, স্চকান্, ভৃতকাধ্যাপকান্, ভৃতকাধ্যাপিতান্, শূজারপৃষ্টান্, পতিতসংসর্গান্, অনধীয়ানান্ সন্ক্যোপাসনভ্রষ্টান্, রাজসেব-কান্, নিয়ান্, পিত্রাবিবদ্যানান্, পিতৃয়াতৃগুর্বগ্রিস্বাধ্যায়ত্যাগিনশ্চেতি, ব্রাহ্মণাপসদা হেতে কথিতাঃ পংক্তিদ্যকাঃ। এতান্ বিবর্জ্জয়েৎ যত্নাৎ প্রাহ্মকর্মণি পণ্ডিতঃ॥

হীনাঙ্গ, অধিকাঙ্গ, অন্তায় কর্মকারী, বৈড়ালব্রতিক, র্থাচিহ্নধারী নক্ষত্রগীবী, দেবল, চিকিৎসক, অপরিণীতাপুত্র, তৎপুত্র, বহুযাজী, গ্রাম্যারী, শূদ্র্যাজী, অযাজ্যযাজী ব্রাত্য, ব্রাত্যযাজী, পর্বকার, সূচক, ভূতকাধ্যাপক, ভূতকাধ্যাপিত, শূদ্রামপুষ্ট, পতিতসংসর্গী, বেদান ভিজ্ঞ, সন্ধ্যোপাসনভ্রম্ভ, রাজসেবক,
দিগন্থর, পিতার সহিত বিবাদকারী, পিতৃমাতৃগুরু-অগ্নি এবং
স্বাধ্যায়-ত্যাগী ব্রাহ্মণগণকে ত্যাগ করিবে। ইহারা ব্রাহ্মণাধ্য
এবং পংক্তিদূষক বলিয়া কথিত। পণ্ডিত ব্যক্তি পিতৃকার্য্যে যত্নপূর্বক ইহাদিগকে বর্জন করিবেন।

অতিপাতক, মহাপাতক, অনুপাতক, উপপাতক, জাতিভ্রংশকর, সঙ্করীকরণ ( পশুবধাদি ), পাত্রীকরণ, মলাবহ ও প্রকীর্ণক
—এই নববিধ পাপ করিবার যোগ্যতা ব্রাহ্মণের থাকায় পাপ্সমূহ গোপন করিয়া প্রায়শ্চিত্ত না করায় ব্রাহ্মণত্ব কি পরিমাণে
কাহাতে আছে, তাহাও জানা যায় না। যে-সকল ক্রিয়ায়
ব্রাহ্মণের পাত্যিদি হয়, তাহা গোপনে সাধিত হইলে সমাজ-

শাসনের বৃত্ত হইতে রক্ষা পাওয়া যায় সত্য, কিন্তু তাহাতে সত্যের মর্য্যাদা ক্ষুণ্ণ হওয়ায় তজ্জনিত অধমতা অবশ্যই অন্তর্নিহিত থাকিয়া অধস্তনগণের অসদ্ ত্তি-গ্রহণ-পূর্ব্বক দম্ভ করিবার স্থযোগ বৃদ্ধি করে।

বৃত্তিভেদে ব্রাহ্মণ অনেক প্রকার। অত্রি (৩৬৪—৩৭৪ শ্লোক) বলেন,—

> দেবো মুনিদ্বিজো রাজা বৈশ্য: শৃদ্রো নিষাদকঃ। পশুমে চ্ছোইপি চাণ্ডালো বিপ্রা দশবিধাঃ স্মৃতাঃ॥ সন্ধ্যাং স্নানং জপং হোমং দেবতানিত্যপূজনম্। অতিথিং বৈশ্বদেবঞ্চ দেবব্ৰাহ্মণ উচ্যতে ॥ শাকে পত্রে ফলে মূলে বনবাসে সদা রভঃ। নিরতোহরহঃ প্রাদ্ধে স বিপ্রো মুনিরুচ্যতে॥ বেদান্তং পঠতে নিতাং সর্ব্বসঙ্গং পরিত্যজেং। !সাঙ্খ্যযোগবিচারস্থঃ স বিপ্রো দ্বিজ উচাতে॥ অস্ত্রাহতাশ্চ ধন্বানঃ সংগ্রামে সর্ব্বদম্বথে। আরম্ভে নির্জ্জিত। যেন স বিপ্রঃ ক্ষত্র উচ্চতে ॥ ক্ষিকর্ম্মরতো যশ্চ গবাঞ্চ প্রতিপালকঃ। বাণিজ্য ব্যবসায় চ স বিপ্রো বৈশ্য উচাতে॥ লাকালবণসন্মিশ্রকুস্কুম্বন্দীরসর্পিয়াম। বিকেতা মধুমাংসানাং স বিপ্রঃ শুদ্র উচ্যতে॥ চৌরশ্চ তস্করশৈচব স্থচকো দংশকস্তথা। মংশ্ৰমাংসে দদা লুকো বিপ্ৰো নিষাদ উচ্যতে॥ ব্ৰহ্মতব্বং ন জানাতি ব্ৰহ্মস্থত্ৰেণ গৰ্কিতঃ। ∖তেনৈব স চ পাপেন বিপ্রঃ পশুরুদাস্বতঃ॥

বাপীকৃপতড়াগানাং আরামশু সরংস্কু চ।
নিঃশঙ্কং রোধকশৈচব স বিপ্রো শ্লেচ্ছ উচ্যতে॥
ক্রিয়াহীনশ্চ মূর্থশ্চ সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতঃ।
নির্দ্ধয়ঃ সর্ব্বভূতেযু বিপ্রশ্চাণ্ডাল উচ্যতে॥

দেব, মূনি, দিজ, রাজা, বৈশ্য, শূদ্র, নিষাদ, পশু, ফ্রেচ্ছ ও চণ্ডাল,—এই দশবিধ ব্রাহ্মণ শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে।

যিনি সন্ধ্যা, স্নান, জপ, হোম, নিত্য দেব-পূজা, অতিথি-সৎকার এবং বৈশ্যদেব পূজা করেন, তিনি 'দেবব্রাহ্মণ'।

শাক, পত্র, ফল, মূল ভোজন করিয়া যিনি সর্বদা বনবাস করেন এবং সর্বদা শ্রাদ্ধাদিতে নিযুক্ত থাকেন, তিনি 'মুনিব্রাহ্মণ' বলিয়া কথিত হন।

যিনি সর্ব্বসঙ্গ পরিত্যাগ করিয়া সর্বদা বেদান্ত পাঠ করেন এবং সাংখ্যযোগ-বিচারে কালযাপন করেন, তিনি 'দ্বিজবিপ্র' মলিয়া কীর্ত্তিত।

যিনি সংগ্রামে সর্কাসম্মুখে ধন্মকধারিগণকে অস্ত্র-দ্বারা আহত ও পরাজিত করেন, তিনি 'ক্ষত্রবিপ্র'।

যিনি কৃষিক্র্যান্ত্রক্ত, গবাদি পশুর পালনকর্তা এবং বাণিজ্য-ব্যবসায়াদি রত্তি অবলম্বন করেন, তিনি 'বৈশ্যবিপ্র'।

যিনি লাক্ষা, লবণ, কুস্ম্ভ, ছগ্ধ, স্বত, মধু বা মাংস বিক্রয় করেন, তিনি 'শূদ্রবিপ্র'।

যিনি চোর, তস্কর, কুপরামর্শদাতা, সূচক, কটুবাক্-দংশক ও

সর্বাদা মংস্ত-মাংস-আহারে লোলুপ, তিনি 'নিষাদ ব্রাহ্মণ' বলিয়া কথিত হন।

যিনি ব্রহ্মতত্ত্ব না জানিয়া ব্রাহ্মণ-সংস্কারের গর্ব্ব প্রকাশ করেন, সেই পাপে তাঁহার নাম 'পশুবিপ্র'।

যিনি নিঃশঙ্কভাবে বাপী, কূপ, তড়াগ, আরাম অন্তকে ব্যবহার করিতে বাধা দেন, তিনি 'ফ্রেচ্ছবিপ্র' বলিয়া কথিত হন।

ক্রিয়াহীন, মূর্থ, সর্বাধশ্ববিবর্জ্জিত, সর্বাভূতে নির্দিয়,—এই প্রকার ব্রাহ্মণকে 'চণ্ডালব্রাহ্মণ' বলা যায়।

এই দশপ্রকার সংজ্ঞাবিশিষ্ট ব্রাহ্মণ-ব্যতীত অত্রি মহাশয় (৩৭৬—৩৭৯ শ্লোক) আরও বলেন,—

জ্যোতির্ব্বিদে। হথব্বাণঃ কীরপৌরাণপাঠকাঃ।

\*
আবিকশ্চিত্রকারশ্চ বৈজ্ঞো নক্ষত্রপাঠকঃ।
চতুর্ব্বিপ্রা ন পৃজ্ঞান্তে বৃহস্পতিসমা যদি॥
মাগধো মাথুরশৈচন কাপটঃ কৌটকামলো।
াপঞ্চবিপ্রা ন পৃজ্ঞান্তে বৃহস্পতিসমা যদি॥
যজ্ঞে হি ফলহানিঃ দান্তেশ্বাৎ তান্ পরিবর্জ্জারেৎ॥
তির্বিদ্ধান অথর্বব্রেদী এবং শুক্রপঞ্চীর ব্

জ্যোতির্বিদ্, অথর্ববেদী এবং শুকপক্ষীর স্থায় পুরাণ-বাচক,—এই তিন প্রকার বিপ্র।

ছাগব্যবসায়ী, চিত্রকার, বৈছ, নক্ষত্রপাঠক,—এই চারিবিপ্র প্রিভিত্যে বৃহস্পতিতুল্য হইলেও পুজনীয় হন না।

মাগধ, মাথুর, কাপট, কোট ও কামল,—এই পঞ্চ বাহ্মণ রহস্পতি-তুল্য পাণ্ডিত্য লাভ করিলেও পূজনীয় নহেন। ইহাদের দ্বারা যজে ফল হানি হয়, স্কুতরাং ইহাদিগকে পরিত্যাগ করিবে।

এতম্ব্যতীত অত্রি (২৮৭ শ্লোক) আরও বলেন,— শঠঞ্চ ব্রাহ্মণং হত্বা শুদ্রহত্যাব্রতং চরেৎ।

শঠ ব্রাক্ষণকে হত্যা করিলে শূদ্রহত্যার প্রায়শ্চিত্ত-বিধান মাত্র। ধর্ম্মশাস্ত্রকার অত্রির মতে,—উপরি উক্ত ২৩ প্রকার ব্রাক্ষণ-ব্যতীত আরও এক প্রকার ব্রাক্ষণ আছেন। তিনি (৩৭৫ শ্লোক) বলেন,—

বেদৈবিহীনাশ্চ পঠস্তি শাস্ত্রং শাস্ত্রেণ হীনাশ্চ পুরাণ-পাঠাঃ।
পুরাণহীনাঃ ক্ষবিণো ভবস্তি শ্রষ্ঠাস্ততো ভাগবতা ভবস্তি॥

বেদশাস্ত্রে পরিশ্রম করিয়া ফল উৎপন্ন করিতে অসমর্থ হইলে বাদ্দণ ধর্মশাস্ত্র পাঠারস্ত করেন। ধর্মশাস্ত্রে কৃতিত্ব লাভ করিয়া ফলোৎপন্ন করিতে অক্ষম হইলে পুরাণ-বক্তা হন। পুরাণ-বাচনে অসমর্থতা ঘটিলে কৃষির দ্বারাই জীবিকানির্ব্বাহ শ্রেয়ঃ জ্ঞান করেন। বলা বাহুল্য, বেদশাস্ত্র পাঠ, ধর্মশাস্ত্রালোচনা, পুরাণ-শাস্ত্র-বাচন প্রভৃতি উদরের জন্ম জীবিকা জ্ঞান করায় এবং তদ্মতীত অন্ম ব্যবহার অজ্ঞাত থাকায় তত্ত্বজ্জীবিকার অন্থপযোগিতাক্রমে বাহ্মণ কৃষিজীবী হওয়াই ব্রাহ্মণত্বের পরিণাম বুঝেন। আবার তাহাতেও উদর-ভরণে অযোগ্যতা হইলে সকল প্রকার কৃতিত্ব ও পারদর্শিতার অভাবে বৈষ্ণবের গুরু হইয়া অর্থোপার্চ্জন-পূর্বেক আপনাকে ভাগবত বলিয়া প্রচার করাই জীবিকার উপায় স্থির করেন।

এই প্রকার ভণ্ডভাগবত ব্রাহ্মণ পূর্বেবাক্ত ২৩ প্রকার ব্রাহ্মণের সহিত একত্র সমাবিষ্ট হইলে ২৪ প্রকার ব্রাহ্মণের বিভাগ ধর্মশাস্ত্রকার অত্রি মহাশয় নিরূপণ করিলেন। মন্থ (২য় অঃ ১৫৭, ১৫৮, ১৬৮, ১৭২ ও ৪র্থ অঃ ২৪৫, ২৫৫ শ্লোক) বলেন,—

যথা কাষ্ঠময়ে হস্তী যথা চর্ম্ময়ো মৃগঃ।

যশচ বিপ্রোহনধীয়ানস্ত্রয়স্তে নাম বিজ্ঞতি ॥

যথা যণেচাহফলঃ স্ত্রীযু যথা গোর্মবি চাফলা।

যথা চাজেহফলং দানং তথা বিপ্রোহনুচোহফলঃ ॥

যোহনধীত্য দিজো বেদং অগ্যত্র কুকতে শ্রমম্।

স জীবরেব শুজস্বমাশু গচ্ছতি সাধয়ঃ ॥

শ্দ্রেণ হি সমস্তাবদ্ যাবদ্ বেদে ন জায়তে ॥

উত্তমানুত্রমান্ গচ্ছন্ হীনান্ হীনাংশ্চ বর্জ্রয়ন্।

রাক্ষণঃ শ্রেষ্ঠতামেতি প্রত্যবায়েন শুজ্তাম্ ॥

যোহস্তথা সন্তমান্মানং অস্ত্রথা সংস্কৃ ভাষতে।

স পাপক্বন্তমো লোকে স্থেন আত্মাপহারকঃ ॥

যেরপ কার্চের হস্তী, চর্মের মৃগ নাম-মাত্র, কার্য্যতঃ তত্তৎফল নাই, তদ্রপ বেদাধ্যয়নরহিত বিপ্রা; এই তিনটী বস্তুই নাম-মাত্র।

নারীগণের নিকট নপুংসক যেরূপ অকর্মণ্য, গাভীর নিকট অপর গাভি-দ্বারা যেরূপ সন্তান-জনন-কার্য্য অসম্ভব, সেই প্রকার মূর্থ বেদাধ্যয়নরহিত বিপ্রকে দান করিলে নিক্ষলতা লাভ হয়। যিনি বেদশাস্ত্র-অধ্যয়নে যত্ন না করিয়া অস্তান্ত বিষয়ে শ্রাম করেন, তিনি জীবদ্দশাতেই সবংশে সত্তর শূদ্রতা লাভ করেন।

যে-কাল-পর্য্যন্ত-না বেদে অধিকার জন্মে, তৎকালাবধি ব্রাক্ষণের শূদ্রের সহিত সাম্য জানিবে।

হীনকুল-বৰ্জ্জন-পূৰ্ববক উত্তমোত্তমকুলে সম্বন্ধ করিলে ব্রাহ্মণ শ্রেষ্ঠতা লাভ করেন। তবিপরীতে শূদ্রতা লাভ হয়।

যিনি একপ্রকার স্বভাব-বিশিষ্ট হইয়া সাধুর নিকটে অন্থ প্রকার প্রতিপন্ন হইবার কথা বলেন, ইহলোকে তিনি পাপকারীর অগ্রগামী ও আত্মবঞ্চক, তিনি চোর। মহাভারত অনুশাসনপর্বেব (১৪৩ অধ্যায়ে) লিখিত আছে,—

> গুৰুতল্পী গুৰু<u>ত্ৰোহী গুৰুক্ৎসারতিশ্চ য</u>়। বন্ধবিচ্চাপি পৃত্ৰতি বান্ধণো বন্ধযোনিতঃ॥

<u>যিনি গুরুপত্নীগামী, গুরুর বিদেষী, গুরুর কুৎসা-গানরত,</u> ব্রহ্মবিৎ হইলেও তাদৃশ বাহ্মণ ব্রহ্মযোনি হইতে পতিত হন।

> শ্রুতি উত্তে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিত। একেন বিকলঃ কাণো ঘাত্যামন্ধঃ প্রকীর্ত্তিতঃ॥

বেদ ও স্মৃতি ব্রাহ্মণগণের দর্শনেন্দ্রিয়দ্বয়। বেদ না পড়িলে একচক্ষু অর্থাৎ কাণা এবং স্মৃতি না পড়া থাকিলে তাহাকে অন্ধ জানিবে।

কৃষ্মপুরাণ বলেন,—

বোহন্তত্র কুরুতে যত্নমনধীত্য শ্রুতিং দিজাঃ। স সংমৃঢ়ো ন সংভাষ্যো বেদবাহো দিজাতিভিঃ॥

ন বেদপাঠমাত্রে**ণ** সন্তব্যেদেষ বৈ দ্বিজাঃ। যথো ক্রাচারহীনস্ত পক্ষে গৌরিব সীদতি॥ र्याभ्यीका विधिवत्वमः त्वमार्थः न विठात्रस्य । স চান্ধঃ শুদ্রকল্পস্ত পদার্থং ন প্রাপদ্মতে॥ সেবা শ্বুত্তিবৈক্তা ন সম্যক্তৈকদাহতম। স্বচ্চন্দ্রবিতঃ ক শ্বা বিক্রীতাস্থঃ ক সেবকঃ॥ পণীক্বত্যাত্মনঃ প্রাণান্ যে বর্তত্তে দিজাধমাঃ। তেষাং তুরাত্মনামনং ভুক্তা চাক্রায়ণং চরেৎ॥ নাক্সাচ্চুদ্রক্ত বিপ্রোহরং মোহার। যদি কামতঃ। স শূদ্রযোনিং ব্রজতি যস্ত ভুঙ ক্তে হ্যনাপদি॥ গোরক্ষকান বাণিজকান তথা কারুকশীলিনঃ। প্রেষ্যান্ বার্দ্ধ্রিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ ॥ তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদুধঃ। ধর্ম্মার্থং কেবলং বিপ্র হাত্যথা পতিতো ভবেৎ॥

হে ব্রাহ্মণগণ, যিনি বেদ অধ্যয়ন না করিয়া অন্থ বিষয়ে যত্ন করেন, তিনি সম্যগ্রূপে মূচ্ ও বেদবহিন্ধত। ব্রাহ্মণগণ তাঁহার সহিত আলাপ কবিবেন না।

কেবল বেদপাঠ করিয়া সম্ভোষ থাকিবে না, আচারবিখীন হইলে কৰ্দ্দমে পতিত ধেনুর স্থায় অবশ হইবে।

যিনি বিধিমত বেদ-অধ্যয়ন-পূর্ব্বক বেদার্থ বিচার করেন না, তাঁহাকে অন্ধ ও শূদ্রকল্প জানিবে, তিনি পরমবস্ত প্রাপ্ত হইবেন না।

দাসর্তিকে যাঁহারা কুরুরর্তি বলিয়া বর্ণন করিয়াছেন,

তদ্বারা সম্যক্ বলিতেও সমর্থ হন নাই। কোথায় স্বচ্ছন্দ-বিচরণকারী কুকুর, আর কোথায় বা বিক্রীতপ্রাণ সেবক!

যে-সকল ব্রাহ্মণাধম প্রাণ বিক্রয় করিয়া অবস্থান করে, সেই ছুরাত্মগণের অন্ন ভোজন করিয়া চাম্দ্রায়ণ করিবে।

ব্রাক্ষণ কদাচ শৃদ্রের অন্ন ভোজন করিবেন না। যছাপি স্বেচ্ছাক্রমে অথবা মোংবশতঃ শৃদ্রান্ন ভোজন করেন, তাহা হইলে বিপৎকাল-ব্যতীত অশু সময়ে ভোজনফলে শৃদ্রযোনি লাভ হয়।

যে-সকল বিপ্র গোরক্ষা, বাণিজ্য, কারুকশীল, ভৃত্যধর্ম এবং স্থদ গ্রহণ করে, তাহারা শূদ্রবৎ জানিবে।

তৃণ, কান্ঠ, ফল ও ফুল ধর্মার্থে আহরণ না করিলে বান্ধাণের তত্তৎ কর্মাকরণের জন্ম পাতিত্য হয়।

ব্রাক্ষণের অধস্তনগণ শেক্তি-বিচারে ব্রাক্ষণ, সাধারণতঃ এই বিচার অনেকদিন হইতে চলিয়া আসিতেছে। তাঁহাদের সাহায্যের জন্ম শ্বৃতিশাস্ত্র, পুরাণ এবং ঐতিহ্যেরও অভাব নাই। এরূপ ব্রাক্ষণ-সংজ্ঞাপ্রাপ্তগণের মধ্যে সত্য ব্রাক্ষণত-সম্বন্ধে যে-সকল সন্দেহের কথা, পাপজন্ম ব্রাক্ষণতা অভাবের কথা ও পাতিত্য-কথা উদাহৃত হইল, তাহাতে অনেক লোক-প্রচলিত ব্রাক্ষণসন্তান ব্রাক্ষণতা-লাভে কতদূর যোগ্য, তাহা আলোচক-মাত্রেই বুঝিতে পারিবেন।

শ্যেক্রবিচারে অবস্থিত যে-সকল ব্রাহ্মণ ধর্মান্তর গ্রহণ করিয়াছেন, সাবিত্র্য ব্রাহ্মণতার জন্ম আগ্রহ প্রকাশ করেন নাই, তাঁহারা কিরূপভাবে আদৃত হইবেন ? 'বয়ু'-শন্দ—
আত্মীয়-পুল্রাদি-বোধক; কিন্তু 'ব্রহ্মবন্ধু'-শন্দে শোঁক্র-অধস্তনদিগকে সংজ্ঞা দেওয়া হয় না। 'ব্রহ্মবন্ধু'-শন্দ গর্হণার্থ ব্যবহার
হওয়ায় তাদৃশ শন্দ ব্রাহ্মণের অধস্তনগণ গোঁরবের সহিত
ব্যবহার করেন নাই। স্ত্রীলোক, শৃদ্র ও ব্রহ্মবন্ধু,—ইহার।
একপ্রকার অধিকারবিশিষ্ট, দ্বিজোত্তনাধিকার হইতে বঞ্চিত।
বেদশান্তে ইহাদিগের অধিকার নাই। বিপ্রাচার-রহিত, নিন্দ্যকর্ম্মকারী কেবল জাতিতে ব্রাহ্মণকে 'ব্রহ্মবন্ধু' বলা যায়।
ছান্দোগ্য-উপনিষদে লিখিত আছে,—

অস্মৎ কুলীনোইননূচ্য ব্রহ্মবন্ধুরিব ভবতি।

এই শ্রুতির শাঙ্করভাষ্য —

''হে সৌমা অননূচ্য অনধীত্য ব্হ্মবন্ধুরিব ভবতীতি ব্রাহ্মণান্ বন্ধূন্ ব্যপদিশতি, ন স্বয়ং ব্রাহ্মণবৃত্তঃ।''

ভাগৰত ১৷৪৷২৫ শ্লোক—

স্ত্রীশূদ্রন্ধিজবন্ধূনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা।

ঋক্, সাম, যজুর্বেবদত্রয় স্ত্রীলোক, শূদ্র এবং দ্বিজবন্ধুগণের কর্ণগোচর করাইবে না ।

ব্রহ্মবন্ধুদিগকে একেবারে প্রাণে বধ করিবে না এবং দৈহিক দণ্ডবিধান করিবে না। যথা ভাগবত ১।৭।৫৭ শ্লোক—

এষ হি ব্ৰহ্মবন্ধূনাং বধো নান্তোহস্তি দৈহিকঃ॥

কর্ম্মকাগুরত ব্যক্তিগণ স্বাভাবিক জ্ঞানী ও ভক্তগণ অপেক্ষা হীনবুদ্ধি। লোকিক ও পারত্রিক স্থুখই কর্ম্মপ্রিয়গণের আরাধ্য। সংসারে অধিকাংশ জীবই কর্মবৃদ্ধির আঞ্জিত। ঐ বৃদ্ধির হস্ত হইতে পরিত্রাণ পাইয়াছেন কেবলমাত্র জ্ঞানী ও ভক্ত। সাধারণ লোকে ঐহিক অনুভূতি-ব্যতীত উচ্চজ্ঞান উপলব্ধি করিতে অক্ষম।

তাদৃশ জড়াসক্তিপ্রিয় জনগণের সম্বন্ধে কর্ম্মশাস্ত্রে স্বর্গাদির চিত্র অঙ্কিত আছে। আবার তুংখের অস্তিত্বও তাহাদের বিশেষ পরিচিত। তুংখের আদর্শ নরকাদিও কর্ম্মশাস্ত্রে বর্ণন দেখা যায়। লৌকিক পাপ-পুণ্য-প্রভাবে জীবিতোত্তর-কালে স্বর্গ-নিরয়াদি এবং ইহকালে প্রতিষ্ঠা-প্রায়শ্চিত্তাদি কর্ম্মকাগুরুত বৃদ্ধিহীন সাধারণ জনের প্রাপ্য বলিয়া বিশাস।

এই শ্রেণীর লোকের চিত্তবৃত্তি আকর্ষণ করিতে বা তাহাতেই উহাদিগকে প্রলোভিত করিতে লোকিক বিচারেই অতিরঞ্জিত ভাষায় অতিশয়োক্তি অলঙ্কারে উপদেশাবলী বিশ্বস্ত আছে। আবার অতিরঞ্জিত ভাষায় গর্হণাদি দৃষ্ট হয়, যাহাতে তাহাদের পাপে প্রবৃত্তি না হয়। তঃথের ভয়, অপ্রশংসা ও নিন্দার ভয়ে অনেকে অধমতা হইতে নির্ত্ত হয়; প্রায়শ্চিত্ত ও নরকাদি তাদৃশ জনগণের নিয়ামক।

শান্ত্রে ব্রাহ্মণাদির প্রশংসা, বীর্য্য ও মাহাত্ম্য প্রচুরভাবে কীর্ত্তিত আছে, আবার ব্রাহ্মণ-যোগ্যতার বিষয়ে উৎকর্ষ, অযোগ্যতা-সম্বন্ধে অপকর্ষতা প্রভৃতি শাস্ত্রমধ্যেই দেখিতে পাওয়া যায়। যাহারা গুণ-দোষের দ্বারা চালিত, তাহাদের সম্বন্ধে এতাদৃশ বিধান প্রয়োজনীয়। আবার ক্ষুদ্রচিত্ত, অসমর্থ, চুর্ব্বল, মূর্থ, সর্ববদা ভীত, শৌক্র ব্রহ্মবন্ধুদিগের চিন্তাবসাদের কথঞ্চিৎ লাঘবমানসে শাস্ত্রের কতিপয় উক্তিরও আদর করা যাইতে পারে। মহাভারত বনপর্বন—

নাধ্যাপনাৎ যাজনাদা অক্তমাদা প্রতিগ্রহাৎ।
দোষো ভব'ত বিপ্রাণাং জ্বলিতাগ্নিদমা দিজাঃ ॥
ছর্মেনা বা স্থাক্রতাঃ সংস্কৃতাস্তথা।
রাহ্মণা নাবমন্তব্যা ভক্ষাচ্ছনা ইবাগ্নয়ঃ ॥
যথা ক্মণানে দীপ্তোজাঃ পাবকো নৈব ছ্যাতি।
এবং বিদ্বানবিদ্বান বা ব্রাহ্মণো নৈব ছ্যাতি॥

ব্রাহ্মণগণ জ্বলিতাগ্নিস্দৃশ, স্কুতরাং অধ্যয়নরাহিত্যে, অ্যাজ্য-যাজনজন্ম বা অন্মপ্রকার অধ্য প্রতিগ্রহাদি-হেতু তাঁহাদের দোন হয় না।

বেদজ্ঞানরহিত, বেদজ্ঞানসহিত, প্রাকৃত এবং সংস্কৃত হইলেও ব্রাহ্মগণ অবমানের পাত্র নন, তাঁহারা ভস্মাচ্ছাদিত অগ্নির স্থায়।

শ্যশানস্থ দীপ্ততেজ অগ্নি যেরূপ গুয়া নহে, তক্রপ ব্রাহ্মণ মূর্থ হউন বা পণ্ডিত হউন, দোষার্থ নহেন।

পরাশর বলেন,—

যুগে যুগে চ যে ধৰ্ম্মান্তত্ৰ তত্ৰ চ যে দ্বিজাঃ। তেষাং নিন্দা ন কৰ্ত্তব্যা যুগৰূপা হি তে দ্বিজাঃ॥

যে যুগে যে ধর্ম বলবান্ হয়, সেই যুগে সেই ধর্মাবলম্বী যে-সকল দ্বিজ (তদ্ধর্মোচিত সংস্কার-দারা দ্বিতীয় জন্ম-প্রাপ্ত) উদ্ভূত হন, তাঁহারা যুগান্তরূপ, তাঁহাদিগকে গর্হণ করা উচিত নহে। এইরূপ অক্ষম জীবগণের নিজ-নিজ তুর্ভাগ্য কথঞিং অপনোদনের জন্ম এই সকল বাক্য শাস্ত্রে স্থান পায়। কিন্তু এই সকল বচন-সাহায্যে যাঁহারা প্রকৃত ব্রহ্মণ্য হইতে বিচ্যুত হন, তাঁহাদের ধশ্ম হানি হয়। বৃহস্পতি বলেন,—

> কেবলং শাস্তমাশ্রিত্য ন কর্ত্তবাে বিনির্ণয়ঃ। যুক্তিহীনবিচালে তু ধর্মগানিঃ প্রজায়তে॥

ধর্মশান্ত্রের প্রকৃত উপদেশ-পালনে যাহারা অক্ষম, সেই অনধিকারী জনগণের চিত্তের অবসাদ-খর্বমানসে এই প্রকার অমুকল্প বাক্য-সমূহ বিচার করিয়া শাস্ত্র-তাৎপর্য্য নিরূপণ করা কর্ত্ব্য নহে।

পরাশর-বচন, মহাভারতের কথা বা অভান্য তাদৃশ কথা—
নিরাশ-রাজ্যে ভগ্নমনোরথের আশা-প্রদীপ-মাত্র। উদ্দেশ্য বিচার
করিলে জানা যায় যে, কেবল নৈরাশ্য-অপনোদন-কল্পে জীবের
ভবিন্যুৎ উত্তম ব্যবহারের উৎসাহবর্দ্দন-জন্ম, অব্রাক্ষণদিগকে
ব্রাক্ষণাভিনানে প্রবৃত্তি-দান ও অব্রাক্ষণাভিমান বশতঃ দিনদিনই
তাঁহারা উত্রোত্তর অধমতা লাভ করিবেন, ইহার প্রাত্রেধই
তাৎপর্যা।

মানবের উন্নতির পথ এবং উৎকর্ষসিদ্ধির দ্বার একেবারে বন্ধকরা শাস্ত্রকারগণের লক্ষ্য নহে, সেইজ্ব্য স্কুচতুর হৃহস্পতি মগশয় বলেন,—কেবলমাত্র শাস্ত্রাবলম্বন-পূর্বক সিদ্ধান্ত-নির্ণয় কর্ত্তব্য নহে, যেহেতু যুক্তিহীন-বিচারে ধর্মহানি ঘটে। ধর্মশাস্ত্রকার বিষ্ণু (৭১ অধ্যায় ১ম সংখ্যা) বলেন,—

অথ কঞ্চ নাব্মন্ত্রেত।

কাহাকেও অসম্মান করিও না।

ব্রাহ্মণ সর্বেবাচ্চ, তাঁহাকে অপমান করা দূরে থাক্, জগতে অতি নিম্ন স্থানাধিকারী অধমাভিমানী জনগণকেও মন্থয়ু–মাত্রেরই অসম্মান বা নিন্দা করা কোনক্রমেই কর্ত্তব্য নহে।

নিন্দাকারী বা অপমানকারী ব্যক্তির অবশ্যই পাপ হয়। প্রকৃত সত্য জগতের মঙ্গলের জন্য গোপন রাখিবার প্রয়াসও কপটতার চিহ্ন। বনপর্বের যেরূপ ব্রান্ধণের একমাত্র পরিচয় 'সরলতা' স্থির কারয়াছেন, সেই অসামান্য গুণপ্রভাবেই ব্রান্ধণ-লিখিত শাস্ত্রে সরলতার আদর্শ আমরা প্রতিশব্দেই লক্ষ্য করি। ব্রান্ধণ বা সরলচিত্ত জনের নিরপেক্ষতাই ভূষণ। নিজ-প্রকৃতকথা বলিতে গেলে তাঁহার স্বার্থের ক্ষতি হইলেও সরলতা-প্রভাবে হৃদয়-উদ্যাটন-পূর্বেক তিনি নিজ-সারল্যের পরিচয় দিয়া থাকেন। যেখানে সরলতার অভাব, সেখানে ব্রন্ধণ্য আদেন নাই, জানিতে হুইবে।

বেদশাস্ত্ৰ-সমূহ, প্ৰয়োগ ও ধর্ম্মশাস্ত্ৰপুঞ্জ, পুরাণশাস্ত্ৰবৃদ্দ, ঐতিহ্য, পটল, ঋষি-প্ৰণীত অন্যান্ত শাস্ত্ৰাবলী সরলভাবে জগতের প্রকৃত মঙ্গলাকাজ্জায় যে-সকল কথা বলিয়াছেন, তাহা অক্ষমজনগণের নিন্দা-উদ্দেশে বা অপমান কারবার জন্ত বলেন নাই। তদমুবর্তী নিরপেক্ষ বিচারকগণ যখন ধর্মশাস্ত্রের প্রকৃত উদ্দেশ্য স্বার্থপ্রিয় অক্ষম মানবমগুলীর নিকট অভিব্যক্ত করেন, তখন তাদৃশ সত্যপ্রিয়-জনের মর্য্যাদা-ক্ষুগ্নমানসে ও নীচজনের ত্থায় স্বার্থরক্ষা-মানসে শাস্ত্রগুলিকে বা শাস্ত্রবক্তৃবৃন্দকে গর্হণ করিয়া

লোকচক্ষে নিন্দিত করিবার প্রয়াস—কাপুরুষোচিত ও ধর্ম-হানিকর।

যদি অপৌরুষেয় বেদশান্ত্র, তদতুগ প্রয়োগশান্ত্র, ধর্মশান্ত্র, পুরাণ, তন্ত্রশান্ত্রসমূহ এবং তদবলম্বী সত্য-প্রকাশক নিরপেক্ষ-জনগণকে 'নিন্দুক' বলিয়া নিন্দা করিয়া তাদৃশ হীনলোকের রুথা মর্য্যাদা পুষ্ট হয়, তাহা হইলে উহা সত্যপ্রিয় কর্মকাণ্ডরত মানবগণ কখনই অনুমোদন করিবেন না। ব্রাহ্মণগণ বিশুদ্ধ ব্রুমাণ্য লাভ করুন এবং লক্ষবন্ধাণ্য ব্যক্তির ব্রান্ধাণ-সমাদর সর্ববত্র অক্ষুণ্ন থাকুক,—ইহা বলিতে গিয়া শাস্ত্ৰসমূহ ও তদ্বকা বিপ্ৰ-নিন্দারূপ পাপে নিন্দিত হইবেন,—আমরা তাহা অনুমোদন করি না: পরস্তু হীনাবস্থ উচ্চ-মর্য্যাদাকাঞ্জ্যী প্রতিপক্ষবিচারকের দ্বারা বিপ্রনিন্দাকরণ-রূপ পাপ না করিয়া তাঁহারা স্বার্থপরের হস্তে অপমানিত হইলেন, তজ্জ্ব্য প্রত্যুত্তর না দিয়া মনুর এই শ্লোক পাঠ করুন। তাঁহাদের নিকট মর্য্যদা-লাভের আবশ্যক নাই। মানবধৰ্মশাস্ত্ৰ দিতীয় অধ্যায় ১৬২-১৬৩ শ্লোক—

> সন্মানাদ্ ব্ৰাহ্মণো নিত্যমুদ্ধিকেত বিষাদিব। অমৃতন্তেৰ চাকাজ্ঞেদৰমানত্ত সৰ্বদা॥ স্বথং হুৰমতঃ শেতে সুৰঞ্চ প্ৰতিবুধ্যতে। স্বথং চরতি লোকেহ শ্বিন্নবমস্তা বিনশ্ৰতি॥

ব্রাহ্মণ ঐহিক সম্মানকে যাবজ্জীবন বিষের স্থায় জ্ঞান করিবেন এবং অবমাননাকে সর্ব্বদ। অমৃতবৎ আকাজ্জা করিবেন। যেহেতু অপমান সহু করিতে শিখিলে ক্ষোভের অনুদয়ে স্থুখে নিদ্রা হয়, স্থুখে জাগরণ হয় ও স্থুখে বিচরণ করা যায়। পাপবশতঃ অপমানকারীর আত্মগ্রানি উপস্থিত হইয়া থাকে এবং তাহার ঐহিক ও পারত্রিক উভয় সুখই বিনষ্ট হয়।

সত্যযুগে ধর্ম চতুপ্পাদ, ত্রেতায় ত্রিপাদ, দ্বাপরে দ্বিপাদ এবং কলিতে একপাদ মাত্র। ধর্মের যাজক ব্রাহ্মণগণও তাদৃশ হীনপ্রভাব। সত্যের ব্রাহ্মণ-মর্য্যাদা কলির ব্রাহ্মণে আরোতিত হইলে সত্যের অপলাপ হয় মাত্র। যাঁহার যে সন্মান, তাঁহাকে তদতিরিক্ত সন্মান দিলে বক্তার মাহাম্মাই রৃদ্ধি হয় এবং দাতার প্রতি সন্মানপ্রাপ্ত জনের অধিক প্রীতি বর্দ্ধিত হয়। কিন্তু সন্মানিত ব্যক্তি দাতার সন্মানে আত্মযাথাম্মা বিশ্বত হইয়া দম্ভাবলম্বন করিলে বিষ্ণুযামলের নিম্নোক্ত বাক্যটির জন্য ক্ষোত-বর্শতঃ মনুক্ত রীতিক্রমে রাত্রে তাহার স্বথে নিদ্রার ব্যাঘাত হইতে পারে। বিষ্ণুযামল যে নিন্দা করিলেন, তঙ্জন্য যামলের দগু-বিধানজ্ঞ তাঁহার মুখবন্ধ করুন। যামল বলেন,—

অশুদাঃ শুদুকরা হি ত্রান্সণাঃ কলিসন্তবাঃ।

কলিজাত ব্রাহ্মণগণ অশুদ্ধ এবং শৃদ্রকল্প। কলিতে অর্থাৎ বিবাদতর্কে শোক্র-বিচার-পরায়ণগণের শুদ্ধতা নাই, তাঁহারা শৃদ্রসদৃশ নাম-মাত্র। তাঁহাদের বৈদিক কর্মান্ত্র্যানমার্গে নির্মলতা নাই। তান্ত্রিকাচারে তাঁহাদের শুদ্ধি।

এ ক্ষেত্রে স্মৃতিরাজ হরিভক্তিবিলাস পঞ্চম বিলাসারস্তে ঐ যামলের কথা বলিয়াও কি ইহাদের কর্তৃক গহিত হইলেন ? কাল কলি, সকলই সম্ভবপর! ভাগবত ১১শ স্কন্ধ ৭ম অধ্যায় ৫ম শ্লোক—

জনো২ভদ্ররুচির্ভদ্র ভবিষ্যতি কলো যুগে।

হে ভদ্র, কলিযুগে মানব অভদ্র রুচিবিশিষ্ট হইবে। পাত্র ও কাল-বিচারের সহিত শৌক্র-বিচারের কথা আণ্টেচিত হইল। এক্ষণে দেশবিয়ে মনু যাহা লিখিয়াছেন, তাহা উদ্বৃত ইতৈছে।

মন্মু ২য় অধ্যায় ১৭-২৪ শ্লোক—

সরংতীদৃষ্দ্বত্যোদে বনদ্যোর্যদপ্তরম্।
তং নেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে ॥
তব্মিন্ দেশে য আচারঃ পারম্পর্যক্রমাগতঃ।
বর্ণানাং সাম্ভরালানাং স সদাচার উচ্যতে ॥
কুরুক্তেঞ্চ মংস্থাশ্চ পঞ্চালাঃ শ্রসেনকাঃ।
এয ব্রহ্মবিদেশো বৈ ব্রহ্মাবর্তাদনস্তরঃ ॥
এতদ্দেশপ্রস্তস্থ স্কাশাদগ্রজন্মনঃ।
সং স্থং চরিত্রং শিক্ষেরন্ পৃথিব্যাং সর্ক্মানবাঃ ॥

প্রত্যানের প্রদাগাচ্চ মধ্যদেশঃ প্রকীর্তিতঃ ॥
আসমুদ্রাজু বৈ পূর্বাৎ আসমুদ্রাজু পশ্চিমাৎ।
তয়োরেরাস্তবং গির্বোরার্যাবর্তং বিছুর্বাঃ ॥
কৃষ্ণসারস্ত চরতি মৃগো যত্ত স্বভাবতঃ।
স জ্ঞেয়ো যজ্ঞিয়ো দেশো মেচ্ছদেশস্ততঃ পরঃ ॥
এতান্ দ্বিজ্যত য়া দেশান্ সংশ্রেরন্ এযক্রতঃ।
শুদ্রস্ত ষশ্মন্ ক্সিন্ বা নিবসেচ্তিক শিতঃ ॥

সরস্বতী ও দূষপ্বতী নাম্মী দেবনদীপ্বয়ের মধ্যবর্ত্তী প্রদেশ দেবনিশ্মিত। ইহাকে ব্রহ্মাবর্ত্ত কহে।

সেই দেশে যে আচার পুরুষান্ত্রুমে চলিয়া আসিতেছে, তত্রস্থ যে যে বর্ণের এবং সঙ্করবর্ণাদির যাহা আচার, তাহাকেই সদাচার করে।

কুরুক্তের, মৎস্থা, পঞ্চাল ও শূরসেন বা মথুরা,—এই চারিদেশ ব্রুমার্টরের নিম্নেই পবিত্রতাযুক্ত ব্রুম্বিদেশ।

এই সকল দেশের অধিবাসী অগ্রজন্মা ব্রাহ্মণগণের নিকট হইতে পৃথিবীর মানবগণ নিজ-নিজ চরিত্র শিক্ষা করি:বন।

প্রয়াগের পশ্চিমে যে দেশ, তাহার নাম মধ্যদেশ।

পূর্ব্ব ও পশ্চিমসমুদ্রের মধ্যবর্ত্তী এবং হিমগিরি ও বিদ্ধ্যগিরির মধ্যবর্ত্তী প্রদেশকে পণ্ডিতগণ আর্য্যাবর্ত্ত বলিয়া জানেন।

যে-স্থলে কৃষ্ণসার মৃগ স্বভাবক্রমে বিচরণ করে সেই স্থান যজ্ঞীয় দেশ, তদ্ব্যতীত অহ্যস্থান ফ্লেছদেশ।

দ্বিজাতিগণ এই পবিত্রদেশসমূহ প্রকৃষ্টপ্রয়ত্ত্বে আশ্রয় করিবেন। শূদ্র যে-কোন দেশেই জীবিকা উপার্জ্ঞন করিয়া থাকিবে, তাহাতে বাধা নাই।

স্থৃতরাং যজ্ঞীয় দেশ-ব্যতীত অস্থান্য প্রাদেশিক ব্রাহ্মণগুলি মেচ্ছদেশবাসী ও কদাচারসম্পন্ন। ভাগবত ১১শ রুদ্ধ ২১শ অঃ ৮ম শ্লোকে পূর্বেবাক্ত ভাবের বিরুদ্ধ ভাব দেখা যায়; যথা,—

> অকৃষ্ণসারো দেশানামব্রদ্ধণ্যোহশুচির্ভন্তে। কৃষ্ণসারোহপ্যসোবীরকীকটা সংস্কৃতেরিণম্॥

যাহা হউক, শোক্র-বিচার-নিরূপণ-সম্বন্ধে আমরা যে-সকল কথা প্রমাণ-স্বরূপ উদ্ধার করিলাম, এতন্তির অন্য যে-যে প্রকারে মানবগণ ব্রাহ্মণতা লাভ করিয়াছেন বা ব্রাহ্মণ্য লাভ করিবার যোগ্য পাত্র, তাহা শাস্ত্রে কিরূপ নিরূপিত আছে, তাহা উদাহত হইতেছে।

মুক্তিকোপনিষদে যে অফৌত্তরশত উপনিষদের উল্লেখ আছে, তন্মধ্যে ষট্ ত্রিংশ সংখ্যক উপনিষদের নাম 'বজ্রস্চিকোপনিষ্<sup>ত্র</sup>। কথিত আছে, শ্রীশঙ্করাচার্য্য এই উপনিষদের স্থবিস্তৃত একখানি ভাষ্য রচনা করিয়া প্রাসিদ্ধি লাভ করিয়াছেন। বজ্রস্চিকোপনিষৎ—

যজ্জানাৎ যান্তি মুন্যো ব্রাহ্মণ্যং প্রমান্ত্তম্।
তৎ ত্রৈপদব্রহ্মতত্ত্বমহমস্মীতি চিস্তায়ে ॥
ওঁ আপ্যায়ন্ত্রিতি শান্তিঃ।
চিৎসদানন্দর্মপায় সর্বাধীবৃত্তিসাক্ষিণে।
নমো বেদান্তবেভায় ব্রহ্মণেংনন্তর্মপিণে ॥
ওঁ বক্রস্তাং প্রবক্ষ্যামি শাস্ত্রমজ্ঞানভেদনম্।
দূষণং জ্ঞানহীনানাং ভূষণং জ্ঞানচক্ষ্যাম্॥

দ্ধণং জ্ঞানহানানাং ভূষণং জ্ঞানচক্ষ্যাম্॥
ব্ৰহ্মক্ষিত্ৰিয়বৈশুশ্দা ইতি চত্বারো বর্ণান্তেষাং বর্ণানাং ব্রাহ্মণ এব
প্রধান ইতি বেদবচনাস্থরূপং শ্বতিভিরপ্যক্তম্। তত্র চোল্ল-ন্তি কো বা
বাহ্মণো নাম। কিং জীবঃ কিং দেহঃ কিং জাতিঃ কিং জ্ঞানং কিং কর্ম
কিং ধার্ম্মিক ইতি। তত্র প্রথমো জীবো বাহ্মণ ইতি। চেত্রর অতীতানাগতানেকদেহানাং জীবশ্রেকরপ্রাত্ত একস্থাপি কর্ম্মবশাদনেকদেহসংভবাই
সর্ব্ধশরীরাণাং জীবশ্রেকরপ্রাচ্চ। তত্মার জীবো বাহ্মণ ইতি। তহি
দেহো বাহ্মণ ইতি চেত্তর আচণ্ডালাদি প্র্যান্তানাং মন্ন্যাণাং পাঞ্চ-

ভৌতিকত্বেন দেহভ্তৈকরপথাজ্জরামরণ-ধর্মাধর্মাদি সামাদর্শনাদ্ বাহ্মণঃ খেতবর্ণঃ ক্ষত্রিয়ো রক্তবর্ণো বৈশ্বঃ পীতবর্ণঃ শূদ্রু ক্ষুবর্ণ ইতি নিয়মা-ভাবাং। পিত্রাদিশরীরদহনে পুজাদীনাং ব্রশ্বহত্যাদিদোষসম্ভবাচ্চ তত্মার দেহো ব্রাহ্মণ ইতি। তহি জাতিব্রাহ্মণ ইতি চেত্তর। তত্র জাল্যম্ভর-জন্তুৰু অনেকজাতিংসংভবা মহৰ্ষয়ো বহবঃ সস্তি। ঋষ্যশৃঙ্গো মৃগ্যঃ। কৌশিকঃ কুশাং। জামুকো জমুকাং। বাল্মীকো বল্মীকাং। ব্যাসঃ কৈবৰ্ত্তকন্তায়াম্। শশপৃষ্ঠাৎ গৌতমঃ। বশিষ্ঠঃ উৰ্ব্যভাম্। অগস্তাঃ কলসে স্বাত ইতি শ্রুত্বাং। এতেষাং জাত্যা বিনাপ্যগ্রে জ্ঞানপ্রতিপাদিতা ঋষয়ো বহবঃ সন্তি। তক্ষান জাতিঃ ব্রাহ্ম<u>ণঃ</u>। ইতি। তহি জ্ঞানং ব্রাহ্মণ ইতি চেতর। ক্ষত্রিয়াদয়োপি প্রমার্থদ্শিনোহভিজ্ঞা বহুবঃ সৃষ্টি। তস্মান্ন জ্ঞানং ব্রাহ্মণ ইতি। তহি কর্ম ব্রাহ্মণ ইতি চেত্তন। সর্কোষাং প্রাণিনাং প্রারন্ধক তাগামিক র্ম্মনাধর্ম্মদর্শনাৎ কর্মাভি প্রেরিতাঃ সন্তঃ জনাঃ ক্রিয়াঃ কুর্বন্তীতি। তত্মার কর্ম্ম বান্ধণ ইতি। তহি ধার্মিকো ব্রাহ্মণ ইতি চেত্তন। ক্ষত্রিয়াদয়ো হিরণ্যদাতারো বহবঃ সস্তি। তম্মান ধার্মিকো ব্রহ্মণ ইতি। তহি কো বা বাহ্মণো নাম। যঃ কশ্চিদাত্মানং অদ্বিতীয়ং জাতিগুণ ক্রিয়াহীনং বড় শ্লিষ্ড ভাবেত্যাদি-সর্বদোষরহিতং সূত্যজ্ঞানানন্দানন্তস্বরূপং স্বয়ং নির্ব্বিকল্পং অশেষকল্লাধ রং অশেষ ভূতান্ত-র্যামিত্বেন বর্ত্তমানং অন্তর্কহিশ্চাকাশবদমুস্থ্যতমথপ্তানন্দস্বভাবং অপ্রমেয়ং অমুভবৈক্ষেত্ত অপরোক্ষতয়া ভাসমানং করতলামলকবৎ সাক্ষানপরোক্ষী-কৃত্য কৃতার্থতিয়া কামরাগাদিদোষরহিতঃ শমদমাদিসম্প্রোভাবমাৎস্থ্য-তৃষ্ণাশামোহাদিরহিতো দম্ভাহঙ্কারাদিভিরসংস্পৃতিতা বর্ত্তত। এব-মুক্তলক্ষণো যঃ স এব ব্রাহ্মণ ইতি শ্রুতিপুরাণেতিহাসানামভিপ্রায়ঃ। ।অন্তথা হি ব্রাহ্মণস্বসিদ্ধিন স্থাব। সচ্চিদানন্দমাত্মানমদ্বিতীয়ং ব্রহ্মভাবয়ে-দাস্থানং সচ্চিদাননং ব্রহ্ম ভাবয়েদিত্যুপনিষৎ॥ ওঁ আপ্যায়াস্থিতি শাস্তিঃ॥

মুনিগণ পরমাত্ত ব্রহ্মণ্য যে বস্তুজ্ঞানদারা প্রাপ্ত হন, সেই সচ্চিদানন্দ পদত্রয়বিশিষ্ট আমিই ব্রহ্মতত্ত্ব, এরূপ চিন্তা করি। আপ্যায়িত হউন, ইহাই শান্তিপাঠ। সচ্চিদানন্দরূপ, সকল বুদ্ধিবৃত্তিসাক্ষী, বেদান্তবেগু অনন্তরূপী ব্রহ্মকে নমস্কার। আমি বজ্রসূচী শাস্ত্র বলিতেছি। ইহা অজ্ঞান-ভেদক, জ্ঞানহীনগণের দূষণ ও চক্ষুমান্ জ্ঞানিগণের অলঙ্কার-স্বরূপ। ব্রাহ্মণ্, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র,—<u>এই চারিবর্ণ</u>। বর্ণদিগের মধ্যে ব্রাহ্মণই প্রধান,— ইহাই বেদবচনাত্মূরূপ ; স্মৃতিতেও তাহাই উক্ত হইয়াছে। সে-স্থলে প্রশ্ন এই যে, ব্রাহ্মণ কে ?—জীব, দেহ, জাতি, জ্ঞান, কর্ম, ধার্ম্মিক,—ইহাদের মধ্যে 'ব্রাহ্মণ' কে ? এই প্রশ্নে প্রথমতঃ জীবকে ব্রাহ্মণ বলিলে, তাহা সত্য নহে। অতীত্-অনাগত অনেক শরীর-সম্বন্ধে জীবের একরূপত্বতেতু, এক-রূপেরও কন্মবশে অনেক দেহ-সম্ভাবনা-হেতু এবং সর্ববদেহের সম্বন্ধে জীবের একরূপত্ব-নিবন্ধন, 'জীব' ব্রা**মাণ নহেন।** তাহা হইলে কি 'দেহ' ব্ৰাহ্মণ ?—ইহাও নহে। চণ্ডাল পৰ্য্যন্ত নরগণের পাঞ্চভৌতিক দেহের একরূপস্ব-হেতু, জরা-মরণ, ধর্মাধর্মের সমানতা-দর্শন-হেতু 'ব্রাহ্মণ'—শ্বেত্তবর্ণ, 'ক্ষত্রিয়'— রক্তবর্ণ, 'বৈশ্য'—পীতবর্ণ, 'শূদ্র'—কৃষ্ণবর্ণ,—এইরূপ নিয়ম না থাকায় 'দেহ' ব্রাহ্মণ নহে। মূহপিত্রাদির শরীর-দহনে পুত্রাদির ব্রহ্মহত্যা-জনিত পাপাশ্রয় করেনা। সেজগ্য 'দেহ' ব্ৰাহ্মণ নহে। তাহা হইলে কি 'জাতি'ই ব্ৰাহ্মণ ?—তাহাও নহে। অন্য জাতীয় প্রাণিমধ্যে অনেক জাত্যুদ্ভত মহর্ষিগণ উৎপন্ন

হইয়াছেন। মৃগী হইতে ঋয়শৃঙ্গ, কুশ হইতে কৌশিক, জন্মুক হইতে জামুক ঋষি, বল্মীক হইতে বাল্মীকি, কৈবৰ্ত্তকন্তা হইতে ব্যাস, শশপুষ্ঠ হইতে গোতম, উর্ব্বশী হইতে বশিষ্ঠ এবং কলস হইতে অগস্ত্য উৎপন্ন হইয়াছেন, শুনা যায় ; এতদ্ব্যতীত লব্ধ-জ্ঞান ভিন্নজাত্যুৎপন্ন বহু ঋষি আছেন; তজ্জ্য 'জাতি'ই বাক্ষণ নহে। তাহা হইলে কি 'জ্ঞান' বাক্ষণ !--তাহাও নহে। ক্ষত্রিয়াদিও অনেকেই অভিজ্ঞ পরমার্থদর্শী। সে-জন্ম 'জ্ঞান'ও বাহ্মণ নহে। তাহা হইলে কি 'কৰ্ম'ই বাহ্মণ ? তাহাও নহে। সকল প্রাণীর প্রারন্ধ-সঞ্চিত আগামী কর্ম-সাধর্ম্য আছে। কর্মাভিপ্রেরিত হট্য়া মানবগণ কর্মসমূহ করিয়া থাকেন। তজ্জ্য 'কর্মা'ই ব্রাক্ষণ নহে। তাহা হইলে কি 'ধাৰ্ম্মিক' ব্ৰাহ্মণ ?—তাহাও নহে। ক্ষব্ৰিয়গণও অনেকে হিরণ্যদাতা**, সেজ**ন্ম 'ধার্ম্মিক' ব্রাহ্মণ নহেন। তাহা হইলে ব্ৰাহ্মণ কে ?—যে কেহ আত্মাকে অদ্বিতীয়, জাতিগুণ-ক্ৰিয়াহীন, ষড়ুৰ্শ্মি ষড়্ভাব ইত্যাদি সৰ্ব্ব-দোষ-রহিত সত্যজ্ঞানানন্দানন্ত-স্বরূপ, স্বয়ং নির্বিকল্প, অশেষ কল্লাধার, অশেষ প্রাণীর অন্তর্যামী-রূপে বর্ত্তমান, আকাশের খ্যায় অন্তর্বাহ্য-অনুসূত্র, অথণ্ড আনন্দ-স্বভাবসম্পন্ন, অপ্রমেয়, অনুভবৈক-বেগ্য এবং অপরোক্ষ-প্র≄াশময় জানিয়া করতলস্থিত আমলকফলের তায় সাক্ষাৎ অপরোক্ষীকরণ-পূর্ব্বক কৃতার্থ হইয়া কাম-রাগাদি-দোষ্শূন্য, শম-দমাদিবিশিষ্ট ভাব, মাৎস্ব্য, তৃঞাশা, মোহাদিরহিত এবং দম্ভ-অহঙ্কারাদি দ্বারা অসংস্পৃষ্টচিত্ত হুইয়া বাস করেন: এই প্রকার কথিত লক্ষণবিশিষ্ট যিনি, তিনিই 'ব্রাক্ষণ',—ইহাই <u>ক্রতি,</u> স্মৃতি, ইতিহাস, পুরাণাদির অভিপ্রায়। অন্যথা ব্রাক্ষণ্
সিদ্ধ হয় না। আত্মাকে সচিচদানন্দ, অধিতীয় ব্রহ্ম ভাবনা করিবে—সচিচদানন্দ ব্রহ্ম ভাবনা করিবে,—ইহাই উপনিষং। সামবেদীয় ছাল্দোগ্যোপনিষং চতুর্থ প্রপাঠক চতুর্থথণ্ডে—

সূত্যকামো হ জাবালো জবালাং মাতরমায়ন্তরাঞ্চকে ব্রহ্মচর্য্যং ভবতি বিবংখ্যামি। কিং গোরোংহ্মস্মীতি ১॥ সা হৈনমুবাচ। নাহমেতদের। তাত যদেগ্রেজ্মসি। বহুবহং চরস্তী পরিচারিণী যৌবনে স্বামলভে। সা অহং এতর বেদ। যদেগারেস্থমসি। জবালা ক্রবীণা ইতি। ২॥ স হ হারিস্ক্রমতং গৌতমং এত্য উবাচ। ব্রহ্মচর্য্যং ভগবতি বৎস্থমাম্যুপেয়াং ভগবস্তমিতি। ০॥ তং হোবাচ কিং গোরো মু সৌম্যাসীতি। স হোবাচ। নাহমেতদের ভো যগোরোহহং অন্মি অপুচ্ছং মাতরম্। সামা প্রত্যববীদ্ধহং চরস্তী পরিচারিণীং যৌবনে স্বামলভে। সাহং এতং ন বেদ যদেগারেস্থমসি। জবালা তু নামা অহমস্থি। সত্যকামো নাম স্বমসীতি। সোহহং সত্যকামঃ জাবালোহ্স্মি ভো ইতি॥ ৪॥ তং হোবাচ ন এতদ্ অবান্ধানো বিবক্তমুর্হতি। সমিধং সৌম্য আহর উপয়িস্বা নেশ্বে। ন সত্যদগা ইতি।

জবালা-তনয় সত্যকাম মাতা জবালাকে জিজ্ঞাসা করিয়া-ছিল,—"আমি ব্রহ্মচারী হইয়া বাস করিব; আমি কোন্ গোত্রীয় ?" তহুত্তরে জবালা সত্যকামকে বলিলেন,—"বাবা, আমি জানি না, তুমি কোন্ গোত্রীয়, যৌবন-কালে আমি পরিচারিণী হইয়া বিচরণ করিতে করিতে তোমাকে আত্মজরূপে

প্রাপ্ত হইয়াছি। তুমি কোন্গোত্রীয়, তাহা আমি জানি না। আমার নাম-জবালা, তোমার নাম-সত্যকাম। সেই সত্যকাম জাবাল নাম বলিবে।" সেই জাবাল হারিক্রমত গোতমের নিকট গমন করিয়া বলিয়াছিলেন,—"আমি ব্রহ্মচারী হইয়া আপনার নিকট বাস করিব।" তখন গোতম তাহাকে কহিলেন,—"হে সৌম্য, তুমি কোন গোত্রীয় ?" ততুত্তরে তিনি কহিলেন.—"আমি জানি না, আমি কোন গোত্রীয়। মাতাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, তিনি আমাকে বলিয়াছেন,—আমি যৌবনে পরিচারিণী হইয়া বিচরণ করিতে করিতে তোমাকে পুত্ররপে পাইয়াছি। তুমি যে কোন গোত্রীয়, তাহা আনি জানিনা। আমার নাম জবালা। তোমার নাম সত্যকাম। সেই আমিই সত্যকাম জাবাল।" গোতম তাহাকে বলিলেন,— ''বৎস, তুমি যে সত্য বলিলে, ইহা অব্রাক্ষণ বলিতে পারে না। অতএব তুমি 'ব্রাহ্মণ', তোমাকে গ্রহণ করিলাম। হে দৌন্য, সমিধ্ আহরণ কর।" জাবাল ক<sup>্</sup>ংলেন,—"সংগ্রহ করিয়া আনিতেছি।" গোতম কহিলেন—"সত্য হইতে চ্যুত হইও না।" মহাভারত শান্তিপর্বব মোক্ষধর্মে ১৮৮ অধ্যায় প্রথম প্রমাণ—

ভরদ্বাজ উবাচ

জঙ্গমানামসংখ্যেয়াঃ স্থাবরাপাঞ্চ জাতয়ঃ। তেযাং বিবিধবর্ণানাং কুতো বর্ণ-বিনিশ্চয়ঃ॥

ভূপ্তক্ৰবাচ

নি বিশেষোহস্তি বৰ্ণানাং সৰ্ব্যব্যক্ষমিদং জগৎ। ব্ৰহ্মণা পূৰ্ববস্তুঃ হি কৰ্মভিবৰ্ণতাং গতম্॥ হিংসানুতপ্রিয়া লুকাঃ সর্বকর্ম্মোপজীবিনঃ। কৃষ্ণাঃ শৌচপরিত্রষ্ঠান্তে দ্বিলাঃ শূদ্রতাং গতাঃ॥

ভরম্বাজ বলিলেন,—স্থাবর ও জঙ্গমগণের অসংখ্যজাতি। সেই বিবিধ বর্ণের কি প্রকারে বর্ণ নির্ণয় হয় ?

ভৃগু বলিলেন,—বর্ণ-সমূহের বিশেষ নাই ব্রহ্মা-কর্তৃক পূর্বেব সৃষ্ঠ সমগ্র জগৎই ব্রাহ্মণময় ছিল, এই জগতের প্রাণিগণ পরে কর্ম-খারা ভিন্ন ভিন্ন বর্ণসংজ্ঞা লাভ করিয়াছে।

হিংসা, মিথ্যাভাষণ, লোভ, সর্ব্ব শ্র্ম-দ্বারা জীবিকা-নির্ব্বাহ ও অসৎ কার্য্যবারা শুচিভ্রন্ত হইয়া দ্বিজ্ঞগণ শূদ্রবর্ণতা প্রাপ্ত হয়।

শান্তিপর্ক ১৮৯ অধ্যায় দিতীয় প্রমাণ—

ভরদাজ উবাচ

ব্ৰাহ্মণঃ কেন ভবতি ক্ষত্ৰিয়ো বা দ্বিজ্ঞাত্তম। বৈশ্যঃ শূদ্ৰণ্ট বিপ্ৰৰ্যে তদ্ৰুৱাই ২দতাংবর॥ ১॥

## ভৃগুৰুবাচ

জাতকর্মানিভির্মস্ত সংস্কারেঃ সংস্কৃতঃ শুচি।
বেদাধ্যয়নসম্পন্নঃ ষ্ট্রস্থ কর্ম্মস্ববস্থিতঃ ॥ ২ ॥
শৌচাচারস্থিতঃ সম্যাগ্ বিষদাশী গুরুপ্রিয়ঃ।
নিত্যব্রতী সত্যপরঃ স বৈ ব্রাহ্মণ উচ্যতে ॥ ৩ ॥
সত্যদানমথাদ্রোহ আনৃশংশুং ত্রপা ঘ্লা।
তপশ্চ দৃশুতে যত্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ ॥ ৪ ॥
সর্ব্বভন্মবাতিনিত্যং সর্ব্ধশ্মকরে;২শুচিঃ।
তাক্তবেদস্থনাচারঃ স বৈ শৃক্ত ইতি স্মৃতঃ ॥ ৭ ॥

শৃক্তে চৈতন্তবেল্লক্ষ্যং দিজে তচ্চন বিশ্বতে। ন বৈ শৃদ্যো ভবেচ্ছূদ্যো বান্ধণো বান্ধণো ন চ ॥ ৮ ॥

ভরদ্বাজ বলিলেন,—হে দিজোত্তম, বিপ্রর্ষে, বাগ্মীশ্রেষ্ঠ, ব্রাহ্মণ কি প্রকারে হয় ? ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রই বা কি প্রকারে হয়, তাহা বলুন।

ভৃগু তহন্তরে বলিলেন,—যিনি জাতকর্মাদি সংস্কার-সমূহদ্বারা সংস্কৃত এবং শোচ-সম্পন্ন, বেদাধ্যয়ন-রত, যজন-যাজনাদি

ঘট্কর্মপরায়ণ, শোচাচারস্থিত, গুরুর সম্যুগ্ উচ্ছিষ্টভোজী,
গুরুপ্রিয়। নিত্যব্রতপরায়ণ, সত্যনিষ্ঠ, তাঁহাকেই 'ব্রাহ্মণ' বলা
যায়।

সত্য, দান, অদ্রোহ, অনিষ্ঠুরতা, লজ্জা, দ্বণা এবং তপস্তা যে মানবে দৃষ্ট হয়, তিনিই 'ব্রাক্ষণ'।

সকল দ্রব্য-ভোজনে রতিবিশিষ্ট, সকল কণ্মকারী, অশুচি, ত্যক্তবেদধর্ম অনাচারী—এরূপ ব্যক্তিই 'শূদ্র' বলিয়া কথিত হয়।

শূদে যদি বিপ্র-লক্ষণ দেখা যায় এবং ব্রাহ্মণে যদি শূদ্র-লক্ষণ শূপলব্ধি হয়, তাহা হইলে শূদ্র 'শূদ্র'-বাচ্য হয় না এবং ব্রাহ্মণ 'ব্রাহ্মণ' হইতে পারে না।

বনপর্ব্ব ২১১ অধ্যায় তৃতীয় প্রমাণ—

শূদ্ৰযোনো হি জাতভ্য সদ্গুণাস্থপতিষ্ঠতঃ। বৈশ্যন্তং লভতে ব্ৰহ্মন্ ক্ষত্ৰিয়ন্তং তথৈব চ॥ ১১॥ আৰ্জ্জবে বৰ্ত্তমানন্ত ব্ৰাহ্মণ্যমভিজায়তে।

হে ব্রহ্মন্, শূদ্রযোনিতে জন্মগ্রহণ করিয়া যদি সদ্গুণ-সমূহ

তাহাতে বিরাজমান থাকে, তাহা হইলে বৈশ্যন্থ বা ক্ষত্রিয়ন্থ লাভ হয় এবং সরলতা-নামক গুণ থাকিলে ব্রাক্ষণতা হয়।

বনপৰ্বে ২১৫ অধ্যায় চতুৰ্থ প্ৰমাণ —

সাম্প্রতঞ্চ মতো মেহসি ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ।
ব্রাহ্মণঃ পতনীয়েষু বর্ত্তমানো বিকর্মন্ত্র ॥
দান্তিকো তুষ্কতঃ প্রাক্তঃ শৃদ্রেণ সদৃশো ভবেৎ।
যস্ত শৃদ্রো দমে সত্যে ধর্মে চ সততোখিতঃ।
তং ব্রাহ্মণমহং মন্তে বৃত্তেন হি ভবেন্দ্রিজঃ॥

ব্রাক্ষণ ধর্মব্যাধকে কহিলেন,—আমার বিধেচনায় তুমি
সম্প্রতিও ব্রাক্ষণ, ইহাতে সংশ্য় নাই। কারণ, যে ব্রাক্ষণ দাস্তিক
ও বহুল ফুকার্য্যবায়ণ হইয়া পতনীয় অসৎকর্মে লিপ্ত থাকে, সে
শূদ্রতুল্য; আর যে শৃদ্র ইন্দ্রিয়-নিগ্রহ, সত্য ও ধর্মবিষয়ে সত্ত উত্তমবিশিষ্ট, তাহাকেই আমি 'ব্রাক্ষণ' বলিয়া বিবেচনা করি;
কেননা, ব্রাক্ষণ হইবার কারণ একমাত্র সচ্চরিত্রতা।

শান্তিপর্ব্ব ৩১৮ অধ্যায় পঞ্চম প্রমাণ—

সর্ব্বে বর্ণা ব্রাহ্মণা ব্রহ্মজাশ্চ।
ব্রহ্মান্ততো ব্রাহ্মণাঃ সম্প্রস্কাঃ।
বাহুত্যাঃ বৈ ক্ষব্রিয়াঃ সম্প্রস্কাঃ।
নাত্যাং বৈশ্যাঃ পাদতশ্চাপি শূজাঃ।
সর্ব্বে বর্ণা নাগ্রথা বেদিতব্যাঃ॥ ৯০॥
তৎস্থো ব্রহ্মা তস্থিবাংশ্চাপরো যস্তুম্মে নিত্যং মোক্ষমাহুর্নব্রেক্ত॥ ৯২॥

সকল বর্ণ ই ব্রাহ্মণ, যেহেতু ব্রহ্মা হইতে সকলেই উৎপন্ন হইয়াছেন। ব্রহ্মার মুখ হইতে ব্রাহ্মণ, বাহুদ্ম হইতে ক্ষত্রিয়, নাভি হইতে বৈশ্য, পাদ হইতে শূদ্র। সকল বর্ণকে অন্যথা জানিবে না। যিনি জ্ঞাননিষ্ঠ, তিনিই ব্রাহ্মণ; অতএব হে নরেন্দ্র, যে ব্রাহ্মণ বা ক্ষত্রিয় জ্ঞান লাভ করিয়াছেন, তাঁহারই নিমিত্ত ধৃই মোক্ষশান্ত্র নিত্যসিদ্ধ,—ইহাই প্রাচীন পণ্ডিতগণ বলেন। টীকা-কার নীলকণ্ঠ বলেন,—

"তৎস্থে জ্ঞাননিষ্ঠো যঃ স এব ব্রহ্মা ব্রাহ্মণঃ। অপরো ক্ষত্রিয়াদিরপি তক্ষে তস্থিবান।"

বনপর্বব ১৮০ অধ্যায় ষষ্ঠ প্রমাণ-

দর্শ উবাচ
ব্রাহ্মণঃ কো ভবেজাজন্ বেলং কিঞ্চ যুধিষ্ঠির।
ব্রবীস্থাতিমতিং স্বাং হি বাকৈয়রন্থমিমীমহে ॥
যুধিষ্ঠির উবাচ
সত্যং দানং ক্ষমা শীলমানৃশংস্থাং তপো ঘূণা।
দৃশুস্তে যত্র নাগেক্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ ॥ ২১॥
সর্প উবাচ
শুদ্রেম্বপি চ সত্যঞ্চ দানমক্রোধ এব চ।
আনৃশংস্থমহিংসা চ ঘূণা চৈব যুধিষ্ঠির ॥ ২৩॥
যুধিষ্ঠির উবাচ
শুদ্রে তু যন্তবেল্লজ্ম দিজে তচ্চ ন বিহাতে।
ন বৈ শুলো ভবেচ্ছুল্যে ব্রাহ্মণো ন চ ব্রাহ্মণঃ ॥
যব্রত্রক্ষয়তে সর্প বৃত্তং স ব্রাহ্মণঃ স্মৃতঃ।

যত্রৈতন্ন ভবেৎ সর্প তং শূদ্রমিতি নির্দ্ধিশেৎ॥

সর্প কহিলেন,—হে যুধিষ্ঠির, কে ব্রাহ্মণ এবং বেছাই বা কি ? আপনি অতি বৃদ্ধিমান্, আপনার বাক্য-দারা আমরা অনুমান করিব।

যুধিষ্ঠির বলিলেন,—যে মানবে সত্য, দান, ক্ষমা, শীল, অনিষ্ঠুরতা, তপস্থা ও স্থাা দেখিতে পাওয়া যায়, তিনিই 'ব্রাহ্মণ' বলিয়া কথিত হন ৷

সর্প বলিলেন,—হে যুধিষ্ঠির, শৃদ্রেও ত' সত্য, দান, অক্রোধ, আনৃশংস্থা, অহিংসা ও ঘুণা থাকে।

তত্নতারে যুধিষ্ঠির কহিলেন,—শৃদ্রে যদি তাদৃশ ভাব লক্ষিত হয়, তাহা হইলে সেই শৃদ্র ক্থনই 'শৃদ্র' হয় না; ব্রাক্ষণে যদি ব্রাক্ষণ-লক্ষণ না থাকে, তাহা হইলে তিনিও 'ব্রাক্ষণ' হন না।

হে সর্প, গাঁহার ব্রাহ্মণ-স্বভাব দেখা যাইবে, তিনিই 'ব্রাহ্মণ' বলিয়া কথিত। ব্রাহ্মণ-স্বভাব না থাকিলে তিনি শুদ্র।

মহাভারতের পৃথক্ পৃথক্ ছয়্টী স্থান হইতে যে-সকল প্রমাণ উদ্ধৃত হইল, তাহাতে স্পষ্টই বলা যাইতে পারে যে, শৌক্র-বিচার অপেক্ষা না করিয়া সরলতা ও ব্রহ্মস্বভাব হইতে সাবিত্র্য বা দৈক্ষ্য ব্রাক্ষণ-জন্ম অপ্রতিহতভাবে স্বীকার্য্য। শৌক্র-বিচারে সামাজিক যৌন ব্যাপার ও ভোজনাদি ব্যাপারের সমন্বয়। কিন্তু সাবিত্র্য-ব্রাক্ষণ-জন্মে ঐগুলি শৌক্র-জন্মের বিরোধী নহে। ব্রাক্ষণোচিত যাবতীয় পারমার্থিক ক্রিয়া-সমূহ নির্ব্বিবাদে সমাধা হইবার কোন ব্যাঘাত দেখা যায় না। শৌক্রব্রাক্ষণ-জন্মের

প্রতিকূলে এই সকল প্রমাণ শাস্ত্রসিদ্ধ এবং অন্থায় তর্ক-দ্বারা অধণ্ডনীয়। শ্রীব্যাসদেবকে অতিক্রম করিয়া শ্রোক্র-বিচারের পক্ষীয় ধর্মশাস্ত্রসকল ইহার বিরোধী নহে। ধর্মশাস্ত্র অপেক্ষা শ্রীমহাভারত-প্রমাণ অধিক প্রয়োজনীয় এবং মান্য। ধর্ম-শাস্ত্র-প্রমাণ কেবল আদেশ-মাত্র, কিন্তু কার্য্যে পরিণত-ব্যাপার শ্রীমহাভারতেই পাওয়া যায়। যদি কেহ ইহার বিরোধ করেন, তাহা হইলে তিনি জগতের অশুভকর্ত্তা বলিয়া নিজকে প্রতিপাদন করিবেন মাত্র।

বেদশাস্ত্র ও মহাভারত যেরপে ব্রহ্মস্বভাব-বিশিষ্ট অশোক্র ব্রাহ্মণকে নিজ-যোগ্যতাক্রমে সাবিত্র্য ব্রাহ্মণতার অধিকারী জানাইয়াছেন, সর্ব্বশাস্ত্র-শিরোমণি, বেদের প্রপক্ষলস্বরূপ, পারমহংস্ত-সংহিতা শ্রীমন্তাগবতগ্রন্থভূসেই মতের নির্ভীক ও নিরপেক্ষ পোষণকর্ত্তা।

শ্রীমন্তাগবত ৭ম স্বন্ধ ১১শ অধ্যায়ের—৫, ২২-২৪ ও <u>১২</u> শ্লোকে বর্ণিত আছে,—

শমো দমন্তপঃ শৌচং সন্তোহঃ ক্লান্তিরার্জবম্।
জ্ঞানং দয়াচ্যতাত্মত্বং সত্যঞ্চ ব্রহ্মলকণম্॥
শৌর্যাং বীর্যাং ধৃতিন্তেজন্ত্যাগশ্চাত্মজনঃ ক্ষমা।
ব্রহ্মণ্যতা প্রদাদশ্চ সত্যঞ্চ ক্ষত্রলক্ষণম্॥
শেবপ্তর্মচ্যতে ভক্তিব্রিবর্গসিরিপোষণম্।
আন্তিক্যমুগ্তমো নিত্যং নৈপুণ্যং নৈশুলক্ষণম্॥
শূদ্রশ্ব সমতিঃ শৌচং সেবা স্থামিক্তমারয়া।
অমন্ত্রয়ে হতেয়ং সত্যং গৌবিপ্রব্রক্ষণম্॥

যন্ত যল্লকণং প্ৰোক্তং প্ংসো বৰ্ণাভিব্যঞ্জকম্। যদক্তত্ৰাপি দৃশ্যেত তত্তেনৈব বিনিৰ্দ্দিশেৎ ॥

যিনি শাস্ত, দান্ত, তপস্বী, শুদ্ধাচারী, সন্তুফটিত্ত, ক্ষমা-বিশিফ, সরলতাপূর্ণ, জ্ঞানী, দয়ালু, অচ্যুতাত্মা, সত্যুর্ত, তিনি ব্রকালকণ-বিশিষ্ট ব্রাক্ষাণ।

শোষ্যা, বীষ্যা, ধৃতি, তেজ, ত্যাগ, জিতেন্দ্রিয়ত্ব, ক্ষমা, ব্হুমাণ্যতা, প্রসাদ এবং সত্য,—এই লক্ষ্ণগুলি ক্ষত্র-লক্ষণ।

বৈশ্যের লক্ষণ—দেব-গুরু-ভগবানে ভক্তি, ত্রিবর্গ-পরিপোষণ, আস্তিক্য, নিত্য উগ্তম ও <u>নৈপুণ্য</u>।

শূদ্রের লক্ষণ—সাধুদিগের নতি, শৌচ, নিঙ্কপটে প্রভুর সেবা, মন্ত্রহীনতা, যজ্ঞহীনতা, অচোর্য্য, সত্য ও গো-বিপ্রে<u>র রক্ষা</u>।

পুরুষের বর্ণপ্রকাশকারী যাহার যে লক্ষণ পূর্ব্বে উক্ত হইল, তাহা শৌক্রমাত্রবিচারপর ব্রাক্ষণাদি-চতুষ্টয়-জন্মলাভ-ব্যতিরেকেও অবংশ-ব্রাক্ষণাদি কোন ব্যক্তিতে লক্ষিত হইলে অন্য জন্ম সত্তেও তাহাকে তত্ত্বর্ণ বলিয়া নির্দ্দেশ করিবে।

যদিও আমরা মহাভারতের ছয়টী ভিন্ন ভিন্ন স্থান হইতে সর্ববর্ণে জাত ব্যক্তির সাবিত্র্য-ব্রাহ্মণতা-লাভের প্রমাণ উদ্ধার করিয়াছি এবং শ্রীমন্ত্রাগবত-প্রমাণ-দ্রারা উহার পুষ্টি লক্ষ্য করিতেছি, তথাপি মহাভারত অনুশাসন-পর্বের ১৬৩ অধ্যায়ে বর্ণিত উমা-মহেশর-সংবাদে নিম্নস্থ উদ্ধৃত (৫, ৮, ২৬, ৪৬, ৪৮-৫১, ৫৯) শ্লোকাবলী আমাদিগকে আরও প্রমাণ-বিষয়ে দৃঢ় করিতেছে—

## বিশেষ প্রমাণ

শ্ৰীউমা উবাচ

এতমে সংশয়ং দেব বদ ভূতপতেইন্য। ত্ৰয়ো ৰগাঃ প্ৰক্ৰত্যেহ কথং ব্ৰাহ্মণ্যমাপুষ্ণুঃ॥

মহেশ্বর উবাচ

স্থিতে। ব্ৰাহ্মণথৰ্শ্মণ ব্ৰাহ্মণ্যমুপজীবতি। ক্ষত্রিয়ো বাহ্**থ বৈখ্যো** বা ব্রহ্মভূয়ঃ স গচ্ছতি॥ এভিন্ত কর্মভির্দেবি শুভৈরাচরিতৈত্তথা। শুদ্রো ব্রাহ্মণতাং যাতি বৈশ্যঃ ক্ষত্রিয়তাং ব্রজেৎ ॥ এতৈঃ কর্মফলৈর্দেবি ন্যুনজাতিকুলোছবং। **শূদ্রো২প্যাগমদম্পন্নো দ্বিজো** ভব**তি সংস্কৃতঃ**॥ কন্মতি: শুচিভির্দেবি শুদ্ধাত্মা বিজিতেক্রিয়:। **শু**দ্রোহপি দিজবৎ দেবা ইতি ব্রহ্মাব্রবীৎ স্বয়**স্**॥ স্বভাবঃ কর্ম্ম চ শুভং যত্র শৃদ্রেহপি তিষ্ঠতি। বিশিষ্ট: স দ্বিজাতেকৈ বিজ্ঞেয় ইতি মে মতি:॥ ন যোনির্নাপি সংস্কারো ন শ্রুতং ন চ সম্ভতিঃ। কারণানি দিজত্বস্ত বুত্রমেব তু কারণম। সর্বোহয়ং ব্রাহ্মণো লোকে বুজেন তু বিধীয়তে। বৃত্তে স্থিতস্ত শৃদ্ৰোহপি ব্ৰাহ্মণত্বং নিয়চ্ছতি॥ এতত্তে গুহুমাখ্যাতং যথা শূদ্ৰো ভবেদ্বিজ্ঞঃ। ব্ৰাহ্মণো বা চ্যুতো ধৰ্মাদ্ যথা শূদ্ৰসমাপ্নুয়াৎ॥

উমা বলিলেন,—হে দেব, ভূতপতে অন্ঘ, তিন বৰ্ণ অৰ্থাছ

ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র কি প্রকারে নিজ-স্বভাব-দারা ব্রাহ্মণতা লাভ করিবেনু, এই বিষয়ে আমার সংশয় উপস্থিত <u>হইয়া</u>ছে।

মহেশ্বর তত্ত্তরে কহিলেন,—ক্ষত্রিয় অথবা বৈশ্য যছপি ব্রাক্ষণাচারে অবস্থিত হইয়া ব্রহ্মবৃত্তি-জীবিকায় দিন্যাপন করেন, তাহা হইলে তাদৃশাচরণকারী ব্রাহ্মণতা লাভ করিতে পারেন।

হে দেবি, এই সকল আচরিত শুভ কর্ম্মবারা শুদ্র ব্রাহ্মণত্ত লাভ করেন এবং বৈশ্যও ক্ষজ্রিয় হইয়া থাকেন।

নিমকুলোন্তব শূত্রও এই সকল কর্মফলদারা ও আগমসম্পন্ন হইয়া অর্থাৎ পাঞ্চরাত্রিক-দাক্ষা লাভ করিয়া দিজত্ব লাভ করেন।

হে দেবি, বিশুদ্ধ কর্মঘারা শুদ্ধাত্মা বিশ্বিতেন্দ্রিয় শূদ্রও দিক্ষের স্থায় সেব্য,—ইহা স্বয়ং ব্রহ্মা বলিয়াছেন।

যে শূদ্রে শুভকর্ম ও সৎস্বভাব দৃষ্ট হয়, তাঁহাকে বিজ-জাতি অপেক্ষা বিশিষ্ট জানিতে হইবে,—ইহাই আমার বিচার।

জন্ম, সংস্কার, বেদাধ্যয়ন ও সন্ততি—দ্বিজত্বের কারণ নহে; বৃত্তই একমাত্র কারণ।

স্থভাবক্রমেই পৃথিবীতে ব্রাহ্মণ-বিধান হইয়া থাকে। শূদ্রও ব্রাহ্মণ-বৃত্তিতে অবস্থিত হইলে ব্রাহ্মণত্ব লাভ করেন।

যে-প্রকারে শোক্র-বিচারে সিদ্ধ শূদ্র ব্রাহ্মণ হন এবং শোক্র-বিচারে ব্রাহ্মণবংশে জাত ব্যক্তি যে-প্রকার ধর্ম হইতে চ্যুত হইয়া শূদ্রতা লাভ করেন, সেই গোপনীয় কথা ভোমার নিকট বলিলাম। বৃদ্ধানুত্রের প্রথম অধ্যায়ের তৃতীয় পাদের ৩৭ সূত্রে,—
"তদভাবনির্দ্ধারণে চ প্রবৃত্তেঃ।"

পূর্ণপ্রজ্ঞ আনন্দতীর্থ নিজ-ভায়ে জাবালের সম্বন্ধেও ছান্দোগ্য-আখ্যায়িকাবলম্বনে এরূপ লিখিয়াছেন—

"নাহমেতদ্ বেদ ভো বলেগাত্রোহমন্মীতি সত্যবচনেন সত্যকামশ্র শুদ্রাথা-ভাবনির্দ্ধারণে হারিক্রমতশ্র ন এতদ্ অব্রাহ্মণো বিবক্ত মুর্যহতীতি তৎ-সংস্কারে প্রব্যক্তেশ্চ ।''

সত্যকাম জাবালার শৌক্র বিপ্রত্বের প্রমাণ না থাকিলেও সভ্যবাক্য-ঘারা গৌতম ঋষি তাহাকে ব্রাহ্মণ-সংস্কার-প্রাদানে প্রবৃত্ত হইলেন।

ছান্দোগ্য-মাধ্বভাগ্তে

আৰ্জ্জবং ব্ৰাহ্মণে সাক্ষাৎ শ্জোহনাৰ্জ্জবলক্ষণঃ । গোতমস্থিতি বিজ্ঞায় সত্যকামমুপানয়ৎ ॥

( সামসংহিতা-বাকা )

সামসংহিতায় লিখিত আছে যে, ব্রাহ্মণে সাক্ষাৎ সরলতা এবং শূদ্রে সাক্ষাৎ কুটিলতা। গৌতম ইহা জানিয়াই সত্যকামকে উপনয়ন বা সাবিত্র্য-সংস্কার দিয়া দ্বিজোত্তম করিলেন।

আবার ক্ষত্রিয় মান্ধাতার বংশে ত্রিবন্ধন জন্মগ্রহণ করেন। তাঁহার পুত্র ত্রিশঙ্কু। ত্রিশঙ্কু ক্লত্রিয় হইতে চণ্ডালত্ব লাভ করেন। ভাগবত ৯ম স্কন্ধ ৭ম অধ্যায় ৫ম শ্লোক—

তত্ত সত্যব্রতঃ পুত্রস্ত্রিশঙ্কুরিতি বিশ্রুতঃ। প্রাপ্তকাণ্ডালতাং শাপালাুরোঃ কৌশিকতেজসা॥ ছান্দোগ্যোপনিষদের চতুর্থ প্রপাঠকস্থ দিতীয়খণ্ডে পৌত্রায়ণ-আখ্যায়িকায় লিখিত আছে, শূদ্রবংশে জাত না হইয়াও তাহার শূদ্রত্ব প্রতিপন্ন হইল।

ব্রহ্মসূত্র প্রথম অধ্যায় তৃতীয় পাদ চতুস্ত্রিংশৎ সূত্র— "শুগল্প তদনাদরশ্রবণাৎ তদাদ্রবণাৎ স্চ্যতে হি।" পূর্ণপ্রাক্তদর্শনে মাধ্বভাষ্যে—

"নাসে পৌতায়ণঃ শৃতঃ। শুচাদ্বণমেব হি শৃত্তয়ম্। কম্বরএণ-মেতৎ সন্তমিত্যনাদরশ্রবণাৎ। সহসং জিহান এব ক্ষতারম্বাচেতি স্ফাতে হি।"

আনন্দতীর্থ মধ্বাচার্য্যকৃত ছান্দোগ্য-ভায়্যে—

"শুচাত্রবণাচ্ছুত্রঃ। রাজা পৌত্রায়ণঃ শোকাচ্ছুত্রেতি মুনিনোদিতঃ। প্রাণবিস্থামবাপ্যাম্মাৎ পরং ধর্মমবাপ্তবান্ ইতি পালে॥"

শোক-দারা যিনি দ্রবীভূত, তিনিই শূদ্র। শ্রীপদ্মপুরাণে লিখিত হইয়াছে যে, রাজা পৌত্রায়ণ ক্ষত্রিয় হইলেও শোকের বশবর্তী হওয়ায় রৈকমুনি-কর্তৃক 'শূদ্র' বলিয়া কথিত হইয়াছেন। এই রৈকমুনি হইতে প্রাণবিদ্যা লাভ করিয়া তিনি পরম ধর্ম প্রাপ্ত হইয়াছেন।

আবার--

"ক্ষত্রিয়ত্বাবগতেশ্চোত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ"

এই মাধ্বভায়্যে (৩৫ সূত্রে )—

"অরং অশ্বতরীরথ ইতি চিত্ররথ-সম্বন্ধিত্বেন লিঙ্গেন পৌত্রারণশু ক্ষত্রিয়ত্বাবগতেশ্চ। রথস্বশ্বতরীযুক্তশ্চিত্র ইত্যভিধীয়ত ইতি ব্রাক্ষো" "যত্র বেদো রথস্তত্র ন বেদো যত্র নো রথ ইতি চ ব্রন্ধবৈবর্তে॥" 'এই ষে অশ্বতরীযুক্ত' রথ,—এই চিত্ররথ-সম্বন্ধী চিহ্ন-দারাই পোত্রায়ণের ক্ষত্রিয়ন্থোপলন্ধি ব্রহ্মপুরাণে লিখিত আছে। রথে অশ্বতরী-সংযোগে 'চিত্র' আখ্যা হইয়াছে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণ-মতে—যেখানে বেদ, তথায় রথ, যেখানে বেদ নাই, রথও সেখানে নাই। চৈত্ররথ-চিহ্নদর্শনে উত্তরত্র ক্ষত্রিয়ন্থের উপলব্ধি। এই সকল বৈদিক আখ্যায়িকা হইতে জানা যায় যে, লক্ষণ-দর্শনে বর্ণজ্ঞানের অভিব্যক্তি হইয়া থাকে।

কেবল মন্থতনয় পৃষ্ধ ক্ষত্রিয় হইলেও অজ্ঞাত গোবধ-ক্ষন্ত শূদ্রত্ব লাভ করিলেন।

ভাগবত ৯ম স্কন্ধ ২য় অধ্যায় ৯ম শ্লোক—

ন ক্ষত্রবন্ধঃ শূদ্রস্বং কর্মণা ভবিতাহমুনা।

এবং শপ্তস্ত গুরুণা প্রত্যগৃহ্বাৎ কুতাঞ্জলিঃ॥

"এই কর্ম-দ্বারা তুমি ক্ষত্রবন্ধুও হইতে পারিবে না, শুদ্র হইবে"—গুরুকর্তৃক এবস্থিধ অভিশপ্ত হইলে তাহাই কৃতাঞ্জলি হইয়া পুষধ্র স্বীকার করিলেন।

মনুর তনয় দিষ্ট। ক্ষত্রিয় দিষ্টের স্থৃত নাভাগ বৈশ্যতা লাভ করেন। ভাগবত ৯ম স্কন্ধ ২য় অধ্যায় ২৩ শ্লোক—

নাভাগোরিষ্টপুত্রোহন্য কর্মণা বৈশ্বতাং গতঃ।

আবার তাঁহার অধস্তনগণ ক্রমশঃ ক্ষত্রিয়ত্ব লাভ করিয়াছেন। হরিবংশ ১০ম অধ্যায় ৩০ শ্লোক—

নাভাগোরিষ্টপুত্রশ্চ ক্ষত্রিয়া বৈশুতাং গতাঃ॥ নাভাগ এবং অরিফীত্মজ প্রভৃতি রাজগুগণ বৈশ্য হইলেন। কেবল শোক্রবর্ণ সংস্কার-দ্বারা প্রকৃত-প্রস্তাবে যথার্থতা লাভ করিয়াছে। লক্ষণ-দ্বারা বর্ণ-নির্দ্দেশই প্রাচীন ও বিচারযুক্ত শাস্ত্রমত। স্বার্থপরের নূতন কল্পনা নহে।

টীকা-কার নীলক্ষ্ঠ মহাভারত বনপর্বে ১৮০ অধাায় ২৫৷২৬ শোকের টীকায় স্পষ্টই লিখিয়াছেন,—

"শূদ্ৰলক্ষ কামাদিকং ন বান্ধণেহস্তি। নাপি বান্ধণলক্ষ শমাদিকং শূদ্ৰেহস্তি। শূদ্ৰোহপি শমাত্ব্যপেতো বান্ধণ এব। বান্ধণোহপি কামাত্ব্যপেতঃ শূদ্ৰ এব।"

শূদ্রের চিহ্ন কামাদি ব্রাহ্মণের নাই, থাকিতে পারে না। ব্রাহ্মণ-চিহ্ন শমাদি শূদ্রে নাই, থাকিবার সম্ভাবনা নাই। শমাদি-গুণ-বিশিষ্ট শূদ্রবাচ্য মানব নিশ্চয়ই ব্রাহ্মণ। কামাদি-যুক্ত বিপ্র-পদবাচ্য মানব নিশ্চয়ই শূদ্র।

টীকা-কার শ্রীধরস্বামিপাদও ভাগবত ৭ম স্কন্ধ ১১শ অঃ ৩৫শ শ্লোকের টীকায় উপরি-উক্ত মত স্পষ্ট করিয়া বলিয়াছেন,—

''শমাদিভিরেব ব্রাহ্মণাদিব্যবহারো মুখ্যো ন জ্বাতি মাত্রাদিত্যাহ্ব যভেতি—যদ্ যদি অন্তত্র বর্ণাস্তরেহিপি দৃশ্যেত তদ্বণাস্তরং তেনৈব লক্ষণ-নিমিত্তেনৈব বর্ণেন বিনির্দিশেৎ নতু জ্বাতিনিমিত্তেনেত্যর্থঃ॥''

শমাদি-গুণ-দর্শন-ঘারা ব্রাহ্মণাদি বর্ণ স্থির করাই প্রধান ব্যবহার। সাধারণতঃ জাতি-ঘারা যে ব্রাহ্মণত্ব নিরূপিত হয়, কেবল তাহাই নহে। যদি শোক্রবিচার-নির্দিষ্ট ব্রাহ্মণ ব্যতীত শোক্রবিচারে অব্রাহ্মণে অর্থাৎ ব্রাহ্মণ-সংজ্ঞা যাঁহার নাই, এরপ ব্যক্তিতে শমাদি গুণ দৃষ্ট হয়, তাহা হইলে তাহাকে জাতি-নিমিত্তে বাধ্য না করিয়া লক্ষণ-দারা বর্ণ-নিরূপণ করিবে।

শোক্র-বিচারে বাক্ষণ-জন্ম না পাইয়া অনেকেই সাবিত্র্যুজন্ম
দারা বিপ্রতা লাভ করিয়াছেন। তাহার অসংখ্য আখ্যায়িকা
ভারতের ইতির্ত্ত-পাঠকগণের জানা আছে। বাক্ষণত্ব লাভ

হইবার পরে তাঁহাদের অধস্তনগণ পুনরায় শোক্রপারম্পর্য্যে
বাক্ষণ বলিয়া পরিচিত হইয়াছেন। এতাদৃশ বাক্ষণ-সন্তানগণের

দারা আজ ভারতবর্ষ পরিপূর্ণ। লক্ষণবিশিষ্ট সাবিত্র্য-সংস্কারপ্রভাবে বাক্ষণত্ব হইবার পর শোক্র-বিচারে বাক্ষণত্ব-নির্দেশ

যেরপ হয়, তাঁহারা সেই শোণিতে স্থান-লাভ করিয়াছেন। তবে

সম্প্রতি সমাজ-বন্ধন বিকৃত হওয়ায় শোক্রেতর সাবিত্য-বাক্ষণবংশের বহুল প্রচার নাই।

আমরা জানিতাম, বারাণসীর কোন অদিতীয় বিদ্বরেণ্য চতুর্থাশ্রমী যতিরাজ, যাঁহার নাম ভারতবর্ষের সকল বিশ্বৎসমাজে সবিশেষ সম্মান লাভ করিয়াছে, তাঁহার জনৈক শিয়ের ব্রাহ্মণ-গুণ-দর্শনে ব্রাহ্মণ-সংস্কার দিয়াছিলেন। সাবিত্র-সংস্কার-প্রভাবে তিনি গুরুদেবের নামের সহিত তাঁহার ব্রাহ্মণসংস্কার-প্রাপ্তির কথা প্রকাশ করিয়াছেন।

শাস্ত্রের মধ্যে যে-সকল ব্রাহ্মণেতর বংশজাত মনীষির্ন্দ নিজ-নিজ ব্রহ্মপ্রভাব-বলে স্বীয় সংস্কার-গ্রহণ এবং অধস্তন সন্ততিবর্গে বিপ্রতা প্রদান করিয়াছেন, তাহার একটী অসম্পূর্ণ তালিকা এখানে প্রদর্শন করিতেছি— চন্দ্রবংশীয় কুশিকস্থত—গাধি। কান্সকুজাধিপতি গাধির তনয় বিশ্বামিত্র ক্ষত্রিয় হইয়া তপস্থাবলে ব্রাহ্মণ হইয়াছিলেন।

মহাভারত আদিপর্ব্ব ১৭৫ অধ্যায়—

বিশ্বামিত্র উবাচ

ক্তিয়োহহং ভবান্ বিপ্রস্তপঃ স্বাধ্যায়সাধনঃ।
স্বধর্মং ন প্রহান্তামি নেয়ামি চ বলেন গাম্।
ধিগ্বলং ক্তিয়বলং ব্রহ্মতেজোবলং বলম্।
বলাবলং বিনিশ্চিত্য তপ এব পরং বলম্॥
ততাপ সর্বান্ দীপ্রোজাঃ ব্রাহ্মণাত্মবাপ্রবান্।

বিশ্বামিত্র বশিষ্ঠকে কহিলেন,—"আপনি ব্রাহ্মণ—তপস্থা, বেদপাঠ প্রভৃতি সাধন-বিশিষ্ট। আমি ক্ষত্রিয়, স্কৃতরাং স্বধর্মাচরণবলে নন্দিনী-গাভীকে ছাড়িয়া যাইব না, বলপূর্বক লইয়া যাইব।" পরে তিনি পরাজিত হইয়া 'ক্ষত্রিয়-বল ধিক্, ব্রহ্মতেজাবলই বল,'—এরপ বলাবল নির্ণয় করিয়া তপস্থাই পরম বল স্থির করিলেন। দীপ্তিবিশিষ্ট বিশ্বামিত্র মহাশয় সকল তপস্থা সাধন করিয়া ব্রাহ্মণত্ব লাভ করিলেন।

ক্ষত্রিয়-কুলোন্তব মহারাজ বীতহব্য কি প্রকারে বাক্ষণ হইয়াছিলেন, তাহার উপাথ্যান মহাভারত অনুশাসন-পর্বব ৩০শ অধ্যায়ে বর্ণিত আছে,—

> এবং বিপ্রত্বসগমদ্বীতহব্যো নরাধিপঃ। ভূগোঃ প্রসাদাদ্ রাজেন্দ্র ক্ষত্রিয়ং ক্ষত্রিয়র্ধভ।

তশু গৃৎসমদঃ পুত্রো রূপেণেক্স ইবাপরঃ।
স ব্রহ্মচারী বিপ্রার্থিঃ শ্রীমান্ গৃৎসমদোহতবং ॥
পুত্রো গৃৎসমদশাপি সুচেতাঅভবদ্ধির ।
বর্চাঃ (স্বতেজসঃ) সুচেতসঃ পুত্রো বিহব্যস্তশু চাত্মজঃ।
বিহব্যস্ত তু পুত্রস্ত বিতত্যস্তশু চাত্মজঃ।
বিতত্যশু স্বতঃ সত্যঃ সন্তঃ সত্যশু চাত্মজঃ॥
শ্রবাস্তশু স্বতঃ প্রতঃ প্রকাশিত্তবন্ধা দিলসভ্রমঃ।
তমসশ্চ প্রকাশেহত্ত্তনয়ো দিলসভ্রমঃ।
প্রকাশশু চ বাগিল্রো বভূব জয়তাং বরঃ।
তথ্যাত্মজশ্চ প্রমিতির্বেদ-বেদাসপারগঃ॥
ফ্বাচ্যাং তশু পুত্রস্ত ক্রন্থামোদপশ্বত।
প্রমন্ধরায়ান্ত ক্রেরাঃ পুত্রঃ সমুদ্পশ্বত।
শুনকো নাম বিপ্রবিধ্য পুত্রোহ্প শৌনকঃ॥

রাজা বীতহব্য এই প্রকারে ব্রাক্ষণত্ব লাভ করিলেন। হে ক্ষত্রিয়র্বভ রাজেন্দ্র, বীতহব্য ক্ষত্রিয় ইইয়াও ভৃগুর প্রসাদে বিপ্র ইইলেন। তাঁহার আত্মজ গৃৎসমদ, রূপে অপর ইন্দ্রের তুল্য। তিনি ব্রক্ষাচারী ও বিপ্রার্ঘ হইয়াছিলেন। গৃৎসমদের তনয় স্থাচতা বিপ্র ইইয়াছিলেন। স্চেতার তয়ন বর্চাঃ, তাঁহার আত্মজ বিহব্য, তৎস্বত বিতত্য, তৎস্বত সত্য, তৎস্বত সন্ত, তৎস্বত অমান কর্মান্তর তম, তৎস্বত বিজসত্তম প্রকাশ, তৎস্বত বাগিন্দ্র, তৎস্বত তম, তৎস্বত বিজসত্তম প্রকাশ, তৎস্বত বাগিন্দ্র, তৎস্বত বেদ-বেদাঙ্গ-পারগ প্রমিতি। মৃতাচীর গর্ভে প্রমিতির তনয় রুক্ জন্মগ্রহণ করেন। প্রমন্থরার গর্ভে করুর শুনক নামক বিপ্রার্ঘ তনয় হয় এবং তাঁহার স্বতই শৌনক।

ইহাই গৃৎসমদবংশ। ভাগবতে বীতহব্যের এরূপ বংশ-প্রণালী দৃষ্ট হয়। মন্ত্র তনয় ইক্ষ্বাকু। ইক্ষ্বাকুর স্বত নিমি। ভাগবত ৯ম স্কন্ধ ১৩শ অধ্যায় ১, ১২-২৭ শ্লোক— নিমিরিক্ষাকুতন্যো বশিষ্ঠমর্তবিজম্।

> দেহং মমদ্বঃ স্ম নিমেঃ কুমারঃ সমজায়ত॥ জন্মনা জনকঃ সোংভূদৈদেহস্ত বিদেহজঃ।

তস্মাহ্নাবস্থতত্ত্ব পুলোইভূরন্দিবর্দ্ধনঃ।
ততঃ স্থকেতৃত্তত্তাপি দেবরাতো মহীপতে।
তস্মাৎ রহদ্রথতত্ত্ব মহাবার্য্যঃ স্থংপিতা।
স্থুতেধৃ ষ্ঠকেতৃর্বৈ হর্যামোহথ মক্ততঃ ॥
মরোঃ প্রতীপকস্মাজাতঃ ক্বতরপো যতঃ।
দেবমীদৃত্তত্ব্ব পুলো বিশ্রতাহথ মহাধৃতিঃ॥
কৃতিরাতস্তত্ত্বসান্মহারোমা চ তৎস্তুতঃ।
স্থারোমা স্তস্তত্ত হ্রস্বরোমা ব্যজায়ত॥
ততঃ শিরধ্বজো জজ্ঞে যজ্ঞার্থং কর্ষতে মহীম্।
কুশধ্বজ্ঞ ভাতা ততো ধর্মধ্বজো নূপ॥
ধর্মধ্বজ্ঞ দ্বৌ পুলো কৃতধ্বজ্মতিধ্বজাং॥
কৃতধ্বজ্মতো রাজরাত্মবিভাবিশারদঃ।

তামুমাংস্কস্ত পু্লোহভূচ্চতদ্ব্যস্তস্ত তৎস্তঃ॥ শুচিস্ত তনম্বস্কাৎ সন্বাজঃ স্কৃতোহভবৎ।

উৰ্জ্জকেতুঃ সনদাজাদজোহথ পুৰুজিৎস্থতঃ॥ অরিষ্টনেমিস্তস্তাপি শ্রুতাযুস্তৎস্থপার্শ্বকঃ। ততশ্চিত্ররথো যভ্ত ক্ষেমাধিমিথিলাধিপঃ॥ তৃষ্যাৎ সমর্থস্কস্মতঃ স্তার্থস্ততঃ। আসীত্রপগুরুস্তমাত্রপগুপোঽগ্রিসস্তবঃ॥ বস্ত্ৰনস্তো হয় কৰা বৰ্ণা বংস্কু ভাষণঃ। শ্রুতত্ত জন্তস্মাৎ বিজন্মোহস্মাদৃতঃ সূতঃ॥ শুনকস্তংস্তা জজ্ঞে বীতহব্যো ধৃতিস্ততঃ। বহুলাখো ধতেওভা ক্লতিরভা মহাবশী॥ এতে বৈ মিথিল। রাজরাত্মবিত্মাবিশারনাঃ। যোগেধরপ্রদাদেন দ্বন্দ্যুক্তা গৃহেদ্বপি॥

বীতহব্যের বংশপরম্পর

১। বেকা, ২। মতু, ৩। ইক্ষাকু, ৪। নিমি, ৫। জনক, ৬। উদাবস্থ্র, ৭। নন্দিবর্দ্ধন, ৮। স্থকেতু, ৯। দেবরাত, ১০। বৃহদ্রথ, ১১। মহাবীর্য্য, ১২। স্থপ্ততি, ১৩। পুষ্টকেতু, ১৪। হর্যাশ, ১৫। মরু, ১৬। প্রতীপ, ১৭। কৃতর্থ, ১৮। দেবমীঢ়, ১৯। বিশ্রুত, ২০। মহাধৃতি, ২১। কূতরাত, ২২। মহারোমা, ২৩। স্বর্ণরোমা, ২৪। হ্রস্বরোমা, ২৫। শিরধ্বজ, ২৬। কুশধ্বজ, ২৭। ধর্মধ্বজ, ২৮। কৃতধ্বজ, ২৯। কেশিধ্বজ, ৩০। ভানুমান, ৩১। শতহান্ধ, ৩২। শুচি, ৩৩। সনদ্বাজ, ৩৪। উর্জ্জকেতু, ৩৫। পুরুঞ্জিৎ, ৩৬। অরিষ্টনেমি, ৩৭। শ্রুতায়ু, ७৮। सुभार्च, ७৯। চিত্ররত, ৪•। কেনাধি, ৪১। সমর্থ, ৪২। স্তার্থ, ৪০। উপগুরু, ৪৪। উপগুপ্ত, ৪৫। বস্থনন্ত,

৪৬। যযুর্বান্, ৪৭। স্থভাষণ, ৪৮। শ্রুত, ৪৯। জয়, ৫০। বিজয়, ৫১। ঋত, ৫২। শুনক, ৫৩। বীতহ্ব্য, ৫৪। ধৃতি, ৫৫। বহুলাশ, ৫৬। কৃতি। এই মৈথিল রাজগণ সকলেই আত্মবিছ্যাবিশারদ, যোগেশরের অনুগ্রহে সকলেই গৃহাবস্থিত হইয়াও দ্বন্দমুক্ত। মহাভারত-কথিত বীতহ্ব্যের গৃৎসমদ-ব্রাহ্মণ-শাখার কথা এখানে উল্লেখ নাই। বীতহ্ব্যকে শৌনক বলিয়া কথিত হইয়াছে।

মন্তুতনয় করুষ হইতে কারুষ ক্ষত্রিয়জাতি এবং তাঁহার ভ্রাতা ধৃষ্ট হইতে ধাষ্ট ক্ষত্রিয়গণ উৎপন্ন হইয়া ব্রাহ্মণতা লাভ করেন। যথা ভাগবত ৯ম ক্ষম ২য় অধ্যায় ১৬, ১৭ শ্লোক—

কর্ষান্ মানবাদাসন্ কারুষাঃ ক্রজাতয়ঃ।

ধৃষ্টাদ্ধাষ্ট মভূৎ ক্ষত্ৰং ব্ৰহ্মভূয়ং গতং ক্ষিতো।

শীধরস্বামী টীকায় 'ব্রহ্মভূয়ং' অর্থে 'ব্রাহ্মণত্ব' লিথিয়াছেন।
মন্তুতনয় নরিয়ান্ত হইতে দশম অধস্তন দেবদত্ত। ক্ষত্রিয় দেবদত্তের পুত্র অগ্নি-বেশ্যায়ন মহর্ষি ব্রাহ্মণ হইয়া ব্রাহ্মণবংশ উৎপন্ন করেন।

ভাগবত ৯ম ক্ষম ২য় অধ্যায় ১৯-২২ শ্লোক—
চিত্রসেনো নরিয়ন্তাদৃক্ত স্থতাংভবং।
তত্ম মীদ্বাংস্ততঃ পূর্ণ ইন্দ্রসেনস্ত তৎস্তঃ॥
বীতিহোত্রস্থিন্দ্রসেনাৎ তত্ম সত্যশ্রবা অভুং।
উক্ষশ্রবাঃ স্থতস্তত্ম দেবদত্তস্ততোংভবং॥
তত্যোংগ্রিবেশ্যে ভগবান্ অগ্নিঃ শ্বয়মভূৎ স্কুতঃ।

কানীন ইতি বিখ্যাতো জাতুকর্ণো মহানৃষিঃ॥ ততো ব্ৰহ্মকুলং জাত্মাগ্নিবেক্সায়নং নূপ্র।

১। নরিয়ান্ত, ২। চিত্রসেন, ৩। ঋক্ষ, ৪। মীঢ্বান্, ৫। পূর্ণ, ৬। ইন্দ্রসেন, ৭। বীতিহোত্র, ৮। সত্যশ্রবা, ৯। উরুশ্রবা, ১০। দেবদন্ত, ১১। অগ্নিবেশ্য। স্বয়ং অগ্নি দেবদন্ত-পুত্র অগ্নিবেশ্যরূপে উৎপন্ন হইয়া মহর্ষি কানীন ও জাতুকর্ণ-নামে প্রসিদ্ধি লাভ করেন। হে নৃপ, সেই অগ্নিবেশ্য হইতে সম্ভূত বাহ্মণকুল 'অগ্নিবেশ্যায়ন' নামে কীর্ত্তি হন।

চন্দ্রবংশের হোত্রক হইতে জহ্নুমূনি জন্মগ্রহণ করেন। ভাগবত ৯ম ক্ষম ১৫শ অধ্যায় ১-৪ শ্লোক—

ত্রলন্থ চোর্বনীগর্ভাৎ ষড়াসরাত্মজা নূপ।

আয়ুঃ ক্রুতায়ুঃ সত্যায়ুরয়োহ্থ বিজ্ঞা জয়ঃ।

ক্রুতায়েগরিস্থান্ পুত্রঃ সত্যায়োশ্চ ক্রুতপ্তরঃ।

রয়ন্ত স্তুত একশ্চ জয়ন্ত তনয়োহমিতঃ॥
ভীমন্ত বিজ্ঞাত্মথ কাঞ্চনো হোত্রকন্ততঃ।

তন্ত জক্ঃস্তুতো গঙ্গাং গণ্ডু যীকৃত্য যোহপিবৎ॥
জক্যেন্ত পুক্তভাথ বলাকশ্চাত্মজোহজকঃ।

ততঃ কুশঃ কুশভাপি কুশান্ত্তনয়ো বস্তঃ।
কুশনাভশ্চ চন্তারো গাধিরাসীৎ কুশান্ত্রঃ॥

১। চন্দ্র, ২।বুধ, ৩।পুরুরবা, ৪। আয়ু, শ্রুতায়ু, সত্যায়ু, রয়, বিজয় ও জয়। ৫। বিজয়ের পুত্র ভীম, ৬।কাঞ্চন, ৭।হোত্রক, ৮।জহ্নু, ৯।পুরু, ১০।বলাক, ১১।অজক, ১২।কুশ, ১৩।কুশাস্বুবাকৌশিক, ১৪।গাধি। চন্দ্রবংশীয় আয়ুরাজের পুত্র ক্ষত্রবৃদ্ধ। তাঁহার পুত্র স্থহোত্র, তাঁহার পুত্র গৃৎসমদ। গৃৎসমদ হইতে শুনক জন্মগ্রহণ করেন। তাঁহার পুত্র শোনক বহুবৃচপ্রবর মুনি হন। যথা ভাগবত ৯ম ক্ষম ১৭শ অধ্যায় ৩ শ্লোক—

> কাশ্যঃ কুশো গৃৎসমদ ইতি গৃৎসমদাদভূৎ। ভনকঃ শৌনকো যম্ম বহুব,চপ্রবরো মুনিঃ॥

চন্দ্রবংশীয় যথাতিরাঙ্গের কনিষ্ঠ পুত্র পুরুর বংশে কণ্ব্রুম্বি উৎপন্ন হন। তাঁহার পুত্র মেধাতিথি হইতে প্রস্কন্ধ ব্রাহ্মণবংশের উদয় হয়। যথা ভাগবত ৯ম ক্ষম ২০শ অধ্যায় ১-৭ শ্লোক—

> পূরোর্বংশং প্রবক্ষ্যামি যত্র যাতোহসি ভারত। যত্র রাজর্ষয়ে। বংখ্যা ব্রহ্মবংখ্যাশ্চ জজ্ঞিরে॥ জনমেজয়ো হুভূং পুরোঃ প্রচিষাংস্তংস্কৃতন্ত**ঃ।** প্রবীরোহথ মনুস্থারের তক্ষাচ্চারুপদেহিত্তবং॥ তম্ম সুত্বারভূৎ পুল্রস্তমাহহুগবস্থত: I সংযাতিস্ভাহংযাতী রৌদাশ্বস্থস্তঃ শ্বতঃ॥ খাতেমুক্তভা কক্ষেয়ঃ স্থানেয়ঃ ক্তেযুকঃ। জলেয়ুঃ স্নতেয়ুশ্চ ধর্ম্মসত্যব্রতেয়বঃ॥ দশৈতে২প্সরসঃ পুলা বনেয়ুশ্চাবমঃ স্মৃতঃ। ঘৃতাচ্যামিন্দ্রিয়াণীব মুখ্যস্ত জগদাত্মনঃ॥ ঋতেয়োরস্কিনাবোহভূৎ ত্রয়স্তস্থাত্মজা নূপ। সুমতিঞ্র বোহপ্রতিরথঃ কথোহপ্রতিরথাত্মজঃ॥ তম্ম মেধাতিথিস্তমাৎ প্রস্করান্তা দিজাতয়:। পুলো২ভূৎ স্থমতেরেভিঃ হুমান্তস্তৎস্কুতো মতঃ॥

হে ভারত, পূরুবংশ কীর্ত্তন করিতেছি। এই বংশে ভুমি জন্মিয়াছ। এই বংশে অনেক রাজর্ষি ও ব্রহ্মিষ্টি জন্মগ্রহণ করিয়াছেন,— ১। পূরু, ২। জনমেজয়, ৩। প্রচিয়ান্ ৪। প্রবীর, ৫। মনস্থা, ৬। চারুপদ, ৭। স্থায়, ৮। বহুগব। ৯। সংযাতি, ১০। অহংযাতি, ১১। রোদ্রাশ্ব, ১২। ঋতেয়, ১৩। অন্তিনাব, ১৪। অপ্রতিরথ, ১৫। কণ্ব, ১৬। মেধাতিথি, ১৭। প্রস্করাদিধিজ। সুমতি হইতে তাঁহার পুত্র হুমন্ত রাজা হইয়াছিলেন।

তৃষন্ত-পুত্র রাজা ভরতের অধস্তানের অভাব হইলে নরুদ্রণণ ভরদ্বাজকে দত্তপুত্র দিয়াছিলেন। ভরদ্বাজ বৃহস্পতির ঔরসে উতথ্য ঋষির পত্নী মমতার গর্ভ হইতে পতিত হইরা জন্মগ্রহণ করেন। এক্ষণে ভরতের দত্তপুত্র হইয়া বিতয়-নাম প্রাপ্ত হন। তাঁহার পুত্র মন্ত্যু, তৎপুত্র বৃহৎক্ষত্র, জয়, মহাবীর্য্যু, নর এবং গর্গ। নরের পুত্র সংকৃতি, তৎপুত্র গুরু এবং রন্তিদেব। গর্গ হইতে শিনি, তৎপুত্র গার্গ্য। ক্ষত্রিয় হইতে ব্রাক্ষণ উৎপন্ন হন। ভাগবত ৯ম ক্ষন্ধ ২১শ অধ্যায় ১৯-২১, ৩০, ৩১, ৩৩ শ্লোক—

গৰ্গাচ্ছিনিস্ততো গাৰ্গ্যঃ ক্ষত্ৰাৰু ক্ষ হাৰ্ক্ত ।

পুরিতক্ষয়ো মহাবীর্য্যান্তস্থ তাব্যাক্ষণিঃ কবিঃ ॥
পুঙ্গরাক্ষণিরিত্যত্র যে ব্রাক্ষণগতিং গতাঃ ।
বৃহৎক্ষত্রস্থ পুত্রোংভূদ্ধস্তী যদ্ধস্তিনাপুরম্ ।
অজমীঢ়ো দিমীঢ়শ্চ পুক্মীঢ়শ্চ হস্তিনঃ ॥
অজমীচ্য বংখাঃ স্থাঃ প্রিয়মেধাদয়ো দিজাঃ ॥

\*
নিলিক্সামজমীচ়ক্ত নীলঃ শাস্তিস্ত তৎস্তঃ ॥
শাস্তেঃ স্থাস্তিস্তংপুলঃ পুৰুজোহৰ্কস্ততোহ্ভবং ।
ভৰ্ম্যাশ্বনয়স্তক্ত পঞ্চানন্ মুদ্গলাদয়ঃ ॥

মুলালাদ্ব দ্বনির্ব্তং গোত্রং মৌলাল্যসংজ্ঞিতম্॥

মহাবীর্য্য হইতে তুরিতক্ষয় জন্ম লাভ করেন। তাঁহার তিন পুত্র যথা—ত্রয্যারুণি, কবি ও পুক্ষরারুণি। ইঁহারা ক্ষত্রিয় হইয়াও রাক্ষণত্ব লাভ করেন। বৃহৎক্ষত্রের পুত্র হস্তী, যাঁহা হইতে হস্তিনাপুর। হস্তীর পুত্র-ত্রয়—অজমীঢ়, বিমীঢ় ও পুরুমীঢ়। তন্মধ্যে অজমীঢ়ের বংশে প্রিয়মেধা প্রভৃতি রাক্ষণ-গণ উৎপন্ন হন। অজমীঢ়ের উরসে নলিনীর গর্ভে নীল। তৎপুত্র শান্তি, তৎপুত্র স্থশান্তি, তৎপুত্র পুরুজ, তৎপুত্র অর্ক। অর্কের পুত্র ভর্ম্যান্থ। তাঁহার মুদ্গলাদি পাঁচটি পুত্র। মুদ্গল হইতে মৌদগল্য-নামক রাক্ষণ-গোত্র নির্বৃত্ত হয়।

প্রিয়ত্তত-পুত্র নাভিরাজের ঋষভ-নামে এক পুত্র হয়।
ঋষভদেব দেবদত্তা ভার্য্যার গর্ভে একশত সন্তান উৎপন্ন করেন।
ভরত এবং তদীয় অনুজ নয়জন নয়টি বর্ষের রাজা হইলেন।
কবি, হবি প্রভৃতি ৯টি পুত্র নবযোগেন্দ্র হইয়া বৈষ্ণবন্ধ লাভ
করেন। অবশিষ্ট ৮১টি সন্তান ব্রাহ্মণ হইলেন।

ভাগবত ৫ম স্বন্ধ ৪র্থ অধ্যায় ১৩ শ্লোক—

"যবীয়াংস একাশীতির্জায়স্কেয়াঃ পিতৃরাদেশকরা মহাশালীনা মহা-শোত্রিয়া যজ্ঞশীলাঃ কর্মবিশুদ্ধা ব্রাহ্মণা বভূ॥" রাজার সর্বকনিষ্ঠ ৮১ জন পুত্র পিত্রাজ্ঞাপালনরত, মহা-শালী, মহাশ্রোত্রিয়, যজ্ঞশীল, কর্মবিশুদ্ধ ব্রাহ্মণ হইয়াছিলেন।

হরিবংশ ১১শ অধ্যায়---

নাভাগাদিষ্টপুত্রো দৌ বৈশ্যো ব্রাহ্মণতাং গতৌ।

নাভাগ এবং দিষ্টপুত্র,—এই বৈশ্যদ্বয় ব্রাহ্মণতা লাভ করিয়াছেন।

গৃৎসমদের স্বভাবান্তুসারে শৌনকাদি ব্রাহ্মণ-পুত্র এবং তথ্যতীত ক্ষত্রিয়, বৈশ্য ও শ্দ্র-পুত্র-সমূহ ছিল। যথা হরিবংশ ২৯শ অধ্যায়—

পুলো গৃৎসমদক্ষাপি শুনকো যক্ত শৌনকাঃ। ব্ৰাহ্মণাঃ ক্ষত্ৰিয়াকৈচৰ বৈখ্যাঃ শূদাস্তব্যৈব চ॥

টীকায় নীলকণ্ঠ বলেন,—''গৃৎসমদসস্ততৌ শুনকাদয়ো ব্রাহ্মণা অন্তে ক্ষত্রিয়াদয়শ্চ শূদ্রাস্তাঃ পুত্রা জাতাঃ।"

বলিরাজের পাঁচটা ক্ষত্রিয়পুত্র ব্যতীত ব্রাহ্মণ-বংশীয় সন্তান ছিল। যথা হরিবংশ ৩১শ অধ্যায়—

মহাযোগী দ তু বলির্বভূব নৃপতিঃ পুরা।
পুলামুংপাদয়ামাস পঞ্চ বংশকরান্ ভূবি।
অঙ্গঃ প্রথমতো জজ্ঞে বঙ্গঃ সুন্ধস্তথৈব চ।
পুঞ্ ঃ কলিঙ্গশ্চ তথা বালেয়াং ক্ষত্রমৃচ্যতে॥
বালেয়া বান্ধগাশ্চৈব তন্ত বংশকরা ভূবি।

মহর্ষি কশ্যপের পুত্রগণও ভিন্ন ভিন্ন স্বভাবক্রমে ভিন্ন ভিন্ন জাতি হইয়াছিলেন। ঐতিহ্য-গ্রন্থে তাহার ভূরি প্রমাণ দৃষ্ট হইবে। কেবল যে শোক্র-বিচারে নির্দ্দিষ্ট ব্রাহ্মণ ব্যতীত সাবিত্র্য বা বৃত্তব্রাহ্মণ তথা দৈক্ষ্য-বিপ্রের ব্রাহ্মণতা লাভ হয় না,—এরপ নহে। উদ্ধৃত প্রমাণসমূহ এই উক্তির যাথার্থ্য প্রতিপন্ন করিবে। শাস্ত্রালোচনার অভাবে স্বার্থপরতার প্রচণ্ডতায় সত্যসমূহ আবৃত থাকিলেও কালে অবশ্যই উদ্ঘাটিত ইইবে।

কলিকালে স্বার্থান্ধ-সমাজে অনেক সময় সত্যের মর্য্যাদা নাই, অযোগ্যতার পারিতোষিক দেখা যায়। যাহা হউক, এই সকল প্রমাণাদি দর্শন করিয়াও যদি কাহারও কেবল স্বার্থ হ্রাস হয়. তাহা হইলেও ইহা জগতে কিছু না কিছু মঙ্গল প্রসব করিবে। যোগ্য ব্রাহ্মণ-স্বভাব ব্যক্তিকে অযোগ্য সমাজ কখনই কোন দিনই নিজ কল্লিত যুক্ত্যাবরণে বাধা দিতে পারে না।

বৃদ্দত্রর ১ম অঃ ৩য় পাদের "অতএব চ নিত্যুত্বম্" এই
২৮শ সূত্রের ব্যাখ্যায় শ্রুতিনাক্যের নিত্যুত্ব ও দেবপ্রবাহের
নিত্যুত্ব দিদ্ধ হইয়াছে। ব্রাহ্মণগণ প্রত্যক্ষদেবতা হইলেও
তাঁহারা বিষ্ণুর নিত্যুদেবক! বাহ্মণগণের নিত্যুত্ত্ব বস্তুই
শ্রুতি। তাঁহারা স্বাধ্যায়-প্রভাবে আপনাদের নিত্যুত্ব উপলব্ধি
করিয়া নিত্যা ভক্তিতে অবস্থিত হন। অনেকে স্বাধ্যায়নিরত
বাহ্মণের বংশে জন্মগ্রহণ না করিয়াও বাহ্মণ হন—এ বিষয়ে
শ্রীমদানন্দতীর্থ মধ্বাচার্য্যের ষষ্ঠ অধস্তন শ্রীল জয়তীর্থপাদ তৎকৃত্ত
"শ্রুতপ্রকাশিকা" টীকায় বৃশ্চিক-তাণ্ডুলীয়ক-ত্যায়ের অবতারণা
করিয়াছেন,—"ব্রাহ্মণাদেব বাহ্মণ ইতি নিয়মন্ত কচিদ্রুণাজোপপত্তেবৃশ্বিরতাণ্ডুলীয়কাদিবদিতি।"

র্শিচকের ঔরসে র্শিচকীর গর্ভে র্শিচক উৎপন্ন হয়,—ইহাই সাধারণ নিয়ম। আবার কোন কোন সময়ে দেখা যায় যে, তণ্ডুল হইতেও র্শিচকাদি কীটের উৎপত্তি হয়। এম্বলে বীর্য্য-প্রবাহ পরিলক্ষিত না হইলেও পরতত্ত্বের অবিচিন্ত্য শক্তিকেমে হুর্ঘটঘটনীয়ন্থ-শক্তি প্রবাহ-নিত্যন্থ সংরক্ষণ করে। বর্শিষ্ঠ, অগস্ত্যা, ঋষ্যশৃঙ্কা, ব্যাসদেব প্রভৃতি ঋষিগণ এই সাধারণ প্রবাহান্তর্গত ব্রাহ্মণ নহেন। পরবর্ত্তিকালে তাঁহাদের অধস্তনগণ ব্রহ্মন্ত হইয়া আত্মবিৎ ব্যাহ্মণ-বৈষ্ণব হইয়াছেন।

শাস্ত্র যে-যে স্থলে ব্রাক্ষণের বিশেষ অধিকারাদি বর্ণন করিয়াছেন, যেখানে যেখানে বাহ্মণ-সম্মান দেখাইয়াছেন, সকল স্থলেই শোক্র, সাবিত্য ও দৈক্ষ্য ব্রাহ্মণকে লক্ষ্য করিয়া উহা বলা হইয়াছে। কৰ্ম্ম, জ্ঞান ও ভক্তিশান্ত্রে কেবল যে শৌক্র-বিচারপর ব্রাহ্মণকে লক্ষ্য করিয়া কথাগুলি বলা হইয়াছে, তাহা নহে। সাবিত্র্য ও দৈক্ষ্য জন্মকে একেবারে উপেক্ষা করা হয় নাই। তাদৃশ শোক্রবিচারাবদ্ধ জন্মাভাবে কোন কোন শাস্ত্রের মতে সাবিত্র্য ও দৈক্ষ্য ব্রাক্ষণতার সম্ভাবনা নাই; কেবল সঙ্কীর্ণ সামাজিকতা লক্ষ্য করিয়া তাদৃশ সীমা নিবদ্ধ হইয়াছে মাত্র। বস্তুতঃ গভীর গবেষণা ও উচ্চতর শিক্ষা-প্রভাবে ঐপ্রকার সঙ্কীর্ণতা পরিহার করিলে বাস্তবিক সুনাতন আর্য্যধর্মের মহিমা-রশ্মিতে সমগ্র জগৎ আলোকিত হইবে। কুপ-মণ্ডকের হুষ্কার দ্বারা বৃথা কোলাহলে দিগন্ত পরিপূর্ণ করিবার প্রয়াস অকিঞ্চিৎকর বোধ হইবে।

## হরিজনকাণ্ড

---:

পূর্বব অধ্যায়ে প্রকৃতিজনের বিচার হইয়াছে। বর্ত্তমান কাণ্ডে হরিজনের আলোচনা হইতেছে। পুরাকালে অজামিশকে লইয়া হরিজনের সহিত প্রকৃতিজনের বিচার উপস্থিত হয়। প্রকৃতিজনগণ নিজ-সভাবক্রমে হরিজনকেও তাঁহাদের তুল্য জ্ঞানে বিচারাধীন করিতে প্রয়াস করেন। পরিশেষে হরিজনগণ যে কর্মফলের অধীন নহেন, তাহা ধর্ম্মবিচারকগণ তাঁহাদের প্রভুর নিকট হইতে জানিতে পারেন। আমরা সেই উক্তির কিঞ্চিৎ সার এখানে উদ্ধার করিতেছি,—যাহাতে তাঁহাদের প্রকৃতিজন হইতে হরিজনের ভেদ কথঞ্জিৎ উপলব্ধ হইয়াছিল।

ভাগবত ৬ষ্ঠ স্কন্ধ ৩য় অধ্যায় ২৫-২৮ শ্লোক—

প্রায়েণ বেদ তদিদং ন মহাজনোহয়ং
দেব্যা বিমোহিতমতির্বত মায়য়ালম্।
ত্রেযাাং জড়ীক্কতমতির্মধুপুস্পিতায়াং
বৈতানিকে মহতি কর্ম্মণি যুজ্যমানঃ॥
এবং বিমৃশ্র স্থায়ো ভগবত্যমন্তে
সর্বাত্মনা বিদধতে খলু ভাবযোগম্।
তে মে ন দগুমহন্ত্যথ যগুমীষাং
ভাৎ পাতকং তদপি হন্ত্যক্ষগায়বাদঃ॥

তে দেবসিদ্ধপরিগীতপ্রবিত্তগাথা
যে সাধবঃ সমদৃশো ভগবৎপ্রপরাঃ।
তারোপসীদত হরের্গদ্যাভিগুপ্তান্
নৈষাং বয়ং ন চ বয়ঃ প্রভবাম দণ্ডে॥
তানানয়ধ্বমসতো বিমুখান্ মুকুলপাদারবিন্দমকরন্দরসাদজস্রম্।
নিক্ষিঞ্চনৈঃ প্রমহংসকুলৈরসক্ষৈজুঁ প্রাদ্ গৃহহ নিরম্বর্জু নি বক্তৃক্তান্॥

জৈমিনী বা মন্বাদি কর্ম্মকাণ্ডেকবৃদ্ধি মহাজন হরিজনের স্বভাব সম্যাগ্রূপে বুঝিতে সমর্থ হন না। তাদৃশ মহাজনের বিবেকশক্তি মায়াদেবী দ্বারা বিমোহিতা। মধুপুষ্পিত ঋক্, সাম, যজুর্বেবদরূপা ত্রয়ী বা ধর্ম-অর্থ-কামরূপা ত্রয়ীতে মহাজনের বৃদ্ধি জড়ীকৃত। সেই কর্ম্মজড়তা বিস্তারশীল মহা-কর্ম্মরাজ্যে উক্ত মহাজন বা ঋষিকে নিযুক্ত করে।

যে-সকল সুবৃদ্ধিজন এই প্রকার বিচার-পূর্ববক কর্মকাণ্ডীয় নির্ব্বৃদ্ধিতায় আবদ্ধ না হইয়া সর্বাত্ম-ধারা অনন্ত ভগবানে ভাবযোগ বিধান করেন, তাঁহাদের আমা হইতে কর্মজন্ম দণ্ড নাই। ভগবৎকথা-ধারা তাঁহারা পাতকজন্ম প্রায়শ্চিত্তাধিকার অতিক্রম করিয়া নির্মায়িকতা লাভ করিয়া থাকেন।

যে-সকল ভগবৎপ্রপন্ন হরিজন সমদৃষ্টি লাভ করিয়া কর্ম-কাণ্ডের উচ্চতমস্তরস্থিত দেব ও সিদ্ধগণের দ্বারা পরম পবিত্র বলিয়া কীর্ত্তিত, হরির গদা-দ্বারা রক্ষিত সেই হরিজনগণকে ধর্মাধর্ম-ভায়াভায়-বিচারাধীন করিতে যাইও না। তাঁহারা আমাদের বা মহাকালেরও দণ্ডার্হ নহেন।

ভগবানের পাদপত্ম-মকরন্দ-রসস্বরূপ ভগবন্ডক্তিকেই নিষ্কিঞ্চন সঙ্গরহিত পরমহংসগণ সর্ববদা অনুশীলন করিয়া থাকেন। নরকের পথ-স্বরূপ গৃহে তৃষিত (গৃহধর্ম্মযাজী স্মার্ত্তবিধিপর) তাদৃশ ভক্তিবিমুখ হুর্জ্জনগণকে আমার নিকট আনয়ন করিবে।

ঐীনুসিংহপুরাণে—

অহমনরগণাচ্চিতেন ধাত্রা যম ইতি লোকহিতাহিতে নিযুক্তঃ। হরিগুরুবিমুখান প্রশাস্মি মর্ক্ত্যান্ হরিচরণপ্রণতান্নমস্করোমি॥

যম কহিলেন,—আমি দেবপূজ্য বিধাতৃকর্ত্তক লোক-সমূহের হিতাহিত বিচারক নিযুক্ত হইয়াছি। হরিগুরু-বিমুখ মর্ত্ত্য কন্মিগণকে আমি প্রকৃষ্টরূপে শাসন করিয়া থাকি এবং হরিচরণে নত বৈঞ্বদিগকে আমি নমস্কার করি !

অমৃতসারোদ্ত স্থান্দবচন <u>শ্রীমদ্ প্রভু জীবগোস্বামী এরূপ</u> উদ্ধার করিয়াছেন,—

> ন ব্ৰহ্মা ন শিবাগীন্দ্ৰা নাহং নান্তে দিবৌকসঃ। শক্তাস্ত নিগ্ৰহং কৰ্ত্ত্বং বৈঞ্চবানাং মহাত্মনাম্॥

ব্রহ্মা, শিব, অগ্নি, ইন্দ্র, আমি ( যম ) অথবা অন্ত দেবগণ কেহই মহাত্মা বৈষ্ণবগণের নিগ্রহ করিতে সমর্থ নহেন।

বলা বাহুল্য, স্মন্তপ্রাণিমাত্রেই দেবগণের ও যমের দণ্ড্য, কেবল বৈষ্ণব নহেন। (বৈষ্ণব কেবল স্থায়াম্যায় বিচারকের প্রাণম্য)।

## শ্রীপদ্মপুরাণে—

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিস্ততে। বিষ্ণোরস্কুচরত্বং ছি মোক্ষমান্তর্মনীষিণঃ।

বৈষ্ণবগণের জন্ম ও কন্মবিদ্ধন নাই। কারণ, পণ্ডিতগণ বিষ্ণুর দাস্তকেই মুক্তি বলিয়া থাকেন।

ব্রন্মবৈবর্ত্ত কৃষণজন্মখণ্ড ৫৯ অধ্যায়ে—

বিহ্নস্থ্যপ্রান্ধণেভ্যক্তেজীয়ান্ বৈষ্ণবঃ সদা।
ন বিচারো ন ভোগশ্চ বৈষ্ণবানাং স্থকর্ম্মণাম্॥
লিখিতং সামি কৌধুম্যাং কুরু প্রশ্নং বৃহস্পতিম।

স্থানি, সূর্য্য এবং ব্রাহ্মণগণ অপেক্ষা বৈষ্ণব সর্ববদা অধিক তেজস্বী। বৈষ্ণবগণের নিজ-কর্মসমূহের ভোগও নাই, বিচারও নাই। এই বাক্য সামবেদীয় কোথুমীশাখায় লিখিত হইয়াছে। শ্বহস্পতিকে প্রশ্ন করিয়া ইহার সত্যতা নিরূপণ করিবে।

ভগবদ্ধক বৈষ্ণবগণ কর্ম্মকলভোগী মানব নহেন,—এ কথা শান্তে ভূরি ভূরি বর্ণিত আছে। তাঁহারা ভগবানের অবতার-বিশেষ; সেজন্ম কর্মমকলের ভোক্তা নহেন। ভগবদিচ্ছাক্রমে ভগবানের অবতারের ন্যায় তাঁহারাও লোকের প্রকৃত মঙ্গলের জন্ম আবিভূতি হন।

## আদিপুরাণে—

অহমেব ধিজশ্রেষ্ঠ নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ। ভগবস্তুক্তরূপেণ লোকানু রক্ষামি সর্বদা॥ হে দ্বিজ্ঞেষ্ঠ, আমিই সর্ববদা প্রচ্ছন্নবিগ্রাহ হইয়া ভগবন্তক্ত-রূপে লোকসমূহকে রক্ষা করিয়া থাকি।

> জগতাং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ম্। সর্বত্র গুরবো ভক্তা বয়ঞ্চ গুরবো বণা॥

শ্রীকৃষ্ণ অর্জ্জ্নকে বলিলেন,—বৈষ্ণবহ জগতের গুরু; '
আমি বৈষ্ণবের গুরু। আমি যে-প্রকার সকলের গুরু, ভ্রুত্তগণও তদ্রপ সর্বাজনের গুরু।

শ্রীমদৈঞ্চবগণের সহিত জগতে কোন পূজ্যতম বস্তুর সাদৃশ্য নাই। বৈঞ্চব তদপেক্ষা অর্থাৎ সর্ব্বাপেক্ষা উচ্চতম আদর্শ,— ইহাই শাস্ত্রসমূহের চরম সিদ্ধান্ত।

সন্দপুরাণ উৎকলখণ্ড বলেন,—

মহাপ্রসাদে গোবিন্দে নামত্রন্ধণি বৈশ্বতে। স্বলপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে॥

তুর্ভাগা দামাঅপুণ্যবিশিষ্ট কর্ম্মিগণের মহাপ্রসাদ, গোবিন্দ, ভগবন্নাম এবং বৈষ্ণব—এই চারি বস্তুতে বিশ্বাস জন্মে না। সেজস্ম তাঁহারা নাস্তিকতার প্রবলতায় বৈষ্ণব-দর্শনে বিমুখ হইয়া থাকে।

নিজ সোভাগ্যোদয় না হইলে বস্তু দর্শন করিয়াও দর্শনফললাভে অনেক অন্যাভিলাষী, কর্ম্মী ও জ্ঞানী স্বভাবতঃই বঞ্চিত।
তাঁহাদের নিজ-নিজ বিধি-নিষেধাদির পণ্যদ্রব্যভারে তাঁহারা।
এরূপ ভারাক্রান্ত যে, মস্তক উত্তোলন-পূর্বক গুণাতীতবস্তুচতুষ্টয় দর্শনের সোভাগ্যে তাঁহারা বঞ্চিত। সেই শোচ্যজীবগণ

নিজ সঙ্কীর্ণতায় আবদ্ধ থাকিয়া ভক্তিপথে অগ্রসর হইতে পারেন না। তাঁহারা জগতে ভক্তি বা ভক্ত নিতান্ত বিরল জানিয়া তল্লাভের যত্ন-পর্যান্ত ত্যাগ-পূর্বক নিজের অধমতাকেই বহুমানন করেন এবং ভক্তের চরণে অপরাধ করিয়া নিজের অবনতির পথ পরিষ্কার করেন মাত্র।

পদ্মপুরাণ বলেন,—

অর্ক্সে বিষ্ণে শিলাধীগুরুর নরমতিবৈঞ্চবে জাতিবুদ্ধি-বিষ্ণোর্বা বৈঞ্চবানাং কলিমলমথনে পাদতীর্থেইম্বুদ্ধিঃ। শ্রীবিষ্ণোর্বামি মন্ত্রে সকলকলুষতে শব্দসামান্তবৃদ্ধি-বিষ্ণো সর্বোধ্বরেশে তদিতরসমধীর্যন্ত বা নারকী সঃ॥

নিত্যপূজার্থ বিষ্ণুবিগ্রাহে শিলাবুদ্ধি. বৈঞ্চব-গুরুতে মরণশীল মানব-বৃদ্ধি, বৈঞ্চবে জাতিবৃদ্ধি অর্থাৎ জাতিবিচার, বিষ্ণু-বৈঞ্চবের পালোদকে জলবৃদ্ধি, সকল কল্মঘবিনাশী বিষ্ণুনাম-মন্ত্রে শব্দ-সামান্য-বৃদ্ধি এবং সর্কেশর বিষ্ণুকে অপর দেবতার সহ সমবৃদ্ধি—এই ছয়প্রকার বিচারে ভক্ত ও অভক্তের তারতমা বৈজ্ঞানিক বা দার্শনিকভাবে স্ব্যক্ত আছে।

কর্ম, জ্ঞান বা যথেচ্ছ বৃদ্ধিবিশিষ্ট অভক্ত মানব আপনাকে
স্মৃতিশান্তভারবাহী জানিয়াও গুণাতীত ভক্তের সহিত একমত
হইতে পারেন না। ভগবদ্ধক্ত সাধক গুণাতীত বস্তুর উপাসনাপ্রভাবে সম্মৃদ্ধিক্রমে বৈষ্ণবতা লাভপূর্বক জড়ে স্পৃহা ও
অভিনিবেশ ত্যাগ করেন। গৃহব্রত অবৈষ্ণব নিজ-আত্মস্তরিতাবশে নরকলাভের অভিলাষে, অভক্তের যমদণ্ড্য স্বভাবক্রমে

নরকে গমন করেন ; স্কৃতরাং ভক্তের সহিত নিত্য সবিশেষ তারতম্যে অবস্থিত।

তুর্ভাগা নারকিগণ প্রকৃতির গুণশোভায় বিমৃঢ় হইয়া আত্ম-বিবেক ও আত্মকর্ত্তব্য বিশ্বত হন। প্রাকৃত লোভসমূহ আসিয়া তাঁহাদিগকে প্রতিষ্ঠাসোপানে স্থাপন করে এবং 'হরিভক্তি জগতে থাকিতে পারে না, জগতে হরিভক্ত নাই, চতুর্গে দ্বাদশটী মাত্র হরিভক্ত' ইত্যাদি বাক্যপ্রজন্ন তত্নপরি মন্ত্রিস করে, স্মৃতরাং প্রাকৃতরাজ্যই তাঁহাদের নিজ-সম্পত্তি ও ভ্রমণের মার্গ হইয়া পড়ে। এইরূপ কামিনী-কাঞ্চনরত গৃহত্রত হিরণ্য-কশিপুর বিশ্বাসান্ত্রগমনে যে-কালে তপস্বী বা জড়াভিমানী ব্যক্তি প্রতিষ্ঠা-শোকরী-বিষ্ঠার আস্বাদপরতাক্রমে নিজের আত্মন্তরিতা প্রকাশ পূর্ববক জগদ্বঞ্চন-কার্য্যে অগ্রসর হন, তৎকালে প্রফ্রাদের বাক্যাবলী কীর্ত্তিত হইলে তাদৃশ জড়তার অপনোদন অবশ্যস্তাবী। প্রহলাদ মহারাজ জড়াভিমানী জনের ভক্তিলাভের জন্ম যে সুগমসরণী প্রদর্শন ও কীর্ত্তন করিয়াছেন, তাহা এখানে উদাস্তত হইল। এতদারা প্রাকৃতজন হরিজন-যোগ্যতা লাভ করেন।

শ্রীমন্তাগবত ৭ম কন্ধ ৫ম অধ্যায় ৩০-৩২ শ্লোক—

মতিন ক্লি পরতঃ স্বতো বা মিথোহভিপত্তেত গৃহব্রতানাম্।

অদান্তগোভিবিশতাং তমিশ্রং পুনঃ পুনশ্চন্দ্রিতচর্জণানাম্॥

ন তে বিহুঃ স্বার্থগতিং হি বিষ্ণুং হ্রাশয়া বে বহিরপ্মানিনঃ।

অন্ধা যথান্দ্রৈকপনীয়মানাঃ তেহপীশতক্র্যামুক্লামি বদ্ধাঃ॥

নৈষাং মতিস্তাবহুকক্রমাজিযুং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ। মহীয়সাং পাদরজোভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বুণীত যাবৎ॥

সংসারে পুনঃ পুনঃ প্রবিষ্ঠ, চর্বিত-বিষয়ের পুনরায় চর্ববণাভিলাষী ও তুর্দমনীয় ইন্দ্রিয়-সেবাম্বারা নরক-প্রবিষ্ঠ গৃহব্রতগণের মতি আপনা হইতে বা গুরু হইতে বা পরস্পার আলোচনা-প্রভাবে কৃষ্ণে সংলগ্ন হয় না।

যাহারা প্রাকৃত রূপ-রস-গন্ধ-স্পর্শ-শন্দ-দ্বারা অনাত্ম বস্তুর গ্রহণাভিলাষী হইয়া তুরাশাবিশিষ্ট হন, তাঁহারা কখনই একমাত্র স্বার্থগতি বিষ্ণুস্বরূপ অবগত হন না। পক্ষান্তরে যেরূপ অন্ধ-দ্বারা অপর অন্ধর্গণ নীয়মান হন, তদ্রুপ বেদলক্ষণা দীর্ঘরজ্ঞ্তে অর্থাৎ ব্রাহ্মণাদি নামক দামসমূহে কর্ণ্মিগণ আপনাদিগকে আবন্ধ করিয়া কাম্যকর্মে নিযুক্ত হন।

এই গৃহব্রতগণের মতি কখনই হরিপাদপদ্ম স্পর্শ করিতে সমর্থ হয় না—যে-কাল-পর্যান্ত-না ইহা নিদ্ধিঞ্চন মহাভাগবত-গণের পাদরক্ষে অভিষেক-কার্য্যকে বরণ না করে। ভগবানের শ্রীপাদপদ্ম স্পর্শাভিলাধিণী বৃদ্ধিই এই সংসাররূপ অনর্থের নির্ত্তিকারিণী।

বৈষ্ণবগণের সূক্ষা উপলব্ধি এই যে, কর্মকাগুরত সংসারী ব্রাহ্মণ-গুরুক্রবগণ ভোগবৃদ্ধিবশে যে-ভাবে ভক্তিবিরোধি-কর্মগুলিকে পারমার্থিক বলিয়া প্রচার ও বিশ্বাস করেন, তাদৃশ গুরুশিস্তসম্বন্ধ বা প্রাকৃতস্মার্ত্বৃদ্ধি অথবা স্মার্ত্বকুগণের দ্বারা সংসারমোচনের সম্ভাবনা নাই। প্রমহংস উত্তম বৈষ্ণবের চরণরজঃ সর্ব্বোচ্চোন্তম বস্তুজ্ঞানে প্রাকৃত ব্রাহ্মণতাদি কর্ম্মরজ্জুসমূহ হইতে মুক্ত ইইয়া যিনি নরকপথরূপ গৃহধর্মের উন্নতিসাধন ত্যাগ-পূর্বক বিষ্ণুভক্তির আশ্রয় গ্রহণ করেন, সেই
ঐকান্তিক বৈষ্ণবেরই অপ্রাকৃত হরিপাদপদ্ম লাভ হয়।

শ্রীমন্তাগবত ৫ম ক্ষম ১২শ অধ্যায় ১২শ শ্লোক—
রহুগণৈতত্তপদা ন যাতি ন চেজায়া নির্বাপণাদ গৃহাদ বা।

न ष्ट्रन्त्रा देनव क्वाधिष्टर्रिश्विना मह्र्पानतः ।

যখন রাজা রহুগণ তত্ত্বাসুসন্ধানমানসে মহর্ষি কপিলের নিকট গমন করিতেছিলেন এবং মহাদ্মা ভরত তাঁহার শিবিকা বহন করিতেছিলেন, তৎকালে রাজা কর্ত্ত্ক প্রার্থিত হইয়া ভাগবতবর ভরত মহোদয় তাঁহাকে জীবের পরম মঙ্গল-লাভের উপায় বলিয়াছিলেন,—

হে রহুগণ, প্রাকৃত তপস্থা-বারা, পূজা-বারা, নির্বরপন-ক্রিয়া বা গৃহধর্ম-পালন-বারা, বেদপাঠ-বারা, কিংবা জলাগ্রিস্থ্য-বারা সংসার-ক্ষয় ও মঙ্গল-লাভ হয় না। মহান্ বৈফবের পাদ-রজোভিষেক ব্যতীত গৃহত্রত কর্মনিপুণ প্রাকৃত ব্রাক্ষণাদি-নাম-বিশিষ্ট রজ্পসমূহের বারা কর্ম্মবন্ধ-প্রাপ্ত জনের কখনও বিফুভক্তিলাভ হয় না।

এই উপদেশ বা হিরণ্যকশিপুর প্রতি প্রহলাদের উপদেশ একার্থ-প্রতিপাদক। গৃহত্রত, উন্নতিলিপ্দ্র, অল্লবৃদ্ধি, স্মৃতিপরায়ণ, মুদিমাকালি, পাঠক, পালোয়ান, হাটুয়া ও ইন্দ্রিয়পরায়ণগণের প্রতি তাহাদের গুরুষোগ্য স্মার্ত্রগণ যে-সকল উপদেশ দিয়া থাকেন এবং তাহারা যে-সকল বৈধ উপদেশ পাইবার যোগ্য, উহাই যে গুণাতীত সংসারমুক্ত মহাপুরুষ বৈষ্ণবগণ লাভ করিয়া কৃতার্থ হইবেন, তাহা নহে। যাঁহারা স্মার্ত্ত-বিধির শেষলক্ষ্য উচ্চতম আসন পূর্ব্ব পূর্ব্ব জন্মে নৈস্পিকভাবে প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা হরিজনের গৃহে বৈষ্ণবাভিমানে প্রকট হন। তাঁহাদের প্রতি প্রাকৃত বৈধবিচারকের মহত্ব প্রকাশ করিতে যাওয়া ধৃষ্টতামাত্র।

প্রকৃতিসর্গে প্রকৃতিবদ্ধ ও গুণাতীত—এই উভয় শ্রেণীর জীব লক্ষিত হয়। প্রকৃতিবন্ধ, হরিবিমুখ জীব আপনাদের তুর্বলতা, অসম্পূর্ণতা,কামলোভাদি রিপুবশবর্ত্তিতা,কুকর্ম্ম-সৎকর্মফলাধীনতা, ত্রিগুণময়তা, প্রেত্যোনি-যোগ্যতা, সোপাধিকতা, দেবীধান-অন্তর্গততা, মর্ত্যাভিমান, দেবদাস্তা, জড়বদ্ধতা ও হরিদাস্তে নিজাযোগ্যতা বিচার-পূর্ব্বক স্মৃতিবিহিত মূর্থজনোচিত অবৈষ্ণব-মতের বহু মানন করেন ; আবার গুণাতীত হরিজনগণ আপনাদের প্রভুর কারুণ্য, সর্ব্বশক্তিমন্তা ও পরম ভক্তবাৎসল্য উপলব্ধি-পূর্বক এই গুণজাতরাজ্যে আপনাদিগের জড়াভিমান দর্শন করিয়াও আপনাদিগকে বস্তুতঃ নিত্য শ্রীহরিজন জানিয়া কর্ম্মফলাতীত, ত্রিগুণাতীত, গোলোক-গতিযোগ্য, নিরুপাধিক, দেবীধামাতীত, অমৰ্ত্ত্য, নিত্য, দেবাতীত, মুক্ত, ব্ৰাহ্মণাদি-প্ৰাক্ত্ত-সম্মানাতীত, শুদ্ধবৃদ্ধণ্ড ইইয়া এবং প্রাকৃতাভিমানকে তৃণ অপেক্ষা স্থনীচ জানিয়া ত্যক্তাভিমান ও পরম সহিষ্ণু হইয়া ক্ষুদ্রজনেও বহু সম্মান প্রদান করিতে করিতে কৃষ্ণনামগানে আনন্দ লাভ করেন।

বিষ্ণু ও বৈষ্ণব—মায়াতীত। মায়ার অন্তর্গত ব্রাহ্মণাদি-পরিচয়—ইহাদের পক্ষে গৌণ ও অবাস্তর। কৃষ্ণ-দাস্থ-পরিচয়ে মায়া থাকে না। ভগবান্ গীতায় (৭১৪) বলিয়াছেন,—

> দৈবী ক্লেষা ণগুময়ী মম মায়া ছুব্রতায়া। মামেব যে প্রাপন্তক্তে মায়ামেতাং তরস্কি তে॥

আমার এই ছুপ্পারা ত্রিগুণময়ী মায়া দেবসম্বন্ধিনী। যে-যে ব্যক্তি আমাতে প্রপত্তি গ্রহণ করেন, তাঁহারাই এই মায়া হইতে উত্তীর্ণ হন।

বিধির কিঙ্করগণ যতই কেন নিজে যোগ্যতা লাভ করুন না, স্বীয় বলে, মায়াতীত হইতে পারেন না। কেবল বৈষ্ণবগণই ভক্তিবলে মায়াতীত ভগবানের সেবা করিতে সমর্থ হন। শ্রীমদ্ভাগবত ২য় ক্ষম্ক ৭ম অধ্যায় ৪২ শ্লোক —

বেষাং স এব ভগবান্ দয়য়েদনস্তঃ সর্বাত্মনাশ্রিতপদো যদি নির্বালীকুম্। তে তৃত্তরামতিতরস্তি চ দেবমায়াং নৈষাং মুমাহমিতিবীঃ খণুগালুভক্ষ্যে॥

যে বৈষ্ণবগণ নিষপটিচিত্তে সর্বাত্ম-তারা ভগবানে আখ্রিত, তাঁহাদিগকেই ভগবান্ অনস্তদেব দয়া করিয়া অপ্রাক্ত বৈষ্ণব বলিয়া স্বীকার করেন। সেই বৈষ্ণবগণই ছুন্তরা দেবমায়া অতিক্রম করিয়া থাকেন। ইঁহাদের শৃগাল-কুরুরের ভক্ষ্য দেহে 'আমি আমার' বৃদ্ধি হয় না। আর কপটতা-ক্রমে যাঁহারা কুরুর-শৃগাল-ভক্ষ্য দেহে 'আমি' ও 'আমার' বৃদ্ধি করিয়া বৈষ্ণব-সংজ্ঞামাত্র লাভ করিয়া জভ়মুখ বাসনা করেন, তাঁহাদিগকে

মায়া ছাড়িয়া না দেওয়ায় কর্ম্মবুদ্ধিবলৈ ভগবানের ভক্তি-লাভ তাঁহাদের ভাগ্যে ঘটে না।

দেহারাম জড়মতি স্মার্ত্তগণ পারমার্থিক আত্মারাম বৈষ্ণবের মর্য্যাদা অনেক স্থলে বৃঝিতে অক্ষম।

ভাগবত ১ম ক্ষম ৭ম অধ্যায় ১০ম শ্লোক— আত্মারামাশ্চ মূনয়ো নিগ্রস্থিতিপুরুক্তমে। কুর্বস্থ্যহৈতুকীং ভক্তিং ইঅস্কৃতগুণো হরিঃ॥

আত্মারামগণ ও মুনিগণ গ্রন্থিরহিত হইলেও উরুক্রম ভগবানে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন। ভক্তিই মুক্ত মহাপুরুষগণের সম্পত্তি। ভগবানে ঈদৃশ গুণ-সমন্তি বিরাজমান।

ভাগবত ৪র্থ ক্ষন্ধ ২৪শ অধ্যায় ২৯ শ্লোক—
স্বধর্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্ বিরিঞ্তামেতি ততঃ পরং হি মাম্।
অব্যাক্ষতং ভাগবতোহথ বৈষ্ণবং পদং যথাহং বিবুধাঃ কলাতায়ে॥

শিব কহিলেন,—বর্ণাশ্রমরূপ-স্বধর্মনিষ্ঠ পুরুষ শতজন্ম বিরিঞ্চতা প্রাপ্ত হন এবং পরে অধিক পুণ্যবলে আমাকে লাভ করেন। যে প্রকার আমি (মহাদেব) ও অস্তাম্য দেবগণ আধিকারিক কাল গত হইলে কলান্তে তদাদিষ্ট কার্য্য স্থসম্পন্ন করায় বৈষ্ণবপদ লাভ করি, সেই প্রকার প্রপঞ্চাতীত হরিজনের পদ ভগবন্ধক্ত সম্ভই লাভ করিয়া থাকেন।

ভাগবত ৩য় স্বন্ধ ২৮শ অধ্যায় ৪৪ শ্লোক—
তন্মাদিমাং স্বাং প্রকৃতিং দৈবীং সদসদাত্মিকাং।
দুর্ন্বিভাব্যাং পরাভাব্য স্বরূপেণাবতিষ্ঠতে॥

শ্রীহরিজনগণ ভগবানের সদসদাত্মিকা তুর্বিবভাব্যা দৈবী মায়াপ্রকৃতিকে ভগবৎপ্রসাদে পরাঞ্জিত করিয়া নিত্যজীবস্বরূপে ভগবানের ভক্ত হইয়া অবস্থান করেন।

সংসারাভিনিবিষ্ট বর্ণাভিমানী জনগণ যেরূপ কর্মচক্রকে বহুমানন-পূর্ব্বক ভগবন্মায়ার ক্রীড়াপুত্তলি হইয়া নিজের চেষ্টা-সমূহের বিধান করেন, ভক্তগণ তাদৃশ কর্মবৃদ্ধি-ত্যাগ-পূর্ব্বক জড়ে প্রভুত্বরূপ মায়াদাস্থাই বন্ধনের কারণ জানিয়া নরক হইতে মুক্ত হইয়া ভগবানের নিত্য সেবাকেই নিজের স্বরূপর্ত্তি বলিয়া জ্ঞান করেন!

বর্গাশ্রম-ধর্ম সংসারে পুণ্য উপার্জ্জন করে। আর বর্গাশ্রম-বহিভূতি ধর্ম জগতে পাপ উৎপাদন করে। যাঁহারা বাসনারাজ্যে আপনাদিগকে প্রকৃতিজন-অভিমানে অহঙ্কার করেন, তাঁহাদেরই পাপ বা পুণ্যের আবশ্যক আছে। হরিজনগণ তাদৃশ নহেন।

মুগুকে (৩।৩)—

যদা পশ্যঃ পশ্যতে রুক্সবর্ণং কর্তারমীশং প্রুষং ব্রহ্মযোনিম্। তদা বিদ্বান্ পুণাপাপে বিধুয় নিরঞ্জনঃ প্রমং সামামুদৈতি॥

যে-কালে অপ্রাকৃত দ্রস্টা অর্থাৎ ভগবদ্ভক্ত (ভক্তিলোচনে)
কর্ত্তা, ঈশ্বর, ব্রহ্মণ্যদেব হেমবর্ণ (গৌর)-বিগ্রাহ পুরুষোত্তমকে
দেখিতে পান, তৎকালে পরবিত্যালক মুক্তপুরুষ (জড়াহস্কারোত্থ)
পুণ্য ও পাপমল পরিত্যাগ করিয়া নির্মাল ও সমদর্শন হন।

শ্রীশ্রীমহাপ্রভুর পদানুগ ত্রিদণ্ডি-যতিরাজ আচার্য্য শ্রীল প্রবোধানন্দ সরস্বতী প্রভুর কভিপয় ভাব অনুধাবন করিলে হরিজনের পরিচয় ও কর্মমিশ্রা ভক্তিযাজী অবৈষ্ণবের উপলব্ধি হইতে পারে,—

> কৈবল্যং নরকায়তে ত্রিদশপুরাকাশপুষ্পায়তে হুদ্দাস্কেন্দ্রিয়কালসর্পপটলী প্রোৎখাতদংষ্ট্রায়তে। বিশ্বং পূর্ণস্থখায়তে বিধিমহেক্তাদিশ্চ কীটায়তে যংকারুণ্যকটাক্ষবৈভববতাং তং গৌরমেব স্তমঃ॥

যে শ্রীমন্মহাপ্রভুর করুণাকটাক্ষলর বৈভববিশিষ্ট হরিজনগণের
নিকট যোগিগণারাধ্য পরমপদ কৈবল্য—নরকতুল্য, কামী
স্বধর্ম-নিষ্ঠের ফলস্বরূপ স্বর্গ—মিথ্যা অকিঞ্চিৎকর থপুষ্প,
যথেচ্ছাচারী ইন্দ্রিয়পরায়ণ বিষয়িগণের ফুর্দ্দমনীয় ইন্দ্রিয়গণ—
উৎপাটিতদন্ত কালসর্প-সদৃশ, জগৎ—কৃষ্ণানন্দময় এবং ব্রহ্মাইন্দ্র প্রভৃতি সর্ব্বোচ্চপদারত দেবগণের লোভনীয় পদবীসমূহও কীট-পদবীতুল্য দৃষ্ট হয়, আমরা সেই ভগবান্ শ্রীগোরস্থান্দরের স্তব করি।

উপাসতাং বা গুরুবর্য্যকোটীরধীয়তাং বা শ্রুতিশাস্ত্রকোটীঃ। চৈতন্তুকারুণ্যকটাক্ষভাজাং ভবেৎ পরং সন্ত রহস্তবাভঃ॥

কোটিসংখ্যক যথেচছাচারী, কণ্মী বা জ্ঞানী গুরুবরের সেবায় যে ফল হয়, অথবা কোটিসংখ্যক শ্রুতিশাস্ত্র-অধ্যয়নে যে ফল লাভ হয়, তাহা হউক্। কিন্তু শ্রীচৈতগুদেবের কারুণ্যকটাক্ষলর ভক্তগণের সঙ্গক্রমে সভ্য কৃষ্ণপ্রেমরহস্তলাভ ঘটে। ভক্তের ঐকান্তিকতা না হইলে বর্ণাশ্রমধর্ম্মপালনরত কোটি গুরুকরণ বা কোটি-কোটি-বেদাধ্যয়ন নিম্ফল। ক্রিয়াসক্তান্ ধিগ্ ধিগ্ বিকটতপসো ধিক্ চ যমিনঃ ধিগস্ত ব্রহ্মাহং-বদনপরিফুল্লান্ জড়মতীন্। কিমেতান্ শোচামো বিষয়রসম্ভালরপশূন্ ন কেয়াঞ্চিল্লেশোহপ্যহ্ছ মিলিতো গৌরমধুনঃ॥

বৈদিক কর্ম্মকাগু-নিরত কর্ম্মপ্রিয় জনগণকে ধিক্, বিকট তপস্থাপ্রিয় সংযতগণকে ধিক্, 'অহংব্রহ্ম' বলিতে উৎফুল্ল জড়-বুদ্ধিগণকে ধিক্। এইসকল কর্ম্মী, তপস্বী, জ্ঞানী বিষয়রসমন্ত নরপশুদিগের সম্বন্ধে কি আর অধিক শোক করিব ? হায়! হায়! গৌরকীর্ত্তনমধুর লেশমাত্রও ইহাদের কাহারও ভাগ্যে ঘটে নাই।

> কালঃ কলিকলৈন ইন্দ্রিয়বৈরিবর্গাঃ শ্রীভক্তিমার্গ ইহ কণ্টককোটিকলঃ।
> হা হা ক যামি বিকলঃ কিমহং করোমি
> চৈতন্তচক্র যদি নাম্ম কুপাং করোষি॥

কাল কলি; ইন্দ্রিয়াদি শক্রবর্গ বলবান্; ভগবদ্ভক্তির পথ—যথেক্ছাচার, কর্ম ও জ্ঞান প্রভৃতি কোটি-কণ্টকে রুদ্ধ। হে চৈতত্যচন্দ্র, যদি তুমি অভ রুপা না কর, তাহা হইলে বিকল হইয়া আমি কোথায় যাই, কি-ই বা করি!

ত্কর্মকোটিনিরতস্থ ত্রস্ত-ঘোর-ত্র্কাসনা-নিগড়শৃগুলিতস্থ গাঢ়ম্। ক্লিশুন্মতেঃ কুমতিকোটিকদর্থিতস্থ গৌরং বিনাম্ম মম কো ভবিতেহ বন্ধুঃ॥

আমি কর্মমার্গে ভ্রমণ করিতে করিতে কোটি ত্রন্ধর্ম করিয়াছি, ত্রন্দিমনীয় প্রচণ্ড ত্রব্বাসনা-শৃঙ্খলে স্বদৃঢ় বন্ধ, যথেচছাচারী, কর্ম্মী

বা জ্ঞানিগণের কুপরামর্শে আমার বৃদ্ধি ক্লিষ্ট, স্নতরাং খ্রীভগবান্ গৌর-ব্যতীত অন্থ আমার বন্ধু আর কে হইবে ?

হা হস্ত হস্ত পরমোষরচিত্তভূমে ব্যর্থী ভবস্তি মম সাধনকোটয়োহপি। সর্ব্বাত্মনা তদহমম্ভতভক্তিবীজং গ্রিগৌরচক্রচরণং শরণং করোমি।

হায়, আমার অত্যস্ত উষর চিত্তভূমিতে কর্ম্ম-জ্ঞানাদির কোটি কোটি সাধন-বীজ ব্যর্থ হইল! সেজস্ত এক্ষণে আমি সর্ববতোভাবে অন্তুতভক্তিবীজরূপ শ্রীগৌরচন্দ্রের চরণে শরণ গ্রহণ করিতেছি। মৃগ্যাপি সা শিবঙকোদ্ধবনারদাজৈরাশ্চর্যাভক্তিপদবী ন দবীয়সী নঃ। ছুর্ব্বোধ-বৈভবপতে ময়ি পামরেহপি চৈত্তভচক্র যদি তে করণাকটাক্ষঃ॥

শিব, শুক, উদ্ধব, নারদ প্রভৃতি ভগবন্ধক্তের অমুসদ্ধেয় আশ্চর্য্য ভক্তিপদবী আমাদের তুল্য পামরেরও দূরতর হইবে না, যদি হে হুর্ব্বোধবৈভবপতি শ্রীচৈতভাদেব, মাদৃশ পামরঙ্গনেও তোমার রূপাকটাক্ষ থাকে। কর্ম্মিগণ অল্পবৃদ্ধিতা-ক্রমে নিজের অসমর্থতা উপলব্ধি করিয়া ভক্তিবিমুখ হয়, কিন্তু ভক্ত সেরূপ নহেন। কৃষ্ণদাস্ত কর্ম্মজাতীয় নহে।

> নিষ্ঠাং প্রাপ্তা ব্যবহৃতিততিলোকিকী বৈদিকী যা যা বা লজ্জা প্রহসনসমূল্যাননাট্যোৎসবেষু। যে বাহত্বরহহ সহজ্ঞাণদেহার্থধর্মা গৌরশ্চৌরঃ সকলমহরৎ কোহপি মে তীববীর্ঘাঃ॥

সর্ববস্থাপহারক গৌরহরি তীব্রবল-প্রয়োগে আমার লৌকিক, বৈদিক ও নৈষ্ঠিক ব্যবহার-সমূহ, প্রকৃষ্ট হাস্তা, উচ্চকীর্ত্তন ও মৃত্যোৎসবে লজ্জাসমূহ এবং প্রাণযাত্রা ও দেহযাত্রা-নির্বাহ- উপযোগী স্বাভাবিক ধর্মসমূহ সমস্তই অপহরণ করিয়া লইয়াছেন। বৈষ্ণবাভিমানে ক্ষুদ্র চেফাসমূহ সমস্তই শ্লুথ হইয়া পড়ে।

পতন্তি যদি সিদ্ধয়ঃ করতলে স্বয়ং ত্র্লভাঃ
স্বয়ঞ্চ যদি সেবকীভবিতৃমাগতাঃ স্বয়ঃ মুরাঃ।
কিমন্তদিদমেব বা যদি চতুর্ভং ভাদপ্স্তথাপি মম নো মনাক্ চলতি গৌরচন্দ্রামনঃ॥

তুর্লভ অণিমাদি অফসৈদ্ধি যদি আপনা হইতে বিনাশ্রমে করতলগত হয়, বিলাসাদর্শ নানাজন-সেব্যমান দেবগণও যদি নিজেচ্ছাক্রমে আমার ভূত্যত্ব অঙ্গীকার করিয়া আমাকে স্বর্গস্থ প্রদান করিতে আসেন, অধিক আর কি বলিব,— যদি আমার এই প্রাকৃত শরীরের পরিবর্ত্তে চতুর্ভ্তননারায়ণত্ব-লাভও হয়, তাহা হইলেও ভক্তবেষধারী ভগবান্ গৌরহরির দাস্থ ইইতে আমার মন বিন্দুমাত্র বিচলিত ইইতেছেনা।

ভক্তির মর্য্যাদা বা প্রবলতা কিছু জ্ঞান, কর্ম বা যথেচ্ছাচারের বনীভূত নহে। ক্ষুদ্রলোভে ভক্তের পতন নাই,—ইহাই
ভক্তগণের নিত্য বিশ্বাস। যাহারা কপটতাক্রমে ভক্তির স্বরূপ
অবগত না হইয়া কর্মকাণ্ডীয় বৃদ্ধিবলে ভক্তিকে কর্মকাণ্ডের
প্রকারভেদমাত্র জ্ঞান করে, তাহারা অচিরেই ভক্তজনের চরণে
বৈষ্ণবাপরাধ করিয়া কুকর্মরাজ্যে পাতকীভাব লাভ করে।
অপরাধক্রমে ব্রাহ্মণাদি জাতিদাম, দান-প্রতিগ্রহাদি বৃত্তিদাম ও
পরিশেষে মৎসরতার্ত্তি আসিয়া তাহাদের নানাপ্রকার চঞ্চলতা
স্পষ্টি করায়। পরমহংসের হৃদয়ের ধন গিরিধারিদেবে শিলা-

বৃদ্ধি, বৈষ্ণবে জাতিবৃদ্ধি, হরিজন-পাদোদকে অশ্রদ্ধা প্রভৃতি জড়াহঙ্কার ভক্তদেষা কর্মীকে গ্রাস করে। ভক্ত সেরূপ লোভী, মূর্থ বা হুর্বল নহেন।

দত্তে নিধায় তৃণকং পদয়োনিপত্য ক্লথা চ কাকুশতমেতদহং ব্ৰবীমি। তে সাধবঃ সকলমেব বিছায় দ্রাৎ গৌরাঙ্গচক্রচরণে কুরুতামুরাগম্॥

হে সাধুসকল, তোমরা বর্ণাশ্রম-ধর্ম ও নিজ-নিজ-সাধকসাধন-সাধ্য-মাহাত্ম্য, ধর্মাধর্ম, পাপপুণ্য, বন্ধমুক্তি—সমস্তই দূরে
সম্যাণ্রূপে পরিত্যাগ-পূর্বক ভগবান্ শ্রীকৃষ্ণ চৈতভ্যের চরণে
অনুরক্ত হও,—ইহাই আমি দক্তে তৃণ ধারণ করিয়া, তোমাদের
ছুইটা পায়ে পড়িয়া, শত-শত-আর্ত্রনাদ-সহ পরমবিনয়ের সহিত
নিবেদন করিতেছি।

ঐকান্তিকী ভক্তি ব্যতীত গুরুদেবের নিকট ভক্তি-বিষয়িণী দীক্ষা-শিক্ষাদি-লাভ শিয়ের ভাগ্যে ঘটে না। শ্রুতমন্ত্র ও ভদ্ধন-প্রণালী কর্নে প্রবেশ করিয়া অসাবধানতা বশতঃ ঐগুলি বিষয়ানুরাগের অয়তম হইয়া পড়ে। যাঁহারা হরিকথাগুলি প্রকৃত গুরুদেবের নিকট শাঠ্যপরিত্যাগ-পূর্বক শ্রবণ করেন এবং যাঁহাদের কর্ণ সেগুলি গ্রহণ করিতে সমর্থ হয়, তাঁহারা উহাই কীর্ত্রন করেন। ত্রিদণ্ডি-প্রভু শ্রীপ্রবোধানন্দ শ্রীমন্ মহাপ্রভুর যে কৃণা ও ভদ্ধন-প্রণালী লাভ করেন, উহা তিনি শ্লোকাকারে ভক্তগণের জন্ম রাথিয়াছেন। তাঁহার ভাবগ্রহণে ক্রচিবিশিষ্ট ব্যক্তিগণের 'বৈষ্ণব' নাম সার্থক; অন্যথা "থোড়-বড়ি-খাড়া"র জন্ম জমণ করিতে হয়।

ন্ত্রীপূত্রাদিকথাং জহুর্বিষয়িণঃ শাস্ত্রপ্রবাদং বুধা বোগীক্রা বিজহুর্মকন্নিয়মজক্রেশং তপস্তাপসাঃ। জ্ঞানাভ্যাসবিধিং জহুশ্চ যতয়শৈচতস্তচক্রে পরা-মাবিশ্বর্বতি ভক্তিযোগপদবীং নৈবান্ত আসীদ্রসঃ॥

শীচৈতভাচন্দ্র যে-কালে পরমা ভক্তিযোগপদবী আবিষ্কার করিলেন, তৎকালে কাহারও কোনপ্রকার ইতর লক্ষ্য থাকিতে পারিল না। বিষয়ীসকল স্ত্রী-পুত্র-কথায় রতি ত্যাগ করিলেন, পণ্ডিতসকল শাস্ত্র-তর্ক ছাড়িলেন, যোগিবরের। বায়ু-নিয়মন-ক্রেশ পরিত্যাগ করিলেন, তপস্বিগণ তপস্থা ছাড়িলেন ও সন্ন্যাসিগণ বেদান্ত-জ্ঞানাভ্যাস-বিধি বর্জ্জন করিলেন। যাহার যাহার দোকানে যে-যে পণ্য ছিল, সকলেই পরমা কৃষ্ণভক্তির মাধুর্য্য ও সোন্দর্য্যে আকৃষ্ট হইয়া সেই সেই অতিতৃচ্ছ পণ্য-দ্রব্যের নিজ-নিজ জড়ীয় দোকানদারী ছাড়িয়া দিলেন। ভক্তির এরূপ অলোকিক প্রভাব। যে-কাল-পর্য্যন্ত-না ভক্তিশোভা অনুভূত হয়, তৎকালাবধি জীব কর্ম্ম, জ্ঞান ও যথেচছাচারের মার্গে বিহার করেন।

কবি সর্বজ্ঞ বলেন,—

ষত্তক্তঃ সরিতাং পতিং চুলুকবৎ খন্ত্যোতবৎ ভাস্করং মেরুং পশুতি লোষ্ট্রবৎ কিমপরং ভূমেঃ পতিং ভূতাবৎ চিস্তারত্নচরং শিলাশকলবৎ কল্পক্রমং কাষ্ঠবৎ সংসারং ভূণরাশিবৎ কিমপরং দেহং নিজং ভারবৎ॥

হে ভগবন্, তোমার ভক্ত সমুদ্রকে গণ্ডুষবং, তেজোময়

ভাস্করকে জোনাকিপোকার স্থায়, মেরুকে লোষ্ট্রের স্থায়, ভূপতিকে দাসের স্থায়, চিন্তামণিকে শিলাখণ্ডের স্থায়, কল্প-তরুকে কান্ঠসদৃশ, সংসারকে তৃণরাশিসদৃশ এবং অধিক কি, সংসারের আধার নিজদেহকে ভারবৎ জ্ঞান করেন।

কণ্মী দেহারাম প্রাকৃত জড়মতি ব্যক্তিগণ 'আমি দেহ' ও 'আমার দেহ'—এই জ্ঞান হইতেই আত্মীয়স্বজন ও স্বপর-ভেদ করে। জড়বস্তুর মহন্ত্ব-দর্শনে তাহাতে লোভ করে। বৈশুবের সে-প্রকার নীচতা নাই। তিনি সর্বোত্তম শ্রেষ্ঠ, সেজগু কর্মালুক স্বার্থপ্রিয়জনের সহিত তাঁহার তুলনা হয় না।

বৈষ্ণব-মহাত্মা মাধবসরস্বতীপাদ বলেন,—

মীমাংসারজসা মলীমসদৃশাং তাবরধীরীশ্বরে
গর্ব্বোদর্ককৃতর্ককর্কশধিয়াং দূরেইপি বার্ত্তা হরেঃ।
জানস্তোইপি ন জানতে শ্রুতিস্কুবং শ্রীরক্সিক্সাদৃতে
স্কুস্থাহং পরিবেশয়স্তাপি রসং গুর্কী ন দর্কী স্পুণেৎ॥

পূর্বনীমাংসা ও তদরুগ কর্মকা শৈক-তৎপর বৃদ্ধিরূপ রজো
দারা যাহাদের জ্ঞানচক্ষু মলিনতা লাভ করিয়াছে এবং গর্বনাত্র

চরমফল—এরূপ বিশ্বাসী, কুতর্কে কর্কশবৃদ্ধি তাদৃশ জৈমিনীগৌতম-কণাদার্ভরগণ ঈশ্বরে বিশ্বাস করিতে সমর্থ হন না;

হরিকথা তাঁহাদের স্থাদূরবর্ত্তিনী। লক্ষ্মীক্রীড় ভগবানের ভক্তগণের

সঙ্গাভাবে তাঁহারা শাস্ত্র-তাৎপর্যা জানিয়াও শাস্ত্ররস লাভ

করেন না—যেরূপ হাতা সুস্বাত্ব দ্রব্য পরিবেশন করিয়াও নিজে

তদাস্বাদন করিতে অসমর্থ। জড়ভোগপর দার্শনিকগণ বিষয়-

ভারবহনরত গর্দ্ধভের স্থায় শ্রীপুরুষোত্তমের প্রতি সেবা-রৃত্তির অভাবে হরিভক্তির আস্বাদ পাইবার অনধিকারী। যথেচ্ছাচারী, কর্ম্মী ও জ্ঞানী ভক্তি-মহিমা বৃঝিতে পারেন না। বৈঞ্চবগণ কর্ম্মীর স্থায় ভগ্নমনোরথ নহেন।

পণ্ডিত ধনপ্রয় নামক বৈষ্ণব-মহাত্মা বলেন,—
ভাবকান্তব চতুর্মুখাদয়ো ভাবকা হি ভগবন্ ভবাদয়ঃ ।
দেবকাঃ শতমখাদয়ঃ স্থরা বাস্থদেব যদি কে তদা বয়ম্ ॥

হে ভগবন্ বাস্থানেব, সর্বাদেব-নর-মূলপুরুষ চতুদ্মুখ ব্রহ্মাদি
যখন তোমার স্তবকারী, যোগীশর মহাদেবাদি যখন তোমার
ধ্যানকারী, সর্বাদেবরাজ স্বর্গের প্রভু ইন্দ্রাদি যখন তোমার
ভূত্যসমূহ, তখন সে-স্থলে আমরা তোমার কে ? আমাদের কি
তবে ভক্তির অধিকার নাই ?

এই শ্লোকের সহিত বৈষ্ণবের শ্রীমন্তাগবতের একটা পছের স্মরণ হয়।

ভাগবত ১ম ক্ষন্ত ৮ম অধ্যায় ২৫শ শ্লোক —

জবৈষ্য্যশ্ৰতশ্ৰীভিৱেধমানমনঃ পুমান ।

নৈবাহতাভিধাতঃ বৈ ছাম্কিঞ্চনগোচরম্ ॥

দেব-ব্রাহ্মণাদি-জন্ম-মাহাত্ম্য, কুবেরাদি-তুল্য ঐশ্বর্যা-মাহাত্ম্য, বেদনিষ্ঠ-ঋষি-মাহাত্ম্য, কন্দর্পতুল্য-রূপ-মাহাত্ম্যের দারা জড়া-ভিমানী পুরুষের মন্ততা বৃদ্ধি পায়। স্থতরাং কাঙ্গালের ঠাকুর তুমি হরি, সেই জড়ভোগ-সমৃদ্ধজনের তোমার নামকীর্ত্তন করিবার রুচি, অবকাশ ও অধিকার নাই।

বৈষ্ণবতা দীন**জনের একমাত্র সম্পত্তি। অহ**ঙ্কার, প্রভুত্ব প্রভৃতি অবৈঞ্বেরই প্রয়াসের বস্তুমাত্র, তাহাতে বৈঞ্বের লোভ নাই। বৈঞ্চৰের সম্পত্তি হরি। জড়াসক্তি-প্রাচুর্য্যে মন্ত এবং ব্রাহ্মণাদির স্থলভ সম্মানে, পাণ্ডিত্যে ও ক্ষত্রিয়-বৈশ্যের স্থলভ ধনাদিতে ক্ষাত হইয়া নিঙ্কিঞ্চন প্রমহংস বৈষ্ণবের প্রতি অনাদরক্রমে কুকর্মফলে অবৈষ্ণবতা-লাভ ঘটে। দীনহীন কাঙ্গাল জড়ভোগে উদাসীন হরিসেবা-পর হরিজনগণ জড়বস্তু-সকলের অধিকারী হইবার বাসনা না করায়, ব্রাহ্মণাদি-জন্ম, ঐশ্বর্য্য, বেদাদি শাস্ত্রে পাণ্ডিত্য, কন্দর্পতুল্য-রূপের অভিলাষকে অকর্ম্মণ্য জানিয়া ভোগপর বেদপাঠনৈপুণ্যরূপ ব্রাহ্মণহাদি কর্ম-বাসনা হইতে মুক্ত হইয়া হরিকথা কীর্ত্তন করিয়া থাকেন। বলা বাহুল্য, শ্রুতিপারদর্শিতা-ক্রমে ব্রাক্ষণের সম্মান, অতুল ধন-জন-রাজ্যলাভ-ফলে ক্ষত্রিয়ের ঐশ্বর্য্য এবং কৃষিবাণিজ্যফলে বৈশ্যের ধনের ও রূপের সমৃদ্ধি বৈষ্ণবতার কারণ নহে; ঐগুলি সেবোমুখতার অভাবে অবৈফবতার বর্দ্ধক জড়ভোগপর দামসমূহ-মাত্র বৈষ্ণবগণ তাদৃশ ক্ষুদ্র অধিকার-সমূহের জন্ম ব্যস্ত না হওয়াতেই তৃণাদপি স্থনীচ ও তদপেক্ষা উন্নতশির ভরু অপেক্ষা সহিষ্ণু, স্বয়ং অমানী ও অপরে মানদ হইয়া হরিভক্তি লাভ করিয়াছেন। অধিক কি, আধিকারিক দেবসমূহ প্রাকৃত কর্ম-রাজ্যে সর্ব্বোচ্চশৃঙ্গে অধিষ্ঠিত হইয়াও কর্ম্মসমাপ্তিতে ভগবন্তক্তি-প্রভাবেই বৈষ্ণবপদবী লাভ করিয়া থাকেন। তবে অধিকার-মাহাত্য প্রাকৃতজীবের বোধের নিমিত্ত-মাত্র। জড়-অধিকার

নিঃশেষিত হইলে ততুপরি শুদ্ধবৈঞ্বাভিমান। কোন মহাবলী ব্যক্তি অসংখ্য জীবসংহারে ক্ষমতাবান্ হইয়াও তাদৃশ ক্ষমতা পরিচালনাশা না করিয়া শান্ত থাকিলে তাহার ক্ষমতার অভাব স্বীকৃত হয় না। তত্রপ বৈশুবত্ব ব্রহ্মা ও ব্রাহ্মণাদির সর্বব-চরম প্রাপ্য বস্তু হইলেও কৃঞ্চদাস্ত-কৃচিপ্রাপ্ত জীবের অধিকার আরও অধিক। তাঁহারা ভগবানের নিজ জন।

শ্রীচতক্মচরিতায়ত অস্ত্যখণ্ড চতুর্থ পরিচ্ছেদে শ্রীমন্মহাপ্রভু শ্রীসমাতনকে বলিলেন,—

নীচজাতি নহে কৃষ্ণভজনে অযোগ্য।
সংকুল বিপ্র নহে ভজনের বোগ্য॥
যেই ভজে সেই বড়, অভক্ত হীন, ছার।
কৃষ্ণভজনে নাহি জাতি-কুলাদি-বিচার॥
দীনেরে অধিক দয়া করে ভগবান্।
কুলীন পণ্ডিত ধনীর বড় অভিমান॥

জাতিমর্য্যাদা—জড়ভোগের সহায়। নীচজাতির ভোগের অধিকার নানাপ্রকারে সঙ্কীর্ণতা লাভ করিয়াছে। কিন্তু জাগতিক ঐহিক মঙ্গলের অধিকারী না হইয়াও নিত্যমঙ্গল ভগবৎসেবায় সকলের সম্পূর্ণ স্থ্যোগ ও অধিকার আছে। ভোগবাসনায় ব্যাকুল হইয়া জগতে উচ্চপদবী ও সর্ব্বাধিকার লাভ করিলেও উহা চিরস্থায়ী এবং প্রকৃত মঙ্গলের অনুকূল বিষয় নহে।

যিনি বাস্তবসত্যের সেবা করেন, তিনিই প্রকৃতপ্রস্তাবে শ্রেষ্ঠ ; আর যিনি বাস্তবসত্যের সেবায় উদাসীন হইয়া অল্লকাল স্থায়ী ব্যাপার-সমূহের প্রভুত্ব-লাভের জন্ম কালাতিপাত করেন, তিনি বাস্তবসত্যের সেবক হইতে সর্ব্বতোভাবে পৃথক্ ও ন্যুন।

জাগতিক পাণ্ডিত্য এবং কুলের শ্রেষ্ঠতা ও পদমর্য্যাদা বাস্তবসত্যের সেবক ভগবন্তক্তের কোন ব্যাঘাত করিতে পারে না। বিশেষতঃ ছায়া-নির্ম্মিত ভোগ-জগতে গাঁহারা ভোগপ্রমত্ত না হইয়া প্রয়োজনীয় বিষয়-মাত্র গ্রহণ করেন, সেরূপ জড়দৈন্ত ও অভাবহীন যুক্তবৈরাগ্যবান্ জনই প্রকৃতপ্রস্তাবে ভগবৎকুপা-রূপ মলল লাভ করেন। আর যাঁহারা পদমর্য্যাদা, বংশমর্য্যাদা বা পাণ্ডিত্য-প্রতিভাদি নানাবিধ ঐশর্য্যে বলীয়ানু হইবার যত্ন করেন, তাঁহারা ভগবংকুপা-লাভে নিজ-ওদাসীম্ম প্রদর্শন করেন। তজ্জন্য তাঁহাদের প্রকৃত মঙ্গল-লাভের সম্ভাবনা নাই। অপ্রয়োজনীয় অন্ধকার সম্বর্জন-মানসে যে তামসী বৃত্তির পরিচয় মানব-হৃদয়ে প্রতিফলিত আছে, উহা চিন্ময় আলোক-সম্পন্ন বাস্তব-বস্তুর সেবার বিপরীত দিকে অবস্থিত।

মহাত্মা শ্রীপাদ মাধবেন্দ্রপুরী বলেন,—

সন্ধ্যাবন্দন ভদ্রমস্ত ভবতে ভো স্লানঃ তুভাং নমো
'ভো দেবাঃ পিতরশ্চ তর্পণবিধো নাহং ক্ষমঃ ক্ষম্যতাম্।
যত্র কাপি নিষম্ম ধাদবকুলোত্তংসম্ভ কংসদ্বিষঃ
স্মারং স্মারমঘং হ্রামি তদলং মন্তে কিমন্তেন মে॥

হে সন্ধ্যাবন্দন, তোমার মঙ্গল হউক; হে স্নান, তোমাকে নমস্কার; হে দেবগণ ও পিতৃগণ, আমি তর্পণাদি-কার্য্যে অক্ষম, আমাকে ক্ষমা করুন। যে-কোন স্থানে থাকিয়া আমি যাদবকুল- শিরোভূষণ কংসারি কৃষ্ণকে পুনঃ পুনঃ স্মরণ করিয়া সংসারত্বঃ ও পাপাদি বিনাশ করিব, স্কুতরাং অব্লকাল স্থায়ী সংসারত্বঃখের অপনোদন ও পাপ-প্রবৃত্তি অল্লকালের জন্ম নির্ত্ত করিতে গিয়া আমার তাংকালিক চেষ্টা সন্ধ্যাবন্দন, স্নান, তর্পণ প্রভৃতিতে প্রয়োজন কি ?

> স্নানং ম্লানমভূৎ ক্রিয়া ন চ ক্রিয়া সন্ধ্যা চ বন্ধ্যাভব-দ্বেনঃ খেদমবাপ শাস্ত্রপটলী সংপ্র্টিতাস্তঃস্ফুটা। ধর্ম্মো মর্ম্মহতো হুধর্ম্মনিচয়ঃ প্রায়ঃ ক্ষয়ং প্রাপ্তবান্ চিত্তং চুম্বতি বাদবেক্রচরণাস্তোক্ষে মমাহনিশম॥

কোন ভক্ত হৃদয়োচ্ছ্বাদে বলিতেছেন,—আমার সান মান হইয়াছে, ক্রিয়ানুষ্ঠান পণ্ড হইয়াছে, সন্ধ্যা বন্ধ্যা হইয়াছে, স্বাধায় থিন হইয়াছে, শাস্ত্রসমূহ মঞ্চ্বার মধ্যে আবদ্ধ হইয়াছে, ধর্ম্ম মর্ম্মাহত হইয়াছে এবং অধর্মাও ক্ষয়প্রাপ্ত হইয়াছে, যেহেতু আমার চিত্তৃস্প অহর্নিশ যাদবেক্রচরণপদ্ম চুম্বনের জন্ম ব্যস্ত আছে।

সংসারমুক্ত ভক্ত বৈষ্ণবের এই সকল ভাবসমূহ কখনই হীনাধিকারী পাপনিষ্ঠাযোগ্য বৈধাবৈধজনগণ ধারণা করিছে: পারেন না। কোন পাপমগ্ন, পতিত, স্মৃতিবাধ্য জীবের এই ভাব প্রকৃতপ্রস্তাবে উপলব্ধ হইলে তাঁহার মঙ্গলের কথা আর কেহই বলিয়া উঠিতে পারেন না। অনেকে পরচক্ষু বা চশমা-ধারণের প্রয়োজনীয়তা বুঝিতে না পারিয়া যেরূপ অজ্ঞতাক্রমে দূরদর্শন-রহিত থর্ববদৃষ্টি বা ক্ষুদ্রদৃষ্টি-রহিত জনগণের অধিকার ও

প্রয়োজনীয়তার নিন্দা করেন, তদ্রুপ স্মার্ত্তগণ বৈশুবকে তাঁহাদের স্থায় জীবাস্তর জ্ঞানে সমশ্রেণীভুক্ত করেন। বস্তুতঃ স্মার্ত্ত ও পরমার্থিজনে আকাশ-পাতাল ভেদ। আমরা পূর্বেক কতিপয় শাস্ত্র ও বৈশুবের হৃদয়ভাব উদাহরণ-স্থলে উদ্ধৃত করিয়া দেখাইয়াছি; তদ্বারা বৃদ্ধিমান্ প্রকৃতিজনগণ হরিজনের স্থান ও মর্য্যাদা উপলব্ধি করিবেন।

শ্রীমন্তাগবত ১১শ স্কন্ধ ২য় অধ্যায় ৫১ শ্লোক—
ন যশু জন্মকর্মাভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ।
সজ্জতেহস্মিলহংভাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ॥

যিনি নিজ ত্রাহ্মণাদি জন্ম-গোরব, দান-প্রতিগ্রহাদি কর্ম-গোরব, বর্ণাশ্রম ও জাতি-গোরব প্রভৃতি দারা চর্ম্ময় কোষের আমিত্বে বাহাতুরী করেন না, তিনি হরির প্রিয়।

বৈষ্ণবগণ যদিও ব্রাহ্মণকুলে উৎপন্ন হন বা জগতের নমস্থ আচার্য্যের কার্য্য করেন, তথাপি ব্রাহ্মণাদি বর্ণ-গৌরব-দারা, যতি প্রভৃতি আশ্রম-গৌরব-দারা, শৌক্র-সাবিত্য-দৈক্ষ প্রভৃতি জাতি-গৌরব-দারা কখনই নিজের অভিমান করেন না। শ্মার্ত্ত কর্ম্মজড়গণেরই সংসারাসক্তি-প্রাচুর্য্যে তাদৃশ হরিবিরোধী ভাব-সমূহ প্রবলতা লাভ করে।

জড়মতি কর্ম্মিগণের ধারণার বিরুদ্ধে শ্রীমন্তাগবত ১০ম স্কন্ধ ৮৪ অধ্যায় ১৩শ শ্লোকের আলোচনা বিধেয়—

যভাত্মবুদ্ধিঃ কুণপে ত্রিধাতুকে স্বধীঃ কলত্রাদিরু ভৌম ইজ্যধীঃ। যত্তীর্পবুদ্ধিঃ সলিলে ন কর্হিচিজ্জনেম্বভিজ্ঞেরু স এব গোখরঃ॥ শীভগবান্ কহিলেন,—যে-বাক্তি সাধু-বৈষ্ণবগণের চিন্ময় অনুভূতি পরিত্যাগ-পূর্বক অচিজ্জড়-বিষয়ে আসক্তিক্রমে বাত-পিত্ত-কফবিশিষ্ট নিজ বিপ্রাদি চর্ম্ময় কোষে 'আমি' বৃদ্ধি করে, প্রাজাপত্যাদি দশপ্রকার পরিণীত পত্নী প্রভূতিতে 'আমার' ধারণা করে, পার্থিব জড়বস্তুতে দেবতা-বৃদ্ধি ও জলে তীর্থ বা পবিত্র-বৃদ্ধি করে এবং যাহার বিষ্ণু ও বৈষ্ণবে যাথার্থ্য-বৃদ্ধির অভাব, তাহাকে গোতৃণবাহী গর্দভ বা গোগর্দভ জানিবে। ভগবস্তক্তগণ তাহার বৃদ্ধির প্রশংস। করেন না।

ব্রহ্মসংহিতার পঞ্চমাধ্যায়ের ৩৮শ শ্লোক বিশেষ মনোযোগের সহিত বিচার্য্য—

প্রেমাঞ্জনচ্ছুরিত-ভক্তিবিলোচনেন সন্তঃ সদৈব হৃদয়েহপি বিলোকয়ন্তি॥
যং খ্যামস্থলরমচিন্ত্যগুণস্বরূপং গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

হরিজন-সাধুগণ সর্বদা হৃদয়ে প্রেমাঞ্জনরঞ্জিত ভক্তিচক্ষুদ্বারা যে অচিন্ত্যগুণ-স্বরূপ-বিশিষ্ট শ্যামহ্মদর আদিপুরুষ গোবিদ্দ-দেবকে অবলোকন করিয়া থাকেন, সেই বস্তুকে আমি সেবা করি। কর্মাবৃদ্ধি প্রাকৃত-সাহজিকগণ জড়তা-নিবন্ধন যে জড়-বিষয়সমূহ ধারণা করিয়া ভোগ্য বিচারে কৃষ্ণদর্শন হইল বলিয়া জ্ঞান করেন, তদতিরিক্ত জড়ধর্মাধর্ম-বিবর্জিত যে ভগবদস্তকে ভগবদ্ধকোণ অপ্রাকৃতামুভূতিক্রমে ভক্তিময় চক্ষে দর্শন করেন, তাহাকেই আমি ভজন করি। স্মার্ত্ত পরমার্থী, উভয়ের মধ্যে দ্রুষ্ট্র ও দৃশ্যবস্তর ভেদ আছে, তাহা অজ্ঞ সাধারণে বুঝিয়া উঠিতে পারে না।

এরপ ভক্তি হৃদয়ে উদিত হইলে ঠাকুর বিশ্বমঙ্গণদেবের অমুভূতি অমুসারে প্রকৃত হরিজনের ভাব ভগবন্তক্তমাত্রেরই হৃদয়মধ্যে স্বতঃ প্রতঃ প্রকাশিত হইয়া পড়ে।

কৃষ্ণকর্ণামূতে ১০৭ শ্লোক—

ভক্তিস্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্থাদৈবেন নঃ ফলতি দিব্যকিশোরমূর্তিঃ।
মৃক্তিঃ স্বয়ং মৃকুলিতাঞ্জলিঃ সেবতেহস্মান্ ধর্মার্থকামগতয়ঃ সময়প্রতীক্ষাঃ॥

হে ভগবন্, যদি তোমাতে আমাদের ভক্তি নিশ্চলা হয় অর্থাৎ যথেচ্ছাচার, কর্ম বা জ্ঞানের আবরণে জড়িত না হয়, তাহা হইলে অবশ্যই তোমার অপ্রাকৃত কিশোরমূর্ত্তি আমাদের অনুভূত হইবে। চিন্ময়ভাবে বিভাবিত হইয়া আমরা তোমার ভক্ত-সেবকাভিমানে যে কালে তোমাকে দর্শন করিব, তৎকালে মুক্তিসেবাভিলায দূরে থাকুক্, গোণফলস্বরূপে স্বয়ং মুক্তিই যাচমানা হইয়া আমাদের সেবা-কার্য্যে রতা থাকিবেন। আবার, ত্রিবর্গ ধর্মার্থকাম—যাহা সকাম অভক্তগণের দুর্লভ বস্তু, ঐগুলি দাসের শ্রায় অনুগমন করিবে।

স্মার্ত্ত বা বৈধ অভক্তগণ যে চতুর্বর্গ-ফলের উপাসনা করিয়া আপনাদিগকে কৃতকৃতার্থ জ্ঞান করেন, ঐগুলি স্বভাবতঃই হরি-জনের বাধ্য ও পদানত থাকে। হরিজনগণ মুক্ত পুরুষ, স্বতরাং বন্ধবিচারে তাঁহাদের উৎসাহ নাই।

কন্মিগণ কোন্কালে নিজের রুচিগত ধর্ম ত্যাগ করিয়াছেন এবং সত্য সত্য ভগবদ্ধক্তির মাহাত্ম্য বুঝিতে সমর্থ হইয়াছেন, তাহার নিদর্শন-স্বরূপ এই ভাগবত-পত্ত (ভাঃ১১।১৪।১৪) বিচার্য্য,—

ন পারমেষ্ঠ্যং ল মহেক্সধিষ্ণ্যং ন দার্ব্বভৌমং ন রসাধিপত্যম্। ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা ম্যাপিতাত্মেচ্ছতি মদ্বিনাহক্তৎ ॥

ভগবান্ কহিলেন, আমাতে যে ভক্ত আত্মসমর্পণ করিয়াছেন, তিনি কখনও পারমেষ্ঠ্য, ইন্দ্রম্ব, সার্ব্বভৌমস্ব, রসাধিপত্য, যোগসিদ্ধি বা পুনর্জন্মরাহিত্য-ফল-লাভের কোনপ্রকার অভিলাষ করেন না। আমাকেই লাভ করা ব্যতীত তিনি আর কিছুই চান না,—ইহাই ভাঁহার স্বরূপ-লক্ষণ।

শ্রীহরিই হরিজনের লভ্য ও প্রাপ্যবস্তা। তথ্যতীত অন্যের ব্রাহ্মণস্থলভ জাতি ও পাণ্ডিত্য-মাহাত্ম্য, ক্ষত্রিয়-বৈশ্য-স্থলভ ধনাদি ঐশ্বর্য ও বাণিজ্য-মাহাত্ম্য ইত্যাদিতে বিমূঢ়তা স্বতঃসিদ্ধ। ভক্তিংহীনের মনের ভাব ও ব্যবহার হইতে ভক্তের ভাব ও ব্যবহার—সম্পূর্ণ বিরুদ্ধ। একের কেবল মলিনতা ও শোক-পরতা, আর অপরের হরিসেবাময়ী আনন্দময়তা।

মহাত্মা কেরলসমাট্ কুলশেখর আলোয়ার (সিদ্ধ বৈষ্ণব) বলিয়াছেন,—

নাস্থা ধর্ম্মেন বস্থনিচয়ে নৈব কামোপভোগে যদ্যন্তব্যং ভবতু ভগবন্ পূর্ব্বকর্মান্তরূপম্। এতং প্রার্থ্যং মম বহুমতং জন্মজনান্তরেংপি স্বংপাদাস্ভোক্তহযুগগতা নিশ্চনা ভক্তিরস্ক্ত॥

হে ভগবন্, আমার বর্ণাশ্রম-ধর্মে, ধনে, কামভোগে আস্থা

নাই। পূর্ববর্ত্তমানুসারে যাহা যাহা অবশুস্তাবী, তাহাই হউক্। আমার সর্বতোভাবে প্রার্থনা এই যে, জন্মজন্মান্তরেও যেন আমি তোমারই শ্রীপাদপদ্মযুগলে সর্বাদা নিশ্চল-ভক্তিবিশিষ্ট হইতে পারি।

অবৈষ্ণবের মতে, ধর্মা, অর্থ ও কাম—এই ত্রিবর্গ-ভোগ এবং চতুর্থবর্গ মোক্ষলাভই জীবের চরম ফল। কিন্তু বৈষ্ণব আলোয়ার ঐগুলি যেরূপ হয় হউক্ জানিয়া ভগবন্তক্তির নিত্যত্ব অনুভব করিতেছেন,—

মজ্জনঃ ফলমিদং মধুকৈটভারে
মংপ্রার্থনীয়োমদকুগ্রহ এব এব।
স্বদ্ভূত্য-ভূত্য-পরিচারক-ভূত্যভূত্য-ভূত্যশু ভূত্য ইতি মাং শ্বর লোকনাথ।

হে লোকনাথ ভগবন্, হে মধুকৈটভারে, আমার জন্মের ইহাই ফল, ইহাই আমার প্রার্থনা এবং ইহাই আপনার অনুগ্রহ যে, আপনি আমাকে আপনার ভূত্য বৈষ্ণবের দাসামুদাস, সেই বৈষ্ণব-দাসামুদাসের দাসামুদাস এবং বৈষ্ণব-দাসামুদাসের দাসামুদাসের দাসামুদাস বলিয়া স্মরণ করিবেন।

বলা বাহুল্য, ক্ষত্রিয়কুলোত্তম কেরল সার্ব্বভৌমের ব্রাহ্মণতা-লাভের প্রার্থনা ছিল না। তিনি ভগবদ্ধক্তের মহামহিম নিত্র-আসন লাভের জন্ম সর্ববদা উদ্গ্রীব ছিলেন। এই মহাপুরুষ— শ্রীরামানুজ-বৈষ্ণব-সম্প্রদায়ের গুরু ও একজন ভক্তাবতার। মহাত্মা যামুনমুনি বলেন,---

ন ধর্ম্মনিষ্ঠোহস্মি নচাত্মবেদী ন ভক্তিমাংস্বচ্চরণারবিদে। অকিঞ্চনোহনগুগতিঃ শরণ্য ত্বংপাদমূলং শরণং প্রপত্যে॥ তব দাস্তস্ত্র্বৈধকসঙ্গীনাং ভবনেম্বস্থপি কীটজন্ম মে। ইতরাবস্থেষ্ মাস্মভূদপি মে জন্ম চতুর্ম্বাত্মনা॥

হে শরণ্য, আমার বর্ণাশ্রমধর্মে নিষ্ঠা নাই, আমি আত্মজ্ঞান লাভ করিতেও পারি নাই এবং আপনার পাদপল্লে ভক্তিমান্ হইতেও সমর্থ হই নাই, স্কৃতরাং কর্ম-মাহাত্ম্য, জ্ঞান-মাহাত্ম্য বা ভক্তিসাভ আমার ভাগ্যে না ঘটায় আমি অকিঞ্চন এবং আপনা ব্যতীত আমার অন্থ কোন গতি না থাকায় আপনার পাদমূলে শরণ গ্রহণ করিতেছি। হে ভগবন্, আপনার ভক্ত বৈষ্ণবগণের গৃহে আমার কীটজন্মও ভাল, পরস্তু অবৈষ্ণব-গৃহে সাক্ষাৎ ব্রহ্মশরীরেও অবস্থান করিতে আমি ইচ্ছুক নহি।

শৌক্র-ব্রাহ্মণ-পরিচয়ে পরিচিত এই মহাত্মা শৌক্র-শৃদ্র-পরিচয়ে পরিচিত ভক্তাবতার সিদ্ধপার্যদ-বৈষ্ণব বকুলাভরণ শঠকোপের কিরূপ অনুগত, তাহা তাঁহার 'আলবন্দারু স্তোত্রে'র ৭ম শ্লোক হইতে অনুভূত হয়,—

মাতা পিতা যুবতয়স্তনয়া বিভৃতিঃ
সর্বাং বদেব নিয়মেন মদৰয়ানাম্।
আচ্চম্ব কুলপতের্বকুলাভিরামং
শ্রীমন্তদন্তিব যুগলং প্রাণমামি মৃর্দ্ধ্না॥

আমাদিগের কুলের প্রথমাচার্য্য শঠকোপের বকুলাভিরাম

শ্রীমৎ পদযুগলকে আমি মস্তক-দ্বারা প্রণাম করিতেছি। আমার বংশীয় অধস্তন শিশুবর্গের সর্ববস্থই ঐ শ্রীমৎপদযুগল। তাহাদের মাতা, পিতা, স্ত্রী, পুত্র এবং ঐশ্বর্হ্য—সমস্তই ঐ শঠকোপ-দেবের শ্রীচরণ।

অত্যন্ত মর্য্যাদাবিশিষ্ট ব্রাহ্মণকুলে উৎপন্ন হইরা শ্রীআলবন্দারুঋষি শঠকোপদেবকে যেরূপ ভক্তি প্রদর্শন করিতেছেন, তাহা
আলোচনা করিয়াও সম্প্রতি যে-সকল ব্যক্তি 'বৈষ্ণব' নাম লইয়া
ক্ষুদ্র স্মার্ত্রবৃদ্ধি-প্রভাবে বৈষ্ণব-সমাজ হইতে উদর-লোভে বিচ্ছিন্ন
হইয়া শ্রীশ্রীবিষ্ণুপাদ রঘুনাথদাস গোস্বামী প্রভুবরের অমর্য্যাদা
করেন, তাঁহাদের মাতা, পিতা, স্ত্রী, পুত্র, ঐশ্বর্য় ও প্রণতির
একমাত্র পীঠস্বরূপে শ্রীদাস রঘুনাথ প্রভুর শীতল পদতলকে
বৃন্ধিতে পারিলে যামুনাচার্য্যের কূপা-প্রভাবে উহাদের কৃষ্ণভক্তি
লাভ হইবে। নতুবা তাঁহাদের হরিজ্ঞন-বিমুখতা ও গুরুত্যাগই
সিদ্ধ হইবে।

আচার্য্য শ্রীরামানুজ বলেন,—

বৈষ্ণবানাঞ্চ জন্মানি নিদ্রালম্ভানি যানি চ।
দৃষ্ট্য তান্তপ্রকাশ্ভানি জনেভ্যোন বদেৎ কচিৎ॥
তেষাং দোষান্ বিহায়াশু গুণাংশৈচব প্রকীর্ত্তরেং।

(লোক-মঙ্গলের ও কোমলশ্রদ্ধ জনগণের হিতের জন্ম) বৈষ্ণবদিগের জন্ম, নিদ্রা ও আলস্থ প্রভৃতি জানা থাকিলেও (দন্তক্রমে নিন্দার উদ্দেশে) কখনও লোকের নিকট বলিবে না। ভাঁহাদিগের দোষসমূহ পরিত্যাগ-পূর্ব্বক গুণাবলী কীর্ত্তন করিবে। বৈষ্ণবের পরিচয় ও স্মার্ত্তের পরিচয় মুগুক-উপনিষদে এরূপ লিখিত আছে,—

"দ্বে বিত্যে বেদিতব্যে ইতি হ স্ম যদ্ব্রহ্মবিদো বদস্তি পরা চৈবাপরা চ। তত্রাপরা ঋণ্যেদো যজুর্ব্বেদঃ দামবেদোহথর্ব্ববেদঃ শিক্ষা কল্লো ব্যাকরণং নিক্ষকং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে।"

ৰা স্থপৰ্ণা সযুজা স্থায়া সমানং বৃক্ষং পরিষম্বজাতে।
তয়োবস্তঃ পিপ্পলং স্বাৰন্ত্যনশ্লস্যোহ ভিচাকশীতি ॥
সমানে বৃক্ষে পুক্ষো নিমধ্যো হুনীশয়া শোচতি মুহ্থমানঃ।
জুষ্টং যদা পশ্সত্যন্তমীশমশু মহিমানমেতি বীতশোকঃ॥
যদা পশ্যং পশ্সতে কুল্মবর্ণং কন্তার্মীশং পুক্ষং ব্রহ্মযোনিম্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধ্যু নিরঞ্জনঃ প্রমং সাম্যুমুপৈতি॥

শোনক বলিলেন,—ছই প্রকার বিভা জানিতে হইবে।
ব্রহ্মরসবিদ্ পরমার্থিগণ বলেন,—পরা বিভা বা পরমার্থ বিভা
এবং অপরা বিভা বা লোকিকী বিভা। ঋথেদ, যজুর্বেদ, সামবেদ,
অথর্ববেদ, সূত্রাদি কল্পসমূহ, বর্ণগণের স্থান-প্রযন্ত্রাদি-নিরপক
শিক্ষাশাস্ত্র, শব্দামুশাসনপর ব্যাকরণ, শব্দনির্বাচনপর নিরুক্ত,
ছন্দশাস্ত্র এবং কালনির্ণয়পর জ্যোভিষ-শাস্ত্র,—এই চতুর্বেদ ও
ষড়ক্স সমস্তই লোকিকী অপরা বিভা,—অপরমার্থীর উপাস্ত।
প্রাকৃত ভোক্তবৃদ্ধিতে এ সকল শাস্ত্রের আলোচনা করিলে
কর্ম্মফল-ভোগপর কর্ম্মকাণ্ডেই অধ্যয়নকর্ত্রাকে আবদ্ধ করে।
যে শাস্ত্র-বিভা-প্রভাবে পরমার্থ অপ্রাকৃত বৃদ্ধি উজ্জ্বল হয়,
তাহাই পরা বিভা। লোকিক স্মার্ত্রবৃদ্ধি হইতে অবসর প্রাপ্ত

হইলে পরমার্থ-বিছ্যা বা পরা বিছ্যা লাভ হয়, তখন জীব স্বার্থ-গতি বিষ্ণুকে জানিয়া বৈষ্ণবতা লাভ করেন।

একত্র সংযুক্ত, উপকার্য্য ও উপকর্ত্তাবে বন্ধুত্বসূত্রে আবদ্ধ,
ভক্তজীব ও ভগবান্—এই চিম্ময় পশ্দিষয় দেহ-নামক একটি
অশ্বথবক্ষে অধিষ্ঠিত। পশ্দিষয়ের মধ্যে জীব-পক্ষীটা দেহজনিত
কর্ম্মফলরূপ অশ্বথফলকে স্বাতু বলিয়া ভোজন করিতেছেন। মপর
পশ্দিরূপী ভগবান্ ঐ ফল নিজে গ্রহণ না করিয়া ফলভোগী
জীবকে ভোগ করাইতেছেন।

একটা পক্ষী (জীব) বৃক্ষরূপ জড়দেহে 'অহং'-'মম'-ভাবাপন্ন ও প্রভুভক্তিরহিত হইয়া কর্মফলজন্ম শোকে মুহ্মান হইতেছেন এবং শ্রীভগবানের সেবায় বিমুখ হইয়া সংসার-ব্রেশ-ভোগ করিতে করিতে স্মার্ত্ত কর্মকাণ্ডিক জীবন কাটাইতেছেন। যখনই জীব স্মার্ত্রবৃদ্ধি ত্যাগ করিয়া কর্মফল-বাসনা পরিহার করেন, তখনই তিনি সকল ভোগ্য লোকিক বস্তু হইতে পৃথক্ অন্য পক্ষীকে গুণাতীত ভগবান্ বিষ্ণু জানিয়া তাঁহার সেবার নিত্যন্থ উপলব্ধি-পূর্বেক শোকরহিত হইয়া ভগবানের লীলামাহাম্ম অবগত হন। কৃষ্ণদাস্থামুভূতিই বৈষ্ণবতা ও কর্মফল-লাভর্মপ-বাসনারাহিত্যই নিক্ষামতা। বৈষ্ণবতা হইলেই জীব পরিশুদ্ধ ও মুক্ত হন।

বিষ্ণুভক্তিলাভে নির্মাল জীব দ্রষ্ট্ সেবকস্বরূপে যে-কালে হেমবর্গ-বিগ্রহ হিরণ্যগর্ভ জগৎকর্ত্তাকে দেখিতে পান, তখন পরবিত্যালাভের ফলে অপরা লোকিকী বুদ্ধিপ্রসূত পাপপুণ্য- ধারণা সম্যগ্রূপে পরিহার করিয়া নির্মালতাও পরম মমতা লাভ করেন। বদ্ধাবস্থায় জীবের স্মার্ত্তাব এবং মৃক্তাবস্থায় হরিদাস্ত ভাবের উদয় হয়,—ইহাই বেদের একমাত্র তাৎপর্য্য।

বিষ্ণুপুরাণ বলেন,—

বিষ্ণোস্ত ত্রীণি রূপাণি পুরুষাখ্যাশুথ বিহঃ। আছাত্ত মহতঃ শ্রষ্ঠ দিতীয়স্বগুসংস্থিতম্। তৃতীয়ং সর্বভূতস্থং যানি জ্ঞান্থা বিমূচ্যতে॥

ভগবান্ নারায়ণের তিনটী পুরুষাবতার। তুরীয় অবস্থায় চতুর্ব্যুহবিশিষ্ট নারায়ণ—সমগ্র বৈকুণ্ঠের অধিপতি। সেখানে মায়ার গদ্ধ পর্যান্ত নাই। সেই নারায়ণের অপাশ্রিতা মায়া বিরজার অপর পারে বিক্রমশীলা। মায়া-বারা দেবীধাম-স্প্রি-কার্য্যে শ্রীনারায়ণের পুরুষাবতার-সমূহ লক্ষিত হন। আদি পুরুষাবতার কারণার্ণবশায়ী মহাবিষ্ণু—মহত্তত্ত্ব ও অহঙ্কারের কারণ। বিতীয় পুরুষাবতার গর্ভোদকশায়ী হিরণ্যগর্ভ সমষ্টি-বিষ্ণু ভূমার নাভিনালে গুণাবতার ব্রহ্মা উৎপন্ন হইয়া জগৎ স্ষ্টি এবং গুণাবতার রুদ্র উক্ত সৃষ্ট জগৎ ধ্বংস করেন। তৃতীয় পুরুষাবতার ক্ষীরোদকশায়ী ভগবান্—ব্যষ্টি-বিফুরূপে প্রত্যেক জীবাত্মার সেব্যবস্তু। এই তিন পুরুষাবতারের সেবা করিতে পারিলে বদ্ধ স্মার্ত্ত জীব ত্রিগুণমূক্ত হইয়া বৈষ্ণবতা লাভ করেন। বিষ্ণু নিত্যকাল মায়াধীশ ; পুরুষাবতারে মায়ার সহিত সংসর্গ হইলেও মায়াবশ জীবের স্থায় তাঁহার মায়াবাধ্যতা হয় না। ভগবান্ বিষ্ণু ব্যতীত অম্যবস্তু জীবের স্বরূপতঃ বৈষ্ণবতা-সম্বেও

বিষ্ণুমায়ার বশযোগ্যতা আছে। বিষ্ণুপ্রপত্তিক্রমে বৈষ্ণবগণের মায়াবশ-যোগ্যতা-ধর্ম্ম থাকিতে পারে না। কেবলমাত্র অবৈষ্ণব আর্টাদির মায়াবশ-যোগ্যতা ও কর্মফলাধীনতা স্বীকার্য্য।

ক্ষন্দপুরাণ রেবাখণ্ডে তুর্বাসা-নারদ-সংবাদে,—

ন্যুনং ভাগৰতা লোকে লোকরক্ষাবিশারদাঃ !
ব্রজস্থি বিষ্ণুনাদিষ্টা হাদিস্থেন মহামুনে ॥
ভগবানেব সর্ব্বিত্র ভূতানাং ক্রপয়া হরিঃ।
বক্ষণায় চরন লোকানু ভক্তরূপেণ নারদ ॥

হে মহামুনে নারদ, লোকরক্ষা-বিদ্যায় বিশারদ ভাগবত-সকল হৃদিস্থিত বিষ্ণু-কর্তৃক আদিষ্ট হইয়া পৃথিবীতে বিচরণ করেন। ভগবান্ হরিই কৃপা-পূর্বক সর্বক্ষীবের রক্ষার্থ ভক্তরূপ ধারণ-পূর্বক বিচরণ করেন।

ভগবান্ শ্রীরামচন্দ্রের লীলায় আমরা দেখিতে পাই যে, তিনি সর্ববশক্তিমান্ হইয়াও লোকিক নীতির বাধ্য ভক্তের আচরণ-পালনে রত। তিনি কোন প্রকার লোক-প্রচলিত অবৈধ কার্য্যের প্রশ্রেয় না দিয়া ঐ সকল বিধি-বাধ্যতা সাধারণ মর্ত্তাজীবের স্থায় স্বীকার-পূর্বক রক্তস্তমঃপ্রকৃতি জীবগণেরও মঙ্গল বিধান করিয়াছেন।

## গরুড়পুরাণে,—

কলো ভাগবতং নাম ত্ব্ৰেজং নৈব লভ্যতে। ব্ৰহ্মক্তপদোৎকৃষ্টং গুৰুণা কৰিতং মম॥ যাস্ত ভাগবতং চিহ্নং দৃশুতে তু হরিমুনে। গীয়তে চ কলো দেবা জ্বেয়ান্তে নাস্তি সংশ্যঃ॥ কলিকালে কর্ম্মকাণ্ডীয় বৃদ্ধি-প্রভাবে ভাগবতধর্ম গ্রহণ করিতে অধিকাংশ নির্বোধ জন অগ্রসর হইবেন না; স্থতরাং কলিতে শুদ্ধ ভাগবত—ফুর্লভ। ভাগবতের পদ—ব্রহ্মাণ্ড রুদ্রপদ অপেক্ষাও ক্রেষ্ঠ,—ইহা আমার গুরু-কর্তৃক কথিত হইয়াছে। শতজন্ম বর্ণাশ্রমাচার পালন করিলে পুণ্যফলে ব্রহ্মার পদলাভ হয়, কিন্তু বৈষ্ণব-পদ তদপেক্ষা শ্রেষ্ঠ। হে মুনে, যে-যে ভক্তের ভাগবতিচ্ছি দেখা যায় এবং মুখে সর্ববদা হরিনাম কীর্ত্তিত হন, কলিকালে তাঁহাদিগকে নিঃসংশয়ে দেবতা জানিবে।

ক্ষন্দপুরাণ বলেন,—

শ্রীক্রফস্তবরত্বোবৈর্যেবাং জিহবা ত্বলঙ্কতা। নমস্তা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাম্॥

শ্রীকৃষ্ণস্তবরূপ রত্নসমূহ যে-সকল বৈষ্ণব-মহাত্মার জিহ্বায় অলঙ্কাররূপে শোভা করেন, তাঁহারা সিদ্ধ-তাপস-ব্রাহ্মণ-মুনিগণের প্রণম্য এবং দেবগণের পূজ্য।

কর্মাঞ্জড়গণের স্মার্ক্ত-বিশ্বাসান্ত্রসারে এই সকল উচ্চভাব অতিশয়োক্তি-অলঙ্কার বলিয়া ধারণা হয়। তাহাদের কুকর্ম-কলেই তাদৃশী ধারণা। বৈঞ্চবাপরাধক্রমে ও তৎফলে বৈশ্ববের উচ্চমর্য্যাদা বৃঝিতে না পারিয়া তাহারা বৈঞ্চবাভিমান ত্যাগ-পূর্বক অহ্যকর্ম্মফলাধীনতার বহুমানন করে মাত্র। যেহেতু কর্ম্মিগণ সিদ্ধ-মুনিগণের চরণে নত এবং ত্রিদিববাসিগণের উচ্চ আসন দেখিয়া পূজা করে, অতএব জড়স্পৃহা-বশতঃ তাহাদের হরিভজন বা হরিভক্তের সর্বোত্তমতায় লোভ উদিত হয় না। আদিপুরাণে,---

বৈষ্ণবান ভজ কোন্তেয় মা ভজস্বাগ্যদেবতাঃ।

হে কোন্তেয়, শ্রীবৈষ্ণবিদিগকেই ভজনা কর; অশ্য দেবতার ভজন করিও না। সমস্ত দেবলোকে ও নরলোকে এবং সমগ্র বিশ্বস্থান্তির মধ্যে বৈষ্ণবের তুল্য ভজনীয় বস্তু আর কিছুই নাই। যাহারা সকাম কন্মী, তাহারাই বৈষ্ণব-ভজন-পরিত্যাগ-পূর্বক জড় ক্লেশময় সংসারে গৃহত্রত হইয়া বৈষ্ণবের সেবায় উদাসীন থাকে এবং অবৈষ্ণবতার উপলক্ষণগুলিকে অধিক মনে করে। উহাই তাহাদের কন্মকল বা দণ্ড।

হরিজন বা বৈষ্ণব কাঁহারা এবং অবৈষ্ণবের সহিত তাঁহাদের কি প্রভেদ,—এই কথার পরিচয় ও সংজ্ঞা প্রদান করিবার উদ্দেশ্যে হরিজনকাণ্ডে এই প্রমাণাবলী ও ভাবসমূহ উদাহত হইল।

জীবাত্মা উপাধি সংগ্রহের পূর্বের অত্যন্ত নির্মাল। সেবা-রতঅবস্থা না হইলেও তাঁহার তটস্থর্ম্মবশতঃ নিরপেক্ষ শান্তরসে
অবস্থান নিত্যসিদ্ধ। স্বরূপ-জ্ঞানের অভাবে তৎকালে তটস্থাশক্তি-পরিণত জীব ভগবৎসেবায় রুচি প্রদর্শন না করিলেও
ভগবৎসেবাময় ধর্ম তাঁহাতে স্থ্যাবস্থায় অন্বয়ভাবে অবস্থিত
থাকে; তদ্বিপরীত ব্যতিরেকভাবে ভোগপ্রবৃত্তি তৎকালে
তাঁহাতে পরিলক্ষিত না হইলেও হরিসেবায় উদাসীত্য এবং
উদাসীত্মের পরবর্তী সহজ-ভোগমূলক বীজ তাঁহাতে অবস্থান
করে। তটস্থা শক্তি-পরিণত জীব ভক্তি ও অভক্তি, উভয় বৃত্তিকে
স্তব্ধ করিয়া চিরকাল নিরপেক্ষ থাকিতে না পারিলেও তিম্পরীত

ধর্মা তাঁহার তট-রেখায় অবস্থান-কালে আলোচ্য হয়। নিজিতা-বস্থায় মানব যেরপ দৃশ্যজগতের আবাহনে দৃশ্যের সান্নিধ্য প্রার্থী না হইয়া দৃশ্যভাবাভাসেই স্বকর্তৃত্ব প্রকাশ করে, তদ্রুপ ভগবৎ-সেবায় অল্পকাল উদাসীয়া দেখাইলেই স্বপ্ত নিরপেক্ষ তটস্থা-শক্তির অপরিণামধর্মযুক্ত হইয়া জীবের যে অবস্থান, উহাতে নির্বিশিষ্ট ব্রক্ষভাবই অনুস্মৃত থাকে। তজ্জ্যুই জীব বন্ধাবস্থায় স্থীয় অস্থির চিত্তের পরিচয় দিতে গিয়া নির্বিশিষ্ট ব্রক্ষে আত্মস্বরূপের অবস্থান কামনা করে। কিন্তু ভগবানের নিত্যদাস্থ ও তাৎকালিক বহিন্মুখতা-লাভের যোগ্যতা তাঁহাকে স্থির থাকিতে দেয় না। তাঁহার সমাধি ভঙ্গ করিয়া ভগবদ্-বৈমুখ্য তাঁহাকে ভোগ্য জগতের প্রভুত্ব বরণ করায়।

ভগবদ্বহিরঙ্গা শক্তি মায়া উহার বিক্ষেপাত্মিকা ও আবরণী বৃত্তিদ্বয় দাবা তটস্থা শক্তি-পরিণত জীবকে ভোগ-রাজ্যে প্রলুক করাইয়া তাঁহার নিকট ভগবৎসেবাবৈমুখ্যের বাস্তবতা সাধন করে। সেইকালে জীব আপনাকে ভোগিরাজ জানিয়া রজো-গুণাধিকারে বিরিঞ্চি-পদবীতে আসীন হইয়া আত্মজগণের উৎপত্তি বিধান করে—সর্কলোক-পিতামহ হইতে পরিণত হইয়া আর্য ব্রাহ্মণ-কুলে স্বীয় বিস্তৃতি প্রদর্শন করিতে থাকে। কিন্তু ভেদজগতে জীবসমূহ বহিরঙ্গা শক্তির বশীভূত হইয়া প্রত্যেকেই বিক্ষিপ্ত ও আবৃত হওয়ায় মৎসর স্বভাবের পরিচয় দিতে থাকে। সেই মাৎসর্ঘ্য মদ, মোহ, লোভ, ক্রোধ ও কাম সৃষ্টি করিয়া সেবা-বৈমুখ্যের প্রচণ্ড তাণ্ডব-নৃত্য প্রদর্শন করে। তথন লোকপিতামহ ব্ৰহ্মা হইতে জাত—এই অভিমান ক্ষীণ হওয়ায় জীব বেদসংজ্ঞিত ভগবদ্বাণী বিস্মৃত হইয়া পড়ে।

আবার উৎক্রান্তদশায় শব্দের অনুশীলনফলে শ্রীকৃষ্ণপাদপদ্ম স্মরণ-পথে পুনরুদিত হইলে জীবের চিদ্বিজ্ঞান লাভ ঘটে। তাহাতে অনর্থ-নিবৃত্তি ও পরম চরমকল্যাণে অবস্থিতি সিদ্ধ হয়।

ইন্দ্রিয়ের পরিচালনাক্রমে নশ্বর বিশ্বের যে ভাবের উদয় হয়, উহাকে 'বিলাস' বলে। ইন্দ্রিয়জজ্ঞান-সংগ্রহে বৈমুখ্য-প্রদর্শনে 'বিরাগে'র আবাহন। হরি-মায়া-মুয় বদ্ধজীব মায়াদেবীর বিক্লেপাত্মিকা ও আবরণী রতির বশীভূত হইয়া জড়জগতের তাৎকালিক কর্তৃত্ব লাভ করেন। কিন্তু সৌভাগ্যক্রমে তাঁহার সহিত্
অনুক্ষণ কৃঞ্জ্মতিপরায়ণ সাধুগণের সাক্ষাৎকার হইলে ইতর ভোগবিলাস পরিত্যাগমুখে দিব্যজ্ঞানের উদয়ের সম্ভাবনা হয়।

কৃষ্ণবিশ্বতিক্রমে ইন্দ্রিয়সকলের বিপরীত গতি তাৎকালিক বিরুদ্ধপ্রতিম বলিয়া বিচারিত হইলেও নিত্যবস্তর সান্নিধ্যে উহাদের অনিত্যতাবাহনরূপ রোগ বিদূরিত হইয়া উহাদের আলিঙ্গন-চেফা বিনফ হয়। তখন তিনি শ্রীগোরাঙ্গদাস আন্ধু-বিপ্রকুলোৎপন্ন ত্রিদণ্ডিপাদ শ্রীল প্রবোধানন্দ সরস্বতীর শিষ্ট্য শ্রীল গোপাল ভট্টের সঙ্কলিত শ্রীসনাতনামুগ্রহরূপ "হরিভক্তিবলাসে"র মধ্যে এই শ্লোকটি দেখিতে পান,—

গৃহীত-বিষ্ণুদীক্ষাকো বিষ্ণু-পৃজ্বাপরো নরঃ। বৈঞ্চবোহভিহিতোহভিজ্ঞৈরিতরোহস্মাদবৈঞ্চবঃ॥ অর্থাৎ শ্রীবিষ্ণুমন্ত্রে দীক্ষিত ও শ্রীবিষ্ণু-পৃক্কাপরায়ণ ব্যক্তি অভিজ্ঞগণ কর্তৃক 'বৈষ্ণব' বলিয়া কথিত হন, তদ্যতীত অপরে 'অবৈষ্ণব'।

নিত্য জীবমাত্রেই ভগবদমুকূলে নিত্যচেষ্টাবিশিপ্ট হইলেও
নিত্যসেবায় ওদাসীস্তবশতঃ তিনি মায়াবশযোগ্যতা-বিশিষ্ট।
ইন্দ্রিয়জজ্ঞান-দারা বিশ্বের খণ্ডিত বস্তুসমূহ মাপিতে গিয়া দিন
দিনই তাঁহার ভোগ-প্রবৃত্তি প্রবর্দ্ধমান হয়। দিব্যজ্ঞানলাভে
তাঁহার যোগ্যতা আছে,—এই প্রাক্তনী স্মৃতিও তিনি অনেক
স্থলে হারাইয়া ফেলেন। বিক্লিপ্ত ও আর্ত হইয়া তিনি
জগদ্ভোক্ত্র্ব-ক্রমে সদসদ্বিবেকরহিত হন এবং অসত্য—
অবাস্তব ব্যাপারকেই সত্য ও নিজামুকূলে ভোগ্য বলিয়া
জ্ঞান করেন।

পরম কারুণিক ভগবান্ তাঁহার তটন্থা শক্তি-পরিণত জীবের তুর্ভাগ্যের অপনোদনকল্পে স্বীয় পরমাত্ম-স্বরূপে ও মহান্তগুরুরূপে জীবাত্মস্বরূপ প্রদর্শন করেন। সেই সোভাগ্যক্রমেই বন্ধজীব দিব্যজ্ঞানাশ্ররের ক্ষীণ-চেফাক্রমে নিজ-ভোগের ও ত্যাগের বিপরীত দিকে ভগবংসেবায় ন্যুনাধিক রুচিবিশিষ্ট হন। জীবের একমাত্র আশ্রয় দিব্যজ্ঞানলন্ধ নিত্যসেবা-রত শুদ্ধ-জীবাত্মা মুক্ত মহাপুরুষের অনুগ্রহ-লাভে রুচিবিশিষ্ট হইলেই তাঁহার বিলুপ্ত কৃষ্ণদাশ্রম্মতি পুনঃ প্রকাশিত হয়। এই চেষ্টার ফলে তিনি বিক্ষেপাত্মিকা ও আবরণী শক্তির কবল হইতে আত্মত্রাণকামী হইয়া নিজ-মঙ্গল অনুসন্ধান করেন। তৎফলে তাঁহার দিব্যজ্ঞান লাভ হয়। দিব্যজ্ঞানলাভের ইচ্ছা তাঁহাকে

বিষ্ণুর অনুকৃল অনুশীলনে প্রবৃত্ত করায়। সেই অনুশীলনের আদিতে স্বরূপজ্ঞান ও তচ্চেষ্টা, পরে সেবামুখে বিলুপ্তবৃত্তির পুনরাবাহন এবং ফলস্বরূপে ভগবদ্দাস্থে পুনঃ প্রতিষ্ঠা। তখন আর ভাঁহাকে সেবা-বিমুখ অবৈষ্ণব-সংজ্ঞায় সংজ্ঞিত করা হয় না।

ভাগ্যহীন জনগণ গুরুসেবা ও সাধুসেবা-বর্জ্জিত হইয়া অপরাধ-বশতঃ পরমোচ্চ পদবী হইতে অধঃপতিত হন এবং পুনরায় ভোগী হইয়া পড়েন। তাঁহারা তথন আপনাদিগকে প্রাকৃত-সহজিয়া' বলিয়া গোরবান্বিত এবং মায়িক বিচারের অন্ধপাশে আবদ্ধ হন। সেই কালে পঞ্চরাত্রাসুকরণে ও ভাগবতাচুক্করণে ভাগবতগণের 'মনুসরণ' হইতে সম্পূর্ণ পার্থক্য লাভ করিয়া সেই আত্মবঞ্চিত জনগণ অবশেষে বিপথগামী হইয়া পড়েন। এই মিছা-ভক্তগণের সম্বন্ধেই ঠাকুর শ্রীল নরোত্তম ভক্তসমাজকে অবহিত করিয়াছেন।

মানব প্রাকৃত-সাহজিকধর্ম অবলম্বন করিয়া আপনাকে বৈশ্ববাভিমানে প্রতিষ্ঠিত করায় "আরুছ কৃচ্ছেন্রণ পরং পদং" প্রভৃতি ভাগবত-বাক্যের বিচারানুসারে অধঃপতিত হইলেও ঐ প্রকার বিকৃত জীবনকে বৈশ্বব-জীবন বলিয়া প্রচার করেন। যদিও শ্রীমন্মহাপ্রভু বর্ণাভিমান ও আশ্রামাভিমানকে প্রকৃতিজনেরই আরাধ্য বলিয়াছেন, তথাপি সেই ভগবত্বপদেশের অসম্মান করায় বদ্ধজীবগণ আপনাদিগকে কর্মফলাধীন অবৈশ্বত করিয়া তোলেন। মহাপ্রভুর রচিত এই শ্লোক সেই আত্মবিশ্বত—জনগণের কণ্ঠে উচ্চারিত হয় না,—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শৃজ্যো নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো ষতির্বা। কিন্তু প্রোভরিখিলপরমানন্দপূর্ণামৃত্যান্ত্রে-র্নোপীভর্ত্তুঃ পদক্ষলযোদ্যদাসাম্বাসঃ॥

( পদ্মাবলী ৬৩ শ্লোক )

আমি শুদ্ধ জীবাত্মা—স্বরূপতঃ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র নহি; অথবা ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ, বা সন্ন্যাসী নহি। পরস্তু আমি নিত্যোদীয়মান নিখিল পরমানন্দপূর্ণায়তসাগর-স্বরূপ গোপীজনবল্লভের শ্রীচরণকমলের দাসামুদাসের দাস-স্বরূপ।

কৃষ্ণদাসাভিমান ক্ষীণ হইলে চতুর্বিবধ মুক্তি-প্রাপ্ত জনগণের আত্মবস্তবোধ-ব্যাপারে পুনরায় বিপদ্ উপস্থিত হয়। স্বতরাং হরিজনাভিমান ছাডিলেই জীব প্রকৃতি-জনের শ্রেণী-বিশেষে তাৎকালিক আত্মগরিমায় প্রতিষ্ঠিত হন। তখন আর তিনি 'হরিজন' থাকিতে পারেন না। হরিভক্তিহীন হরি**জনগণ স্বরূপ**-বিস্মৃতিক্রমে "সোণার পাথর বাটা" হইয়া প্রকৃতপক্ষে প্রকৃতিজন বা প্রাকৃত-সহজিয়াই হন। অপ্রাকৃত সহজ-ধাম শ্রীবৈকৃঠে তাঁহাদের গতি স্তব্ধ হয়। স্বরূপবিম্মৃত হরিজনগণই প্রকৃতির অতীত শুদ্ধহরিজন ও প্রকৃতিজন অর্থাৎ প্রাকৃত হরিজনের সম্পূর্ণ পার্থক্য উপলব্ধি করিতে না পারিয়া, প্রকৃত শাস্ত্রজ্ঞানের পারদর্শিতার অভাবে অবরবর্ণোৎপন্ন জনগণকেই 'হরিজন' আখ্যা প্রদান করিয়া আপনারা উচ্চকুলোৎপন্নাভিমানে 'প্রকৃতি-জন'রূপে বুথা কালাতিপাত করেন।

এক্ষণে এই হরিজনের বিভাগ বর্ণিত হইতেছে। 'সাত্বত্ত.' 'ভক্ত,' 'ভাগবত', 'বৈষ্ণব', 'পাঞ্চরাত্রিক', 'বৈখানস', 'কর্মাহীন' প্রভৃতি দ্বাদশপ্রকার বিভাগ ভারতীয় ঐতিহাসিকবর্গ ভিন্ন ভিন্ন শাস্ত্র হইতে প্রাপ্ত হইয়াছেন। এক্ষণে ঐপ্রকার বিভাগ লুপ্ত-প্রায় হইলেও স্থলতঃ চুইটী বিভাগ প্রবল আছে, দেখা যায়। হরিপরায়ণ জনগণ অর্চন ও ভাব,—এই মার্গদ্বয় এখনও সর্ববদা বিচার ও লক্ষ্য করিয়া আসিতেছেন। সাত্বত আচার্য্য-চতুষ্টয়ের মধ্যে শ্রীমধ্বাচার্য্য ও শ্রীনিস্বাদিত্য—ভাগবতমার্গী, আর শ্রীরামানুজাচার্য্য ও শ্রীবিষ্ণুস্বামী—অর্চনমার্গী পাঞ্চরাত্রিক বৈষ্ণবাচার্য্য। পরে শ্রীমধ্ব ও শ্রীনিম্বার্ক মহোদয় ভাগবতাচার্য্য হইলেও কনিষ্ঠাধিকারে অর্জন এবং শ্রীরামামুজাচার্য্য নবেজ্যা-কর্মান্তর্গত শ্রীনামকীর্ত্তনাদি স্বীকার করিয়াছেন। সর্ব্বাগ্রে শ্রীবিষ্ণুস্বামী বেদান্তভাস্তকার হইয়াছিলেন। এই চারিজন চারিটা সাম্প্রদায়িকাচার্য্যরূপে অভিষিক্ত হইয়াছেন। এস্থলে শ্রীধর স্বামীর তৃতীয় স্বন্ধের টীকার প্রারম্ভ উদ্ধৃত হইল,—

''দ্বেধা হি ভাগবত-সম্প্রদায়-প্রবৃত্তিঃ। একতঃ সংক্ষেপতঃ শ্রীনারায়ণাদ্-ব্রহ্মনারদাদিদ্বারেণ। অস্ততম্ভ বিস্তরতঃ শেষাৎ সনৎকুমার-সংখ্যায়নাদি-দ্বারেণ।"

বলা বাহুল্য, উপরি-লিখিত বিভাগ-সমূহের সকলেই বৈষ্ণব ; যথা পাদ্যোত্তরখণ্ডে,—

> যদ্বিষ্ণুপাসনা নিত্যং বিষ্ণুর্যশুরেরো মুনে। পুজ্যো যহৈশ্বকবিষ্ণুঃ স্থাদিষ্টো লোকে স বৈষ্ণবঃ॥

হে মুনে, যাঁহার বিষ্পাসনা নিত্য, বিষ্ণুই যাঁহার নিত্যপ্রভু এবং একমাত্র পূজ্য ও ইষ্টবস্তু, তিনিই এই পৃথিবীতে 'বৈষ্ণব' বলিয়া খ্যাত।

বস্তুতঃ হরিজনের প্রকার-ভেদ তুইটী মূল রুচির উপর স্থাপিত। পাঞ্চরাত্রিক ও ভাগবত-ভেদে হরিজনের থিভাগ যেরূপ আচার্য্য শ্রীপাদ জীবগোস্বামি-প্রভু শ্রীভক্তিসন্দর্ভে লিপিবদ্ধ করিয়াছেন, তাহাই বিচারণীয়।

ভাগবত ১২শ ক্ষম ৩য় অধ্যায় ৫২ শ্লোক—

ক্তে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যদ্ধতো মথৈঃ। দ্বাপরে পরিচর্য্যায়াং কলো তদ্ধরিকীর্ত্তনাৎ॥

সত্যযুগে বিষ্ণুধ্যান, ত্রেতায় যজ্ঞকর্দ্ম ও দ্বাপরে অর্চ্চন,— এই ত্রিবিধ উপাসনা-প্রণালী হইতে যে মঙ্গল উদয় হয়, কলিকালে হরিকীর্ত্তন হইতেই তাহা লাভ হইয়া থাকে।

শ্রীমদাচার্য্য আনন্দতীর্থ পূর্ণপ্রজ্ঞ মধ্বমূনি মুগুকোপনিষদ্ভাগ্যে শ্রীনারায়ণ-সংহিতা হইতে যে প্রমাণ উদ্ধার করিয়া কলির জীবকে ভাগবতমার্গ-গ্রহণের শিক্ষা দিয়াছেন, তাহা এখানে উদাহত হইল,—

দ্বাপরীয়ৈর্জনৈবিষ্ণুঃ পঞ্চরাত্রৈস্ত কেবলৈঃ। কলো তু নামমাত্রেণ পূজ্যতে ভগধান্ হরিঃ॥

দ্বাপরযুগের অধিবাসিগণ কেবল পঞ্চরাত্র-অবলম্বন-পূর্ব্বক হরিপূজা করিয়াছেন, কিন্তু বর্ত্তমান কলিযুগে সেই দ্বাপরীয় উপাসনা-প্রণালীর পরিবর্ত্তে কেবলমাত্র হরিনামদারা ভগবান্ হরির পূজা হইয়া থাকে।

যদিও শ্রীমদানন্দতীর্থ স্বীয় ভাষ্মে উৎপত্যসম্ভবাধিকরণে পাঞ্চরাত্রিক বিচার-প্রণালীর আবাহন করেন নাই, তথাপি তৎকৃত "অন্থব্যাখ্যান" নামক প্রতিবাদি-নিরসন-ভাষ্মে পঞ্চরাত্রের মহিমা অস্বীকৃত হয় নাই। কতিপয় অর্ব্বাচীন ব্যক্তি শ্রীমন্মধ্ব-মুনিকে পাঞ্চরাত্রিক-বিচার-বিরোধী বলিয়া স্থির করেন।

পাঞ্চরাত্রিকগণ—অর্চনমার্গে রুচিবিশিষ্ট। শ্রীমন্তাগবতগণ —কীর্ত্তনপর। শ্রীজীব প্রভু বলেন,—

অর্চনমার্গে শ্রদ্ধা চেং, আশ্রিতমন্ত্রগুরুত্তং বিশেষতঃ পৃচ্ছেং! যন্ত্রপি
শ্রীভাগবতমতে পঞ্চরাত্রাদিবং অর্চনমার্গন্তাবশুরুত্বং নান্তি, তিরিনাপি
শরণাপত্ত্যাদীনামেকতরেণাপি প্রুষার্থসিদ্ধেরভিহিতত্বাং, তথাপি
শ্রীনারদাদিবর্দ্ধান্থসরত্তিঃ \* \* \* কুতায়াং দীক্ষায়ামর্চনমবশুং
ক্রিয়েতৈব॥ \* \* \* \* পর্বারা তৎসম্পাদনং ব্যবহারনির্গন্তশালসম্পত্ত বা প্রতিপাদকম্। ততোহশ্রদ্ধাময়ত্বাদ্ধীনমেব তং। \* \* \*
মন্ত্রদীক্ষান্তপেকা যন্ত্রপি স্বরূপতো নান্তি তথাপি প্রায়ং স্থভাবতো দেহাদিস্থিকেন কদর্য্যশীলানাং বিক্ষিপ্তচিন্তানাং জনানাং তত্তৎ সঙ্কোচীকরণায়্ব শ্রীমদ্বিপ্রভৃতিভির্ত্রার্চনমার্গে কৃচিৎ কৃচিৎ কাচিৎ কাচিন্মর্য্যাদা
স্থাপিতান্তি \* \* \* তত্র তত্তদপেক্ষা নান্তি; রামার্চনচন্ত্রিকায়াং—
বিনৈব দীক্ষাং বিপ্রেক্ত পুরুষ্ঠ্যাং বিনৈব ছি। বিনৈব স্থাসবিধিনা জপ্রাত্রেণ সিদ্ধিদা ॥ তিয়ং গ্রহেও শ্লোকের ক্রমসন্দর্ভ টীকা ও ভক্তিসন্দর্ভে

পাঞ্চরাত্রিক মতাবলম্বিগণের অনুশীলনীয় অর্চ্চনমার্গে যদি কোম সাধক-বৈঞ্চবের শ্রহ্মা হয়, তাহা হইলে তিনি স্বীয় পাঞ্রাত্রিক মন্ত্রদাতা গুরুর নিকট বিশেষ করিয়া জিজ্ঞাসা করিবেন। অর্চ্চন ব্যতীতও শরণাপত্তি প্রভৃতি নববিধা ভক্তি-সাধন-প্রণালীর যে-কোন একটি অবলম্বনে পুরুষার্থ-সিদ্ধি কথিত হওয়ায় যদিও শ্রীভাগবত-মতে পাঞ্চরাত্রিকমতবাদীর একমাত্র প্রয়োজনীয় সাধন-প্রথা অর্জনমার্গের আবশ্যকতা নাই, তথাপি শ্রীনারদ প্রভৃতি পাঞ্চরাত্রিকগণের অমুগমনকারী বৈষ্ণবগণের গুরুর নিকট দীক্ষিত হইয়া থাকিলে প্রাপ্ত মন্ত্রদারা ভগবান্ বিষ্ণুর অর্চন অবশ্যই করিতে হইবে। অশ্য ব্যক্তিশ্বারা অর্চন— ব্যবহার-নিষ্ঠত্বের বা অলসত্বের প্রতিপাদকমাত্র : স্বতরাং পরের দ্বারা সেইরূপ অর্চন-কার্য্য অঞ্রদ্ধাময় বলিয়া আদরণীয় নহে। যদিও ভাগবত বৈষ্ণবের পাঞ্চরাত্রিক মন্ত্রদীক্ষাদির অপেক্ষা স্বরূপতঃ নাই, তথাপি স্বভাবতঃ দেহাদি-সম্বন্ধ-হেতু প্রায়শঃ কদর্য্যচরিত্র, চঞ্চলমতি জনগণের তাদৃশ স্বভাব সঙ্কোচ করিবার জম্ম শ্রীনারদাদি পাঞ্চরাত্রিক ঋষিগণ-কর্ত্তক অর্চ্চনমার্গে কোথাও কোথাও কিছু মৰ্য্যাদা স্থাপিত হইয়াছে। \* \* \* তথায় তত্তদপেক্ষা নাই ; যথা রামার্চনচন্দ্রিকায় কথিত হইয়াছে,—হে বিপ্রেন্দ্র ! দীক্ষা, পুরশ্চর্য্যা ও স্থাসবিধি ব্যতীত জপমাত্র দ্বারাই ভগবানের মন্ত্রসমূহ সিদ্ধি প্রদান করে।

ভক্তিসন্দর্ভে—

ততঃ প্রেমতারতম্যেন ভক্তমহন্ধতারতম্যং মুখ্যম। বৈলিজৈঃ দ ভগবতঃ প্রের উত্তমমধ্যমতাদি-বিবিক্তো ভবতি তানি লিঙ্গানি। তত্ত্রৈব অর্চ্চনমার্গে ত্রিবিধত্বং লভাতে। পালোন্তরখণ্ডোক্তং মহন্বস্তু অর্চ্চনমার্গ-পরাণাং মধ্য এব জ্ঞেয়ম্। তত্ত্র মহন্ধং— তাপাদি পঞ্চসংস্কারী নবেজ্যাকর্ম্মকারকঃ। অর্ম্বপঞ্চকবিদ্ বিশ্রো মহাতাগবতঃ স্মৃতঃ॥

## মধ্যমত্বং---

তাপঃ পৃ্ঞাং তথা নাম-মন্ত্রো যাগশ্চ পঞ্চমঃ। অমী হি পঞ্চ সংস্কারাঃ পর্মেকান্তিহেতবঃ।

## তত্ৰ কনিষ্ঠত্বং—

শশ্বচক্রাদূর্ধ্বপূঞ্ধারণাভাত্মলক্ষণম্।
তন্ত্মসন্থরণক্ষৈব বৈঞ্বত্বমিহোচ্যতে॥
ভাগবতমতে মানসলিজেন মহাভাগবতং লক্ষয়তি (ভাগবত
১১/২/৪০)—

সর্বভূতেষু যঃ পশ্রেদ্ভগবদ্ভাবমাত্মনঃ। ভূতানি ভগবত্যাত্মগ্রেষ ভাগবতোত্তমঃ॥

অথ মানসলিঙ্গবিশেষেণ মধ্যমভাগবতং লক্ষয়তি (ভাগবত ১১২১৪৬)—

ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎস্থ চ। প্রেমমৈত্রীক্সপোপেকা যঃ করোতি স মধ্যমঃ॥

অথ ভগবন্ধর্মাচরণরপেণ কায়িকেন কিঞ্চিন্মানসেন চ লিঙ্গেন কনিষ্ঠং লক্ষয়তি (ভাঃ ১১।২।৪৭)—

> অর্চায়াং এব হরমে যঃ পূজাং শ্রদ্ধয়েহতে। ন তদ্ভক্ষেরু চান্তেযু স ভক্তঃ প্রাক্কতঃ স্বতঃ ॥

তৎপরে প্রেমতারতম্য-দ্বারা ভক্ত-মহদ্বের তারতম্য অর্থাৎ উদ্ভমন্থ, মধ্যমন্থ ও কনিষ্ঠন্ধ প্রধানরূপে নিরূপিত হয়। যে-সকল চিহ্ন-ম্বারা ভগবানের প্রিয়ত্ব, প্রিয়তরত্ব ও প্রিয়তমত্ব বিচারে উত্তম-মধ্যম-কনিষ্ঠত্বাদি বিশেষরূপে প্রকাশিত হয়, সেই সকলই তারতম্য-নিরূপণের লক্ষণ। পাঞ্চরাত্রিক অর্চনমার্গে ত্রিবিধত্ব দেখিতে পাওয়া যায়। পদ্মপুরাণের উত্তরখণ্ডোক্ত বৈষ্ণব-মহত্বের বিচার পাঞ্চরাত্রিক অর্চনমার্গীগণের মধ্যে জ্ঞানিতে হইবে।

অর্চনমার্গীয় মহন্ব বা 'মহাভাগবতত্ব' যথা—তাপাদি পঞ্চ-সংস্কারবিশিষ্ট, নবেজ্যাকর্শ্মকারক এবং অর্থপঞ্চকবোধযুক্ত ব্রাহ্মণ্ট 'মহাভাগবত'।

অর্চ্চনমার্গীয় পাঞ্চরাত্রিক 'মধ্যমত্ব'; যথা—তাপ, পুণ্ডু, নাম, মন্ত্র ও যাগ—এই পাঁচটীকে পঞ্চ সংস্কার বলে। এই পঞ্চ সংস্কার অর্চ্চনমার্গীয় পাঞ্চরাত্রিক-বিশ্বাসে 'মধ্যম ভাগবতত্বে'র হেতু।

পাঞ্চরাত্রিক অর্চনমার্গীয় 'কনিষ্ঠত্ব'; যথা—শব্ধ, চক্রন, গদা, পদ্ম,—এই বিফু-চিহ্ন-চতুষ্টয় নিজের বলিয়া স্বশরীরে ধারণ-পূর্ববক অপর তাদৃশ বৈষ্ণবকে নমস্বার করিলে 'কনিষ্ঠতা' সিদ্ধ হইয়া থাকে।

অতঃপর পাঞ্চরাত্রিক-মত ব্যতীত ভাবমার্গীয় ভাগবত-মতে মানসলিঙ্গদ্বারা 'মহাভাগবতে'র লক্ষণ নির্দ্দেশ করিতেছেন। চেতনাচেতন সর্বজীবে অর্থাৎ অন্তরঙ্গা-বহিরঙ্গা শক্তির পরিণামে যিনি পরমাত্ম ভগবানের ভাবসমূহ দর্শন করেন, প্রাক্ততাপ্রাক্তা-ত্মক চেতনাচেতন সর্ববভূতকে ভগবৎ পরমাত্মায় অবস্থিত দেখেন, তিনিই 'মহাভাগবত'। জীব ও ভগবানে অভেদজ্ঞানী নির্বিশেষ মতবাদ গ্রহণ করায় ভাগবতের বিরোধী বলিয়া এই শ্লোকের লক্ষীভূত বিষয় নহেন। হেতুযুক্ত ও ব্যবধান-সহিত জীব-ব্রক্ষা-তেদ-জ্ঞান—আত্যন্তিকী ভক্তির বিরোধী হওয়ায় উহা মহাভাগবতত্বের বিরোধী। ব্রজদেবীগণের "বনলতাস্তরব আত্মনি"
(ভাঃ ১০।৩৫।৯) প্রভৃতি শ্লোক, "নগুস্তদা তত্বপধার্য্য" (ভাঃ ১০।
২১।১৫) ইত্যাদি শ্লোক এবং "কুররি বিলপসি" (ভাঃ ১০।৯০।১৫)
ইত্যাদি শ্লোকোক্ত ভাবই মহাভাগবতত্বের নিদর্শন।

অনস্তর মানসলিঙ্গবিশেষ-দারা 'মধ্যম ভাগবতের' লক্ষণ নিরূপিত হইতেছে,—যিনি ঈশ্বর, ভক্ত, বালিশ ও বিদ্বেষী,—এই চারি বস্তুতে ক্রমাশ্বয়ে প্রীতি, মৈত্র, কৃপা ও উপেক্ষা আচরণ করেন, তিনিই 'মধ্যম ভাগবত'।

অনন্তর ভগবদ্বশ্নাচরণরপ কায়িক চিহ্ন-ঘারা এবং কিঞ্চিন্মানস-ভাবদ্বারা 'কনিষ্ঠত্বে'র লক্ষণ বলিতেছেন,—যিনি শ্রদ্ধাসহকারে শ্রীহরির শ্রীমৃর্তি-প্রতিমায় অর্চন করিয়া থাকেন এবং ভগবৎ-প্রেমাভাব-বশতঃ ভক্ত-মাহাত্ম্যে অজ্ঞান-জন্ম হরিজন বৈষ্ণব অথবা অন্ম ব্যক্তিকে তাদৃশ সম্রদ্ধ পূজার্চন করেন না, তিনি 'প্রাকৃত ভক্ত' বলিয়া কথিত হন। এই স্থানেই "যস্মাত্মবৃদ্ধিঃ কুণপে" শ্লোক উদ্ধৃত হয়।

প্রভূপাদ শ্রীল জীব গোস্বামী মহোদয় এবং অপরাপর শ্রীশ্রীগোরপদোপজীব্য বিষ্ণুপাদ আচার্য্যগণ—সকলেই ভাগবত-মতস্থ ভাবমার্গী উপাসক। শ্রীগোরগণে পাঞ্চরাত্রিক অর্চনবিধির পরিবর্ত্তে ভাবমার্গীয় কনিষ্ঠাধিকারগত অর্চনাদি কিঞ্চিন্মাত্র প্রবেশ করিয়াছে। শ্রীমদাচার্য্য আনন্দতীর্থ পূর্ণপ্রজ্ঞ শ্রীমধ্বপাদের অধস্তন শ্রীলক্ষ্মীপুরী বা শ্রীশ্রীমদ্ বিষ্ণুপাদ মাধ্বেন্দ্রপুরী মহোদয়
বিশুদ্ধ ভাবমার্গী ভাগবতধর্মাবলম্বী। ঐ পুরীপাদ হইতে ভাবমার্গীয় ভাগবতধর্ম শ্রীচৈতন্তগণে সম্যক্ প্রকাশিত। শ্রীব্যাসরায়,
শ্রীরাঘবেন্দ্র যতি, শ্রীবিজয়ধ্বদ্ধ প্রভৃতি শ্রীমধ্বমতস্থ আচার্য্যুবর্গ
এবং উড়ুপীস্থিত কৃষ্ণপুর, পুত্তগী, দোদে, পেজাবর, অঘনাড়ু,
কল্পুর, পলনাড়ু প্রভৃতি মঠ এবং কুদাম্বর, চিক্ক, মনকটী প্রভৃতি
মঠের অধিনায়কগণ শ্রীমধ্বের ভাগবত-মত স্বীকার করিলেও
সকলেই বর্ণাশ্রমপালনপর পাঞ্চরাত্রিক মতাবলম্বী অর্চনমার্গী।

অর্চ্চনমার্গী পাঞ্চরাত্রিকের নবেজ্যাকর্ম শ্রীজীবপাদ এরূপ উদ্ধার করিয়াছেন.—

> অর্চনং মন্ত্রপঠনং যোগো বাগো হি বন্দনম্। নামসঙ্কীর্ত্তনং সেবা তচ্চিইহুরঙ্কনং তথা॥ তদীয়ারাধনঞ্চেজ্যা নবধা ভিন্ততে শুভে।

হে শুভে,—১। অর্চন, ২। মন্ত্রপঠন, ৩। যোগ, ৪। যাগ, ৫। বন্দন, ৬। নামসঙ্কীর্ত্তন, ৭। সেবা, ৮। চিহ্নদারা অঙ্কন, ৯। বৈশুবারাধন,—এই নয়টী ইজ্যার ভেদ।

অর্থপঞ্চকের ব্যাখ্যায় শ্রীজীবগোস্বামি-প্রভুপাদ বলেন,—

"উপাশুঃ শ্রীভগবান্, তৎ পরমং পদং, তদ্ব্রাং, তন্মন্ত্রো, জীবাত্মা চেতি পঞ্চতত্বজ্ঞাতৃত্বমর্থপঞ্চকবিত্বম্।"

শ্রীভগবান্ উপাস্থা, তাঁহার পরম পদ বৈকুণ্ঠা, তাঁহার দ্রব্য বা তদীয় ভাগবতগণ, তাঁহার মন্ত্র এবং জীবাত্মা,—এই পাঁচটী তত্ত্বের জ্ঞানই অর্থপঞ্চক-জ্ঞান। শীরামানুজ-শিশ্য 'ক্রেশে'র পুল্র 'পরাশর ভট্ট'। পরাশরের শিশ্য 'বেদান্তী' ও অনুশিশ্য 'নমুর বরদরাজে'র শিশ্য 'পিল্লাই লোকাচার্য্য'। ইনি 'অর্থপঞ্চক' নামে একখানি গ্রন্থ রচনা করেন। তাঁহার অর্থ-পঞ্চক-নির্ণয় শ্রীজীবপাদের ব্যাখ্যার অনুরূপ নহে। তিনি জীব-স্বরূপে—নিত্য, মুক্ত, বন্ধ, কেবল ও মুমুক্ষু— এই পঞ্চভেদ; ঈশ্বর-স্বরূপে—পর, ব্যুহ, বিভব, অন্তর্যামী ও অর্চাবতার—এই পঞ্চভেদ; পুরুষার্থ-স্বরূপে—ধর্ম্ম, অর্থ, কাম, আত্মান্থতব ও ভগবদন্থতব—এই পঞ্চভেদ; উপায়-স্বরূপে—কর্মা, জ্ঞান, ভক্তি, প্রপত্তি ও আচার্য্যাভিমান—এই পঞ্চভেদ এবং বিরোধি-স্বরূপে—স্বরূপ-বিরোধী, পরতত্ত্ব-বিরোধী, পুরুষার্থ-বিরোধী, উপায়-বিরোধী ও প্রাপ্য-বিরোধী—এই পঞ্চভেদ বিচার-পূর্বক পঞ্চার্থে পঞ্চবিংশতি অর্থ করিয়াছেন।

ভারতের দক্ষিণাপথের মধ্যযুগীয় পাঞ্চরাত্রিক বৈষ্ণবধর্ম্ম বর্ত্তমান গোড়ীয়-বৈষ্ণব-ধর্ম্মের অন্তরালে ন্যুনাধিক প্রবেশ করিয়াছে। পাঞ্চরাত্রিকদিগের স্থায় শ্রীগোড়ীয়-বৈষ্ণবাচার্য্য-গণের বংশপরম্পরা অর্চনমার্গোপদেশপরায়ণ হইয়া কদাচিৎ কচিৎ শুদ্ধভাবে, প্রায়শঃ বিকৃতভাবে শ্রীমন্মহাপ্রভুর আমুগত্য বিস্তার করিতেছেন। শ্রীরামান্ত্রজীয় গৃহস্থ আচার্য্য স্বামীদিগের স্থায় গৌড়ীয় গৃহস্থ আচার্য্যগণ 'গোস্বামী' উপাধি গ্রহণ করিয়াছেন। শ্রীশ্রীমন্মহাপ্রভু শ্রীমন্তাগবত-ধর্ম্মের প্রচারোদ্দেশে যে বিশুদ্ধ ভাবমার্গ সামাজিকতা হইতে পৃথক্ করিয়া উপদেশ দিয়াছেন, কালপ্রভাবে উহা ক্ষুণ্ণ হইয়া পাঞ্চরাত্রিকের শাখামাত্রে পরিণত হইতে চলিয়াছে; তাহা শ্রীমহাপ্রভুর বিশুদ্ধ প্রচার্য্য বিষয় নহে।

শ্রীরামানুজীয় বা শ্রীমাধ্বসমাজ যেরূপ পঞ্চোপাসক শাঙ্কর-সমাজ হইতে পার্থক্য লাভ করিয়াছেন, উত্তর ভারতে গোড়ীয়-বৈশ্বব-সমাজ সেরূপ পঞ্চোপাসক হইতে পৃথক্ থাকিতে অক্ষম হইয়া বৈশ্বব-বিরোধী সামাজিকগণের দাস্থ করিতেছেন। বাস্তবিক ভাবমার্গে যে অর্জনাদির ব্যবস্থা দেখা যায়, উহা ঠিক পাঞ্চরাত্রিকদিগের সম্মত নহে। ভাগবতীয় ভাবমার্গের কমিষ্ঠা-ধিকার পাঞ্চরাত্রিক অর্জনমার্গের মহাভাগবতাধিকার হইতে একটুকু পৃথক্ হইলেও উহা প্রায়ই একার্থ-প্রতিপাদক। প্রাকৃতভক্তাধিকার উন্নত হইয়াই ভাগবতমার্গীয় মধ্যমাধিকার লাভ হয়। আবার মধ্যমাধিকারের উন্নতিক্রমে মহাভাগবত-পরমহংসাধিকার লাভ হইয়া থাকে।

শ্রীজীবগোস্বামিপাদ মহাভাগবত-অধিকার জানাইবার জন্ম ভাগবতীয় (১১৪৪৮-৫৫) আটটী পত্ত উদ্ধার করিয়াছেন,—

গৃহীত্বাপীক্রিটেরর্থান্ যোন দ্বেষ্টিন কাজ্জতি। বিকোর্মায়ামিদং পশুন্দ বৈ ভাগবতোত্তমঃ॥

প্রাকৃতবৃদ্ধিবিশিষ্ট কনিষ্ঠাধিকারী যে-প্রকার ইন্দ্রিয়দ্বারা অর্থ বা বিষয়সমূহ ভোগ করেন, সেই প্রকার প্রাকৃতভোগবৃদ্ধি-রহিত হইয়া ইন্দ্রিয়দ্বারা অর্থগ্রহণসত্ত্বেও যিনি মায়াশক্তির বিচিত্রতা দর্শন-পূর্ববিক কোন বিষয়ে বিদ্বেষ বা আকাঞ্জন করেন না, তিনি ভাগবতোত্তম। এই পরিচয়টি কায়িক ও মানসিক ভাবের সম্মিলন।

> দেহেক্তিয়প্রাণমনোধিয়াং যো জন্মাপ্যয়ক্ষুদ্বয়তর্ধক্লচৈছু:। সংসারধর্মেরবিমুক্তমানঃ স্মৃত্যা হরের্জাগবতপ্রধানঃ॥

যিনি হরিম্মরণ-দারা দেহ, ইন্দ্রিয়, প্রাণ, মন, বৃদ্ধি,—এই পাঁচটী বস্তুর জন্ম, নাশ, ক্ষ্ধা, ভয়, তৃঞ্চারূপ ক্লেশময় সংসারধর্মে আসক্ত হন না, তিনি মহাভাগবত।

> ন কামকর্ম্মবীজানাং যস্ত চেতসি সম্ভবঃ। বাস্ফুদেবৈকনিলয়ঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥

যাঁহার চিত্তে কাম-কর্ম্মবীজের উদ্ভব হয় না, যিনি একমাত্র ভগবানের সেবায় অধিষ্ঠিত ও আশ্রিত হইয়া প্রশান্তচিত্ত, তিনি প্রধান বৈষ্ণব।

> ন যক্ত জন্মকর্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ। সক্ষতেহন্দিরহস্তাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ॥

[ এই শ্লোকের অনুবাদ ৯৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য ]

ন যাত ত্বঃ পর ইতি বিতেমান্সনি বা ভিদা। সর্বভূতসমঃ শাস্তঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥

যাঁহার বিত্তে ও দেহে স্বীয় ও পর-ভেদ নাই, সর্ববভূতে সমতা ও শান্তি বিরাজমান, তিনি মহাভাগবত।

ত্রিভূবনবিভবহেতবেহপ্যকুণ্ঠস্থতিরজিতাত্মস্থরাদিভির্বিমৃগ্যাৎ। ন চলতি ভগবৎপদারবিন্দাল্লবনিমিযার্দ্ধমপি যঃ স বৈষ্ণবাগ্র্যঃ॥ অজিতাত্ম দেবগণের অনুসন্ধানার্ছ ভুবনত্রয়ের প্রাপ্তিলোভেও বাঁহার মতি কৃষ্ণপাদপদ্ম হইতে লবনিমিষার্দ্ধের জন্মও বিচলিত হয় না, তিনি বৈষ্ণবঞ্জধান।

ভগৰত উক্নবিক্রমাজিবু শাখা-নথমণিচক্রিকয়া নিরস্ততাপে। স্থানি কথমুপদীদতাং পুনঃ দ প্রভবতি চক্র ইবোদিতেহর্কতাপঃ॥

সূর্য্যকিরণ-তপ্ত ব্যক্তি যেরূপ উদিত চন্দ্রের কিরণে ক্লেশবোধ করে না, তদ্রুপ ভগবানের প্রবলশক্তিশালী পদশাখাদ্বরের নখ-মণি-জ্যোৎসাদারা যাঁহার হৃদয়ের তাপ দূর হইয়াছে, তাঁহার পুনরায় হৃঃখ কি প্রকারে হইবে ? এরূপ ব্যক্তি মহাভাগবত। বিস্কৃতি হৃদয়ং ন বস্তু সাক্ষাৎ হরিরবশাদভিহিতোহপ্যযোঘনাশঃ। প্রণয়রসনয়া ধৃতাজিষ্পদাঃ স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ॥

অবশতা-ক্রমেও যাঁহার নাম উচ্চারিত হইলে সমগ্র পাপ বিনষ্ট হয়, যিনি স্বীয় হৃদয়ে প্রণয়রসনা-দ্বারা যে ভগবৎপাদপদ্ম সর্বাদা আবদ্ধ করিয়াছেন, সেই সাক্ষাৎ হরি যাঁহার হৃদয়কে কখনও পরিত্যাগ করেন না, তিনিই মহাভাগবত।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ কৃষ্ণজন্মথণ্ড ৮৪ অধ্যায়ে বৈষ্ণবের যে তারতম্য নির্দ্দিষ্ট করেন, তাহা অর্চনমার্গীয় পাঞ্চরাত্রিক মতের বিভাগ বলা যায় না।

বৈষ্ণবোত্তমতা, যথা—

তৃণশয্যারতো ভক্তো মন্নামগুণকীর্ত্তিয় । মনো নিবেশয়েত্ত্যক্ত্বা সংসারস্থকারণম্॥ ধ্যায়তে মৎপদাক্তঞ্চ পূজয়েডক্তিভাবতঃ। সর্কাসিদ্ধং ন বাঞ্জি তেংশিমাদিকমীপ্সিতম্ ॥
বিশ্বস্থমসরত্বং বা স্থরত্বং স্থখকারণম্।
দাশুং বিনা ন হীচ্ছন্তি সালোক্যাদিচতুইয়ম্॥
নৈব নির্বাণমুক্তিঞ্চ স্থাপানমভীপ্সিতম্।
বাঞ্জি নিশ্চলাং ভক্তিং মদীয়ামতুলামপি॥
স্ত্রীপুংবিভেদো নাস্ত্যেবং সর্কাজীবেঘভিন্নতা।
ক্ষুৎপিপাসাদিকং নিজাং লোভমোহাদিকং রিপুম্॥
ত্যক্ত্যা দিবানিশং মাঞ্চ ধ্যায়তে চ দিগদ্বরঃ॥

### মধ্যম বৈষ্ণবতা, যথা---

নাসক্তঃ কর্মস্থ গৃহী পূর্ব্বপ্রাক্তনতঃ শুচিঃ। করোতি সততং চৈব পূর্ব্বকর্মনিক্স্তনম্॥ ন করোত্যপরং যন্ত্রাৎ সঙ্কল্পরহিতশ্চ সঃ। সর্ব্বং ক্রমস্থ যৎকিঞ্চিলাহং কর্ত্তা চ কর্মগঃ। কর্মণা মনসা বাচা সততং চিস্তয়েদিতি॥

## কনিষ্ঠ বৈষ্ণবতা, যথা—

ন্যুনভক্তশ্চ তন্যুনঃ স চ প্রাকৃতিকঃ শ্রুতৌ।

যমং বা যমদূতং বা স্বপ্নে স চ ন পশ্যতি ॥

পুক্ষাণাং সহস্রঞ্চ পূর্বভক্তঃ সমূদ্ধরেং ।
পুংসাং শতং মধ্যমঞ্চ তচ্চতুর্থঞ্চ প্রাকৃতঃ ॥

আমার ভক্ত সংসারত্বখকারণ ত্যাগ করিয়া তৃণশয্যারত হইয়া আমার নাম-গুণ-কীর্ত্তি-বিষয়ে মনোভিনিবেশ করেন, ভক্তিভাবে আমার পাদপদ্ম হৃদয়ে পূজা করেন, তাঁহারা কমনীয় অণিমাদি সর্ববিসিদ্ধি কিছুই বাঞ্ছা করেন না; স্থথের কারণ দেবন্ধ, অমরত্ব বা ব্রহ্মত্বের শুভিলাধী নহেন; আমার দাশ্ব ব্যতীত সালোক্যাদি মুক্তি-চতুষ্টয়ও ইচ্ছা করেন না; বাঞ্ছিতহুধাপান ও নির্বাণ-মুক্তি চান না। তাঁহারা কেবলমাত্র
মৎসম্বন্ধিনী অতুলা নিশ্চলা ভক্তি প্রার্থনা করেন। তাঁহাদের
জড় স্ত্রী-পুরুষ-ভেদজ্ঞান নাই এবং সকল প্রাণীতেই অভেদ-বৃদ্ধি।
ক্ষুধা-পিপাসা প্রভৃতি এবং নিদ্রাও লোভ-মোহাদি রিপুসমূহ
ত্যাগপূর্ব্বক অহর্নিশ বস্ত্রহীন হইয়া তাঁহারা আমাকে ধ্যান
করেন। ইহাই উত্তম বৈফবের লক্ষণ।

মধ্যম বৈষ্ণব—পূর্ববজন্মকত কর্মফলে শুচি; তিনি গৃহে থাকিয়া কর্মে আসক্ত হন না। যাহা কিছু করেন, তাহা দারা সর্বদা পূর্ববকর্মের ক্ষয় করেন মাত্র। তিনি সঙ্কল্ল-রহিত এবং যত্নপূর্ববক কোন কর্ম্ম সঞ্চয় করেন না। 'যাহা কিছু, সকলই কৃষ্ণের এবং আমি কোন কর্মের কর্তা নহি'—কার্য্যে, মনে গুবাক্যে এরূপ বিশাস করেন।

কনিষ্ঠ বৈষ্ণব—মধ্যম বৈষণৰ অপেক্ষা ন্যুন; তিনি হরিকথার শ্রবণ-বিষয়ে প্রাকৃত-বৃদ্ধিবিশিষ্ট, তিনিও স্বপ্নে যম বা যমদৃত দর্শন করেন না।

উত্তম ভাগবত সহস্র পুরুষ, মধ্যম ভাগবত শতপুরুষ এবং কমিষ্ঠ ভাগবত চারিপুরুষ-মাত্র উদ্ধার করিতে সমর্থ হন।

যদিও পাঞ্চরাত্রিক-বৈষ্ণবগণের তারতম্য-বিচারে গৌণ-ভক্তির ছায়া দেখা যায়, তথাপি তাঁহাদের উন্নতি-ক্রমে ক্রমশঃ ভাগবতাধিকার হইবে। ভাগবত-মতে বিশুদ্ধ, অহৈতুকী নিষ্কিঞ্চনা ভক্তিই স্বীকৃত হইয়াছে। 'ঐকান্তিক' প্রভৃতি শব্দ পাঞ্চরাত্রিকগণও ব্যবহার করিয়া থাকেন, সত্য; কিন্তু তাঁহাদের উপাসনা-প্রণালীতে কর্ম ও জ্ঞানের সাহায্য গৃহীত হওয়ায় শ্রীচৈত্যচন্দ্রের প্রচারিত শুদ্ধভক্তির সহিত উহার তুলনা হইতে পারে না।

গোড়ীয়-বৈষ্ণব-বেদাস্ভাচার্য্য শ্রীমদ্ বলদেব বিছাভূষণ মহোদয় শ্রীজীবগোস্বামি-রচিত তত্ত্বসন্দর্ভের টীকায় শ্রীমধ্বাচার্য্যের তত্ত্ববাদ-শাখাস্থ দক্ষিণাদি-দেশীয় বৈষ্ণব-মতের সহিত যে ভেদ-চতুষ্ট্যয় লক্ষ্য করিয়াছেন, তাহা এই,—

"ভক্তানাং বিপ্রাণামেব মোক্ষঃ, দেবাঃ ভক্তেষু মুখ্যাঃ, বিরিঞ্চত্তিব সাযুজ্যং, লক্ষ্যা জীবকোটিস্বমিত্যেবং মতবিশেষঃ দক্ষিণাদিদেশেতি, তেন গৌড়েহপি মাধবেক্সাদয়স্তত্বপশিষ্যাঃ কতিচিদ্বভূবুরিত্যর্থঃ।"

গোড়ীয়-বৈষ্ণব-বিশ্বাসের প্রতিকৃলে দক্ষিণদেশে যে মাধ্ব-মত প্রচলিত ছিল, তাহাতে বিছাভূষণ মহাশয় এই চারিটী মতবিশেষ লক্ষ্য করেন,—ভক্ত ব্রাক্ষণেরই মোক্ষ, ভক্তগণের মধ্যে দেবগণই প্রধান, ব্রক্ষার সাযুজ্য এবং লক্ষ্মীদেবীর জীব-কোটির অন্তর্ভুক্তিষ। গোড়দেশে শ্রীমাধবেন্দ্রপুরী প্রভৃতি অনেক জন মধ্বাচার্য্যের প্রেমভক্তিশাখার অধস্তন হইয়াছিলেন।

শ্রীজীবগোস্বামিপাদ তত্ত্বাদশাখায় শ্রীমধ্বাচার্য্য মহোদয়ের
দক্ষিণদেশীয় শিশ্বের মধ্যে বিজয়ধ্বজ ও ব্যাসতীর্থের নাম উল্লেখ করিয়াছেন । শ্রীপাদ জয়তীর্থ হইতে শ্রীমাধবেন্দ্রপুরীপাদ গৌড়ীয়-বৈষ্ণবর্গণের প্রেমভক্তির কথা বলিয়াছেন। আবার শ্রীপাদ জয়তীর্থের শিষ্ম বিভাধিরাজ, তাঁহার শিষ্ম রাজেন্দ্রতীর্থ, তাঁহার শিষ্ম বিজয়ধ্বজ ত্রয়োদশ শকশতাব্দীর শেষভাগে অভ্যুদিত হন। বিজয়ধ্বজের শিষ্ম পুরুষোত্তম, তৎশিষ্ম স্বভ্রহ্মণ্য ও তাঁহার শিষ্ম ব্যাসতীর্থ; ইহার অভ্যুদয়-কাল—১৪৭০-১৫২০ শকাব্দ, স্বতরাং ইনি শ্রীজীবগোস্থামীর সম-সাময়িক।

শ্রীমহাপ্রভুর মতে ঐ প্রকার তত্ত্বাদ বা পাঞ্চরাত্রিক-মত স্বীকৃত হয় নাই। তিনি ভাগবত-মার্গই উপদেশ দিয়াছেন। ১৪৩৩ শকাবদায় যে-কালে চতুর্দ্দশভুবনবন্দ্য গোলোকপতি শ্রীগোরস্থন্দর ম্যাঙ্গেলোর জিলায় উড়ুপী-গ্রামে মূল মধ্বমঠে গমন করেন, তৎকালে তথাকার শ্রীমধ্বাচার্য্য রঘুবর্য্যতীর্থ মঠাধিপ ছিলেন। সেই প্রসঙ্গ শ্রীচৈতক্যচরিতামৃত মধ্য ৯ম পরিচেছদ-পাঠে আমরা এরূপ জানিতে পারি,—

তদ্বাদী-আচার্য্য—সব শাল্পেতে প্রবীণ।
তাঁরে প্রশ্ন কৈল প্রভূ হঞা যেন দীন ॥
"সাধ্য-সাধন আমি না জ্বানি ভালমতে।
সাধ্য-সাধন-শ্রেষ্ঠ জ্বানাহ আমাতে॥"
আচার্য্য কহে,—"বর্ণাশ্রম-ধর্ম ক্লংফ সমর্পণ।
এই হয় ক্লংভন্তের শ্রেষ্ঠ 'সাধন'॥
'পঞ্চবিধ মুক্তি' পাঞা বৈকুঠে গমন।
'সাধ্য-শ্রেষ্ঠ' হয়,—এই শাস্ত্র-নিরূপণ॥''
প্রভূ কহে,—"শাল্পে কহে 'শ্রবণ'-কিতিন'।
ক্লংগপ্রেম-সেবা-ফলের 'পর্ম-সাধন'॥

শ্রবণ-কীর্ত্তন হইতে ক্নক্ষে হয় 'প্রেমা'।

-সেই পঞ্চম পুক্ষার্থ—পুক্ষার্থের সীমা ॥
কর্মনিন্দা, কর্মত্যাগ, সর্ব্বলান্তের কহে।
কর্ম হৈতে প্রেমভক্তি ক্লক্ষে কভু নহে ॥
পঞ্চবিধ মুক্তি ত্যাগ করে ভক্তগণ।
ফল্প করি' 'মুক্তি' দেখে নরকের সম ॥
মুক্তি, কর্ম,—ছই বস্ত ত্যজে' ভক্তগণ।
সেই ছই স্থাপ' ভূমি 'সাধ্য', 'সাধন' ॥''
প্রভু কহে,—''কর্ম্মী, জ্ঞানী, ছই ভক্তিহীন।
তোমার সম্প্রদায়ে দেখি সেই ছই চিক্ন ॥''

শ্রীচরিতামৃত অস্ত্য ৫ম পরিচ্ছেদ্দে—

আর এক 'স্বভাব' গৌরের শুন, ভক্ষণণ!
গৃঢ় ঐশ্বর্যা-স্বভাব করে প্রকটন ॥
সন্ন্যাসি-পণ্ডিতগণের করিতে গর্ম্ম নাশ।
নীচ-শৃদ্র-ঘারা করেন ধর্ম্মের প্রকাশ ॥
'ভক্তি', 'প্রেম', 'তত্ব' কহে রায়ে করি' 'বক্তা'।
আপনি প্রহ্যমমিশ্র-সহ হয় 'শ্রোতা' ॥
হরিদাস-ঘারা নাম-মাহায্ম্য-প্রকাশ।
সনাতন-ঘারা ভক্তিসিদ্ধান্ত-বিলাস ॥
শ্রীরূপ-ঘারা ব্রক্ষের রস-প্রেম-লীলা।
কে'কহিতে পারে গন্তীর চৈতন্তের খেলা ?

কেবল যে সাম্প্রদায়িক আচার্য্যগণ সময়-সময় বর্ণাঞ্জমধর্ম প্রভৃতি কর্ম্মকাণ্ডীয় সাধনগুলিকে ভ্রম-ক্রমে শ্রবণ-কীর্ত্তন প্রভৃতি সাধন-ভক্তির সহিত তুলনা করেন, তাহা নহে; অবৈষ্ণব ভাগবত-বিরুদ্ধ-সম্প্রদায়গণও আপনাদের নিজ-নিজ কুমত ও সংসারবন্ধনযোগ্য কৌশলগুলিকেই 'বৈষ্ণবতার সাধন' জ্ঞান করেন। তাঁহারা নিজ-নিজ-বিচারমতে 'বৈষ্ণব'-সংজ্ঞা গ্রহণ করিলেও নিরুপাধিক বৈষ্ণবগণ তাঁহাদিগকে সোপাধিক জানেন। শ্রীজীবগোস্বামি-প্রভূপাদ এই শ্রেণীর কতকগুলি বৈষ্ণব-সংজ্ঞা ভক্তিসন্দর্ভে উদ্ধার করিয়াছেন,—

স্কান্দে,—

ধর্মার্থং জীবিতং যেষাং সন্তানার্থঞ্চ নৈথুনম্। পচনং বিপ্রেমুখ্যার্থং ক্রেয়াক্তে বৈষ্ণবা নরাঃ॥

বিষ্ণুপুরাণে,---

ন চলতি নিজবর্ণধর্মতো যঃ সমমতিরাত্মস্থহৎ বিপক্ষপক্ষে।
ন হরতি ন চ হস্তি কিঞ্ছিত্তৈঃ স্থিতমনসং তমবেহি বিষ্ণুভক্তম্।
পালে.—

জীবিতং যন্ত ধর্মার্থে ধর্মো হর্মার্থ এব চ। অহোরাত্রাণি পুণ্যার্থং তং মন্তে বৈষ্ণবং জনম্॥

বৃহন্নারদীয়ে,—

শিবে চ পরমেশানে বিষ্ণে চ পরমাত্মনি। সমবুদ্ধ্যা প্রবর্তন্তে তে বৈ ভাগবতোত্তমাঃ॥

ন্ধান্দে—কর্ম্মিগণের মতে যাঁহাদিগের জীবন ধর্মের জন্ম, মৈথুন সন্তানোৎপত্তির জন্ম এবং পাককার্য্য বিপ্রামুখ্যের জন্ম, তাঁহারাই বৈষ্ণব। বিষ্ণুপুরাণে—বিষ্ণুর আজ্ঞা মনে করিয়া যাহা কৃত হয়, তংকার্য্যকারক বৈষ্ণব। যিনি নিজের বর্ণ ও আশ্রামগত ধর্ম হইতে বিচলিত হন না, যিনি নিজের বন্ধু ও শত্রু—সকলের পক্ষেই সমবৃদ্ধিবিশিষ্ট, যিনি কিছুই হরণ অথবা বিনাশ করেন না, সেই অতি স্থিরবৃদ্ধিজনই বিষ্ণুভক্ত।

কর্মার্পণে বৈষ্ণবত্ব; যথা পাল্মে—যাঁহার জীবন ধর্ম্মের জন্ম এবং ধর্ম ভগবানের জন্ম ও অহোরাত্র পুণ্যের জন্ম ব্যয়িত হয়, তাঁহাকে 'বৈষ্ণব' বলিয়া জানি।

শৈবগোষ্ঠি-মধ্যে উত্তম ভাগবতের লক্ষণ; যথা বৃহন্ধারদীয়ে— পরমেশান শিব ও পরমাত্মা বিষ্ণু,—এই তুই দেবকে সমবৃদ্ধি করিতে যাঁহারা প্রকৃত্ত, তাঁহারা মহাভাগবত।

এই শ্রেণীর নানাপ্রকার বাক্য বিদ্ধান্তর্গভেদ ও শুদ্ধভক্তিবিজ্ঞানহীনজনের উপযোগি-শান্ত্রে কথিত আছে। বাস্তবিক
নিদ্ধিন্দন অহৈতুকী ভগবন্তক্তি ব্যতীত অন্য সমস্ত গুণজাত জগতের
অন্তর্গত অশুদ্ধভক্তি বা সকাম কর্ম্ম বলিয়া নির্দ্দিন্ট হয়। তৎসমস্ত পরিণামশীল, ক্ষণস্থায়ী ও হেয়তাপূর্ণ। যথেচ্ছাচারী, কর্ম্মী
ও জ্ঞানী,—এই ত্রিবিধ শ্রেণীর মধ্যে তাঁহাদের ক্ষচির অমুকৃশে
শ্রেষ্ঠতা আরোপ-পূর্বক যে-সকল বৈষ্ণবতার বা ভক্তির কল্পনা
হয়, তাহা অবৈজ্ঞানিক ও অদূরদর্শি-বিচারপূর্ণ এবং শুদ্ধভক্তি
হইতে বহুদূরে অবস্থিত অজ্ঞানের ফলমাত্র।

শ্রীমহাপ্রভুর হৃদয়ের ধন, অলোকিক অপ্রাকৃত সোন্দর্য্য-পর্বত, শ্রীবিষ্ণুপাদ প্রভুবর শ্রীশ্রীমদ রঘুনাথদাস গোস্বামীর পরিচয়ের উল্লেখে ভুবনপাবন ভগবান্ স্বয়ং যাহা বলিয়াছেন, শ্রীচরিতামৃত অন্ত্যলীলা ষষ্ঠ পরিচ্ছেদ হইতে সেই কথাগুলি হৃদয়পটে স্বভাবতঃই উদিত হয়,—

ইঁহার বাপ-জ্যেঠা বিষয়বিষ্ঠাগর্জের কীড়া।
প্রথ করি' মানে' বিষয়-বিষের মহাপীড়া॥
যক্ষপি ব্রহ্মণ্য করে, ব্রাহ্মণের সহায়।
'শুদ্ধবৈষ্ণব' নহে, 'বৈষ্ণবের প্রায়'॥
তথাপি বিষয়ের স্বভাব হয় মহা-অদ্ধ।
সেই কর্ম্ম করায়,—যা'তে হয় ভববদ্ধ॥

অনেকে বৈষ্ণব নির্দেশ করিতে গিয়া 'বৈষ্ণবপ্রায়'কে 'বৈষ্ণব' বিলয়া নিরূপণ-পূর্বক ভ্রমে পতিত হন। বিষয়ী কর্ম্মী কথনও শুদ্ধবৈষ্ণব-বিভাগের অন্তর্গত নহেন। বিচক্ষণ ভক্তিশান্ত্রদর্শী মহাত্মগণ তাঁহাদের বৈষয়িক-চেষ্টা সন্দর্শন-পূর্বক তাঁহাদিগকে 'বৈষ্ণবপ্রায়' অভিধানে সংজ্ঞিত করেন; কখনও ভ্রমক্রমেও বৈষ্ণব-মর্য্যাদা দেন না। স্বতন্ত্র অধ্যায়ে আমরা বৈষ্ণবের আচরণ ও ব্যবহারাদির বিষয় আলোচনা করিব বলিয়া এখানে অধিক বলিতেছি না।

ভাগবত-বৈষ্ণবের বিভাগ আলোচনা করিতে করিতে আমরা এক্ষণে বৈষ্ণবতার তারতম্য উপলব্ধি করিতে সমর্থ হইয়াছি। যথেচ্ছাচার, কর্ম ও জ্ঞান-দারা আরত প্রাকৃত ভাব ত্যাগপূর্বক কৃষ্ণকৃতির অনুকৃলে অনুশীলনকেই শুদ্ধা ভক্তি বলে। তাহাই যাঁহার হৃদয়ের স্বভাব, তিনিই শুদ্ধভক্ত। সেই ভাগবতগণের মহন্ধ-বিচার পূর্বেই শ্রীমন্তাগবত <u>হইতে উল্লিখিত হইয়াছে।</u> শ্রীমহাপ্রভুর অভিনহদয় প্রিয়বর সেবক শ্রীশ্রীবিষ্ণুপাদ শ্রীমদ্রপ্র-গোস্থামি-প্রভুপাদ 'উপদেশামূত' নামক স্বীয় প্রবন্ধে যাহা লিখিয়াছেন, সেই সিদ্ধান্তই শুদ্ধবৈষ্ণবের একমাত্র পালনীয়।

> ক্বন্ধেতি যক্ত গিরি তং মনসাদ্রিয়েত দীক্ষান্তি চেৎপ্রগতিভিশ্চ ভজন্তমীশম্। শুশ্রায়া ভজনবিজ্ঞানন্তমন্ত নিন্দাদিশ্রজ্বমীপ্রিতসঙ্গলক্যা॥

শ্রীজীবগোস্বামি-প্রভু ভক্তিসন্দর্ভে আগম-প্রমাণামুসারে বলেন,—

দিব্যং জ্ঞানং যতো দন্তাৎ কুর্য্যাৎ পাপক্ত সংক্ষয়ম্। তত্মাৎ দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈতত্তকোবিদেঃ॥

যে অনুষ্ঠান হইতে অপ্রাকৃত দিব্যজ্ঞানের উদয় হয় এবং পাপের সম্যক্ ক্ষয় হয়, তত্ত্বকোবিদ পণ্ডিতগণ-কর্ত্বক সেকারণে ভাহাই 'দীক্ষা' বলিয়া প্রকৃষ্টরূপে উক্ত হইয়াছে।

যে গুরু মন্ত্রপ্রদান-পূর্বক প্রাকৃত জ্ঞানের পরিবর্ত্তে চিন্ময় অনুভূতি প্রদান করিয়া জড়ীয় পাপরূপ অবৈধচেন্টা-সমূহ নিরাস করিতে সমর্থ, তিনিই দীক্ষাদাতা এবং তদাশ্রিত ব্যক্তিই দীক্ষিত। ভক্তাধিরাজ নামাচার্য্য শ্রীল ঠাকুর হরিদাসপ্রভূ যে ভাগবতী দীক্ষার প্রসঙ্গ মায়াদেবীকে উপদেশ করেন, শ্রীচৈতন্ত্য-চরিতামূত অন্ত্য তৃতীয় পরিচেছদে তাহার এরূপ উল্লেখ আছে,—

'দংখ্যানাম-কীর্দ্তন'—এই মহাযক্ত মন্তে। ইহাতে দীক্ষিত আমি হই প্রেডিদিনে॥ যাবৎ সমাপ্তি নহে, না করি অন্ত কাম। কীর্ত্তন-সমাপ্তি হৈলে দীক্ষার বিশ্রামু॥

নামযজ্ঞের যাজ্ঞিক-ব্রাক্ষণত্ব না হইলে কৃষ্ণনাম উদিত হন না। শৌক্র বা সাবিত্রজন্ম ব্যতিরেকেও ঠাকুর হরিদাসপ্রভু দৈক্ষ-ব্রাক্ষণতা লাভ করিয়াছেন,—

> কোটিনামগ্রহণ-যজ্ঞ করি এক মাসে। এই দীক্ষা করিয়াছি, হৈল আসি' শেষে॥

যে লক্ষদীক্ষের মুখে কৃষ্ণনাম শুনিতে পাওয়া যায়, সেই
কনিষ্ঠ ভাগবতকে মধ্যম ভাগবত মনে-মনে আদর; কৃষ্ণনামকীর্ত্তনের সহিত যিনি প্রাকৃত কনিষ্ঠাধিকার ত্যাগপূর্বক অপ্রাকৃত
তত্ত্ববুদ্ধিতে ভগবতজন করেন, সেই মধ্যম ভাগবতকে প্রণতিদ্বারা
আদর অর্থাৎ তাঁহার আনুগত্য; আর ভগবতজন করিতে
করিতে সর্বাদা অপ্রাকৃত অনুভূতিক্রমে যিনি প্রাকৃত হরিবিমুখ
ভাব একেবারেই বুঝিতে না পারিয়া হরিবিদেষীরও গর্হণ করেন
না, সেই মহাভাগবতকে নিজ-বাঞ্ছিত সঙ্গাদর্শ জানিয়া শুজামাদ্বারা সমাদর করিবেন।

যিনি মন্ত্রদীক্ষা লাভ করিয়া ধত্য হইয়াছেন, সেই বৈষ্ণবের জড়াহঙ্কার নাই। শ্রীজীবগোস্বামি-প্রভুর উদ্ধৃত পাল্লবচন এই—

অহঙ্কৃতিম কারঃ স্থান্নকারস্তন্নিষেধকঃ।
তত্মান্ত্র নমসা ক্ষেত্রি-স্বাতন্ত্র্যং প্রতিষিধ্যতে॥
ভগবৎপরতন্ত্রোহসৌ তদায়ন্তাত্মজীবনঃ।
তত্মাৎ স্বদামর্থ্যবিধিং ত্যক্তেৎ সর্বামশেষভঃ॥

ঈশ্বরম্ভ ডু সামর্থ্যাৎ নালভ্যং তম্ভ বিছতে। তন্মিন্ স্তম্ভরঃ শেতে তৎ কর্ম্মৈর সমাচরেৎ॥

ভগবন্নাম—সাক্ষাৎ ভগবান্। সেই ভগবানে আমুগত্য-জ্ঞাপিকা ভক্তিবৃত্তিতে 'নমঃ'-শব্দযোগেই ভগবন্মন্ত্র। 'ম'কার শব্দে—প্রাকৃত অহঙ্কার এবং উহার নিষেধের জন্ম 'ন'কার। ভগবদামুগত্যে জড়াহঙ্কার-ত্যাগের উদ্দেশপর 'নমঃ'-শব্দের প্রয়োগ। যাহার দেহরূপ ক্ষেত্র আছে, সেই ক্ষেত্রাধিপই জীব-শব্দ-বাচ্য। নমঃ-শব্দের প্রয়োগ-ঘারা সেই জীবের জড়া-ভিনিবেশরূপ স্বতন্ত্রতা নিবারিত হইতেছে।

ভগবদ্ভক্ত বৈশ্বব শ্রীভগবানের অধীন অর্থাৎ তাঁহার জীবন —ভগবানের সম্পূর্ণ আয়ত্ত। সেজন্ম বৈশ্বব নিজ-শক্তির প্রয়োগ ও বিধি,—সমস্তই অশেষভাবে পরিত্যাগ করিবেন।

ভগবানের অনন্তশক্তি-প্রভাবে ভগবন্তক্তের অলভ্য কিছুই নাই। ভক্ত সেই ভগবানে সর্বতোভাবে নির্ভর করিয়া ভগবৎ-সেবাই সম্যগ্রূপে আচরণ করিবেন।

শান্ত্রে সিদ্ধমন্ত্র-পরমার্থি-জনের নিকটই দীক্ষাগ্রহণ-বিধি উপদিষ্ট। যিনি জাতি-মাহাত্ম্য ও অর্থলোভ প্রভৃতি তহস্কারে আবদ্ধ, সেই অসিদ্ধজনের নিকট অপ্রাকৃত জ্ঞান-লাভের সম্ভাবনা নাই। সেইজন্ম ব্যবহারিক প্রাকৃতাহন্ধারী গুরু-ক্রবকে বর্জ্জন-পূর্বক প্রকৃতপ্রস্তাবে বৈষ্ণব-গুরুর নিকটই মঙ্গলাকাজ্জি-জনগণ দীক্ষা গ্রহণ করিবেন। প্রাকৃত অহন্ধার প্রবল থাকিলে জড়মন্ত্রভাক্রমে অপ্রাকৃত বৈষ্ণবজনের প্রতি বিষেষ স্বাভাবিক। বৈষ্ণববিষেষী গুরুক্রবকে অবৈষ্ণব জানিয়া পরিত্যাগ করা কর্ত্তব্য। উহা না করিলে প্রত্যবায় হয় এবং ভক্তি-পথ লজ্মিত হইয়া থাকে। শ্রীজীবগোস্বামি-প্রভু ভগবদ্-ভক্তের ভক্তিপালন-সম্বন্ধে এইরূপই আদেশ করিয়াছেন,—

"বৈষ্ণববিৰেষী চেৎ পরিত্যাজ্য এব—"গুরোরপাবলিপ্তস্তে"তি স্বরণাৎ। তম্ম বৈষ্ণবভাবরাহিত্যেনাবৈষ্ণবতয়া "অবৈষ্ণবোপদিষ্টেন" ইতিবচনবিষমন্বাচ্চ। যথোক্তলক্ষণশু শ্রীগুরোরবিশ্বমানতায়াদ্ধ তম্প্রৈম মহাভাগবতক্তৈকশু নিত্যসেবনং পরমং শ্রেমঃ।"

গুরুক্রব বৈষ্ণববিদ্বেষী হইলে "গুরোরপ্যবলিপ্তস্তু" \* শ্লোক শ্বরণ করিয়া তাহাকে পরিত্যাগ করিবে। সেই গুরুক্রবের বৈষ্ণবতার অভাব; স্বতরাং অবৈষ্ণবতা-দারা উহার গুরুত্ব থাকিতে শারে না, জানিবে। নিত্যমঙ্গলেচ্ছু ভক্ত তাদৃশ গুরুক্রবকে "অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ" § বচনের বিষয় জানিয়া তাহাকে বিদায় দিবেন। উক্ত লক্ষণবিশিষ্ট শ্রীগুরুদেবের অবর্ত্তমানতায় তাদৃশ কোন এক মহাভাগবতের নিত্য সেবন করাই পরম শ্রেয়ঃ।

§ ऋरेवक्षरवां भिरिष्टेन भट्या नित्रग्रः बद्धः ।

পুনশ্চ বিধিনা সম্গা ্গ্রাহয়েদৈক্ষবাদ ্গুরো: ॥ (হঃ ভঃ বিঃ ৪।১৪৪) অর্থাৎ স্ত্রীসঙ্গী ও কৃষ্ণাভক্ত অবৈক্ষবের উপদিষ্ট মন্ত্র লাভ করিলে নরক গমন হয়। অক্তএব যথাশাস্ত্র পুনরায় বৈষ্ণব-শুক্তর নিক্ট মন্ত্র প্রহণ করিবে।

গুরোরপাবলিপ্তস্ত কার্য্যাকার্য্যমজানত: !

উৎপথপ্রতিপন্নস্ত পরিত্যাগো বিধীয়তে। (মঃ ভাঃ উত্যোগপর্ব ১৭৯/২৫) কর্বাৎ ভোগ্যবিষয়লিগু, কর্ত্তব্যাকর্ত্তব্যবিবেক-রহিত মূঢ় এবং শুদ্ধভক্তি ব্যতীত ইত্তর-পন্থানুগামী ব্যক্তি নামে-মাত্র গুরু হইলেও তাহাকে পরিত্যাগ করাই বিধি।

বৈষ্ণব-নিন্দক কখনই হরিপরায়ণ হইতে পারে না। কৃষ্ণের অভক্ত জন তুরাচার-প্রভাবে বিষ্ণুজন হইতে পারে না। বৈঞ্চব সর্ববদা নিজ-যূথে থাকিয়া নিজ-প্রভু ভগবান্ এবং তন্তক্তের কথার কীর্ত্তন-শ্রবণে দিন যাপন করিবেন, নতুবা কুসঙ্গফলে তাঁহার নিজ-স্বরূপে অপ্রাকৃত হরিজনবৃদ্ধি বিলুপ্ত হইয়া ভোগ্য প্রাকৃত ধনী, পণ্ডিত, ব্রাক্ষণাদি জড়াহস্কার প্রবল হইবে।

শীসনাতন-শিক্ষায় স্বয়ং শীমন্মহাপ্রভু বৈষ্ণবের বৈষ্ণবন্ধ লোপ পাইবার বিষয়ে তুইটা মূল কথা বলিয়াছেন; তন্মধ্যে কোন একটা নিষেধ পরিত্যাগ করিলে সাধক-জীব আর হরিজন থাকিতে পারেন না। কর্মকাগুীয় সদাচার লুপ্ত হইলে প্রাকৃত অভিমানসমূহ জীবকে পরিত্যাগ করে। যেরূপ ব্রাহ্মনাচার ও বৃত্তিরাহিত্যে বিপ্রের শূদ্রতা বা অস্ত্যজ্ঞতা-লাভ ঘটে, তক্রপ হরিজনের কৃষ্ণভক্তির ব্যাঘাত হইলে ও জড়াভিনিবেশক্রমে যোষিৎসঙ্গ-প্রভাবে বৈষ্ণবতা হইতে বিচ্যুতি ঘটিলে বর্ণাশ্রম-ধন্মে অবস্থানকেই প্রধান মনে হয়।

শ্রীচরিতামৃত মধ্য ২২শ অধ্যায়ে—

অসংস<u>ঙ্গত্যাগ, — এই বৈঞ্চন-আচার</u>। স্ত্রীসঙ্গী এক অসাধ, — ক্ষণাভক্ত আর॥

এত সব ছাড়ি' আর বর্ণাশ্রম-ধর্ম। অকিঞ্চন হঞা লয় কুফৈক-শর্প॥ বিধি-ধর্ম ছাড়ি' ভজে ক্বঞ্চের চরণ।
নিষিদ্ধ পাপাচারে তার কভু নহে মন।
অজ্ঞানে হয় যদি পাপ উপস্থিত।
ক্বঞ্চ তাঁরে শুদ্ধ করে, না করায় প্রায়ক্ষিত্র।
জ্ঞান-বৈরাগ্যাদি—ভক্তির কভু নহে অঙ্গ।
অহিংসা-যম-নিয়মাদি বুলে ক্বঞ্চভক্ত-সঙ্গ।

বৈশুবাভিমানের ব্যাঘাতকারী—আর্দো স্ত্রীসঙ্গ। স্ত্রীসঙ্গ দিবিধ;—(১) বৈধধর্মপর স্ত্রীসঙ্গ—যাহাতে বর্ণাশ্রম-ধর্ম প্রতিষ্ঠিত। শ্রীচরিতায়ত আদি ১ম পরিচ্ছেদে—

> কৃষ্ণভক্তির <u>বাধক যত গুভাগ্বভ কর্</u>য। সেই এক জীবের অজ্ঞানতমো ধর্ম ॥

শ্রীল ঠাকুর নরোত্তমও বলিয়াছেন,—

পুণ্য সে স্থাথর ধাম, তাহার না লইও নাম, পাপ-পুণা, ছই পরিহর।

হরিজনসঙ্গ পরিত্যাগ করিয়া পাল্য ন্ত্রীর প্রতি অত্যাসক্তি

—সঙ্গ-ধর্মের জ্ঞাপক। কৃষ্ণসংসার বৃদ্ধির জন্ম যে গৃহধর্মে
অবস্থান, তাহা যোধিংসঙ্গ-শব্দবাচ্য নহে। (২) অবৈধ স্ত্রীসঙ্গ
অধর্মপর এবং বর্ণাশ্রমধর্মের বিশৃষ্খলতা-সাধন-হেতু অকর্ম,
কুকর্ম ও বিকর্মের ফলে নরকাদি লাভ। প্রাকৃত সংসারের পাপপরায়ণ ব্যক্তি 'বৈষ্ণব' নামের একেবারেই অযোগ্য। আবার
কেবল বর্ণাশ্রমবিধি-পালনপর পুণ্যাত্মাও হরিজন-সেবায় উদাসীন
ইইলে হরিজন ইইবার সম্পূর্ণ অযোগ্য।

প্রীকৃতিজনের মধ্যে যাঁহার। অবর, তাঁহাদিগকে 'হরিজন' নামে'অভিহিত করিলে অভিধানকারীর হরিজনত্ব প্রাপ্ত হইবার সৌভাগ্য-লাভে অযোগ্যতা প্রকাশ পায়।

বর্ণাশ্রম-ধর্মরূপ শাস্ত্রীয় কর্মকাণ্ড প্রবল থাকিলে অকিঞ্চনতা হয় না—'অহংমম'-ভাবরূপ নামাপরাধেরই প্রশ্রেয় দেওয়া হয়। কৃষ্ণৈকশরণ ব্যক্তিতেও যদি বর্ণাশ্রমধর্ম-পালনপরতার অহঙ্কার আসিয়া প্রবেশ করে, তাহা হইলে তাঁহার তুর্ভাগ্যমাত্র বলিতে হইবে; স্ত্রীসঙ্গ-প্রভাবেই সমগ্র মায়াজ্গৎ দিন দিন হরিবিমুখতায় উন্নতি লাভ করিতেছে, বৈষ্ণবত্ব বুঝিতে পারিতেছে না।

আবার বৈধ ও অবৈধ স্ত্রীসঙ্গ পরিত্যাগ করিয়া সাংসারিক মায়াজগৎ হইতে পরিত্রাণ পাইলেও জীবের নিস্তার নাই। 'ধন্ম', 'অর্থ', 'কাম'-নামক ত্রিবর্গ স্ত্রীসঙ্গরূপ ভোগপর অবৈষ্ণব-আচারে আবদ্ধ। 'মোক্ষ' নামক বর্গটী স্ত্রীসঙ্গ হইতে উৎপন্ন না হইলেও আপেক্ষিক ধর্ম্মযুক্ত হওয়ায় উহা মায়িক ভাবমাত্রের অভাবময়। সেজগু অবৈঞ্বের ভ্রম-নিরাস-জগু বৈঞ্বাচারের স্থ্পধান সূচী নিরস্তর অমুকৃল কৃষ্ণামুশীলন নির্দিষ্ট আছে। মোক্ষাভিলাষী জনও কৃষ্ণাভক্ত। মোক্ষাভিলাষী অহংগ্রহোপাসক ত্যক্তবর্ণাশ্রম পরমহংসক্রবমাত্রেই 'বৈষ্ণব' হইতে পারেন না। অপ্রাকৃত-স্বরূপ-বুদ্ধিতে হরিজন-সেবা-পরায়ণ হইলে হরিজনত্ব-লাভ ঘটে। জড়বিশেষজ্ঞানে তত্নপায় নির্দ্ধারণ করিতে গিয়া কর্মমার্গের বিস্তার, আবার জড়নির্বিশেষজ্ঞানে তত্তপায় নির্দারণ করিতে গিয়া জ্ঞানমার্গের প্রাবল্য এবং সদসৎ বিচার-রাহিত্যে আশু বিষয়ভোগ-প্রবৃত্তি—এই তিন প্রকারেই হরি**জ্ঞানের নি্**ত্য-চিন্ময়ী বৃত্তি ভক্তিলাভের সম্ভাবনা নাই। 'কৃষ্ণাভক্ত' ব**লিলে** এই তিন দল এবং মোক্ষাকাজ্ঞিক-দলের অম্যতম কৃষ্ণবিরোধী জরাসন্ধ, কংস, শিশুপালাদিকেও জানিতে হইবে।

ত্রৈবর্গিক কন্মার দৃষ্টিতে জ্ঞানমার্গের আলোকের প্রচণ্ডতা আছে বটে; কিন্তু ভক্তির পরম-স্নিশ্ব চন্দ্রিকার ব্যাঘাত বলিয়া ঐগুলি লব্ধপরম-মঙ্গল, পরমৈকান্তিক লবজ্ঞান ভক্তের পক্ষে আদরণীয় নহে। তাদৃশ ভক্তিবিরোধী দল-সমূহ অভক্ত, কপট মিছা-ভক্তের নিষিদ্ধ পাপাচারগুলি সন্দর্শন-পূর্বেক তাঁহাদিগকে নিজ-নিজ ঔষধাদি দিবার জন্ম ব্যগ্র হন বটে, কিন্তু প্রকৃত ভগবন্তকে বা হরিজনে তাদৃশ ব্যাধি স্থান পায় না। নিক্পট সাধক-হরিজন উক্ত প্রাকৃত ত্রিবিধ দলের কোন একপ্রকার অযোগ্যতা লাভ করিলে ভগবান্ কৃষ্ণই তাঁহাকে রক্ষা করেন। শ্রীমন্তাগবতে (১১৷২০৷২৭-৩০)—

জাতশ্রনো মংকথাস্থ নির্বিধঃ সর্বাকশ্বস্থ ।
বেদ হঃখাত্মকান্ কামান্ পরিত্যাগেহপ্যনীশ্বরঃ ॥
ততো ভজেত মাং প্রীতঃ শ্রদ্ধানুদ্ ঢ়নিশ্চয়ঃ ।
জ্বমাণশ্চ তান্ কামান্ ছঃখোদকাংশ্চ গর্হয়ন্॥
প্রোক্তেন ভক্তিযোগেন ভজতো মাহসক্ষানে।
কামা হৃদযা নশুন্তি সর্বেম্বেম্যাঃ ।
ক্ষীয়ন্তে চাশ্চ কর্মানি ময়ি দৃষ্টেহ্খিলাত্মনি॥

শ্রীভগবান বলিতেছেন,—) আমার নাম-গুণ-লীলা-কথায়
যাঁহার শ্রদ্ধা জ্মিয়াছে; যাঁহার লোকিক ও বৈদিক কর্মে এবং
সেই সকল কর্ম্মলে আসক্তি দূর হইয়াছে; যিনি কামভোগসকলকে তুঃখ-পরিণাম বলিয়া জানিয়াছেন, কিন্তু তাহা পরিত্যাগ
করিতে সমর্থ হন নাই; সেই শ্রদ্ধালু ভক্ত, ভক্তি-দারাই সমস্ত
অভাব দূর হইবে বলিয়া দূঢ়নিশ্চয় হইয়া, ঐ সকল তুঃখ-পরিণাম
বিষয় ভোগ এবং তাহাদের নিন্দা করিতে করিতে প্রীতিভরে
আমারই ভক্তনা করেন। এইরূপে মতুক্ত ভক্তিযোগে যে মুনি
অকুক্ষণ আমার ভঙ্গন-রত থাকেন, তাঁহার হৃদয়ে বর্ত্তমান
থাকিয়া আমি স্বয়ং তাঁহার সমস্ত কাম-মল ধ্বংস করি। আমাকে
হৃদয়ে আনিলে আর দোষ থাকিতে পারে না; শীন্তই হৃদয়-গ্রন্থি
ভেদ হয়, সমস্ত সংশয় দূর হয় ও কর্ম্ম-বাসনা ক্ষয় হয়।

ভোগপর বন্ধজীব জড়বিলাসে প্রমন্ত ও কর্তৃগাভিমানী হইয়া বিবিধ কর্মজালে বন্ধ হন। যখন তাঁহার ঐ সকল কর্ম্মের উপাদেয়ত্ব-বিচার ক্ষীণ হইতে থাকে, তখনই তিনি মায়িক জগতের প্রভুত্ব করিবার কথা পতিত্যাগ-পূর্বক ভগবৎকথায় আহা স্থাপন করেন। হরিকথায় তাঁহার আহা স্থাপিত হইলে আর কর্তৃগাভিমান থাকে না এবং জগতের প্রভুত্বাকাজ্জা থর্ব হইয়া পড়ে। তখন তিনি জানিতে পারেন যে, যাবতীয় জড়-ভোগবাসনা তাঁহার উদ্দেশ্যের ব্যাঘাতকারিণী মাত্র। কিন্তু উহা জানিয়াও অভ্যাস-বশে দৃঢ়শ্রন্ধ না হওয়ায় তিনি ভোগ-কুসংস্কার পরিত্যাগ করিতে অসমর্থ হন।

এই চুর্দ্দশায় অবস্থিত হইয়াও যদি হরিকথায় শ্রাদ্ধা বৃদ্ধি করিবার দৃঢ়তা থাকে এবং প্রবল অনুরাগের সহিত ভগবানের সেবা করিবার জন্ম তাঁহার প্রবৃদ্ধি হয়, তাহা হইলে 'জড়জগতে কর্ত্ত্বাভিমান হৃঃখ প্রসব করিবে',—এইরূপ দৃঢ় জ্ঞান তাঁহাকে সংসারাসক্তি হইতে প্রচুর পরিমাণে রক্ষা করে।

শীগুরুপাদাশ্রিত হইয়া মহাজনের অমুসরণে একমাত্র ভগবংসেবাপর হইলে পরম সত্য ভগবদ্বস্ত হৃদয় অধিকার করে এবং
কৃষ্ণসেবা ব্যতীত ইতর বাসনা সমস্তই বিনষ্ট হয়। সেইকালে
বহুকালার্ক্তিত কামজ কুমল-সমূহ রেচিত হয়। তাঁহার আর
কোন প্রকার সন্দেহের কারণ থাকে না—ভক্তি-পথকে সুগম
বলিয়াই তিনি বুঝিতে পারেন। তৎকালে কর্তৃয়াভিমানের
অপ্রয়োজনীয়তা তাঁহার উপলব্ধির বিষয় হয়। ভোগতাৎপর্যাপর
কর্তৃয়াভিমান ক্ষীণ হইয়া তৎকালে নিত্য ক্রিয়মাণ সকল কার্যাই
ভগবতুদেশে বিহিত, কৃষ্ণ-প্রয়োজনে তাঁহার অধিল চেষ্টা নিয়ুক্ত
এবং কৃষ্ণই একমাত্র 'রক্ষাকর্তা'—এইরূপ শরাণাগতির লক্ষণ
তাঁহাতে লক্ষিত হয়।

পরমহংস-প্রিয় ভাগবত (১০৷২৷৩৩) বলেন,—

তথা ন তে মাধৰ তাবকাঃ কচিৎ ভ্রম্ভন্তি মার্গাৎ স্বয়ি বদ্ধদোহদাঃ। স্বয়াভিগুপ্তা বিচরস্তি নির্ভয়া বিনায়কানীকপমূর্দ্ধস্থ প্রভা॥

ব্রহ্মা কহিলেন,—হে মাধব, অস্তাভিলাষী ও কর্ণ্মিগণের চরমপন্থী জ্ঞানিগণ পরিণামবিশিষ্ট নিজ-নিজ উপায়-মার্গ হইতে যেরপ ভ্রম্ট হন, তোমাতে প্রণয়াসক্ত হরিজনগণ ভক্তিমার্গ হইতে সেই প্রকার বিচ্যুত হন না। হে প্রভা, হরিজনগণ সর্ব্বদা তোমা-কর্ত্বক রক্ষিত হইয়া বিল্লাধিপ-সেনাপতি গণ-দেবতার মস্তকে নির্ভয়ে বিচরণ করেন।

ভগবন্তক্তগণ বিপদের অধীনে না থাকিয়া তত্তপরি অপ্রাক্ততঅনুভবে হরিদাস্থ করিয়া থাকেন। আবার অপ্রাক্তানুভূতির
অভাব হইলে ভগবান্ তাঁহাদিগকে সদুদ্ধি দিয়া হরিজনাভিমান
প্রদান করেন। বলা বাহুল্য, যথেচ্ছাচারী, কর্মী বা জ্ঞানী,
—সকলেই জড়াজড়-কামনাবিশিষ্ট: স্বতরাং তাঁহাদের কোন
প্রকারে মঙ্গল হওয়া সম্ভবপর নহে। তাঁহারা ঐসকল নিজনিজ বিষয় ত্যাগ করিলে ভক্তিমানু হরিজন হইতে পারেন।

ভাগবত ৫ম স্বন্ধ ১৮শ অধ্যায় ১২শ শ্লোক— যন্তান্তি ভক্তিৰ্ভগবত্যকিঞ্চনা সৰ্বৈশ্ব গৈন্তত্ৰ সমাসতে স্থরাঃ। হরাবভক্তন্ত কুতো মহদ্ গুণা মনোরপেনাসতি ধাবতো বহিঃ॥

পৃথক্ করিয়া ভক্তীতর-বৃদ্ধি কর্ম্ম-জ্ঞান-গ্রহ-গ্রস্তজনের স্থায় কৃত্রিম সদ্গুণ শিক্ষা করিবার প্রয়োজন নাই। ভক্তি থাকিলে সমস্ত সদ্গুণই নিস্গক্রিমে উদিত হয়। শ্রীপ্রহলাদ কহিলেন, —ভগবানে যাঁহার নিজিঞ্চনা ভক্তি আছে, তাঁহার নিজত্বে সকল সদ্গুণ নিত্যবিভ্যমান এবং দেবগণ তাঁহাতেই সম্যাপ-রূপে অবস্থিত। হরিজন ব্যতীত অস্থ্র কুত্রাপি মহদ্গুণ-সমূহ থাকিতে পারে না; যেহেতু হরি ব্যতীত পরিণামশীল মায়িক বস্তু ধাহা বিষয়সমূহ অস্থাভিলাষী, কন্মী ও জ্ঞানীর চিত্রতিকে

আকর্ষণ করে, সেকারণে সেই পরিণামশীল অচিরস্থায়ী বস্তুতে উ হাদের অভিনিবেশ ক্ষণকালের জন্য বলিয়া মহৎ সদ্গুণরাশি তাঁহাদের হৃদয়ে নিত্যকাল বা অধিকক্ষণ স্থান পায় না। অজ্য কোন গুণ লক্ষ্য করিয়া কোন বস্তুকে গুণবান্ স্থির হইল, আবার কালচক্রে উহা পরিবর্ত্তিত হইয়া দ্রপ্তুস্তরে, দর্শনান্তরে বা কালান্তরে স্থির থাকিল না। প্রকৃতপক্ষে হরিজন—নিত্য, তাঁহার বৃত্তি—নিত্য, বৈকুণ্ঠ দ্রস্ট্-দৃশ্য-সমূহও—নিত্য-অহেয়-অসীম-পরমোপাদেয়ত্ব প্রভৃতি চিন্ময়গুণে বিভৃষিত।

বিশুদ্ধ অকিঞ্চন বৈশ্বব বাস্তবিকই তুর্লভ। তাদৃশ আদর্শ বৈশ্বব-চরিত্র আমাদের লোভের বস্তু'—হাঁহারা এরূপ বলিতে পারেন, সেরূপ ব্যক্তিও সংসারে কম। সেইজন্ম হরিকথার ও হরিজন-কথার শ্রবণ ও কীর্ত্তনই পরম-শ্রেয়োলাভের একমাত্র কারণ। যদি আপামর যোগ্য ও অযোগ্য ব্যক্তিগণ ক্ষণকালের জন্মও সাধু-হরিজনগণকে প্রকৃতপক্ষে চিনিতে পারেন যে, তাঁহারাই চতুর্দিশভুবন ও তদতিরিক্ত রাজ্যে সর্ব্বোত্তম, স্থতরাং মর্য্যাদাবিশিষ্ট, তাহা হইলে তাঁহাদের কনিষ্ঠ ও মধ্যমাধিকারের তাদৃশী ভাগবতী চেফাবলী নিশ্চিতই আমাদের আনন্দোৎসব বৃদ্ধি করিবে। তাদৃশ গুণবান্ ভক্ত পৃথিবীর জনসমন্তির কত স্বল্লাংশ। স্থতরাং প্রতিজ্ঞীব-হৃদ্ধে স্বল্পভাবেও সেই সর্ব্বোচ্চ আদর্শ হরিজনন্থ বৃদ্ধি পাওয়া আবশ্যক।

হরিভজন একেবারে ত্যাগ করা—বিশুদ্ধ মায়াজনোচিত দৌরাত্ম্য। শ্রীচরিতায়ত মধ্য ১৯শ পরিচেছদে,— তার মধ্যে 'স্থাবর', 'জক্সম'— দুই ভেদ।
জক্সমে তির্যাক্-জল-স্থলচর বিভেদ॥
তার মধ্যে মন্থ্য-জাতি—অতি অল্পতর।
তার মধ্যে মন্থ্য-জাতি—অতি অল্পতর।
তার মধ্যে মেচ্ছ, পুলিন্দ, বৌদ্ধ, শবর॥
বেদনিষ্ঠ-মধ্যে অর্দ্ধেক বেদ মুখে মানে।
বেদনিষিদ্ধ পাপ করে, ধর্ম্ম নাহি গণে॥
ধর্ম্মাচারি-মধ্যে বহুত 'কর্ম্মনিষ্ঠ'।
কোটি-জ্মানি-মধ্যে হয় একজন 'মুক্ত'।
কোটি-জ্মানি-মধ্যে হয় একজন 'মুক্ত'।
কোটি-মুক্ত-মধ্যে 'দুর্লভ' এক কৃষণভক্ত॥
কৃষণভক্ত—নিদ্ধাম, অতএব 'শান্ত'।
ভুক্তি-মুক্তি-সিদ্ধিকামী, সকলি 'অশান্ত'॥

সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি,—এই যুগ-চতুষ্টয়ে দ্বাদশটা মাত্র হরিজনের উল্লেখ পাওয়া যায়। তাহা হইলে কি হরিজনগণ বৈষ্ণবতা ত্যাগ-পূর্বক বিষয়ী প্রাকৃতজনের দাস্থে জীবনোৎসর্গ করিবেন,—ইহাই শাস্ত্র-তাৎপর্য্য ? জীবমাত্রই স্বরূপে কৃষ্ণদাস —হরিজন। মায়ার দামসমূহে যিনি যতটা বন্ধ, তিনি নিজের কৃষ্ণদাস্থ সেই পরিমাণে ভুলিয়া স্মার্ত্তাধিকার প্রভৃতি প্রচার করেন। যিনি নিন্ধিঞ্চন হরিজনকে ত্রিভুবনবন্দ্য হরি হইতে অভিন্ন দাস বলিয়া উপলব্ধি করিবেন, তাঁহার প্রাকৃত মূঢ়তা অনেকটা বিদূরিত হইবে। ভগবান্ স্বেচ্ছাক্রমে নিজ-পার্যদগণকে বিমুখ জীবসমূহের চিকিৎসা-কার্য্যে অনেক সময় মায়িক জগতে প্রেরণ করেন। ইহাও তাঁহার পরীক্ষার অন্তর্গত। শ্রীভগবানের প্রতি কোন বিশেষ হরিজনের কিরপে ঐকান্তিকতা আছে, তাহা সেই লীলারসময়বিগ্রহ মধ্যে-মধ্যে লীলা-প্রচার-সূত্রে দেথিবার জন্ম এবং অন্য হরিজনকে স্বধামের দিকে আনিবার উদ্দেশ্যে, ভক্তাবতাররূপে স্বীয় পার্ষদ বা পার্ষদগণকে জগতে প্রেরণ করেন। তাঁহারা সাধনসিজ-জীব-পর্য্যায়ে গণিত হইলে প্রকৃত তথ্যের হানি হয়। ভগবদবতারের সঙ্গে বা পরে, কালে-কালে, যে-সকল ভক্তাবতার হরিজন প্রপঞ্চে উদিত হন, তাঁহারা সাধনসিজ ভক্তের অন্তর্গত নহেন। ঘাদশজন সিজভক্তের অনুগত হরিজনগণ সাধনসিজ ভক্তের পর্য্যায়ে গণিত।

শ্রীসম্প্রদায়ের ইতিবৃত্ত-পাঠে আমরা জানিতে পারি যে, কালে-কালে ঘাদশটা সিদ্ধ পার্ষদ জগজ্জীবের মঙ্গলের জন্ম বৈকুঠ হইতে জগতে অবতীর্ণ ইইয়াছেন। আবার 'শ্রীগোর-গণোদ্দেশ-দীপিকা' প্রভৃতি গোড়ীয়-বৈষ্ণবগণের প্রামাণিক প্রন্থে গোলোক ও বৈকুঠস্থিত ভগবানের ও ভক্তগণের গোরলীলায় অবতারের পরিচয়াদি জানিতে পারি। হরিভজন-সিদ্ধিক্রমে জীব সর্ববাত্ম-ঘারা বিশুদ্ধ নির্মাল কৃষ্ণদাস্থ উপলব্ধি করিলে স্বীয় নিত্যস্বরূপের পরিচয় প্রাপ্ত হন এবং শ্রীভগবান্ তাহার নিকট সর্ববক্ষণ উদিত থাকেন। হরিজন-বিরোধিগণ তাহা ব্রিতে সমর্থ হন না।

বৈষ্ণবের ক্রিয়া-মুদ্রা প্রভৃতি—প্রাক্তব্দিবিশিষ্ট জনের একেবারেই বোধাতিরিক্ত। এই চতুর্গ ধরিয়া অনস্ত, অসংখ্য হরিজন সত্য সত্য ভগবন্তজন করিয়া আদর্শ জীবন রাখিয়া গিয়াছেন। তাঁহারা স্মার্ত্তাদির কুণ্ঠাযুক্ত প্রতিষেধাদিতে নিরুৎসাহ ও বিফলমনোরথ হন নাই এবং নিজের হরিজনম্বও ত্যাগ করেন নাই। যাহারা ফুর্ভাগা, বুদ্ধিহীন, তাহারাই পাপ-পুণ্যে নিবদ্ধ হইয়া হরিজনের সহিত মহাবিরোধ করিয়া থাকে।

মঞ্বায় সংগৃহীত প্রপন্নায়তে ৭৪ অধ্যায়ে—

কাষার-ভূত-মহদাহ্বয়-ভক্তিশারাঃ শ্রীমচ্ছঠারিকুলশেখরবিষ্ণৃচিত্তাঃ। ভক্তাঙ্গ্রিয়ু রেণুমুনিবাহচভূঙ্গবীন্দ্রাঃ তে দিব্যস্থরয় ইতি প্রথিতা দশোর্ক্সাং॥

> গোদা যতীন্দ্রমিশ্রাভ্যাং দাদশৈতান্ বিদ্বর্ধাঃ। বিস্ক্তা গোদাং মধুরকবিনা সহ সন্তম। কেচিদ্বাদশসংখ্যাতান্ বদস্তি বিবুধোত্তমাঃ॥

এই পার্ষদ ভক্তগণের ইতিবৃত্ত সংস্কৃত ভাষায় লিখিত 'দিব্যসূরিচরিতম্'ও 'প্রপন্নামৃত'-গ্রন্থদ্বয়ে, তামিল ও সংস্কৃত-ভাষাদ্ব-মিশ্র মণিপ্রবাল ভাষায় লিখিত 'গুরুপরম্পরাই প্রভাব', 'প্রবন্ধসার' ও 'উপদেশরত্বমালাই' গ্রন্থত্তায়ে এবং দ্রাবিড়-ভাষায় লিখিত 'পড়নড়ইবিলকম্' নামক গ্রন্থে উল্লিখিত আছে।

১। কাষারমূনি বা সরোযোগী (পয়গই আল্বর্), ২।
ভূতযোগী (পুদত্ত আল্বর্)—শঙ্খাবতার, ৩। প্রান্তযোগী বা
মহদ্ (পে-আল্বর্), ৪। ভক্তিসার (তিরুমড়িসাইপ্লিরাণ
আল্বর), ৫। শঠারি, শঠকোপ, পরাস্কুশ, বকুলাভরণ

(নদ্মাআল্বর্), ৬। কুলশেখর (কুলশেখর আল্বর্)—
কৌস্তভাবতার, ৭।বিষ্ণুচিত্ত (পেরি-ই-আল্বর্)—গরুড়াবতার,
৮। ভক্তাজি রেণু (তোগুারড়িপ্পড়ি আল্বর্), ৯। মূনিবাহ,
যোগীবাহ, প্রাণনাথ (তিরুপ্পাণি আল্বর্)—শ্রীবংসাবতার,
১০। চতুকবি, পরকাল্ (তিরুমঙ্গই আল্বর্)—কার্শুকাবতার,
১১। গোদা (আগুল্)—নীলা-লক্ষ্যবতার, ১২। রামামুজ
(যংবারুমানার, উদইয়াবার, ইলাই-আল্বর্)—লক্ষ্ণাবতার,
১০। মধুর কবি (মধুর কবিগল্ আল্বর্)।

কেবল যে দাক্ষিণাত্যবাসিগণের বৈকুণ্ঠাগমনত্ব সিদ্ধ, তাহা
নহে। গোড়দেশবাসী শুদ্ধভক্তগণের লীলা দেখিলে তাঁহাদেরও
নিত্য হরিজনত্ব উপলব্ধি হইবে। 'গৌরগণোদ্দেশ','রামামুজ-চরিত'
ও 'মধ্বচরিত' প্রভৃতি গ্রন্থ হইতে কতিপয় নিদর্শন উদ্ধৃত হইল।

যাঁহারা ভজনে সিদ্ধি লাভ করেন, তাঁহারা নিজ-নিজস্বরূপের পরিচয় অবগত আছেন। গোঁড়ীয়-বৈফব-সম্প্রদায়ে
আজকাল অপক পাঞ্চরাত্রিক মন্ত্রব্যবসায়িগণ যে-সকল কাল্পনিক
জড়নাম-রূপাদিকে সাধ্য-পরিচয় ও সিদ্ধ-প্রণালী বলিয়া প্রচারপূর্বেক তাদৃশ শিয়্যাবলীর মনোরঞ্জন এবং নিজের কুপাণ্ডিতা ও
ভজন-শাস্ত্রের অনভিজ্ঞতা প্রকাশ করেন, উহাদের কথা আমরা
বলিতেছি না। বাস্তবিক হরিভজন-দারা যাঁহারা নিজ-সিদ্ধপরিচয় জানেন তাঁহাদের নিজামুভূতি অনেক সময়ে তদীয়
শিশ্য-পরম্পরা সাম্প্রদায়িক নিবন্ধসূত্রে ভারতের ভিন্ন ভিন্ন অংশে
ভিন্ন ভিন্ন কালে লিপিবদ্ধ করিয়াছেন।

আমরা এবিষয়ে অধিক কিছু বলিতে চাই না। তবে ইহাও পরমসত্যকথা যে, বায়ু, ভীম বা হনুমানের অবতার শ্রীমধ্বাচার্য্য, সঙ্কর্ষণাবতার শ্রীরামানুজ প্রভৃতি এবং গ্রোডীয়-বৈষ্ণবের মধ্যে প্রভূবর শ্রীরূপ গোস্বামী, প্রভূবর শ্রীসনাতন গোস্বামী, প্রভূবর শ্রীরযুনাথ দাস গোস্বামী, প্রভু শ্রীনরোত্তম ঠাকুর, শ্রীশ্রামানন্দ প্রভু ও প্রভু শ্রীনরহরি সরকার ঠাকুর, ঈশ্বরী শ্রীশ্রীমতী জাহ্নবা দেবী প্রভৃতি এবং শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী প্রভৃ, শ্রীপাদ বলদেব বিষ্যাভূষণ প্রভু, শ্রীপাদ সিদ্ধ বাবাজীপ্রভূগণ, প্রভূবর শ্রীশ্রীমদ-ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীপাদ পরমহংস শ্রীশ্রীবিষ্ণুপাদ শ্রীশ্রীগোর-কিশোর দাস প্রভুবর প্রমুথ ভুবনবন্দ্য হরিজনগণের কেহই স্মাৰ্ত্তগৰ্ত্ত-পতিত মৰ্ত্য জীবাভিমানে ভজন করেন নাই। তাঁহারা নিজ-নিজ-স্বরূপ-পরিচয়ে ভগবদ্ধক্তিতে অবস্থিত হইয়া তাঁহাদের ইরিভজনের অপ্রাকৃতত্ব প্রচার করিয়াছেন।

ভাগবত বা পাঞ্চরাত্রিক মত না বৃঝিয়া অসিদ্ধ জড়জন্মাদির অহঙ্কার-নিপুণ, অর্থলাভাশায় আচার্য্যপদ-প্রয়াসী মর্ত্য জীবগণ কথনও হরিজন হইতে পারেন না। তাঁহারা সকলেই—অবৈষ্ণব। সূত্রধর, কুন্তকার, কর্ম্মকার, চর্মাকার, দোকানদার, পাঠক, গায়ক, মৃদস্যাদকাদি জনগণের সকল জড়-কার্য্যের গুরুর ভায়ই তাঁহাদের সাংসারিক কোলিক গুরুত্ব। কিন্তু উহা পারমার্থিক বৈষ্ণব-বিশাস হইতে ভিন্ন। হরিজনগণের পাদত্রাণাবলম্বক আমাদেরও এ কথা।

হরিজনগণ পাঁচ প্রকার রসভেদে শান্ত, দাস্তা, সখ্য, বাৎসল্য

ও মধুর রসাশ্রিত হইয়া পঞ্চবিধভাবে অবস্থিত। আবার শাস্ত্রীয় শাসন ও গুরুশাসনের বলে বৈধভক্তির আশ্রয়ে ঐশ্বর্য্যপ্রধান মর্য্যাদা বা বৈধমার্গ এবং স্ব-স্ব-রুচিপ্রভাবে ব্রজানুরাগিজনের অনুগা ভক্তিকে নিজ-বৃত্তিজ্ঞানে আবাহন-পূর্ব্বক রাগমার্গ,—এই ছুই প্রকার ভেদ আছে।

শ্রীচরিতায়ত মধ্য ২৪শ পরিচ্ছেদে—

'বিধিভক্ত', 'রাগভক্ত',—দুইবিধ নাম। তুইবিধ ভক্ত হয় চারি চারি প্রকার। পারিষদ, সাধনসিদ্ধ, সাধকগণ আর ॥ জাত-অজাত-রতিভেদে সাধক গুই ভেদ। বিধি-রাগমার্গে চারি চারি অষ্ট্র ভেদ। বিধিভাকে। নিতাসিদ্ধ-পারিষদ 'দাস'। 'স্থা', 'গুরু', 'কান্তাগণ',—চারিবিধ প্রকাশ।। সাধনসিদ্ধ-দাস, সখা, গুরু, কান্তাগণ। জাতরতি সাধক-ভক্ত-চারিবিধ জন u অজাতরতি সাধক-ভক্ত—এ চারি প্রকার। বিধিমার্গে ভক্তে যোড়শ ভেদ প্রচার॥ রাগমার্গে এছে ভক্তে ষোড়শ বিভেদ। ত্বই মার্গে আত্মারামের বত্রিশ বিভেদ॥

শ্রীমন্মহাপ্রভু গোড়ীয়-বৈষ্ণবিদিগকে যে পরম নির্ম্মলা কৃষ্ণভক্তি প্রদান করিয়াছেন, তাহার তুলনা নাই। ঐ ভক্তি চতুর্দ্দশভুবনান্তর্গত কোন বস্তুর প্রতি প্রযোজ্য নহে। জড়-

ব্রক্ষাণ্ডের বাহিরে বিরজা-নাম্মী গুণত্রয়বিধোতকারিণী নদীতেও ভক্তের সেব্যবস্তু কিছুই নাই। এইখানেই কর্মমার্গের গতি-শেষ। বিরজা অতিক্রম করিয়া ব্রহ্মলোক অবস্থিত। নিগুণ ব্রন্মলোকে ভক্তি করিবার কোন বস্তুই নাই। এখানেই নির্বিশেষ জ্ঞানের শেষসীমা। ব্রহ্মলোক অতিক্রম করিয়া শ্রীবৈকুণ্ঠধামে শ্রীনারায়ণ বিরাজমান। এখানে বৈধ অর্চ্চনমার্গী পাঞ্চরাত্রিক ভক্তগণের সেব্যবস্ত থাকায় শাস্ত, দাস্ত ও গৌরব-সখ্য,—এই সার্দ্ধ রসবয় অবস্থিত। তদুপরি গোলোক-বৃন্দাবনে রসপঞ্চকের স্থবিমল বিষয় শ্রীকৃষ্ণচন্দ্র—আশ্রয়-ভক্তগণের নিত্য-ভঙ্গনীয় বস্তু : তাঁহাতেই ভক্তি বিধেয়। ভজনীয় বস্তুর অভাবে চতুর্দ্দশভূবন-সম্বন্ধি কোন জড়বস্তুতে, বিরজা-সম্বন্ধিনী গুণসাম্যাবস্থায়, ব্রন্ধ-লোকসম্বন্ধি নির্বিবশেষ-ত্রক্ষবস্তুতে হরিজনের প্রয়োজন নাই। বৈকুপ্তে পাঞ্চরাত্রিক-বৈষ্ণবের আরাধ্য বস্তু এবং গোলোকে ভাগবত-বৈষ্ণবের আরাধ্য বস্তু বিরাজমান। সেই বস্তুরই ভজন করিতে হইবে:

শ্রীচরিতায়ত মধ্য ১৯শ পরিচ্ছেদে শ্রীমন্মহাপ্রভুর বাক্য—
ব্রুন্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ।
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
গ্রবণ-কীর্ত্তন-জলে করয়ে সেচন।
উপজিয়া বাড়ে লতা 'ব্রুন্মাণ্ড' ভেদি' যায়।
'বিরঙ্গা'. 'ব্রুন্নোক' ভেদি' পরব্যোম পায়।

তবে যায় তত্নপরি 'গোলোক-রন্দাবন'। 'কৃষ্ণচরণ' কল্লবৃক্ষে করে আরোহণ॥

এরপ সর্বেবাচ্চাবস্থিত ভগবন্তক্তের সহিত জড়ের যে-কোন
মাহাত্মসূচক পরিচয়ের তুলনা হয় না। মেরুর সহিত সর্বপের,
সমুদ্রের সহিত জলকণার ও উচ্চ আকাশের সহিত বামনের
যেরূপ তুলনা হয় না, সেরূপ হরিজনের মর্য্যাদার সহিত অন্থ
জড়ীয় সামান্য মর্য্যাদার তুলনা করাই উচিত নহে। এতাদৃশ
হরিজনকে যে মায়াবদ্ধ নির্বোধ ব্যক্তি কায়িক, বাচনিক ও
মানসিক যে-কোন প্রকারে মুখ্য ও গৌণভাবে নিন্দা, হিংসা বা
হীনমর্য্যাদ করিবার প্রয়াস পায়, তাদৃশ নিন্দিতজনের পরিণামের
কথা শাস্ত ও মহাজনগণ কিরূপ বলেন, তাহাই কিঞ্চিৎ এখানে
উদাহাত হইল.—

### স্বন্দপুরাণে—

যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম ।
করোতি তক্ত নশুন্তি অর্থধর্ম্মশং-স্কৃতাঃ ॥
নিন্দাং কুর্বান্তি যে মূচা বৈঞ্চবানাং মহাত্মনাম্ ।
পতন্তি পিতৃতিঃ সার্ধং মহারৌরবসংজ্ঞিতে ॥
হস্তি নিন্দতি বৈ দেষ্টি বৈঞ্চবান্নাভিনন্দতি ।
কুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষ্টু ॥

#### অয়তসারোদ্ধারে—

জন্মপ্রান্ততি যৎকিঞ্চিৎ স্কুক্তং সমুপাৰ্জ্জিতম্। নাশমায়াতি তৎসর্ব্বং পীড়য়েদ্ যদি বৈঞ্চবান্॥

#### দ্বারকামাহাত্ম্যে—

করপত্তৈশ্চ ফাল্যপ্তে স্থতীবৈর্ঘমশাসনৈঃ।
নিন্দাং কুর্বস্থি যে পাপা বৈষ্ণবানাং মহাত্মনাম্।
পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মাস্তরশতৈরপি।
প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে।

#### স্কান্দে---

পূৰ্বাং কড়া তু সন্মানমবজ্ঞাং কুৰুতে তু যঃ। বৈঞ্চবানাং মহীপাল সাম্বয়ো যাতি সংক্ষয়ম্॥

## ব্রহ্মবৈবর্ত্তে কৃষ্ণজন্মখণ্ডে—

যে নিন্দস্থি হ্ববীকেশং তদ্ভক্তং পুণ্যন্ধপিণম্।
শতজন্মার্জ্জিতং পুণ্যং তেষাং নশুতি নিশ্চিতম্॥
তে পচান্তে মহাঘোরে কুন্তীপাকে ভয়ানকে।
ভক্ষিতাঃ কীটসভ্যেন যাবচ্চক্রদিবাকরৌ॥
তম্ম দর্শনমাত্রেণ পুণ্যং নশুতি নিশ্চিতম্।
গঙ্গাং স্বাত্বা রবিং দৃষ্ট্য তদা বিদ্বান্ বিশুদ্ধাতি॥

# শ্রীরামামুজাচার্য্য বলেন,—

শ্রীমন্তাগবতার্চনং ভগবতঃ পৃজাবিধেক্ত্রমন্।
শ্রীবিক্ষোরবমাননাদ্পুক্তরং শ্রীবৈশ্ববোল্লন্তন্ন্ন্ন্ন্।
তীর্ষাদ্যুতপাদজাদ্পুক্তরং তীর্থং তদীয়াজ্যি জম্ ॥
পূজনাদ্ বিষ্ণুভক্তানাং পুক্ষার্থোইস্তি নেতরঃ।
তেমু তন্দ্বেষতঃ কিঞ্চিৎ নাস্তি নাশনমান্মনঃ॥
শ্রীবৈক্ষবৈর্মহাভাগৈঃ সল্লাপং কার্য়েৎ সদা।
তদীয়দুষকজনান্ন পশ্রেৎ পুক্ষাধ্যান্॥

শ্রীবৈষ্ণবানাং চিহ্নানি ধ্ববাপি বিষয়াতুরিঃ। তৈঃ সার্দ্ধং বঞ্চকজনৈঃ সহবাসং ন কারয়েৎ॥

স্কন্দপুরাণে—হে নৃপোত্তম, যে ভাগবত-বৈষ্ণবকে উপহাস করে, ভাহার অর্থ, ধর্ম, যশ ও পুজসকল নিধন প্রাপ্ত ২য়। যে মূঢ়গণ মহাত্মা বৈষ্ণবগণের নিন্দা করে, ভাহারা পিতৃ-পুরুষ-সহ মহারৌরব-সংজ্ঞক নরকে পতিত হয়। বৈষ্ণবগণকে যে ব্যক্তি হনন করে, নিন্দা করে, বিদ্বেষ করে, অভিবাদন করে না, ক্রোধ করে এবং দেখিলে আনন্দিত হয় না, এই ছয় ব্যবহারই ভাহার পতনের কারণ।

অমৃতসারোদ্ধারে—বৈষ্ণবগণকে পীড়া দিলে সজ্জাতি-জন্ম-প্রভৃতি যাহা কিছু সৎকর্মার্জ্জিত পুণ্যফল থাকে, তৎসমস্তই নম্ট হইয়া যায়।

বারকামাহাত্ম্যে—যে পাপিষ্ঠগণ মাহাত্মা-বৈষ্ণবগণের নিন্দা করে, তাহারা যমশাসন-প্রভাবে স্থতীত্র করপত্রম্বারা ফালিত হয়। শত শত জন্মে বিষ্ণুপূজা করিয়া থাকিলেও বৈষ্ণবের অপমানকারী চুর্বত্তির প্রতি বিশ্বাত্মা শ্রীহরি প্রসন্ন হন না।

ন্ধান্দে—হে মহীপাল, বৈষ্ণবকে অগ্রে সম্মানপূর্বক পরে যে ব্যক্তি অবজ্ঞা করে, সে স্ববংশে বিনষ্ট হয়।

ব্রহ্মবৈবর্ত্তে কৃষ্ণজন্মখণ্ডে— যাহারা হৃষীকেশ বা পুণ্যাশ্রয় তাঁহার ভক্ত-বৈষ্ণবগণের নিন্দা করে, তাহাদের শতজন্মার্জ্জিত পুণ্য নিশ্চয় বিনষ্ট হয়। সেই পাপিগণ কুম্ভীপাক-নামক মহাঘোর নরকে কীউপুঞ্জ-দারা ভক্ষিত হইয়া যাবচন্দ্র-দিবাকর পচ্যমান ইইয়া থাকে। বৈষ্ণব-নিন্দককে দর্শন করিলে দ্রষ্টার সমৃদয় পুণ্য নিশ্চয় নষ্ট হয়। তাদৃশ অবৈষ্ণবকে দর্শন করিয়া গঙ্গাস্মান-পূর্ববক সূর্য্য দর্শন করিলে বিষদ্জন শুদ্ধিলাভ করেন।

শ্রীরামামুজ বলেন, ভগবানের পূজাপেক্ষা বৈষ্ণবের পূজা উত্তম, বিষ্ণুর অপমান অপেক্ষা বৈষ্ণবের অপমান গুরুতর অপরাধ, কৃষ্ণপাদোদকাপেক্ষা ভক্তের পাদোদক অধিকতর পবিত্র। বৈষ্ণবের পূজাপেক্ষা আর অন্য পুরুষার্থ নাই। বৈষ্ণববিদ্বেষ অপেক্ষা গুরুতর অপরাধ আর কিছুই নাই; উহাতে নিজের বিনাশ হয়। মহাভাগবত বৈষ্ণবগণের সহিত সর্বদা আলাপ করিবে। বৈষ্ণবদূষক পুরুষাধমদিগকে কদাপি দর্শন করিবে না। শ্রীবৈষ্ণবিচ্হিগারী বিষয়াতুর বঞ্চক ব্যক্তির সহিত কথনই বাস করিবে না।

আঁচৈজন্মভাগবতে (ম৫।১৪৫, ১০।১০২)—

যত পাপ হয় প্রজা-জনেরে হিংসিলে।

তার শতগুণ হয় বৈষ্ণবে নিন্দিলে॥

যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবৃদ্ধি করে।

জন্ম জন্ম অধ্য-যোনিতে ভূবি' যুৱে॥

শ্রীচৈতন্মচরিতামৃত আদি ১৭শ ও অন্ত্য ৩য় পরিচেছদে—
ভবানী-পূজার সব সামগ্রী লইয়া।
রাত্তে শ্রীবাসের দারে স্থান লেপাইয়া॥

মদ্যভাণ্ড পাশে ধরি<sup>?</sup> নিজ-ঘরে গেল।

তবে সব শিষ্টলোকে করে হাহাকার। ঐছে কর্ম্ম হেথা কৈল কোন্ ছ্রাচার॥ হাড়িকে আনিয়া সব দূর করাইল।

তিন দিন রহি' সেই গোপাল চাপাল॥ সর্ব্বাঙ্গে হইল কুষ্ঠ, বহে রক্তধার। সর্ব্বাঙ্গ বেড়িল কীট কাটে নিরস্তর॥

আরে পাপি, ভক্তদ্বেষি, তোরে না উদ্ধারিমু। কোটিজন্ম এইমতে কীড়ায় খাওয়াইমু॥

কোটিজন্ম হ'বে তোর রৌরবে পতন। ঘট-পটিয়া মূখ তুমি, ভক্তি কাহাঁ জান ? হরিদাস-ঠাকুরে তুই কৈলি অপমান। সর্কনাশ হ'বে তোর, না হ'বে কল্যাণ॥

ক্ল**ু-স্ব**ভাব,—ভক্ত-নিন্দা সহিতে না পারে॥

শ্রীজীবগোস্বামী ভক্তিসন্দর্ভে বলিয়াছেন,—"বৈশুবনিন্দা শ্রবণেহপি দোষ উক্তঃ" (ভাঃ ১০।৭৪।৪০)—

নিন্দাং ভগবতঃ শৃধন্ তৎপ্রস্থ জনস্থ বা।
ততো নাপৈতি যঃ সোহপি যাত্যধঃ মুক্তাচ্চ্যুতঃ ॥ ইতি।
ততোহপগমশাস্মর্থস্থ এব। সমূর্থেন তু নিক্তব্যাহ্রা ছেত্রবা।

তত্তাপাসমর্থেন স্বপ্রাণপরিত্যাগোইপি কর্ত্তনাঃ।

যথোক্তং দেব্যা (ভাঃ ৪।৪।১৭)—

কর্ণে । পিধায় নিরিয়াৎ যদ্কল্প ঈশে ধর্মাবিতর্যাশৃণিভিন্ ভিরম্ভমানে। জিহুবাং প্রসন্থ রুষতীমসতাং প্রভূশ্চে-চ্ছিন্দ্যাদস্থনপি ততো বিস্তজ্ঞেৎ সু ধর্মঃ॥

কেবল যে বৈষ্ণব-নিন্দাকারিজন দোষী, তাহা নহে: যিনি বৈষ্ণব-নিন্দা শ্রাবণ করেন, তাঁহার অপরাধ হয়,—ইহা শাস্ত্রে কথিত হইয়াছে; যথা ভাগবঙে—ভগবানের বা ভক্তের নিন্দা শ্রাবণ করিয়া যিনি স্থানত্যাগ করেন না, সেই ব্যক্তিও সুকৃতি হইতে নিশ্চিতই অধশ্যুত হন।

সেই স্থান হইতে চলিয়া যাওয়া—অসমর্থ ব্যক্তির পক্ষে বিধান-মাত্র। সমর্থ থাকিলে বৈষ্ণব-নিন্দাকারীর জিহবা ছেদন করা কর্ত্তব্য। তাহাতেও অসমর্থ হইলে নিজ-প্রাণ পরিত্যগ করাই কর্ত্তব্য।

দেবী দাক্ষায়ণী এরূপ বলিয়াছেন,—নিরঙ্গুশ জনগণ ধর্মারক্ষক ঈশবে বা বৈফবে অশুভবাণী প্রযুক্ত হইতে শুনিলে কর্ণরয় আচ্ছাদন-পূর্বক চলিয়া যাইবেন। সমর্থ হইলে ভাদৃশ অশ্রাব্য কুবাক্যের বিক্ষুরণকারী ছুর্নজের জিহবা ছেদন করিবেন, ভাহাতে অসমর্থ হউলে প্রাণ বিদর্জ্জন করিবেন,—ইহাই ধর্ম।

# ব্যবহার কাণ্ড

ইতঃপূর্ব্বে কাণ্ডবয়ে প্রাকৃত ও অপ্রাকৃত জীবের পরিচয় পাঠকগণ পাইয়াছেন। এই কাণ্ডে তত্বভয়ের ব্যবহারাবলীর তারতম্য আলোচিত হইল।

প্রাকৃত বিচারে সকল কার্য্যেই যোগ্যতা আবশ্যক হয়। কেননা, অযোগ্য ব্যক্তির হস্তে কার্য্য স্কুছ রূপে সম্পন্ন ইইবার অনেক ব্যাঘাত। মানবের প্রকৃত-মঙ্গল-সাধনের উদ্দেশে কালে-কালে মনীষিগণ নানা পন্থা উদ্ভাবনা করিয়াছেন। তন্মধ্যে কতকগুলি ঐহিক জীবন-যাপনে উপযোগী; আর কতকগুলি পরলোকের উদ্দেশ্যে প্রয়োজনীয়। ঐহিক ম**সলে**র কথা সর্কল সরলচিত্ত ব্যক্তি সহজেই বৃঝিতে পারেন, আবার পরলোকের বার্ত্তা প্রত্যক্ষ করিতে অক্ষম হইয়া অনেকে জটিল কৃটভর্কের অবতারণা করেন। মানব রুচি-ভেদে ব্যবহার-ভেদে, পারদর্শিতা-ভেদে পরলোকের কথা ব্যক্তি করিতে গিয়া নানাপ্রকার ভিন্ন **সিদ্ধান্তে** উপনীত হন। <mark>অনুগামী সমশীল মানবগণ কোন একমতে</mark> ক্রচিবিশিষ্ট হইয়া তবিক্লমতাবলীকে ত্যাগ করেন। সাধারণ কথায় বলিতে গেলে সত্বগুণবিশিষ্ট জীবের সহিত রজঃ বা

তমো-গুণপুই মানবের সকল বিষয়েই ভেদ আছে। আবার বিশুদ্ধসত্বে অবস্থিত হইলে মানব যে-প্রকার নিরপেক্ষতার ভাব প্রদর্শন করেন, তাহাতে রক্ষন্তমো-নিরাসকারী সন্ধ্রুণের ক্রিয়া-হইতেও পার্থক্য দৃষ্ট হয়। পারলোকিক ধারণা পূর্বেবাক্ত চারি শ্রেণীর বিচারকগণের হস্তে চারিপ্রকার ভাব লাভ করে। স্মৃতরাং যথেচ্ছাচারী, কর্ম্মী, জ্ঞানী ও সাধুদিগের মধ্যে নিত্য-ভেদ অবশ্যস্তাবী। এই চারিশ্রেণীর ভাবসমূহ ভিন্ন ভিন্ন শাখায় আন্নায়-পরম্পরায় আবহমানকাল হইতে চলিয়া আসিতেছে। যাঁহার যাহা অমুকূল, তিনি সেই বিষয়েই নিজাধিকার প্রদর্শন করিয়া থাকেন।

যদি কেহ অপরের অধিকার না বুঝিয়া নিজাধিকারের কথা বলেন, তাহা হইলে অপর পক্ষের উহা উপযোগী হয় না; পরস্তু অবিনাশী অসংখ্য তর্কের উদয় হয়। সেজগু অধিকারোচিত বাক্যে অধিক ফল প্রসব করে। আমরা অনেক সময় পরস্পর বিবাদ শ্রবণ করিয়া কোন একপক্ষ অবলম্বন-পূর্বক নিজ-পরিচয় দিয়া থাকি, তাহা আপেক্ষিক; তবে উদার উচ্চশিক্ষা-প্রভাবে যতদূর নিরপেক্ষতা সম্ভব, তৎপক্ষে দৃষ্টি রাখা উচিত।

কেবল সম্বিদ্র্তির অবলম্বনে নিত্যানন্দ-বর্জ্ভিত মূল তত্ত্বস্তু অনুধাবিত হইলে 'ব্রহ্ম', সম্বিদ্র্তিসহ সন্ধিনীর্ত্তি একত্র হইলে হলাদিনী-বর্জ্জিত সেই বস্তুই 'পরমাত্মা' এবং সচ্চিদানন্দ-বৃত্তির যুগপৎ প্রকাশ হইলে তাঁহাই 'ভগবান্' বলিয়া প্রতীত হন। বস্তু এক হইলেও তিনটী ভিন্ন শব্দে তার্ত্তিকগণ দ্বিতীয় রহিত জ্ঞান-বস্তুর উপলব্ধি করিয়া থাকেন। নিতানন্দ-বর্জ্জন ও হলাদর্ভি-পরিহার-কার্য্য—অদ্বয়-জ্ঞানের ব্যাঘাতকারক।

ভাগবত (১৷২৷১১) বলেন,—

বদস্তি তত্ত্ববিদস্তবং যজ্জানমন্বয়ম্। ব্ৰহ্মেতি প্ৰমায়্মেতি ভগবানিতি শক্যতে॥

দিতীয় জ্ঞান কেবল-জ্ঞানবৃত্তিতে 'মায়া', সচ্চিৎ বৃত্তিতে 'বিয়োগ' ও সচ্চিদানন্দ-বৃত্তিতে 'অভক্তি' সংজ্ঞায় কথিত হয়। তত্ত্বিস্থানিপুণ পণ্ডিতগণ অধ্যক্তানকেই তত্ত্বস্তু বলেন। তাঁহারা ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্—এই ত্রিবিধ শব্দে একই বস্তুর অভিধান করেন। মায়াবাদাশ্রয়েই ভগবান্ হইতে ব্রহ্ম ও পরমাত্মার ভেদজ্ঞানের উদয় হয়।

তত্ত্ববিদ্গণ কেই ব্রাহ্মণ, কেই যোগী এবং কেই বা ভাগবত।
ইহারা তিনজনের কেইই জড় কামনা লইয়া বাস করেন না।
প্রকৃতপক্ষে দ্বিতীয়াভিনিবেশ-জন্ম দ্বিতীয় জ্ঞানের বাধ্যতাক্রমে
নিজের স্বরূপ বিশ্বত ইইয়া উপরি-লিখিত প্রকৃতির অতীত
তিন শ্রেণীর জীবই যখন জড়ীয় বিভিন্ন কামনাক্রমে ন্যুনাধিক
কর্মক্ষেত্রে আপনাদিগকে কর্ম্মী অভিমান করেন, তখনই
পরস্পরের প্রতি রুচির ভেদ দেখাইয়া থাকেন। তখন জড়রাজ্যের উচ্চাবচত্ব আসিয়া তাঁহাদিগকে গ্রাস করে। আবার
নিজের স্বরূপোপলব্বিতে কর্ম্মবৃদ্ধি শ্লথ ইইলে তাঁহারা সমদৃক্
হইতে পারেন। এখানে আমরা তত্ত্বশাস্ত্রের জটিলতার মধ্যে
অধিক প্রবেশ করিতে ইচ্ছা করি না। তবে এইমাত্র বলিতে

পারি যে, যাঁহার যে জড়রস, সেই রসই তাঁহার নিকট সর্বোত্তম বলিয়া প্রতিভাত হয়। অভিমানই জীবকে নিষ্ঠাবান্ করে; তবে তটস্থ নিরপেক্ষ বিচারে যে তারতম্য আছে, তাহা বলিতে গেলে যেন কর্ম্মিগণের জড়কামনার বিরপজ্ঞান আসিয়া আমাদিগকে আক্রমণ না করে। কর্ম্মীর অধিকারে আমাদের নিরপেক্ষ কথা মিলিবে না; স্থতরাং তাঁহার উন্নতাধিকার না হওয়া পর্যান্ত তিনি আমাদের নিরপেক্ষ কথা ব্রিতে না পারিয়া অক্যায়ভাবে তাঁহারই ন্যায় আমাদিগকে জড় স্বার্থদাসক্রপে গ্রহণ-পূর্বক গর্হণ করিয়া তাঁহার সময় যেন র্থা নইট না করেন।

পূর্বেই যোগ্যতা ও অধিকারের কথা বলিয়াছি। একপ্রকার যোগ্যতা অক্টের বিচারে বিসদৃশ, আবার যোগ্যতা লাভ
করিলে উহাই উপাদেয়। অধিকার ভিন্ন ইইলেও নিজ-নিজ
আধিকারিক নিষ্ঠাই 'গুণ' এবং তদ্বিপরীত ভাব 'দোম'-নামে
আখ্যাত। কোন এক অধিকারে থাকিয়া ভিন্নাধিকারের দোর
দৃষ্ট হইতে পারে; কিন্তু অধিকার-সাম্যে তাদৃশ বৈষম্যের অবসর
নাই। অধিকার বিচার্র না করিলেই ব্রাহ্মিণ, যোগী ও ভক্তসম্প্রদায়ের মধ্যে বিবাদ উপস্থিত এবং তারতম্য-নির্নপণে নানাপ্রকার ব্যাঘাত হইবে। নির্নপেক্ষভাবে অধিকার ও যোগ্যতার
প্রতি স্থতীক্ষ দৃষ্টি রাখিয়া বিষয়ের অবধারণা করিলে যথার্থ
সামঞ্জস্ত-লাভ ঘটিবে, নতুবা অশান্তি পাইয়া কোন ফল নাই।
যাঁহাদের ব্যবহারাবলীর তারতম্যের আলোচনা হইতেছে,

তাঁহাদের লক্ষ্য ভিন্ন ভিন্ন প্রকার। স্বতরাং ব্যবহারের পার্থকা অপরিহার্য্য। 'প্রকৃতিজন' বলিলে অনিত্য ভোগীকে নির্দ্দেশ করা হয়। 'প্রকৃত্যতীভদ্ধন' বলিলে ত্যাগীই লক্ষ্যের বিষয় হন, আর 'হরিজন' বলিলে ত্যক্তভোগ-ত্যাগ নিত্য হরিসেবোম্খ-সমাজ উদ্দিষ্ট হয়। প্রকৃতিজন প্রকৃত্যতীত সমাজের অথবা হরিজন-সমাজের বাবহারাবলী আদর করেন না বলিয়াই হরিজনের ব্যবহারের আদর হইবে না,—এরপ নহে। ইহজগতে অবস্থান-কালে হরিজ্ঞনগণ প্রকৃতিজনের সজ্জায় বাস করিলেও তাঁহাদের ব্যবহার কেবল প্রকৃতিজনের সহিত অভিন্ন হইবে. —এরূপ বলা যায়না। প্রকৃত্যতীতজন প্রকৃতিজনের সহ একত্রা-বস্থানকালে তাঁহাদের অনুমোদন করেন এবং নিজ-মুক্তাবস্থায় স্বাধিষ্ঠান অস্বীকার করায় ইহলোকে অবস্থিতিকালে ব্যবহারিক অমুষ্ঠানে পার্থক্য-স্থাপনের আবশ্যকতা বোধ করেন না। কিন্তু হরিজনের নিত্য-অবস্থার বিরোধিভাবসমূহ ইহজগতে প্রকৃতি-জনের সহিত কিয়দংশে বিপরীত ধর্মবিশিষ্ট হওয়ায় তাঁহাদের মধ্যে ভেদ অনিবার্য্য। পারলোকিক বিশাসগত পার্থকাই এই প্রকার তারতমোর কারণ।

অষয়জ্ঞান তত্ত্ব-বস্তুর ত্রিবিধ আবির্ভাবেই শক্তিত্ত্বের অঙ্গীকার আছে। ভগবান্—সমগ্র মায়াশক্তি ও চিচ্ছক্তির পূর্ণাধীশ্বর, পরমাত্মা—অন্তর্য্যামিত্বময় মায়াশক্তি-প্রচুর চিচ্ছক্তির অংশ-বিশেষ এবং ব্রহ্ম—শক্তিবর্গ-লক্ষণ তদ্ধর্মাতিরিক্ত কেবল-জ্ঞান-ময়। বিভিন্ন ইন্দ্রিয়ের সাহায্যে যেরূপ একই বস্তু বিভিন্ন পরিচয়ে পরিচিত হয়, তম্বস্তু এক হইলেও আবির্ভাবত্রয়ে তদ্র্রপ ভিন্ন বস্তু, এরূপ জ্ঞান করা উচিত নহে। পূর্ব্বেই বলা হইয়াছে যে, কেবল-জ্ঞানের সাহায্যে চিদচিৎশক্তিমন্তার প্রতীতি নাই : সচ্চিৎবৃত্তিতে মায়াধীশত্ব ও বৈকুণ্ঠ-বিশেষ লক্ষিত হইলেও শক্তি ও শক্তিমৎ-তত্ত্বের লীলা-বিলাসের পূর্ণতা নাই। পূর্ণ সচ্চিদানন্দশক্তিতেই ভগবদাবির্ভাব। তঙ্জন্ত নিরপেক্ষ ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ, পরাত্মানুভব-কারী যোগী এবং ভগবৎসেবক ভক্ত অবয়জ্ঞানবস্তুরই সেবা করেন। জড়-কামনাময় কন্মী, জড়কামত্যাগী জ্ঞানী এবং হরিকথায় জাতশ্রদ্ধ ভক্ত,—সকলেই যোগী। তাঁহাদের মধ্যে পার্থক্য এই যে, কেহ বা কর্দ্মযোগী, কেহ বা জ্ঞানযোগী এবং অপরে ভক্তিযোগী। এই তিন জনের অধ্যুক্তানই সম্বল। ভগবত্তক্ত—কৃষ্ণজ্ঞানময়, যোগী—মায়াধীশ-বৈকুণ্ঠপতি-সন্তর্যামি-পরমাত্ম-জ্ঞানময় এবং ব্রাহ্মণ-নিত্য চিদানন্দবিলাস-বৈচিত্র্য-রহিত কেবল-জ্ঞানময়। বিবাদ-ছলে কেহ বলিতে পারেন না যে, ভক্তের কৃষ্ণজ্ঞান নাই, যোগীর প্রমাত্মজ্ঞান নাই এবং ব্রাক্ষণের ব্রক্ষজ্ঞান নাই। এই ত্রিবিধ পরিচয়ে তাঁহারা সকলেই অম্বয়জ্ঞানেরই উপাসক।

ব্রশ্বজ্ঞ ব্রাহ্মণ ইচ্ছা করিলেই যোগ সাধন করিতে পারেন এবং তিনি ইচ্ছা করিলেই কৃষ্ণভদ্ধন করিতে পারেন। কৃষ্ণভক্ত কৃষ্ণভদ্ধনবিমুখ হইলে অর্থাৎ ভক্তিযোগ হইতে বিচ্যুত হইলে কর্ম্মযোগীবা জ্ঞানযোগী হইতে পারেন, কৃষ্ণজ্ঞানবা পরমাল্মযোগ হইতে বিচ্যুত হইলে কেবলজ্ঞানময় ব্রাহ্মণ হইতে পারেন। কেবল-ব্রক্ষন্ত ব্রাক্ষণ—ভগবন্তক্তের স্থানিমাধিকারে এবং যোগী
—নিমাধিকারে অবস্থিত। পরমাত্মজ্ঞানময় যোগী উচ্চাধিকারে
ভক্ত ইইতে পারেন, নিমাধিকারে কেবল-ব্রক্ষন্ত ব্রাক্ষণ ইইতে
পারেন। গুণময় জগতে কর্মবাদ অঙ্গীকার করিয়া ব্রাক্ষণ
সগুণতা লাভ করেন; তখন তাঁহার কেবলজ্ঞান স্থপ্ত হয়।
কেবলজ্ঞান-প্রভাবে গুণসমূহ তাঁহাকে পরিত্যাগ করিলে তিনিও
নিগুণ ব্রাক্ষণ ইইতে পারেন।

সত্তণের সহিত র্জোগুণ মিশ্রিত হইলে সেই ব্রাক্ষণই ক্ষত্রিয় বলিয়া পরিচিত হন। রজস্তমঃ একত্র হইলে তিনি বৈশ্য বলিয়া পরিচয় দেন। তমোগুণ প্রবল হইলে তিনি সত্ত্তণ বা দ্বিজন্থ-সংস্কার পরিহার করিয়া শৃদ্রে পরিণত হন। প্রাকৃত ব্রাহ্মণ প্রাকৃত সম্বগুণ-বিশিষ্ট বলিয়া প্রাকৃত রাজ্যে নানাবিধ বর্ণ স্বীকার করেন। অপ্রাকৃত রাজ্যে নিগুণ হইয়া চিন্নাত্র-কেবল-জ্ঞানিরূপে তিনি নির্বিশিষ্ট নির্গুণ ব্রাহ্মণ। অপ্রাকৃত রাজ্যে নিগুণ হইয়া চিদ্চিদ্জ্ঞানে মিশ্রজ্ঞানিরূপে তিনি যোগী। অপ্রাকৃত রাজ্যে নিগুণ হইয়া চিন্ময় সর্ববগুণ-সম্পন্ন ব্রহ্মত্ত যোগী—চিদ্বিলাসবিগ্রহ ব্র**ক্ষেন্দ্র-নন্দনের** ভক্ত। এইজন্ম জীবমাত্রেই কুঞ্চদাস। এই কুঞ্চদাসই স্বীয় নিত্যবৃত্তি পরিবর্জ্জন করিয়া যোগী, ব্রাহ্মণ, সগুণ চতুর্ববর্ণী এবং পশু, পক্ষী, কীট, পতঙ্গ, স্বেদজ, উদ্ভিদ প্রভৃতি হন।

ভগবান্ স্বয়ংরূপ, প্রকাশ, তদেকাত্ম, স্বাংশ ও বিভিন্নাংশ-ভেদে নিত্যলীলাময়। স্বাংশাদির সহিত বিভিন্নাংশের পরিমাণ- গত ভেদ আছে বলিয়াই 'বিভিন্নাংশ'-সংজ্ঞা। কিন্তু উভয়ের অপ্রাকৃত চিদ্ধর্ম্মে কোন পার্থক্য নাই। বিভিন্নাংশের অণুচিদ্ধর্ম-প্রযুক্ত পূর্ণচিৎ স্বাংশের মায়াশক্তির অভিভাব্য হইবার যোগ্যতা আছে; কিন্তু উহা বহিরঙ্গা জড়া প্রকৃতির নিত্য অধীনতর নহে। অপ্রকটিত-বিশিষ্টাকারত্ব-বশতঃ ব্রহ্মবস্তু—ভগবানের অসম্যক্ আবির্ভাব বলিয়া প্রকাশিত। পূর্ণাবির্ভাব-বশতঃ অথপ্ততত্ত্বরূপ ভগবান্ই—পরমাত্মার স্বরূপ। সেই ভগবত্তব্ব জীবাত্মার নিয়ন্ত্ব-স্বরূপ হইলে পরমাত্ম-শব্দবাচ্য হন।

ভগবানের অনন্ত শক্তিকে তিন ভাগে বিভাগ করা যায়। তাঁহার অন্তরঙ্গা শক্তি নিত্য উপাদেয় ধর্ম্মরূপ চিদ্বিলাস প্রকট করায়। তাঁহার বহিরঙ্গা শক্তি খণ্ডকালে উচ্চাব্চ হেয়হ স্প্রি করিয়া নশ্বর ধর্মা প্রতিপন্ন করে। তাঁহার খণ্ড তটস্থা শক্তি জীবরূপে বন্ধ হইয়া বহিরঙ্গা শক্তির ভোক্তা হন, আবার মুক্ত হইয়া অথগুকাল ভোক্ত ভগবান্ হরির সেবায় নিযুক্ত থাকেন। অণুচিৎ জীব অথগু চেতনের সেবোন্মুখ হইলে বহিরঙ্গা শক্তির বশীভূত হন না। স্বীয় বহিরঙ্গা শক্তি-বারা সমষ্টিবিষ্ণু অন্তর্যামী পরমাত্মা সমগ্র ব্রহ্মাণ্ড পালন করেন। তত্রপবৈত্ব গোলোকে, মহাবৈকুণ পরব্যোমে, ত্রিবিধ বারিতে, বিভিন্নাংশে ও দেবী-ধামে অন্তর্যামিরূপে ভগবদ্বস্তু বিরাজিত আছেন। গোলোক-বৈকুণ্ঠাদিতে তিনি নিত্যকাল স্বয়ংরূপ ও স্বয়ংপ্রকাশ-স্বরূপে অবস্থান করেন। দেবীধামে তিনি নিমিত্তছলে কালে-কালে প্রকটিত হন। স্বতন্ত্র স্বেচ্ছাময় ভগবান্ মায়াধীশ হইয়াও দেবীধামে অবতরণ করেন। ভাঁহার পরিকর-পারিষদ বৈষ্ণবগণ
নিত্যসিদ্ধ চিন্ময়-মূর্ত্তি লইয়া প্রপঞ্চে আসিতে পারেন এবং
আসেন। বিভিন্নাংশ জীব হরিসেবাবিমুখ হইয়া মায়াবশ্যতাক্রমে
ভোগপর মন ও দেহবারা প্রপঞ্চে কর্ম্মফল ভোগ করেন,
সাধনভক্তিবারা কর্মজ্ঞানাবরণ-মুক্ত ও অহ্যাভিলাষ শৃত্য হইয়া
অনুকূলভাবে কৃষ্ণসেবা করিতে করিতে মায়াপাশ-মুক্ত হন
এবং ভাব ও প্রেমরাজ্যে স্থিত হইয়াও সাংধনসিদ্ধভক্ত-নামে
প্রসিদ্ধ হইতে পারেন।

বিভিন্নাংশ ধর্মক্রমে হরিবিমুখ জীবের চিদ্ধর্মে মিশ্রভাব আসিয়া পড়ে অর্থাৎ তটস্থা শক্তি যে-কালে বহিরক্সা শক্তির সহিত মিশ্রিত হইয়া আপনাকে ভোগী বলিয়া জানেন, সেই-কালে তিনি জড়জগতে আসিয়া উপস্থিত হন। জীবের স্বতন্ত্র ইচ্ছার অপব্যবহারই জড়জগতে কৃষ্ণবিমুখ হইয়া সাস করিবার কারণ। বিমুখভার প্রাচুর্য্যে তটস্থা শক্তি মন ও দেহবারা অনিত্য জড়ভোগ করিতে আসিয়া ব্রহ্মাণ্ডে কর্ম্মফলের অধীন হন। আবার সুকৃতিবশে তিনি জড়জগতের উচ্চাবচনির্ণয়কারী বর্ণাশ্রমের অতীত হইয়া সাধনসিদ্ধিক্রমে পারমহংস্তধর্ম গ্রহণ করেন। যাঁহারা পারমহংস্থধর্ম গ্রহণ করেন, ভাঁহারাই 'হরিজন'। আর যাঁহারা পারমহংস্ত-ধর্ম হইতে অধশ্চ্যুত হইয়া কর্মকাণ্ড আবাহন করিতে গিয়া প্রকৃতিসন্ত করেন, তাঁহারাই বর্ণাশ্রমে অবস্থিত। বর্ণাশ্রমাবস্থিত বন্ধজীবগণ বৈষ্ণব প্রম-হংসকেও বর্ণাশ্রমাবস্থিত মনে করেন। যথনই তাঁহারা হরিজনকে প্রকৃতিজন হইতে পৃথক্ দৃষ্টি করেন, তখনই তাঁহাদের কৃষ্ণোন্ম্থধর্ম দেখিতে পাওয়া যায়। নিঙ্কপটভাবে বৈষ্ণব-পদাশ্রিত হইলেই
বন্ধজীবের মায়াবাদ ও কর্মফলবাদ ছাড়িয়া যায়। ব্যবহাররাজ্যে যমদণ্ড্য জীবগণ যমাদিদেব-প্রণম্য 'হরিজন'কে নিজের
ন্যায় 'প্রকৃতিজন' মনে করেন। পরমহংস হরিজন প্রকৃতিজনকে
নিজ্প-বর্ণাশ্রমাবস্থানরূপ দৈশ্য জানাইতে গিয়া তাঁহাকে বঞ্চনা
করেন মাত্র। বাস্তবিক হরিজন ও প্রকৃতিজন আসল ও মেকির
ন্যায় পরস্পর বিপরীতধর্ম-বিশিষ্ট।

বিভিন্নাংশ জীব ব্রহ্মাণ্ডে অবস্থান-কালে উপাস্থ-বিচারে তুইটি বিভিন্ন ক্রচির অস্তিত্ব প্রদর্শন করেন। একটি—পরলোকে নিরাকার, নির্বিকার, নির্বিশেষ ত্রন্মে রুচি। সেই ত্রন্ম নিত্যকাল নির্বিশেষ হইলেও বহিরঙ্গা মায়াশক্তির বশে চালিত ভোগময় জীবগণের গ্রহণযোগ্য বস্তু নহেন। তঙ্জন্ম সেই নির্বিশেষ রুচি নির্বিশেষ কাল্পনিক বস্তুটিকে পঞ্চ বা সপ্ত দেবরূপে কল্পনা করিয়া বস্তুতঃ কতিপয় ভোগ্য জড়কে উপাস্থে স্থাপিত করে। অপরটি—নিত্য চিদুসবিশেষে রুচি। তাদুশ কুচিবিশিষ্ট জীবের একমাত্র উপাস্থ বস্তুর নিত্য নাম, নিত্য রূপ,, নিত্য গুণ, নিত্য পরিকর-বৈশিষ্ট্য ও নিত্যলীলা আছে। নির্বিশেষ-ধারণা-ফলে মুক্ত অবস্থায় বিচিত্রতা নাই, চিন্ময় বিলাস নাই,—এরূপ দান্তিক মায়িক যুক্তিসকল বিষ্ণুর অভক্ত-গণকে আচ্ছন্ন করে। কেহ কেহ পারলৌকিক সত্তা হইতে বিদায় গ্রহণ করিয়া 'নাস্তিক' নামে প্রসিদ্ধ হন।

পারলোকিক স্থিতি-বিষয়ে অনাস্থাবান, পারলোকিক স্থিতি-বিষয়ে সম্পূর্ণ আস্থাবান এবং পারলোকিক স্থিতি-বিষয়ে আস্থানাস্থা-বিশিষ্ট তটস্থ ত্রিবিধ মত-জীবের মধ্যে প্রবল। অনাস্থাবানগণের মধ্যে কেহ স্থির করিয়াছেন যে, পারলোকিক অস্তিত্ব আর্দো নাই: কেহ কেহ বলেন.—তাহাতে সন্দেহ হয়; কেহ বলেন,—উহা অজ্ঞেয়। আস্থাবান্-সম্প্রদায় ভগবতা বা পারলোকিক ব্যক্তিগত সতায় ঐশ্বর্যা ও মাধ্ব্যা, এই তুই প্রকার উপলব্ধি করেন। আস্থানাস্থা-বিশিষ্টগণ নির্বিশেষ সন্তায় জীবের অখণ্ডজ্ঞান বা জ্ঞানরাহিত্যই পারলোকিক নিত্যসতা বলেন। পারলোকিক-সত্তে শ্রহ্মার অভাব হইতে অনাস্থাবান-সম্প্রদায় পৃথিবীতে থাকা-কালে নিজ-ভোগের উপাসনা করেন। তাঁহারা স্বতন্ত্রভাবে নিজাতিরিক্ত উপাস্থ বস্তুর সেবা করেন না। তাঁহাদের অনুগমন করিয়া প্রচ্ছন্ন আস্থাবান্-সম্প্রদায় নির্বিশেষ-বস্তুকেই চরমোপাস্থরূপে নির্ণয় করিয়া কতিপয় কাল্লনিক উপাস্থের আবাহন করেন।

নির্বিশেষত্বে তুইটা মতভেদ দেখা যায়,—একটা চেতন-বৃত্তিরহিত, অপরটা চেতন-ক্রিয়ারহিত মত; উভয়েরই নিত্য-উপাসনার অভাব। চেতন-বৃত্তি-রাহিত্যই চরমোপাস্থা নির্ণয় করিয়া শূহ্মবাদের অবতারণা হয়, আর চেতন-ক্রিয়া-রাহিত্যই মায়াবাদ বা নির্বিশেষ-চিন্মাত্রবাদ বলিয়া পরিচিত। শূহ্মবাদী ব্যক্তি ব্যবহারিক ক্রিয়ায় নীতিশাস্ত্রের মর্য্যাদা প্রদর্শন করেন। আর মায়াবাদী ব্যক্তি অজ্ঞানোপহিত চৈত্য্য-বস্তুকে ঈশ্বর জ্ঞান করিয়া পাঁচপ্রকার প্রতিমা গঠন-পূর্ব্বক সদসদনির্বাচনীয় অজ্ঞান-সমষ্টিকে কাল্পনিক ঈশ্বর-নামে অভিহিত করেন,—অখণ্ড-জ্ঞানের অভাবে ভাবী মুক্ত উপাস্থ আপনাকে তাংকালিক উপাসক মনে করিয়া পঞ্চদেবতার উপাসনা করেন। ইহাতে তাঁহাদের ভক্তিবৃত্তির সম্পূর্ণ অভাব লক্ষ্য করিয়া শ্রীব্যাসদেব শ্রীপদ্মপুরাণে লিখিয়াছেন,—

ৰো ভূতদর্গে । লোকেংস্মিন্ দৈব আসুর এব চ। বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্বিপর্যায়ঃ॥

অর্থাৎ বর্ণাশ্রমধর্ম দ্বিবিধ; বিঞ্ছক্তি আশ্রয় করিয়া যে বর্ণাশ্রম-ধর্ম প্রতিষ্ঠিত, তাহাই দৈব এবং তদ্বিপরীত অর্থাৎ যাহাতে ঐকান্তিকতার অভাবক্রমে ভগবানের নিত্য নাম-রূপ-গুণ-পরিকর-বৈশিষ্ট্যাদিময়ী লীলায় বাধা দিয়া, বৈকুণ্ঠবস্তুকে মায়িক মনে করিয়া কল্পনাপ্রভাবে পঞ্চদেবতার আরাধনা হয়, তাহা ভোগপর অদৈব সৃষ্টি।

এই শ্লোকের বিস্তৃত ব্যাখ্যানের উদ্দেশে শ্রীকৃষ্ণদ্বৈপায়ন শিথিয়াছেন। (ভাঃ ১১।৫।৩)—

> য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবনীশ্বরম্। ন ভক্তস্তবজানস্তি স্থানাদ্ভিষ্ঠাঃ পত্যস্তাধঃ॥

বর্ণাপ্রামিগণের মধ্যে যাঁহারা নিজের শ্রন্থী পরমপুরুষ ঈশ্বরকে ভিজন করেন না, বা অবজ্ঞা করেন, তাঁহারা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, গূদ্র এবং ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও ভিক্ষুর আশ্রম হইতে পতিত হন অৰ্থাৎ দৈবস্থপ্তি হইতে পতিত হইয়া তদ্বিপরীত আস্ত্র-বর্ণাশ্রমে প্রতিষ্ঠিত হন।

বিকুভক্তিমান্ বর্ণাশ্রমী যেরূপভাবে দৈব-বর্ণাশ্রম নিরূপণ করেন, পঞ্চোপাসক বা নাস্তিক-সম্প্রদায় সেরূপভাবে বর্ণাশ্রম পালন করেন না। শ্রীমন্তাগবত (৭।১১।৩৫) বলেন,—

> যক্ত যলক্ষণং প্ৰোক্তং পুংসো বৰ্ণাভিব্যঞ্জকম্। যদন্তত্ৰাপি দৃশ্যেত তত্তেনৈব বিনিদ্দিশং॥

পুরুষের বর্ণপ্রকাশক যে-সকল লক্ষণ পূর্বেক কথিত হইয়াছে, সেই লক্ষণগুলি যদি অহাত্র দৃষ্ট হয়, তাহা হইলে তাহাকে সেই সেই লক্ষণ-দ্বারা সেই সেই বর্ণে অবস্থিত বলিয়া নির্দ্দেশ করিবে। যিনি করিবেন না, তাঁহার প্রত্যবায় হইবে। এম্বানে বিনিৰ্দ্দেশ করিবার বিধি এই যে, সংস্কার-বিহীন ব্যক্তিকে দশ-সংস্কারে সংস্কৃত করিয়া শোচসম্পন্ন, বেদাধ্যয়নরত, যজন-যাজনাদি ষট্কর্ম-পরায়ণ, শোচাচারস্থিত, গুরুচ্ছিফ্ট-ভোজী, গুরুপ্রিয়, নিত্যব্রতপরায়ণ ও সত্যনিষ্ঠ করাইবার স্কুযোগ প্রদান করিবেন। আবার দশসংস্কারসম্পন্ন ব্রাহ্মণে যদি শূদ্র বা বৈশ্য-লক্ষণ সমুদিত হয়, তাহা হইলে তাহাকে সংস্কার-বিহীন করাইবে অথবা বৈশ্যোচিত ব্যবহার করাইবে,—ইহাই সত্যপ্রিয়তা। ত্রবিপরীতাচরণ স্বার্থপরতা ও শাস্ত্রাদেশ-পালনে শিধিলতা জ্ঞাপন করে।

মহাভারত শান্তিপর্ক ১৮৯৷২ শ্লোকের নীলকণ্ঠটীকাধৃত স্মৃতিবাক্যে আমরা জানিতে পারি,—

## যভৈতে২ষ্টচত্বারিংশৎসংস্কারাঃ স ব্রাহ্মণঃ॥ \*

## এই অফটভারিংশৎ সংস্কারযুক্ত ব্যক্তিই ব্রাহ্মণ।

যদপ্যক্তং গর্ভাধানাদিদাহান্তসংস্কারান্তর-সেবনাদ্ভাগবতানামব্রান্ধণ্য-মিতি, তত্রাপ্যজ্ঞানমেবাপরাধ্যতি, ন প্নরায়ুত্মতো দোষঃ; যদেতে বংশপরস্পর্যা বাজসনেয়শাথামধীয়ানাঃ কাত্যায়নাদিগ্ছোক্তমার্কোণ

১। গর্ভাধান, ২। পুং দবন, ৩। সীমস্তোল্লয়ন, ৪। জাতকর্ম, ৫। নামকরণ, ৬। নিজ্ঞান, ৭। অলপ্রাশন, ৮। কর্ণবেধ, ৯। চেড়িকর্ম, ১০। উপনয়ন, ১১। সমাবর্জন, ১২। বিবাহ, ১৬। অস্তোষ্ট, ১৪। দেবযজ্ঞ, ১৫। পিতৃষজ্ঞ, ১৬। ভূতমঞ্জ, ১৭। নরমজ্ঞ, ১৮। অভিধিযজ্ঞ, ১৯। বেদরত চতুষ্টয়, ২০। অষ্টকাশ্রাদ্ধ, ২১। পার্ব্ধণ-শ্রাদ্ধ, ২২। প্রার্থনী, ২৬। আগ্রাহানী, ২৬। আগ্রাহানী, ২৬। আগ্রাহানী, ২৬। আগ্রাহানী, ২৮। অগ্রাহানী, ২৮। অগ্রাহানী, ৬৪। প্রার্থনী, ৬০। আগ্রাহানী, ৬২। নির্দ্ধান্ধান, ৬৯। দর্শপ্রেম, ৬৯। দর্শিনীনীনী, ৬০;। আগ্রাহানীন, ৬১। চাতৃর্ম্বান্ধান, ৬২। নির্দ্ধান্ধান, ৬৯। ক্রান্ধানি, ৬৪। অগ্রাহানী, ৬৮। বাজপের, ৬৯। অতিরাক্ত, ৪০। আপ্রার্থান, ৪১। রাজস্বাদি, ৪২। সর্বস্থিতদয়া, ৪৬। লোকর্মচতুর্ব্, ৪৪। ক্রান্তি, ৪৫। অনস্থা, ৪৬। শ্রেচ, ৪৭। অনায়াদ-মঙ্গলাচার, ৪৮। অক্রিণ্ডা অস্প্রা।

#### ভাগবতীয়গণের মতে---

শ্রীমহাভারতে ৪৮টা সংস্থারের কথা উলিখিত আছে। তন্মধ্যে তাপ, পুণ্ডু ও নাম—এই তিনটা কনিষ্ঠাধিকারগত সংস্কার। মধ্যমাধিকারে মন্ত্র ও যোগ বা যাগ—এই তুইটা লইয়া তাপাদি পঞ্চ সংস্কার। উত্তমাধিকারে নবেজ্যা কর্ম্ম, পঞ্চবিংশতি সংস্কারত্বক অর্থপঞ্চকতত্বজ্ঞান এবং বিপ্রজ্ঞাধক নয়টা সংস্কার-প্রদাত্ত বিজ্ঞান। মহের উপদেশে যে দীক্ষা-বিধান, তাহাতে ছিল্পসংস্কারে গর্ভাধানাদি দশটা সংস্কার গ্রহণের ব্যবহা অন্তর্ভুক্ত আছে। মহাভাগবত-অধিকারে নয়টা সংস্কার প্রদানের যোগ্যতালাভ্রমণ সংস্কার সর্বসমষ্টি ৪৮ সংখ্যা। শ্রীযামুনাচার্য্য ও অপ্যয়দীক্ষিতাদি যে চম্বারিংশৎ সংস্কারের কথা বলেন, তাহাতে বিপ্রস্কুকে একটা সংস্কার গণনা করিলে চলিশ্রী সংস্কার শিক্ষ হয়।

<sup>\*</sup> কর্মার্গীয়গণের মতে ৪৮টা দংস্কার : যথা-

পর্ভাধানাদিসংস্কারান্ কুর্বতে; যে পুনঃ সাবিত্র্যান্থবচন প্রভৃতি ত্রনী-ধর্মত্যাগেন একায়নশ্রুতিবিহিতানের চন্থারিংশৎ সংস্কারান্ কুর্বতে তেইপি স্থশাখা-গৃহ্যোক্তমর্থাং যথাবদম্ভিচমানাঃ ন শাখান্থরীয়কর্মামুষ্ঠানাদ্-ব্রাহ্মণ্যাৎ প্রচ্যবন্ধে, অন্যেধামপি পরশাখা-বিহিত্ত-কর্মামুষ্ঠাননিমিত্তা-ব্রাহ্মণ্য-প্রসঙ্গাৎ ॥

### ( শ্রীযামুনাচার্য্যকৃত আগমপ্রামাণ্যম্ )

"গর্ভাধান হইতে আরম্ভ করিয়া দাহপর্য্যন্ত যে-সকল সংস্কার আছে, তাহা ত্যাগ করিয়া সংস্কারান্তরের সেবা করিলে ভাগবতগণ বান্ধণ্য হইতে ভ্রফ হন".—এইরূপ উক্তিতে বক্তার অজ্ঞানই অপরাধী, কিন্তু আয়ুস্মান্ বক্তার কোন দোষ নাই ; যেহেতু তাঁহারা বংশপরস্পরাক্রমে বাজসনেয়-শাখা অধ্যয়ন করিয়া কাত্যায়নাদি গ্রহোক্ত মার্গানুসারে গর্ভাধানাদি সংস্কার করিয়া থাকেন। আর ঘাঁহারা সাবিত্র্যনুবচন প্রভৃতি ( যজ্ঞোপবীত ধারণনির্ণায়ক শ্রুতি ) বেদধর্ম্ম ত্যাগ করিয়া "একায়ন-শ্রুতি"-বিহিত চত্বারিংশৎ সংস্কারের অনুষ্ঠান করেন, তাঁহারাও স্বশাখা-গুহোক্ত বিষয় যথানিয়মে অবলম্বন করিয়া শাখান্তরীয় কর্ম্মের অনুসূষ্ঠান-হেতৃ কখনও ব্রাহ্মণ্য হইতে প্রচ্যুত হন না। কারণ, তাহা হইলে অশুশাথিগণেরও পরশাখোক্ত কর্মানুষ্ঠান না করায় অব্রাহ্মণ্য-প্র**সঙ্গ হইতে পারে**।

সরলতা-রহিত হইয়া যে-সকল ভক্তি-বঙ্ছিত ভোগি-সমাজ সত্যের অমর্য্যাদা করে, বিষ্ণুভক্ত দৈক্ষ-সাবিত্র-সমাজ তাহাদিগকে আদর করিতে পারেন না। তাৎপর্য্যজ্ঞানহীন ভারবাহি-সমাজ

স্বীয় স্বার্থপরতা পোষণ করিতে গিয়া দৈব-বর্ণাশ্রমের প্রতি যে অসুয়া প্রদর্শন করে, তাহা তাহার যোগ্যতার পরিচায়ক নহে। আস্কুর-সমাজ পতিত বলিয়া তাহার সহিত দৈব-সমাজের যোগ-দান করিতে হইবে,—এরূপ নহে। দৈব-সমাজ সর্ব্বদাই আম্বর-ভাবাপন্ন বিশ্বশ্রবাতনয়-স্তাবকগণকে পরিত্যাগ করিতে প্রস্তুত এবং হিরণ্যকশিপু-পুত্র শ্রীপ্রহলাদকে গ্রহণ করিতে সর্ব্বদা উদ্গ্রীব। অস্কর-কুলেও বিষ্ণুভক্ত দেবতা জন্মগ্রহণ করেন। দেব-ব্রাক্ষণকুলেও বিষ্ণুভক্তি-বিরোধী লোকের অসন্তাব নাই। সকল কুলেই বিষ্ণুভক্ত জন্মগ্রহণ করিতে পারেন। তথাপি তাঁহার শৌক্রজন্ম ও কর্মফল-জন্ম হুর্জ্জাতিত্বে অবস্থান বিচার করিলে অস্থর-জন্মোচিত বর্ণাশ্রম বিচার হয় বলিয়া বিষ্ণুভক্তিপর দৈব-সম্প্রদায় তাদৃশ বিচার করেন না। সাম্প্রদায়িক বৈষ্ণবাচার্য্যগণ অসৎসম্প্রদায়ের নির্কিশেষপর পঞ্চোপাসনা অর্থবা অবিচারিত বিধানপুষ্ট বর্ণাশ্রম-ধর্ম্ম অসৎ বলিয়া উক্ত মতবাদ স্বীকার করেন না। দৈন্যবশতঃ পরমহংস বৈষ্ণবগণ লক্ষণানুসারে বর্ণাশ্রম অঙ্গীকার না করায়. সকল ক্ষেত্রে বৈষ্ণবাচার্য্যগণ তাহাদের দৈশ্য-অপসারণ-পূর্ববক লৌকিকভাবে তাঁহাদিগকে বৈদিক অনুষ্ঠানে বাধ্য করেন নাই। যে-স্থলে বৈষ্ণবগণের প্রতি আস্থর-বর্ণাশ্রমিগণের প্রবল অত্যাচার প্রদর্শিত হইয়াছে, সেই সেই স্থানে বিনির্দ্দেশের কর্ত্তব্যতা বিচার করিয়া চিরদিনই শুদ্ধ বর্ণাশ্রম রক্ষিত হইয়া আসিতেছে।

এই প্রবন্ধের প্রকৃতিজনকাণ্ডে সহস্রাধিক শুদ্ধবর্ণাশ্রমীর

ইতিহাস উদ্বৃত হইয়াছে। তদ্ব্যতীত অবৈষ্ণবপর বর্ণাশ্রম ও অভক্তপর ব্যবহার ত্যাগ করিয়া বৈষ্ণবের সর্ব্বোচ্চাধিকারের কথা-সকল শাস্ত্রে দৃষ্ট হয়। বিশেষতঃ বৈষ্ণব-জ্ঞানে বিষ্ণুভক্তের ব্যবহারে তাঁহাদিগকে দৈক্ষ-ব্রাক্ষণ বলিয়া নির্দেশের কোন ব্যাঘাত হয় নাই।

শ্রীরামান্তজ-সম্প্রদায়ের শ্রীরামানন্দীয় শাখায় শুদ্ধবর্ণাশ্রমের পালন বাধা প্রাপ্ত হয় নাই। পূর্ববকালে এইরূপ ভাবেই শুদ্ধ-বর্ণাঞ্জম গঠিত হইয়াছিল। ক্রমশঃ স্বার্থপরতার প্রাবল্যে, জড়াভিনিবেশের উৎকর্ষে বর্ণাশ্রমের তাৎপর্য্য-বিস্মৃতি ঘটিয়া একটী জীবনহীন বর্ণাশ্রম-প্রণালী চলিতে আরম্ভ করিয়াছে। উহাকে দৈব-বর্ণাশ্রম-স্থৃষ্টি বলা যাইতে পারে না। শ্রীগোড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের স্মৃত্যাচার্য্য শ্রীমদুগোপাল ভট্টপাদ সর্ব্ব-কুলোৎপন্ন যোগ্য বালকদিগকে দৈব-বর্ণাশ্রম-বিধানক্রমে বৈদিক দশ-সংস্কারে সংস্কৃত করিবার ব্যবস্থা করিয়াছেন। তাঁহার পদ্ধতি-মতে শ্রীশ্যামানন্দ দেব–সম্প্রদায়ে, শ্রীনিত্যানন্দ-শাখায়, ঐকৃষ্ণদাস নবীন হোড়-সম্প্রদায়ে, গৌরগণে ঐরঘুনন্দন-শাখায় বৃত্তগত লক্ষণ-ক্রমে দৈক্ষ্য-সাবিত্র্য-সংস্কার বহুদিন হইতে আরম্ভ হইয়া অভাপিও প্রচলিত আছে। আবার গোড়ীয়-গৃহস্ক-বৈষ্ণবগণের ভিন্ন ভিন্ন শাখার অধস্তনগণ পরমার্থে ঔদাসীন্য-ক্রমে লক্ষণ-ভ্রষ্ট হইয়া পূর্বব পূর্বব শৌক্রবর্ণে অবস্থান করিতেছেন, মনে করেন। হুর্জ্জাতিয়াভিমান লক্ষণ-হীনের স্বাভাবিক ধর্ম। কোথাও বা বিষ্ণুভক্তিবিহীন হইয়া আচাৰ্য্যের শোক্র অধস্তনগণ

আস্থর-বর্ণাশ্রম-ধর্মে অবস্থানকে নিজ-ধর্ম বলিয়া জানিতেছেন।
নিজের সামাজিক পতন-আশঙ্কায় প্রফোপাসক-অবৈষ্ণব-সমাজের
সহিত তাঁহারা আদান-প্রদানাদি পর্য্যস্ত করিতেছেন। ঐগুলি
পরমার্থে উদাসীন অধঃপতিত জীবগণের উপযোগী।

বৈষ্ণবের উদারতায় অসদাচারী সমাজের মধ্যে বিষ্ণুভক্ত জন্মগ্রহণ করিতে পারেন বলিয়া স্বীকৃত হওয়ায়, 'যে-যে কুলে বৈষ্ণব
উদ্ভূত হন, সেই সেই কুলকে তিনি পবিত্র ও উদ্ধার করেন,'—
এই শাস্ত্র-তাৎপর্য্য বাঙ্ মাত্রে পর্য্যবসিত হইয়াছে। তাহা হইলে
ইহাই জানা যায় যে, আদৌ কোন কুলে বৈষ্ণব জন্মগ্রহণ
করিতেছেন না। যদিও বৈষ্ণব জন্মগ্রহণ করেন, তথাপি অস্করস্বভাব স্বার্থপর-সমাজ তাহা স্বীকার করিতেছেন না, ব্বিতে
ইইবে। যে-দেশে সমাজ বিষ্ণুভক্তি-রহিত হইয়া স্থানভ্রম্ভ ও
অধঃপতিত হইয়াছে, সেখানে কখনও শুদ্ধবর্ণাশ্রম-ধর্ম্ম বা দৈবদৃষ্টি লক্ষিত হয় না। পদ্মপুরাণ বলেন,—

শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবম্।
বৈষ্ণবো বর্ণবাহ্যোহপি পুণাতি ভুবনত্রয়ন্॥
ন শূলা ভগবস্তকান্তেংপি ভাগবতোত্তমাঃ।
সর্ব্বর্ণের্ তে শূলা যে ন ভক্তা জনার্দ্ধনে॥
শূলং বা ভগবস্তক্তং নিষাদং শ্বপচং তথা।
বীক্ষতে জাতিসামান্তাং স যাতি নরকং গ্রুবম্॥
ভক্তির্ম্পবিধা হেষা যন্মিন্ ম্লেচ্ছেংপি বর্ত্ততে।
স বিপ্রেক্তো মুনিশ্রেষ্ঠঃ স জ্ঞানী স চ পণ্ডিতঃ॥
তিকৈ দেশং ততো গ্রাহং স চ প্রজ্যা যথা হরিঃ।

জগতে কুরুর-ভোজী চণ্ডালের স্থায় অবৈষ্ণব-বিপ্রকে দর্শন করা নিষিদ্ধ। বৈষ্ণব যে-কোন বর্ণে আবিভূতি হউন না কেন, তিনি ত্রিভুবনকে পবিত্র করেন।

ভগবন্তক্তগণ শূদ্র নহেন; পরস্ত তাঁহারা ভাগবতোত্তম। যাঁহারা শ্রীজনার্দ্ধনের ভক্ত নহেন, তাঁহারাই সকল বর্ণের মধ্যে শৃদ্র-পদবাচ্য।

যে-ব্যক্তি শ্দ্রকুলে, নিষাদকুলে বা শ্বপচকুলে আবিভূতি ভগবত্তক্তকে জাতি-বৃদ্ধিক্রমে দর্শন করে, সে নিশ্চিতই নরকে গমন করে।

এই অফীবিধা ভক্তি যদি ফ্লেছকুলোৎপন্ন ব্যক্তিতেও দৃষ্ট হয়, তাহা হইলে সেই বিপ্রশ্রেষ্ঠ, মুনিশ্রেষ্ঠ,জ্ঞানী ও পণ্ডিতকেই নৈবেছ অর্পণ করিতে হইবে, তাঁহারই প্রসাদ গ্রহণ কর্ত্তব্য এবং শ্রীহরির ছাায় তিনিও পূজ্য।

এই সকল শাস্ত্ৰবাক্যই অধঃপতিত বৰ্ণাশ্ৰমীকে উদ্ধে উন্নত এবং ভক্তিহীন বৰ্ণাশ্ৰমীদিগকে নিম্নে পাতিত করিবার বিধি বলিয়া প্ৰসিদ্ধ।

আদে কুত্রুগে বর্ণো নৃণাং হংস ইতি স্বৃতঃ।
কৃতক্ত্যাঃ প্রজা জাত্যা তত্মাৎ কৃত্রুগং বিছঃ॥
ক্রেতামুখে মহাভাগ প্রাণান্ মে ক্ষরাৎ ত্রেয়ী।
বিজ্ঞা প্রাত্তরভূৎ তত্তা অহমাসং ত্রিরুম্নখঃ॥
বিপ্র-ক্রিফ-বিট্-শূদা মুখবাহুরুপাদজাঃ।
বৈরাজাৎ পুরুষজ্ঞাতা য আত্মাচারলক্ষণাঃ॥
(ভাঃ ১১১৭।১০,১২,১৩)

পুরাকালে হংস-নামে একটি জাতি ছিল। পরে সত্যযুগ অতীত হইলে ত্রেতার আরম্ভ হইতে গুণ-কর্ম্ম-বিভাগ-দ্বারা চারিটী বর্ণ বিভক্ত হইয়াছে,—

মূথবাহুরুপাদেভ্যঃ পুরুষষ্ঠাশ্রমৈঃ সহ।
চন্ধারো জজ্জিরে বর্ণা গুণৈবিপ্রাদয়ঃ পৃথক্॥ (ভাঃ ১১।৫।২)
অর্থাৎ সবগুণ-দারা ব্রাহ্মণ, সব্বরজোগুণ-দারা ক্ষত্রিয়, রজ-স্তমোগুণ-দারা বৈশ্য এবং তমোগুণ-দারা শৃদ্র, বিরাট্ পুরুষের মুখ, বাহু, উরুদেশ ও পদ হইতে জন্ম গ্রহণ করিয়াছিল।

গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্যাং হ্বাদো মম।
বক্ষঃস্থলাদ্বনেবাসঃ সন্ন্যাসঃ শিবসি স্থিতঃ ॥
(ভাঃ ১১/১৭/১৪)

পুরুষের শিরোদেশ হইতে সন্ন্যাস-আশ্রম, হৃদয় হইতে বালারার আশ্রম, বক্ষঃ হইতে বানপ্রস্থের আশ্রম এবং জঘনদেশ হইতে গৃহস্থাশ্রম উদ্ভূত হইয়াছিল। ক্রমশঃ বর্ণাশ্রম ব্যভিচার প্রাপ্ত হইয়া গুণের অনাদর করিতে আরম্ভ করায় এক্ষণে কেবল শোক্রপথামুসারে বর্ণাদির বিভাগ লক্ষিত হয়়। যদি কেবল শোক্রপথ-দারা গুণ-কর্ত্বক বিভাজ্য বর্ণ-নির্ণয় উৎসাদিত করিয়া বর্ণ নির্ণীত হইত, তাহা হইলে জাত-সংস্কারের সঙ্গে-সঙ্গে উপনয়ন-সংস্কার দিবার আবশ্যকতা ছিল; কিন্তু তৎপরিবর্ত্তে মানবকের বৃদ্ধি পরীক্ষা করিয়া তাহাতে সত্বগুণ লক্ষিত হইলেই মানবককে উপনয়ন-সংস্কার দিয়া বেদ অধ্যয়ন করান হয়। উপনয়ন-সংস্কার জীবনের প্রথমেই দেওয়া আবশ্যক। সংস্কারের

পরে বেদাধ্যয়ন ও অনুষ্ঠানাদি বাকী থাকে। জীবনের শেষ-ভাগে কেহ ব্রাহ্মণ হইতে অভিলাষ করিলে তাহাকে বাধা দিবার অনেক শ্রুতিমন্ত্র আছে। উপযুক্ত সময়ে যথাকালে বেদাধ্যয়ন আরম্ভ না করিলে তাহাতে কৃতিখ-লাভ অনেকের ভাগ্যে ঘটে না। ক্ষত্র, বৈশ্য ও শৃদ্রের অধিকার লাভ করিয়া তাহাতে জীবনের অনেকাংশ রুখা কাটাইয়া দিলে ব্রাহ্মণোচিত পরমার্থারুশীলন বাধা প্রাপ্ত হয়। তজ্জ্য বিশ্বামিত্র, বীতিহব্য প্রভৃতিকে ব্রাহ্মণতা-লাভে অনেক বেগ পাইতে হইয়াছিল। কিন্তু জীবনের প্রথম-মুথে আচার্য্য-কর্তৃক বৃত্ত বা স্বভাব পরীক্ষা করিয়া অনেকস্থলে ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রাদির তনয়গণকে উপনয়নাদি-সংস্কার দিয়া ব্রাহ্মণ করা হইত। যাঁহারা যথাকালে উচ্চবৃত্তগত পরিচয় দিতে অযোগ্য হইতেন, তাঁহাদিগকে নিজ-নিজ স্বভাবোচিত বর্ণ গ্রহণ করিতে হইত। ভারতের প্রাচীন ইতিহাস, মহাভারত, হরিবংশ ও অফীদশ পুরাণ ইহার সাক্ষ্য দিবে। যেখানে আচার্য্যের বিচারে অক্ষমতা, সেই সেই স্থলে স্থূলভাবে সাধারণতঃ পিতার বর্ণানুসারে পুত্রের স্বভাব নিরূপিত হইত। মহাভারতে শৌক্রজাতিগত বিচার-নির্ণয়-বিষয়ে কলিযুগে সন্দেহ করিবার কথা উল্লিখিত আছে। সরলতা ও সত্যপ্রিয়তাই সত্ত্রণময় ব্রাহ্মণের প্রধান লক্ষণ। আবার শৌক্র-জন্মের উক্তি-বিষয়ে নানাপ্রকার ভিন্ন মত উপস্থাপিত হইয়াছে।

লৌকিক রুচি পরীক্ষার কাল—আট হইতে বাইশ বৎসর পর্য্যন্ত। এই পরীক্ষা-কাল উত্তীর্ণ হইলে সাংসারিক বিচারে

মানবকের ব্রাত্য-সংজ্ঞা-কাল আরম্ভ হইয়া থাকে। তাই বলিয়া পারমার্থিক রুচির কাল লৌকিক কালের স্থায় নির্দ্দেশ করা উচিত নহে। যেহেতু কোন ভাগ্যক্রমে যে-কোন কালে জীবের পরমার্থে রুচি উদিত হয় ; তখন তাঁহার ব্রাত্যাদি-বিচার স্থগিত করাইয়া বিশুদ্ধ সম্ব শ্রীবিষ্ণুভক্তির নিদর্শন পাইলেই ভাঁহাকে ব্রমাজ্য পারমার্থিক বলিয়া নির্দেশ করিতে বাধা নাই। অনেক হলে অযোগ্য ব্রাত্যের মধ্যে পারমার্থিকী বা পাঞ্চরাত্রিকী দীক্ষা প্রদত্ত হয়। সাবিত্র্যাধিকারযুক্ত পারমার্থিক চেফ্টাকে বৈদিক যজামুষ্ঠান বলে। যেখানে সাবিত্র্যাধিকার পূর্বের গৃহীত হয় নাই, তথায় ব্রাত্যগণের বৈদিকী দীক্ষা বৈধী বলিয়া গৃহীত হয় না। আবার বিবাদযুগে বা কলিযুগে বৈদিক অনুষ্ঠান-জাত সংস্কার স্বর্চ ভাবে হইবার সম্ভাবনা না থাকায় সাবিত্র্যাধিকার-প্রাপ্ত বিজের শুদ্রকল্প-সংজ্ঞাই লভ্য হয়। সেজগ্য অধিকার-লাভের বিচার উত্থাপিত না করিয়া পাঞ্চরাত্রিক-বিধি-মত দীক্ষা-প্রদানের পরেই নিগমোক্ত অমুষ্ঠান সর্ববাদি-সম্মত। এই প্রকার আগম-নিগমের সহযোগেই জীবগণের পরস্পর বিবদমান পক্ষপাতিত্ব নিরস্ত হইয়াছে। বৌদ্ধবিপ্লবে ভারতে যখন বৈদিক অনুষ্ঠান অবিমিশ্রভাবে সাধিত হইতে বাধা প্রাপ্ত হইয়াছিল, সেইকালে বর্ণাশ্রমধর্ম প্রতিষ্ঠার জন্ম এইরূপ উপদেশ অনেক স্থলে গৃহীত হইয়াছে। ক্রমশঃ আবার পারমার্থিক চেফী শিথিল হওয়ায় বিষ্ণুভক্তি হইতে অধঃপতিত সমাজে বিকৃত বর্ণাশ্রম-পদ্ধতি চলিয়া আসিতেছে৷

ফলভোগময় কর্ম্ম-পদ্ধতি অবলম্বন করিয়া শ্রীহরি-বিমুখ জীবনের বর্ণাশ্রম এবং হরিসেবাময় সামাজিকগণের বর্ণাশ্রম —আস্থর ও দৈবভেদে ছুই প্রকার; ইহা পূর্বেই বিশদভাবে প্রদর্শিত হইয়াছে। শোক্র-সাবিত্র-সমাজ অথবা দৈক্ষ-সাবিত্র-সমাজ একযোগেই বিবাদশূত্য হইয়া পরমার্থ-সাধনে অগ্রসর হইতে পারেন। তাঁহারা যদি লক্ষ্যভ্রষ্ট হইয়া পার্থিব কাম-চেফ্টার কিঙ্কর হন, তাহা হইলে আর তাঁহাদের নিত্য-হরিজন হইবার সোভাগ্য থাকে না। আস্থর-সমাজ রক্ষা করিবার উদ্দেশে প্রমার্থ ছাড়িয়া প্রাকৃত বর্ণাশ্রমকে বহুমানন করিলে নিত্য-মঙ্গলের ব্যাঘাত ঘটিবে। জড়জগতে স্বার্থ পরমার্থকে আচ্ছাদন করিলে কিরূপ শুভোদয় হয়, তাহা মিছা-ভক্তগণ নিরুপাধিক হুইয়া বিচার করিবেন। আমরা প্রকাশ্যভাবে তাঁহাদের অনভিজ্ঞতার কথা আলোচনা করিতে বিরত হইব। তাঁহাদিগকে প্রমার্থ-রাজ্যে ক্রমশঃ নীরবে অগ্রসর হইতে দেখিলে আমাদের আনন্দোৎসব বৃদ্ধি পাইবে।

পারমার্থিক-পথের বর্ণাশ্রমিগণ পরমহংসগণের আনুগত্যে অনিত্য জড়ের দন্তে প্রমন্ত নহেন; স্কৃতরাং তাঁহার। পরমার্থী হইতে পারেন। প্রকৃতপক্ষে সেই প্রকার নিরপেক্ষ পদবী লাভ হইলে তাঁহারাই বুঝিবেন যে, সকাম উপাসনা প্রাকৃত এবং কৃষ্ণপ্রীতিরূপ নিষ্কাম নিত্য আত্মধর্মে বা দৈব-বর্ণাশ্রমে কোন বিবাদ-বিসন্থাদ নাই। দেহ ও মন যে-কালে অনিত্য বিচার লাইয়া বৈষ্ণবের সহিত বিরোধ করিতে প্রমন্ত, তখন তাহাদের

আত্মহান্তিতে অবস্থান হয় নাই, জানিতে হইবে। বৈষ্ণবই বিষ্ণু-পৃজার একমাত্র অধিকারী। মায়া সম্বল করিয়া দেহ ও মন কখনই বিষ্ণু-পূজা করিতে সমর্থন হয় না। আস্তর বর্ণাশ্রামিণ কখনই বিষ্ণু-পূজা করিতে পারে না। তাহাদের পূজা বিষ্ণুর অঙ্গে শেল বিদ্ধ করে মাত্র। বৈষ্ণব-পূজা বাদ দিয়া বিষ্ণুর পূজা সম্ভবপর হয় না। শাস্ত্রপাঠী অনেকেই জানেন যে, বিষ্ণু-পূজার পূর্বেব গুরু-পূজা ও বিত্নেশ বৈষ্ণব গণেশের পূজা অবশ্যই কর্ত্ব্রা। অর্দ্ধকুল্টী-জরতী-ভায়াবলম্বনে বৈষ্ণব-পূজা-রহিত বিষ্ণু-পূজার কোন মূল্যই নাই।

বৈষ্ণবই অপরকে বিষ্ণু-পূজার অধিকার দিতে সমর্থ। বৈষ্ণব-বিশ্বেষী কোন কালেই বিষ্ণুমন্ত্র প্রদান করিতে পারেন না। গুরু-বৈষ্ণবের অপূজক বা নিন্দাকারী ব্যক্তি বিষ্ণুমন্ত্র লাভ করিজে পারেন না। যিনি যে-বস্তুর নিজেই অধিকারী নহেন, তিনি তাহা অপর ব্যক্তিকে কিরূপে প্রদান করিবেন ? এজন্মই শাস্ত্র বলেন,—অবৈষ্ণবোপদিষ্ট মন্ত্রবারা বিষ্ণু-পূজা হয় না। তাদৃশ্ব অবৈষ্ণব-সঙ্গ পরিত্যাগ করিয়া বৈষ্ণব-গুরুর নিকট হইতেই দিব্যজ্ঞান বা দীক্ষা লাভ করিতে হয়। বৈষ্ণব-বিশ্বেষীর হঃসঙ্গ পরিত্যাগ না করিলে জীবের কোন মঙ্গল উদিত হয় না। শ্রীল গঙ্গানারায়ণ চক্রবর্তী, শ্রীরামকৃষ্ণ ভট্টাচার্য্য প্রভৃতি মনীষী বৈষ্ণবাচার্য্যগণ বৈষ্ণবের নিকট দীক্ষা গ্রহণ করিয়া পারমার্থিক জীবনের সর্বব্যেষ্ঠিতা জগতে স্থাপন করিয়াছেন।

নরজীবনে সৎকর্মকামী বিষমগুলী পিতৃগণকে পরলোকে

প্রেতাদি-যোনি হইতে উদ্ধার-কামনায় 'শ্রাদ্ধ'-নামক কুতজ্ঞতা-মূলে যে যাজ্ঞিক অনুষ্ঠানের আবাহন করেন, তাহা সাধারণ অকৃতজ্ঞ-মানব-সমাজের আদরের বিষয় হইলেও পারমার্থিক-জীবনে উহা সেইরূপে অনুষ্ঠিত হয় না। জীবমাত্রেই কৃষ্ণদাস। অপ্রাকৃত দাস্থ্য বিশ্বত হইয়া তাঁহাদের দেহ ও মনের চেষ্টাদারা কর্ম্মক্তে যে ভ্রমণ-পরায়ণতা দেখা যায়, তাহা নির্মাল শুদ্ধ আত্মার নিত্যধর্ম নছে। উহা নৈমিত্তিক ও কামজ ধর্মমূলে প্রতিষ্ঠিত মাত্র। পারমার্থিক-সমাজ শ্রদ্ধায় শ্রীমহাপ্রসাদ-দার। তাঁহাদিগের পরলোকগত পুজাবর্গের যে সেবা করেন, তাহা কর্ম্মকাণ্ডীয় ক্রিয়া হইতে ভিন্ন। পরমার্থ বাধা পাইবে বলিয়া কর্মীর বিশ্বাসের অন্ধুগমন করিতে বৈষ্ণব সম্পূর্ণভাবে অসমর্থ। বৈষ্ণব-নামধারী সমাজ বহিন্দ্রখ কর্ণ্মি-সম্প্রদায়ের সামাজিক ছায়ায় বাস করেন বলিয়া তাঁহাদের পক্ষে লক্ষ্য-ভ্রষ্ট হইয়া পরমার্থে জলাঞ্চলি দেওয়া সমীচীন নহে। খ্রীহরিভক্তিবিলাস-গ্ৰন্থে বৈষ্ণব-শ্ৰাদ্ধবিধি যেরূপ লিপিবদ্ধ ইইয়াছে, উহাই পারমার্থিকের সর্ব্বতোভাবে অন্তুগমনীয়।

শুদ্ধাশুদ্ধি-বিবেক বা আচার-সদাচারের নানাকথা দৈব ও তাস্থর-সমাজে বিভিন্নভাবে গৃহীত হয়। যাহাতে পরমার্থের বাধা হয়,—এরূপ কোন কার্য্য বৈষ্ণবের আদরণীয় নহে। লৌকিক স্মার্ত্তমশুলী বস্তুর শুদ্ধাশুদ্ধি বিবেচনা করেন মাত্র। তাঁহাদের আদে কোন পারমার্থিক-জ্ঞান না থাকায় নিম্নাধিকারে যে-সকল আচারের শ্রেষ্ঠতা তাঁহারা প্রতিপাদন করেন, তাহাই যে পরমার্থীর কেবল অনুষ্ঠেয়,—এরপ নহে। উভয়ের আচার ও ব্যবহার-গত বৈষম্য দেখিয়াই যে ভাঁহাদিগকে সমস্তরে আনিতে হইবে,—এরপ যুক্তি সমীচীন নহে। ব্রহ্মচারীর কামাচার নিষিদ্ধ হইলেও গৃহস্থের সদাচারে নানা প্রকার কামনার আবাহন দৃষ্ট হয়। সেজগু কি গৃহস্থ নিন্দিত হইলেন ? যথাযোগ্য আচার নিজ-নিজ অধিকারে গুণ বলিয়া কথিত, আবার ভিন্নাধিকারে তাদৃশ গুণের আদর হইতে পারে না। বৈশুব বা পরমহংসের আচার—বর্ণাশ্রমীর আচার হইতে পৃথক্। স্থতরাং তাঁহাদের উভয়ের সাম্যাচার করাইবার প্রয়াসটা য়্বাঃ।

ব্যবহার কাণ্ডের বিশদভাবে আলোচনা হওয়া আবশ্যক এবং তাদৃশ আলোচনার এস্থলে ক্ষেত্রাভাব জানিয়া প্রবন্ধান্তরের অপেক্ষায় তারতম্য-প্রবন্ধ এখানেই সমাপ্ত হইল। ওঁ হরিঃ।